দুষ্প্রাপ্য

শ্রীশ্রীজগদীশ্বরায় নমঃ ॥

নমো ধর্ম্মায় মহতে ॥

ITYA SAHITYA PARI
৬৬৮*
LIBRARY.

পরমাত্মা বন্দনা ॥ ত্রিপদী ॥

নির্ব্বিকার নিরঞ্জন, সত্যসূক্ষ্ম সনাতন, বিভুবিশ্ব নিকেতন যিনি। রবিচন্দ্র বায়ুগণ, করে গমনাগমন, যে দেখকারণ তারতিনি ॥ আদিঅন্ত নাহিতাঁর, নিরাকার নিরাধার, সর্ব্বব্যাপী সর্ব্ব শক্তিমান। বিশ্বসৃষ্টি স্থিতি লয, যাঁহার আদেশে হয়, নিত্য অস্তি তাঁহার বিধান ॥ যে আজ্ঞায জলধর, ব্যোম বর্ত্মে করি ভর, করে বারি ধারাবরিষণ। তাঁরি ভযে অনুগত, সুরাসুর জীব যত, তিনি আদি অনাদি কারণ ॥ মহারণ্যে তরুগণ, ফুলে ফলে সুশোভন, হয় যাঁর নিযমানুসারে। তাঁহারি প্রভাব বলে, শূন্যে কিম্বা জলে স্থলে, সবে সুখি আহার বিহা-রে ॥ আদ্যনন অন্তনন, সূক্ষ্ম কিম্বা স্থূলহন, দুর্ঘটন করণ বিস্তার। সর্ব্বগতি সর্ব্বময, কিন্তু সব্ব অনিশ্চয, নাদ ব্রহ্ম প্রণব প্রকার ॥ অপার মহিমা তাঁর, বুঝিবে কে চমৎকার, সর্ব্বভূতে সম কৃপাবান। সর্ব্বসাক্ষি অবিনাশ, অন্তরাত্মা অপ্রকাশ, কর তাঁরে তদগদে ধ্যান ॥

বিষ্ণু বন্দনা ।। ত্রিপদী ।।

মাধবায় নমোনমঃ, পুরাণ পুরুষোত্তম, তুমি দেবাদি কারণ। কালীয় বরণ ঘটা, নবীন নীরদ ছ ছেরে মুনি মনঃ বিমোহন ।। সুচারু চরণ তল, জিত কনক দল, ভ্রমর নূপুর কল তায়। মোহন মুরলী করে, রণ বিম্বিকা ধরে, সে মাধুরী উপমা কোথায় ।। প ধান পীতাম্বর, গলে বনমালাবর, শিরে শিখিপুচ্ছ সু ভন। মেঘে সৌদামিনী প্রায়, সজল রশ্মিকা তায়, ধনু তনুর গণন ।। অধরে মধুর হাসি, চাহিয়ে সে রাশি, মৃত হয় অমৃত ভাজন। চন্দন চর্চ্চিত কায়, শোভা কহিব কায়, নীলকান্তে হীরক মীলন ।। ক যমুনা নীরে, কথন পুলীন তীরে, কথন বিপিন বৃন্দাবা কথন কদম্বমূলে, কথন কালিন্দীকূলে, কথন বা গিরি বর্দ্ধনে ।। কথন নিকুঞ্জবনে, নটয়ে গোপিনীগণে, রাস হাস পরিহাস। বর্ণিব সেসব কত, পুরাণমত যা রচিল দ্বাদশ যাত্রা ব্যাস ।। শুন প্রভু শ্রীনিবাস, এ দাসের আশ, বৈভব সম্ভব নাহি চাই। অন্তেতে থে অন্তরে, থেকোনা অন্তরান্তরে, অন্তে যেন ওচরণ পা

শক্তিবন্দনা ।। দ্বিপদী ।।

নমো দুর্গ বিনাশিনী, সংহার স্থিতিকারিণী, মালিনী শশিভালিনী। মহিষাসুরমর্দ্দিনী, রক্তবীজ স্তিনী, করবালিনী সুখশালিনী ।। সুরবর প্রসবিনী, দু

বর্ষিণী, সুরবন্দিনী রিপুনিন্দিনী। ভুক্তিমুক্তি বিধায়িনী, সুখমোক্ষ সম্প্রদায়িনী, হত মুণ্ডিনী ধৃতত্তুণ্ডিনী ॥ ত্রিতাপ তাপনাশিনী, ধরাধর নিবাসিনী, শিব দেহিনী শিবগেহিনী। অতি ভয়দ হাসিনী, অতি ভয়দ ভাষিণী, শিব মোহিনী শিব রোহিনী ॥ ভব ভয় নিবারিণী, সুর রিপু সংহারিণী, জয় কারিণী ভয় হারিণী। প্রসীদ নগ নন্দিনী সদা শিব সিমন্তিনী, রণ ভঙ্গিনী রণ রঙ্গিনী ॥ ত্বংহি জগত জননী, ত্বংহি জগত বরণী, গণতোষিনী ঘণঘোষিণী। রক্ষ রক্ষ দয়াময়ে, কৃতান্ত কিঙ্কর ভয়ে, খলনাশিনী প্রসাদাসিনী ॥

শিব বন্দনা ॥ ত্রিপদী ॥

ত্রম্বকায় নমোনমঃ, পরব্রহ্ম নিরুপম, বৃষভ বাহন যোগেশ্বর। বিধুভানু হুতাশন, ভালে শোভে ত্রিনয়ন, হিমকর শেখর শঙ্কর ॥ শিরে দীর্ঘ জটাজুট, কণ্ঠে দীপ্ত কালকুট, গলে দোলে কংকালের মালা। সঙ্গেতে প্রমথ গণ, প্রেত ভূত অগণন, প্রিয়তমা গিরিসুতা বালা ॥ শ্মশানে মশানে স্থান, নাহি মান অভিমান, চন্দনে অঙ্গারে সমধ্যান। কিত্তিবাস পরিধান, বিভূতি বিভূতি জ্ঞান, বেদাগমে ব্যক্ত, সে প্রমান ॥ ত্রিদশ তরঙ্গে রঙ্গে, নিয়ত ধারণ মস্তে, ভূজঙ্গ সুরঙ্গ অঙ্গ সঙ্গে। যত অমঙ্গল ভবে, সকলি মঙ্গল ভবে, পারকর ভব ভয় ভঙ্গে ॥ হর হর স্মরহর, তাপ হর পাপহর, দুস্তারে নিস্তার পুরহর।

প্রসাদ ওপদ আশে, সরস বন্দনা ভাষে, দাসের দুঃ
দূর কর ॥

গণেশ বন্দনা ॥ ত্রিপদী ॥

নমোনমঃ লম্বোদর, পরমপরাৎপর, তরুণ
কলেবর। পঞ্চবক্ত্র গজানন, চতুর্ভুজ ত্রিনয়ন, মহা
সুচারু সুন্দর ॥ হিঙ্গুল বরণ বাস, দিক্ দশ পর
গলে শোভে দিব্য উপবীত। আরো মণিময় হার,
তে সে চমৎকার, বর্ণ শীর্ণ হইতে বর্ণিত ॥ রতন
পায, মরি কিবা শোভাপায, উপমায অভাব উপ
সৃষ্টি আদি স্থিতি লয, তব মহিমা নিশ্চয,সেতত্ত্বে
কেবা পায ॥ তুমি ব্রহ্ম বেদে বলে, অযোনিসম্ভব
ছলে হও ভবের আত্মজ। কিরূপ তোমার কর্ম্ম, বে
তাহার মর্ম্ম, তব ধ্যানে মুগ্ধ কমলজ ॥ আমি চাহি
বর, করুণাকণা বিতর, বিঘ্নহর বিঘ্নরাজেশ্বর। স্বর্গ
অপবর্গদাতা, বিশ্বধাতা বিশ্বপাতা,প্রসাদের দুষ্কৃতি বি

সূর্য্য বন্দনা ॥ ত্রিপদী ॥

মার্ত্তণ্ডায নমোনমঃ, সংহর কলুষতম, তে
ময সত্য নিরঞ্জন। ব্রহ্মাণ্ড কারণ তুমি, স্বর্গমর্ত্ত ব্যোম
সকলের জীবন নয়ন ॥ বেদ পুরাণাদি যত, আগম
মত, শুনি তাহে ব্রহ্ম তেজোময। জবাকুসুম সং
কাশ্যপেয় মহাকাশ, প্রকাশ তোমাতে সুনিশ্চয ॥

অপতেজ বায়ু, আকাশ গণের আয়ু, ত্বংহি দেব কল দ্বৈপায়ণ। তব অগস্তুবে ভবে, সকলি আকাশ ভবে, স্তুতি বাদ নহে এ কথন।। গতি একচক্রর্থে, ভ্রমহ অলকাপথে ব্রহ্মাণ্ড দিনেকে জাও লঙ্ঘি। শুকাও সিন্ধু কমল, প্রফুল্লে ভাসে কমল, কেবা তব মহীমার সঙ্গি।। সঙ্গে জায়া সংজ্ঞাছায়া, শনিয়ম মনুকায়া, তব কাযোস্তব সুরেশ্বর। বাসকোকনদ পর, ভালে ত্রিনয়ন ধর, বরাভয় কর থর্ব্ব তর।। স্মরিলে তোমার নাম, ধর্ম্ম অর্থ মোক্ষ কাম, অনা আসে পায় সর্ব্বজন। প্রসাদে হেরিয়ে দীন, চাহিলে দিনের দিন, য়াবে দীন দিনের কারণ।।

ভাগীরথি বন্দনা।। ত্রিপদী।।

নমোদেবী সুরেশ্বরী, ভীষ্মমাতা বিশ্বোদরী, সুখোদা মোক্ষদা বেদে বন্দে। ব্রহ্মপদ প্রসূতাসি, ব্রহ্মকমণ্ডলু বাসী, ধন্য কাশী তব কৃপাবলে।। সগর সন্তান য়ত, মুনি শাপে হৈলা হত, সে সবের উদ্ধার কারণ। আরাধিলা ভগীরথ, পুরাইলা মনোরথ, মর্ত্ত্যভূমে করি আগমন।। অপরূপ রূপখানি, কোটী সুধা কুপমানি, কিম্বা নয় রূপের তুলন। কেমনে শংকর স্বামি, কাম রিপু হয়ে কামী, করিলেন মাথায় ধারণ।। চরণতল কমল, অঙ্গুলি কমল দল, শ্রীপদ কমল নাল তায়। বিপুল সৌরভ ভরে, ভুবন আকুল করে, অলিকুল মধুলোভে ধায়।। পরিধান দিব্বাম্বর, শুধাভাণ্ড পয়োধর, ভুজ জিনি ভুজঙ্গিনী শোভা।।

রতন কঙ্কণ তায়, অধর মণির প্রায়, চমকে জগম্মনো লোভা ॥ নাভি সুধাসরোবর, ভবের মানস হর, ত্রিবলি হিল্লোল অভিপ্রায়। নিতম্ব শিখর ক্ষায়, নিয়ত বেষ্টিত তায়, ক্ষীণ কোটি শৃঙ্গ মধ্য প্রায়। তথা নানা মণিমালা, নিয়ত করে উজ্জ্বালা, অহ রহ ধ্বক ধ্বক জ্বলে। কেন না হইবে তাহা, জনশ্রুতি আছে যাহা, রত্নাকর সম্ভবে অচলে ॥ গলে দোলে মুক্তাহার, আহাঃ কিবা চমৎকার, কর্ণে মণি মকর কুণ্ডল। কেশ পাশ কাদম্বিনী, স্মিতি যিনী সৌদামিনী, কীরিটের কোলে ঝলমল ॥ বদনকলঙ্ক শশি, বিহীন শশাঙ্ক মাশি, খঞ্জন গঞ্জন আঁখি তায়। গিধিনী গঞ্জিত নাশা, পীয়ূষ পুরিত ভাষা, ওষ্ঠাধর প্রবালের প্রায় ॥ চতুর্ভুজ সুশোভিত, শুধাকুম্ভ সমন্বিত, শঙ্খ পদ্ম চামর যে সব। বিস্তারি কি কব আর, সংসারে নিস্তার তার, যে লয় স্মরণ ভ্রমে তব ॥ রোগ শোক তাপ পাপ, অপমৃত্যু অভিশাপ, তোমার স্মরণ নাহি রয়। স্পর্শনে কৈবল্য মুক্তি, বেদাগমে এই যুক্তি, শিব উক্তি ব্যর্থ কভু নয় ॥ তুমি গঙ্গে ভক্তাধীনা, ভক্ত ভাবে হলে হীনা, বিকাইলে ভক্তের নামেতে। সাক্ষি ভাগিরথী তার, কে জানে মহীমা আর, কালে স্থান দিও মা কোলেতে ॥

স্বরস্বতী বন্দনা ॥ ত্রিপদী ॥

নমোদেবী স্বরস্বতী, স্বচ্ছ শ্বেত রূপবতী, বাগীশ্বরী বাদ্য বিনোদিনী। শ্বেতবাস শ্বেতহাস, দিক্ দশ পরকাশ

শ, মহাবিদ্যা বিদ্যা বিধায়িনী ॥ উদীত প্রভাত রবি, কি বা কোকনদ ছবি, শোভে কিবা চরণ দুখানী। কণক নূপর বাজে, প্রফুল্ল রাজীব রাজে, ভ্রমর গুঞ্জর স্বরমানী ॥ হেম কদলির গুরু, চারুসুগঠনউরু, কিম্বা করি কর মনোহর। কটী অতি ক্ষীণতর, নাভি সুধাসরোবর, তাহে শোভে অমূল্য অম্বর ॥ শ্বেতসরোসিজাসনা, শ্বেতসরোজ ভূষণা, শ্বেত সরসিজে ভূজনাল। কণ্ঠ কম্বু রাজরাজে, নানা অলঙ্কার সাজে, মণি মুক্তা মাণিক্য প্রবাল ॥ প্রফুল্ল পঙ্কজানন, তাহে যুগলনয়ন, শশুশশধর শোভেভালে। হেরিকিবা অপরূপ, অতিঅসম্ভবরূপ, কমল কৌমুদ সম কালে ॥ বেদাগম তন্ত্র মন্ত্র, ঘণ তত আদি যন্ত্র, রাগ অনুরাগ তান মান। স্বরগ্রাম ক্রিয়াকাল, নৃত্য গীত বাদ্য তাল, শ্রুত কলামূর্চ্ছনা বিধান ॥ সকল তোমাতে হয়, সকল তোমাতে লয়, সকল সে তোমাতে নির্ণয়। যে কিছু ভবনময়, যারে তব কৃপা নয়; গণ্য মধ্যে কেতারে গণয়। ব্যাস বাল্মীকাদি কবে, ওচরণ সেবি সবে, গুণ গ্রাম জগতে অক্ষয়। প্রসাদ প্রসাদ আসে, প্রণতি বিনতিভাসে, নিরাশ্রয়ে কিতার আশ্রয় ॥

লক্ষ্মী বন্দনা ॥ ত্রিপদী ॥

নমোলক্ষ্মী মহামায়া, শ্রীবৎসলাঞ্ছন কায়া, বৃন্দ জায়া বিশ্ব প্রসবিনী। কমলা কমলা লয়, সকল কমল ময়, কমল ভূষণ প্রকাশিনী ॥ কমল পাদদুখানি, কমল

বদন মানী, কমলের দল ওষ্ঠাধর। কমল কর ললিত, অঙ্গুলি কলি তুলিত, কমল মৃণাল বাহুবর ।। প্রফুল্ল কমল হাস, আঁখি কমল প্রকাশ, কমল কোমল যিনি বাস। কমল কোরকবর, কিম্বা যুগ ধরাধার, পযোধর হৃদযে বিকাশ ।। মণিময আভরণ, নানা অঙ্গে বিভুষণ, অনুক্ষণ ধকধক জ্বলে। মুকতা প্রবাল আর, মাণিক্যে রচিত হার, ঝলমল ভাবে দোলে গলে ।। যিনি কোটি শশধর, শোভে রূপ মনোহর, রোমাবলী কলঙ্কের ভাগ। সুধাধরে সুধালয, তাই বিমোহিত ময, সুরাসুর যক্ষ রক্ষ নাগ ।। কটি অতি ক্ষিণ তর, নাভি সথা সরোবর, মনোহর ত্রিবলী সোপান। মন্মথ অমৃত আশে, পতিতে অমৃতপাশে ঘটিল কি অপূর্ব্ব বিধান ।। কাম অঙ্গ দগ্ধময, অঙ্গার সদৃশ হয, সুধাসম সলিলে মিশিতে। অনলে সলিলে মিশি, ধূমঘটা ঘণ নিশি, রোমাবলী ঘটন হৃদিতে ।। তব অনুকম্পা যারে, সেজন ধন্য সংসারে, রূপ গুণ সকলি অলীক। তুমি যারে হওবাম, লক্ষ্মীছাড়া তার নাম, সবে তারে করে ধিক্ ধিক্ ।। তব নাম আদ্যে ধরি, বিশ্বপাতা হৈলা হরি, তব দযা সুখের কারণ। ব্রহ্মহাপি পূজ্য হয, যদি তার লক্ষ্মী রয, বিধি কৈলা বিধি নিরূপণ ।।

পুরুষোত্তম বন্দনা ।। ত্রিপদী ।।

নমঃ নমো জগন্নাথ, সুভদ্রা বলাই সাথ, নমো প্রভু

নিত্য নিরঞ্জন। কালীয় বরণ ছটা, সজল জলদ ঘটা, ব্রহ্মরূপ ওঁকার গঠন ॥ সদারত্ন বেদীমাজে, মণিময়াসনসাজে, উপবিষ্ট তাহে ভগবান। চরণ রাজীবরাজে, সুবর্ণনূপুর বাজে, নীলকান্তি পুরুষ প্রধান ॥ বহুরত্ন হারগলে, ললাটে মাণিক্য জ্বলে, মকর কুণ্ডল কর্ণে শোভে। চন্দন চর্চ্চিত কায়, সৌরভ উপজে বায়, মধু ব্রত ভ্রমে মধুলোভে ॥ পরিধান পীতবাস, দিকদশ পরকাশ, মুখে মৃদু মৃদু মধুহাস। হেরি পুনঃ রাজবেশ, সেরূপ রূপের শেষ, শিরে মণি কিরীটি বিলাস ॥ শঙ্খচক্র গদা মুজ, সুশোভিত চতুর্ভুজ, কখন অকর ভাবে রও। কে পায় তোমার মর্ম্ম, কেজানে তোমার ধর্ম্ম, করহীনে সুখে কর লও ॥ দারু ব্রহ্ম ভাবান্বিত, বিষ্ণুপঞ্জরে নির্ম্মিত, ইন্দ্রদ্যুম্ন মুর্ত্তি প্রকাশিলা। পাইলা অপূর্ব্বফল, বাহুল্য বলা বিফল, হেলে অম্ন ব্রহ্ম মানাইলা ॥ মনোহর পুরিখানি, যথা সিংহ দ্বারে জানি, দ্বারিরুদ্ররূপি হনুমান। জগতের কোনভার, সম্বন্ধে নাহিক তার, তথা দ্বারি সর্ব্বশক্তিমান ॥ উৎকল খণ্ডের মত, লীলার বিস্তার যত, কত কব সে মত বিস্তার। কভু হও বিষ্ণুঅংশ কভু ভৈরবাব তংশ, সাক্ষি শক্তি বিমলা তাহার ॥ শুনহে নীলমাধব, রূপ গুণ কি বিভব, এদাসের বাসনা তানাই। অন্তরে থেকো সর্ব্বদা, অন্তর হওনা কদা, অন্তে যেন ও চরণ পাই ॥

শ্রীরাম বন্দনা ॥ ত্রিপদী ॥

রাঘবায় নমোনমঃ, পরাৎপর নিরূপম, কৌশল্যা নন্দন জনার্দ্দন। নবদূর্ব্বাদলশ্যাম, জানকী জীবনরাম, গুণধাম সত্য সনাতন ॥ রঘুবংশ অবতংশ, পূর্ণব্রহ্ম নচ অংশ, অযোনী সম্ভবা রমাজায়া ॥ রুদ্ররূপি হনুমান, সুগ্রীবাদি জাম্বুবান, নিত্য সখা বুঝিবে কে মায়া ॥ পরি ধান শ্বেতাম্বর, অখিলের মনোহর, চন্দন কেশর দিব্য কায়। সে শোভা কহিব কায়, কহিবারে নাজুয়ায়, বুঝা জায় বুঝান না জায় ॥ চরণ রাজীব রাজে, রতন নূপুর বাজে, ভ্রমর গুঞ্জর স্বর তায়।ভাবাইতে হেন ভাব, ভক্ত জনে ভাবিভাব, মনঃ মধুব্রতে শঁপে পায় ॥ গলায হীরক হার, দীপ্তি অতি চমৎকার, শিরে মণি কিরীটি উজ্বল। উজ্বল কুণ্ডল কর্ণে, কিবা দূর্ব্বাদল বর্ণে, ক্ষেত্র মাজে সুধাংশু মণ্ডল ॥ কমল মৃণাল ভূজ, করতল ফুল্লাম্বুজ, কোদণ্ড শায়ক ধৃত তায়। বদন অম্বুজরাজে, মৃগমদাবিন্দ সাজে, পুণ্ডরীকে কর্ণিকার প্রায় ॥ হরধনু ভঙ্গকৈলা, সীতারে সংহৃতি লৈলা, পথে বিঘ্ন যামদগ্নি সহ। করি তাহা নিবারণ, অয়োধ্যায় আগমন, অনাসে সহিলা সে দুঃসহ ॥ পরে অরণ্যে গমন, ভরতে রাজ্য অর্পণ, খরদুষণাদি বিনাশণ।মারীচের নিপাতন,সীতাসতীর হরণ,দশানন কুল সংহারণ॥ ইত্যাদি কতেক আর, কহিব লীলা বিস্তার,বিখ্যাত বাল্মিকীরামায়ণে। প্রসাদ ওপদ আশে, ললিত বন্দনাভাসে, অন্তে স্থান দিও শ্রীচরণে ॥

শ্রীমন্ প্রেম্ বন্দনা ৷৷ ত্রিপদী ৷৷

নমোপ্রেম মহাজন, পরাৎপর পুরাতন, অখিল ব্রহ্মাণ্ড নিকেতন। সকল তোমাতে হয, সকল তোমাতে লয, সৃষ্টিস্থিতি সংহার কারণ ৷৷ নিগূঢ় ভাবের ভাব, প্রকৃতিতে আত্মা ভাব, ঘটনায সৃষ্টির বিন্যাস। এতাবতা প্রেমজন্য, জগত প্রকট গণ্য, নত্বাতো সকলি আকাশ ৷৷ কে বুঝে তোমার কর্ম্ম, কে বুঝে তোমার মর্ম্ম, কেজানে তোমার ধর্ম্ম-ব্রত। তব অনুগত যেই, সংসার সাগরসেই, পার হয পতঙ্গের মত ৷৷ পুরাণে প্রমাণ জানি, তব ভাবে বজ্রপাণি, অযোগ্য নযন যুক্ত হৈলা। তব ভাবে মুর অরি, নিত্যধাম পরিহরি, বৃন্দাবনে লীলা রসে রৈলা ৷৷ তোমার করুণা যারে, সেজন মান্য সংসারে, সকলের হয প্রিযজন। তুমি যারে হও বাম, অরসিক তার নাম, ধিক ধিক তাহার জীবন ৷৷ অপার মহীমা তব, বিস্তারিযে কতকব, অসাধ্য কি সাধিবারে পারি। ক্ষণে হযে অনুকূল কর ইন্দ্রসমতুল, ক্ষণে কর নাচের ভিক্ষারি ৷৷ কারু কর সর্ব্বনাশ, কারুকর পৌষমাস, কারু হাতে ধরেদেও চাঁদে কারুসুখ চমৎকার, কারুদুঃখ পারাবার, শৃগাল কুক্কুর দেখে কাঁদে ৷৷ অহে প্রেম দযামায, এই মনে বাঞ্ছা হয, নাহি চাহি বৈভব সম্পদ। হরি প্রেম দিও মনে, মত্ত হযে সে চরণে, অন্তে যেন পাই হরিপদ ৷৷

শ্রীশ্রীজগদীশ্বরায় নমঃ ॥

নমো ধর্ম্মায় মহতে ॥

গ্রন্থকারের আভাস ॥
অথবা ভূমীকা ॥

কোন গ্রন্থরচনাকালে জগদীশ্বরের স্মরণ মনন চিন্তন পরে মহাকবিগণকে নমস্কার পূর্ব্বক যেরূপ গ্রন্থ তাহার সার মর্ম্মাংশ অগ্রভাগে বর্ণন করণ রীতি তদনুসারে নিবেদন যে নিত্যানন্দ নির্লেপ নির্গুণ সচ্চিদানন্দ যিনি ভূর্ভূ বিশ্বাদিতে সবিতা রশ্মিরূপে ব্যাপক তনরূপ মহাশুন্য, মহাশুন্যদ্বারা শুন্য, শুন্যদ্বারা বায়ু, বায়ুদ্বারা তেজ, তেজদ্বারা জল, জলদ্বারা ক্ষিতি, এই পঞ্চ ভূতোদ্ভূত ক্রমে এই বিশ্বম্ভরা ভূর্লোক তদুপরি উপর্য্যু পরিরূপে স্বর্গ সংজ্ঞায় ভুবলোক ও স্বর্লোক ও মহর্লোক ও জনলোক ও তপলোকও সত্যলোক নিম্নে পাতালাখ্যায় অতল ও বিতলও সুতল ও তলাতল ও মহাতলও রসাতল ও পাতালও নদনদী সাগর কুলাচল মহারণ্য নরবানর পশু

পক্ষ প্রেত য়ক্ষ রক্ষ নাগাদি অনন্ত খেচর ভূচর জলচর ইত্যাদির সৃষ্টি বাহুল্য ক্রমে মহাশুন্য ভাগে নাদ শব্দ ওঁ কার নখণ্ড পুমান্‌শক্তিদ্বারা উচ্চায়্যমানে জগৎব্যাপ্ত মতে সর্ব্বভূতান্তরে বিরাজিত হইল তাহার প্রত্যক্ষ প্রমাণ বক্ষমান বিতর্কের বিরোধাভাব য়থা স্বীযশ্রবণে অঙ্গুলিদানে মননে সহসা প্রণবধ্বনি অবিরোধে হৃদ্বোধ হইবেক সুতরাং বিতর্ক কি তদন্তে ঐ নাদরূপ দ্বারা য়াবদীয শব্দ শাস্ত্র প্রচার তদ্‌বিস্তার নাদের দ্বিপ্রকৃত প্রথমা অকৃতি দ্বিতীযা সুকৃতি সা অকৃতি ধ্বন্যাত্মিকা, সাসুকৃতি বর্ণাত্মিকা, ধ্বন্যাত্মিকা দ্বিধারায বিভূক্তা নার্থ তথা সার্থ নার্থ য়থা, আঘাতে ও পতনে অর্থহীনশব্দ বোধ মাত্র, সার্থ য়থা বাদ্যাদির বর্ণন ঝমক্ ঝমক্ ঝাঁ ঝাঁ ঝণ ॥ বর্ণাত্মিকা য়থা, নিরাকার প্রতিমূর্ত্তি পঞ্চাশদ্ রূপ হর হল আত্মিকায সর্ব্বশাস্ত্র প্রকাশ তন্মধ্যে সঙ্গিত শাস্ত্র অতি সুকঠিন য়াহার মর্ম্মবোধে উক্ত শাস্ত্ররূপ অপার পারাবারে নিমগ্ন শঙ্কায সরস্বতী ও অদ্যাপি য়ুগ্ম তুম্বী হৃদযে ধারণ করিতেছেন ॥ তৎসঙ্গিতশাস্ত্র প্রকাশক সোমেশ্বর প্রথমতঃ সপ্তসরেরসৃষ্টি করিলেন য়থা, খড়জ, রিষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, নিখাদ ॥ খর বা ময়ূরশব্দো পম খরজস্বর, ভেক বা চাতক বাগোরবাকার রিখভস্বর, গাবি বা অজা শব্দ সদৃশ গান্ধারস্বর, কোকিল বা ক্রৌঞ্চ ধ্বনোপম মধ্যমস্বর, কুসুম কাল কালীন কোকিল কাকলী তুলিত পঞ্চমস্বর, অশ্ববন সঙ্কাশ ধৈবতস্বর, কুঞ্জরের তুল্য

নিষাদস্বর, ঐসপ্তস্বরের সোরত্নামানিস্ত্রীগণ যথা, খরজের চারিস্ত্রী, কমোদতী, মন্দা, ছন্দবতী, দযাবতী ।। রিষভের তিন, রঞ্জনী, রতীকা, রুদ্রা ।। গান্ধারের দুই, ক্রোধা, বীজ রেখা ।। মধ্যমের চারি, প্রসারিণী, পার্ব্বতী, মার্জ্জনী, যতী ।। পঞ্চমের চারি, রক্তা, সন্দিপর্না, আলাপনী, মন্দতী ।। ধৈবতেরতিন, তবররা রোহিনী, রমেযা ।। নিষাদের দুই, ক্ষোভনী, উগ্রা ।। সপ্তস্বরের পুত্রগণ যথা, খরজেরপুত্র ভৈরব রাগ, রিষভের পুত্র মালকৌশ, গান্ধারের পুত্র হিণ্ডোল, মধ্যমের পুত্র দীপক, পঞ্চমের পত্র মেঘ, ধৈবতের পুত্র শ্রীরাগ, নিষাদ নিঃসন্তান ।। লিখিত ৬ ষট রাগের প্রত্যেকের ষট পত্নী যথা, ভৈরব রাগের রাগিনী, ভৈরবী, বিরারী, মধমাধ, বঙ্গালী, রামকলী, আহিরী ।। মালকোশ রাগের রাগিনী, চৌড়ি, গৌরী, খাম্বাযতী, কোকব, সুঘরাই, গৌরসারঙ্গ ।। হিণ্ডোল রাগের রাগিনী, ললত, বেলাবল, পটমঞ্জরী, পুরবী, পুরিযা, ত্রিনযন ।। দীপক রাগের রাগিনী, দেশী, কামোদ, কেদারা, কাফী, ভিম পলাসী, মালশ্রী ।। শ্রীরাগের রাগিনী, বসন্ত, ধনাশ্রী, আশাবরী, জযজযন্তী, পরজ, স্বরস্বতী ।। মেঘরাগের রাগিনী, গুজরী, ভূপালী, মল্লারী, দেশকার, শারঙ্গ, সোরটী ।। অপর সঙ্গিতশাস্ত্রে গ্রামত্রয় যথা, উদারা, মোদারা, তারা ।। মূর্চ্ছনা এক বিংশতি যথা, গোপী, বিস্তারিণী, জমলী, আরামিনী, আলাপী, বযঙ্কা, প্রমোদনী, শক্কোটি, বিহারিণী, নির্ম্মলা, কামিনী, প্রলাপী,

শিখরা, বিনোদিনী, লজ্জা, আধারিণী; কোমলী, বিশ্রামী, আনন্দী, দীর্ঘা, আমোদিনী।। অলঙ্কারমধ্যে ত্রয় বিংশতি প্রসিদ্ধ গমক যথা, নিস্পত, আন্দোলত, পুরাহত, আহুত, কম্পিত, কর্তুরি, প্রত্যাহত, শান্ত, তুরত, ঘর্ষণ, অসপুরাহত, আঘর্ষণ, জাওত, মুদ্রা, সোমস্থান, অন্ত্রাহত, ঢাল, সুঢালা, করসোমস্থান।। অপর সঙ্গিত শাস্ত্রমতে তান, মূর্চ্ছনালঙ্কার, আলাপ চারি, বাদি, বিবাদি, অনুবাদি, সম্বাদি, ঠাট, গৃহ, বর্জ্জিত, তিওর, কমল, শুদ্ধ, শালঙ্ক, বিনাশ, লঘু, গুরু, দ্রুত, আলাপনইত্যাদি বহুবিধরূপসাধনাদি ক্ষুদ্রগ্রন্থের বাহুল্য ভুমিকা অযৌক্তিকজন্য লেখনীকে অবকাশ দানেই অগ্র হইলাম তবে সারাংশ নালিখিলেও নয় তজ্জন্য পূর্ব্বে যাহা লিখিত হইল তদধিক আরো কিঞ্চিৎ লিখিতব্য যথা, সোমেশ্বরকৃত ষট্‌রাগ ষট্‌ত্রিংশত্‌ রাগিনীর অঙ্গ প্রত্যঙ্গ অংশাংশ মিলনে চোযান্নকোটি, ছয়লক্ষ, ছয় সহস্র, ছয়শত, ছয়, রাগ রাগিনীর পরিমান সেসকল দেশীনামে বিখ্যাত অর্থাৎ সোমেশ্বর কৃত রাগ মার্গ অন্য নাযকাদি গাযক কৃত রাগ দেশী তাহা ভাগত্রযে বিভক্ত যথা, সপ্তস্বর বিশিষ্টরাগ সম্পূরণ, ষট্‌স্বর বিশিষ্টরাগ খাড়ব, পঞ্চস্বর বিশিষ্ট রাগ ঔড়ব, তন্মধ্যে প্রচলিত শতাধিক ষড়বিংশতি তদ্বিস্তারার্থ অশীতি সম্পূরণ রাগ রাগিন্যাদি লিখিতব্য যথা।। শ্রীরাগ, দীপক, মালকোশ, গৌড়, মালোযা, বিভাস, দেশকার, বেলাবলী, ধনাশ্রী,

বসন্ত, গুজরী, গোরা, কুমারী, শঙ্করাভরণ, অর্জুন, টোড়ি সুরটি, নারায়ণী, রামকলী, নাদরামকর, সুঘরাই, চিত্রী, দেশাক, কামোদা, গোপীকামোদী, সারঙ্গ, দেওগান্ধার, দেওগিরী, আশাবরী, মনোহর, দেবয়তী, বরারেকা, বরারী, শুদ্ধ বরারী, মনোবোধি বরারী, নাগবরারী, বিরাগবরারী, প্রতাপবরারী, বিযোগ বরারী, কল্যান্ বরারী, খট্, টঙ্ক, সৌদামিনী, উরঙ্গ, ত্রিবেণী, পূরবী; পূরবীসারঙ্গ, সামন্ত, মুকুন্দ, মাঝ; কল্যান্, আভিরী, বড় হংস, পাট্ মঞ্জরী, গান্ধারগৌর, কর্ণাটগৌর, অনন্ত গৌর, নারায়ণগৌর, নট্ নারায়ণ, নট, সালঙ্গনট্, ছায়া নট, কামোদনট্, আভিরিনট্, কল্যাণ্নট্, গান্ধারনট, বরারিনট্, সিন্ধোরী, লীলাশ্রী, ভথারী, ভৈরবী, দেশী, শালঙ্গ, আনন্দভৈরব, শঙ্করানন্দ, মালবী, রাজধানী, সুর দরী, বযরাটি, মালশ্রী, ইতি ।।

অথ ত্রিংশৎ খাড়ব রাগ রাগিন্যাদি যথা, বরা শাল রাগ, কলহংস, ধনাশ্রী, মালশ্রী, রক্তহংস, উত্রা গুজ্জরী, ফুলমতী, তারকটৌড়ি, গুণকলী, সুরাট, কঙ্গন, ঐরাবৎ, তারক হিন্দোল, প্রাণ, বেহাগ, খাম্বাযতী, কুল কম্প, বাহারি, চক্রধর, শালঙ্গনট, মঞ্জুঘোষা, মালব গৌড়, কল্পতরু, মল্লারী, ললত, মেঘনাদ, আশাবরী, মনোহরা, নালকোশ, সুরটী, ইতি ।। অথ যষ্ঠাদশ ঔড়ব রাগরাগিণ্যাদি যথা, ভৈরবরাগ, ভূপালী, বঙ্গালী, ধনাশ্রী, মধমাধ, রেওয়া, ছাযাটোড়ি, হংস, রত্নাবলী, হিন্দোল,

কোকিল, জযেতগৌরী, গৌরসারঙ্গ, মেঘ, পঞ্চম, কেদারী, ইতি।। অপর লিখিত রাগাদির কিয়ত্ পরিমাণ নামান্তরে ব্যবহার হইবায গাযকগণ সন্নিধানে তাহাই ব্যবহার্য্য তদ্‌বিস্তার বহুবাহুল্য শঙ্কায লিখিতে শঙ্কিত হইলাম ফল য়াহা ব্যবহার তদনুসারেই সাধনা নির্ব্বাহ করিতে হইবেক।। অপর গান বিস্তার য়থা, প্রবন্ধ ধ্রুবং পদ্ বা ধোর্‌পদ্ গজল রোবাযী খেম্‌টা রেখ্‌তা ছন্দ তোক্ বিষ্ণুপদ খযাল কওল তারানা কালবানা মস্কগুল টপ্পা চোত্‌কলা বারেযা জকরী কড়খা শাওড়া ডোমড়া কবি।। বাদ্যবিস্তার য়থা, আনদ্ধ, শুষির, ঘণ, তত, চতুর্ব্বিধ দ্বারা, নানারূপ বিস্তার য়থা, চর্ম্ম নির্ম্মিত আনদ্ধ হইতে দুন্দুবি, ভেরি মঙ্গল, করট্, ঢোল, ডমরু, মৃদঙ্গ, তাশা, ঢক্কা, রুজ্জ, ঘট, উক্কুলী, ত্রিবলী, পটহ, দমামা, নিস্বান উক্কারী, তুম্বুকী, তব্‌লা, ঢোলক, ডম্ফ, প্যাখ্‌ওযাজ দারা, টেকারা, নকারা, মাদল, খঞ্জনী, ইতি।। ফুত্‌কার ঘটিত শুষির হইতে বংশী, মুরলী, মধুকরী, রণশিঙ্গা, কাহোলা, সঙ্খ, বেনু, ভোরঙ্গ, সরনাই, নফরি, আরগিন, রামসিঙ্গা, বাঁক, তুম্বুরু, সিঙ্গা, ইত্যাদি।। আঘাতো খিতঘণ হইতে মন্দিরা, কাংস, ঘণ্টা, কর্ম্মাশুক্তি, পাদাদয, জযঘণ্টা, করতাল, নুপুর, ঘুঙ্গুর, খট্‌তাল, ঘটিকা, সপ্তস্বরা, জলতরঙ্গ, ইত্যাদি।। তন্ত্রজড়িত ততহইতে বীনা, আলাপিনী, একতন্ত্রি, দ্বিতন্ত্রী, সপ্ততন্ত্রী, তুম্বুরা, রবাব, একতারা, দোতারা, সেতারা, সারঙ্গী, বেহাল

গেটার, পিয়ানপোট, সোরোদ, বরবত, এরগন, ইত্যা-
দি ॥ তালবিস্তার যথা, হরপার্ব্বতীর নৃত্যদ্বারা তালের
সৃষ্টি বিশেষতঃ, হরের নৃত্যের নাম তাণ্ডব পার্ব্বতীর
নৃত্যেরনাম লাস সেই উভয়ের আদ্যবর্ণ গ্রহণে তালা,
শব্দ উতপন্ন বটে কিন্তু মহাকবি নাযক গাযকেরা তাল
আখ্যায বিখ্যাত করিলেন তচ্চ বহুবিধ রূপ এঅকিঞ্চন
কৃত শব্দকল্প তরঙ্গিনী অভিধানের ১৭৭ পৃষ্ঠায দ্রষ্টব্য
অপর নাযক, গন্ধর্ব্ব, গুণকার, কালাওত, কওযাল, আতাই,
ঢাড়ি, ভাঁড় ইত্যাদি গাযক লক্ষণ, ও গাযকের দোষগুণ,
ও রাগ রাগিণীর সময কাল ঋতু অধিকার, লিখিতে
বহুবাহুল্যের সম্ভাবনা তবেসঙ্গিত সাস্ত্রানুসারে কতিপয
বিধি সঙ্খেপে লিখিতব্য যথা, কখন রাগরাগিণীও কখন
রাগিণী রাগেরনামে উচ্চার্য্য মানহয ফলতঃ রাগ রাগি-
ণী উভযকে রাগবলাব দোষ বিরহ এবং দিবসের কোন
সমযের রাগ সর্ব্বসমযেই গান করায়াইতে পারে রাত্রীর
ওঐরূপ বিশেষতঃ শ্রোতার ইচ্ছাই সময তাহাতে অহ
রহের বিরোধাভাব আরকোন গানশক্তি শুন্য ব্যক্তি
সঙ্গিত সাস্ত্রে পণ্ডিত হইলে তাঁহাকেও সঙ্গিত পণ্ডিত
বলায়াইতে পারে অপর এতদ্দেশে অনেকে বেতালা গান
য়েবলেন তাহা মহতীভুম য়েহেতু তালকাণ্ড নৃত্যের কারণ
গানের জন্যনয তবে তালদ ব্যক্তিরা গানের সঙ্গে সঙ্গে
অনুগত হইতে শক্তহওযাতে আধুনিক গাযকেরা গানের
সহ তালের ব্যবহার করিযাছেন সতরাং গানতালানগচ্ছ

নতুবায় বেতালা হইবেক অধিকন্তু প্রমান নারদ মহাদেব প্রভৃতির গানের সময় তালের প্রসঙ্গ থাকেনাই রেগা-নের নিমিত্ত তালের সৃষ্টি হইয়াছে এতাবতা গীতানুগত তাল তাহার অন্যথা কি তালসঙ্গে য়াইবেক বলিযা তালদ গণের নাম সঙ্গতরূপেবিখ্যাত আর আধুনিক এক রীতিয়ে দুইকি তিন রাগ একত্রিকৃতে এক এক রাগবলেন ও কোন কোন আধুনিককর্তৃক সেইরাগে সংগীত রচনা করাও হই য়াছে তাহাঅতি নিন্দনীয সঙ্গিত পণ্ডিতেরা ঐরূপ ক্রিয়া-কে জারজ ক্রিযা কহেনইত্যাদি ।। অপরঞ্চ এই সঙ্গিত শা-স্ত্রের যথার্থ বোধ হিন্দুজাতীতেই জগদীশ্বর অর্পণ করেন বটে কিন্তু যবনেরাও সামান্য নহে প্রায হিন্দুজাতির সম তুলে গণ্যহইযাছিল ফল তাহা হিন্দু অধ্যাপকের প্রসাদাত্ নতুবা আরবস্তান ফারস্তান প্রভৃতি স্থানে অদ্য পর্য্যন্ত ও কেবল পারসিক রাগ অহং বই অন্যকিছু চলিত নাই-অনুসন্ধান করিলে বিশেষ জানিতে পারিবেন তাহাও কোনকালে এইদেশ হইতে গিযাছিল সম্প্রতি অস্মদাদির জন্মভূমি বঙ্গরাজ্যে সঙ্গিত শাস্ত্র. প্রচার.করণের মূলাধার মহাকবি ৺ প্রাপ্ত রাধামোহন সেন মহাশয তাঁহার কৃত সঙ্গিত তরঙ্গ গ্রন্থ প্রস্তুত হওনের পূর্ব্ব এতদ্দেশের লোক তুম্বরাকে তানপুরা কহিতেন এক্ষণে অনেককে আতাই কালবত্ লক্ষণে লক্ষণাক্রান্ত দেখা য়ায সুতরাং সৎ কবীন্দ্র সেন মহাশযের গুণ এতদ্দেশের জনপদের হৃদযে শিলাঙ্ক প্রায অঙ্কিত রহিযাছে। জন্মজন্মান্তরেও বিস্ম

রণ হইবার নহে.এতাবতা তাঁহাকে এবং অপরাপর কবি কোবিদ মহাশয়গণকে নমস্কার পূর্ব্বক করপুটে নিবেদন য়ে এঅকিঞ্চন ১৪ চতুর্দ্দশ বর্ষ বয়ঃক্রমাবধি ত্রিংশত্বর্ষ পর্য্যন্ত য়ে সকল সঙ্গিত রচনা করিয়াছিল তাহা মুদ্রাঙ্কণকালে একের সহিত অপরের ভাবের ঐক্যতা এবং প্রাচীন কোন কোন কবিতার ভাব এবং বিন্যাস অস্মদকৃত কবিতায় পতিতদৃষ্টে তথা বিজ্ঞাতে প্রায় চতুর্থাংশের তৃতীয়াংশপরিত্যাগে একাংশপ্রকাশ করিলাম ইহাতেও য়দি ভ্রমাধীন প্রাচীন কবিতার বিন্যাস দৈব বশতঃ পাকতঃকোন সঙ্গীতে পতিত হইয়া থাকে তদ্দৃষ্টে এ অকিঞ্চনের প্রতি দোষারোপ না করেন কারণ কবিতা রচনার স্বভাবধর্ম্ম এমনি একখানি আছে য়ে য়ে কবিতা কখন কর্ণেস্থান পায়নাই শুনা য়ায়নাই তাহার ভাব বিন্যাস রচনাকালে সহসা আসিয়া উপস্থিত হয় কবি ও কোবিদ মহাশয়েরা একথারমর্ম্মভাল বুঝিতে পারিবেন অন্যপক্ষে বন্ধ্যার গর্ভবেদনান্যায় অনির্ব্বোধ নীয়তবে কুচক্রীনিন্দুকগণের স্বভাব য়েনিন্দার অনুগামী সে সকলের নান্দি নিন্দায দোষ বিরহ কারণ তাহারা নিন্দা ব্যতীত নান্দী রীতি পদ্ধতী আদো জ্ঞাত নহে সুতরাং সে রূপ জনের কথায কি আইসে য়ায নাস্তিকেরা সচ্চিদানন্দের অস্তিত্বের বিরোধ জন্মাইলে কি ঈশ্বরানশ্বর হইবেন এমত নহে, অপর ইহগ্রন্থের স্থানে স্থানে অস্মদ অব কাশের অভাবে য়েঅশুদ্ধ ও শব্দের উলুতঃপুলতঃ রহিল

তাহার বোধার্থ অন্যকোন রীতি ন্যাকরিয়া দ্বিতীয বার মুদ্রাঙ্কণ করণ স্থির করিলাম সেগ্রন্থে ইহগ্রন্থ মুদ্রাঙ্কিত হওনের অভ্যন্তর কালে যে সকল সঙ্গিত প্রস্তুত হইযাছে তাহাও থাকিবেক, আর গানের সময কথক গুলীন বিফল শব্দ স্বরের বিশ্রাম জন্য উচ্চারণ করণ যে রীতি চলিত আছে অর্থাৎ অহেঁ সখি সই অরে হাঁরে ইত্যাদি প্রিত,নুগত বাক্য গাযকেরা ভালজ্ঞাত আছেন বলিযা বিস্তার করিলামনা সমযানুসারে সমাধা হইবেক অধুনা গুণিগণসমীপে নিবেদনযে ইহসঙ্গিতরসমাধুরীগ্রন্থে যদি কোন অশুদ্ধ ক্ষুন্ন রচনা বিন্যাস হইযাথাকে তাহা স্বীয স্বীযশুদ্ধ বুদ্ধিসাধ্যে পরিশোধিতে শুদ্ধ পাঠে কৃতার্থকরিতে অনুকম্পা রাখিবেন যেমন অঙ্গারের মলীনত্ব অনলযোগে নিরাকরণও পরিশোধিত ও পরিহার দেখিতেছিতেমনি গুণিগণ প্রসাদে প্রসাদের অভাব কি অলং বিস্তরেণ ৷৷

অকিঞ্চন

শ্রীজগন্নাথ প্রসাদ বসো মল্লিকস্য

নিবেদন মিতি

শ্রীশ্রীজগদীশ্বরায় নমঃ ॥

নমোধর্ম্মায় মহতে ॥

TYA PARI... LIBRARY.
৬৬৮ *

সঙ্গীতরসমাধুরী ॥

আড়ানা বাহার অনুরাগিণ্যাং ॥

মধ্যমান্ তালেনগীয়তে ॥

রাগ অনুরাগ ত্যজমনঃ, বৈরাগ্যলইয়ে ॥ ধু০ ॥ এত অভিমান কেন, প্রমত্তহইয়ে ॥ * ॥ সদাভাব পরধন, সুখে করিবে হরণ, জাননা অন্তে কে লবে, জীবন হরিয়ে ॥ ১ ॥ মায়াপাশে বদ্ধ হয়ে, কলত্র সম্পদ লয়ে, সুখে আছ ঘুমাইয়ে, দিন কাটাইয়ে ॥ * ॥ ভাবনা কালের জ্বালা, কত তালাপরে তালা, দেখিবেকে অরে মূঢ়, রহিবে পড়িয়ে ॥ ২ ॥ মিছে ভাব অহংজ্ঞান, মিছে দম্ভ শ্লাঘ্যমান, মহানিদ্রা শ্মশানেতে, দিবে লুটাইয়ে ॥ * ॥ মনরে বুঝাই যত, ভস্মেতে হবন মত, ধর্ম্মের কাহিনী চোরা, নাশুন শুনিয়ে ॥ ৩ ॥

মিছে ভ্রমে ভ্রান্তমনো, ভুলনা ভুলনা ॥ ধ্রুং ॥ লয় বিনে লয় কোথা, বলনা বলনা ॥ * ॥ য়েমন কারণ তার কার্য্য সেইরূপ। কর্করে সর্কর কোথা নীরে ক্ষীর রূপ ॥ অমৃতে অমৃতময়, অব্যয় পরেতে হয়, বিভুক্তি বিভুক্তনয়, জাননা জাননা ॥ ১ ॥

নয়ন সরসিমাঝে, তারকানীল উৎপল ॥ ধ্রুং ॥ উজ্বল কজ্বল পঙ্কে, ইকি বিঘটনা প্রাণ, আভাসে বুঝহ ফল ॥ * ॥ সে পঙ্কে মদনোন্মত্ত বরাহ উঠিল। মম হৃদি সুখারণ্যে প্রবেশ করিল ॥ য়ে ছিল মান সমূহ সমূলে নির্ম্মূল (প্রাণ) করিল তাহা সকল ॥ ১ ॥ নিবার সংহর আরো বিলম্বনাশয়। কিজানি পরেতে পরে কি প্রমাদ হয় ॥ কারণ অকার্য্যেতার অভাব কি আছে (প্রাণ) ভাবে সে নহে শরল, অথবা, স্বভাবে নহে অখল ॥২ ॥

অন্যোত্তরং ॥

কেমনে এমন প্রাণ, হবে বল সমূচিত ॥ ধ্রুং ॥ তুমি তো রসিকরাজ, রসগুণনিধি প্রাণ, বুঝহিত বিপরীত॥*॥ পরমুখে শুনিগুণ বহুশাখা মান। রোপণ কারণ মনস্থানেরবিধান ॥ নাজানি রোপিলে হৃদে কিজানি কিগুণে, তায়, ফলে বিফল ফলিত ॥ ১ ॥ সেমান অধিনীমুখে করিতে অর্পণ। হইল জীবনপ্রাণ সংহারকারণ ॥ অতএব সেমানের নির্ম্মূল বিধেয়, প্রাণ, অথবা, এমতে তনুমান

মূল নির্ম্মূল করিয়ে, প্রাণ, সম্মান কর রোপিত ॥ ২ ॥

হৃদয় সরসি তব, সরস রসে পূরিত ॥ ধ্রুং ॥ শত দল শতদলে, কলিত কলিত প্রাণ, সর্ব্বসুচারু দূরিত ॥ * ॥ আমার মানসহংস স্মরশরানলে। জ্বলিয়ে শীতল জন্য রায় সেই জলে ॥ কেজানে কুটিল প্রেম পঙ্ক শঙ্কা ছিল, আয়, ইকিরীত বিপরীত ॥ ১ ॥ গতমাত্র বিহঙ্গ হইল বদ্ধতায়। উদ্ধারার্থ অসমর্থ বিদায় বিদায় ॥ তবে যদি কর প্রাণ করুণায় করি, ভর, করে করি নিবারিত ॥ ২ ॥

বিরহি বধিতে সখী, মাধব ঋতু উদয় ॥ ধ্রুং ॥ বিচারি কার্য্য কারণ, বুঝ হয় কিনা হয় ॥ * ॥ মলয়ার সমীরণ, মন্দ মন্দ বহে ঘন, বলে আয় বিরহিগণ, দক্ষিণে য়াবি নিশ্চয় ॥ ১ ॥ বন প্রিয় প্রিয়রব, অনর্থ কারণ সব, কুহু কুহু মর্ম্ম কব, অনুক্ষণ কুহুময় ॥ * ॥ পল্লবিত তরু কুল, বিপল্লব তরুকুল, বুঝাতে বসন্তমূল, য়াবে কুল এ সময়, অথবা, কুলহীন এসময় ॥ ২ ॥

মহামোহ মায়াবসে, মহীচিত্ত কেন মোহীতে ॥ ধ্রুং ॥ বিহিত বিহিত জ্ঞান, বঞ্চিতে থাক বঞ্চিতে ॥ * ॥ বিষয় বিভব সব, উৎসবে সাধ উৎসব, সেসব য়ে শবেসব, ভাবিতে হবে ভাবিতে ॥ ১ ॥ দিব্য নেত্রে নিরঞ্জন, সদা হও নিরঞ্জন, অঞ্জনে কর রঞ্জন, বাধিতে রবে বাধিতে

॥ * ॥ অন্যথা নাহি নিস্তার, বিস্তারি কি কব তার, মোক্ষফল রসতার, জানিতে হবে জানিতে ॥ ২ ॥

ভুলে ভুলে কেন ভুল মনঃ, হওএত অচেতন ॥ধ্রু০॥ ইন্দ্রজাল এজগত, দেখ মুদিয়ে নয়ন ॥ * ॥ মায়ায় নয়ন যথা, মোহিত করয়ে তথা, যা দেখায় তাই দেখ, অন্যথা নহে কথন ॥ ১ ॥ অতএব এমায়ার, সদানন্দ মায়াকার, চিন্ত মহিমা তাঁহার, মায়া হবে বিসর্জ্জন ॥ * ॥ নহে পিতার বৈভবে, তুমি অধিপতি হবে, ঘুঁট্যা গোড়ে গোময় হাসে, প্রলাপে হাসি যেমন ॥ ২ ॥

আলাহাইয়া, অথবা আলাইয়া, ধুন্ ॥

জলদ তেতালা ॥ এসো এসো প্রাণ উমা, গুণধামা কোলে করি ॥ধ্রু০॥ কেমনে মা ভুলে ছিলে, মা হয়ে মায়ে পাশরি ॥ * ॥ সংবৎসর গেল বয়ে, দুঃখিনী জননী কয়ে, বারেক না দেখ চ্যায়ে, আছে কি গিয়েছে মরি ॥ ১ ॥ একি মার প্রাণেসয়, যেমন গিরি নির্দ্দয়, তেমনি নির্দ্দয় তুমি, আমিতো পাষাণোদরী ॥ * ॥ কতনা অঁচলে কয়ে, পাঠাতেম তত্ত্ব লয়ে, কৈলাশেতে যাই বলে, কোথায় যেতেন্ আমরি ॥ ২ ॥ দিয়েছি নির্গুণে তাই, ভূষণ পায়্যাছ ছাই, বসনের সীমানাই, রয়্যাছ বাকলপরি ॥ * ॥ কি কহিব মারদারে, ধিক্ গিরিরে আমারে, নিগুণ সে দিগম্বরে, ঘটায্যাছে দিগম্বরী ॥ ৩ ॥

অহে গিরি নাহেরিয়ে, মুখ তনয়ার ।। ধ্রু ।। কেমন করিছে প্রাণ, নহে কহিবার ।।*।। শুনেছি যামাতার গুণ, কপালে জ্বলে আগুন, তিনি নাকি নির্গুণ, শ্মশানে বিহার ।। ১ ।। বিভূতি বিভূতি ছাই, উমারে মাখান তাই, কিরূপে বালাই ছাই, মাথে মা আমার ।। * ।। কন্যা সেতো ধন্যা মান্যা, মম জন্য সদা দন্যা, পোড়াভাগ্যে পড়ে হলো, পোড়ার সংসার ।। ২ ।।

যাহ গিরি হরপুরে, গৌরী আনিবারে ।। ধ্রু ।। হেরেছি স্বপন প্রাণ, কাঁদে কহিবারে ।। ।। যামাতাতো দিগম্বর, কৈলাশ শ্মশান ঘর, ভূত ভৈরবের ডর, সহিতে কে পারে ।। ১ ।। বেছে ঘুচে কুলমান, তনয়া করেছ দান, নকুল হরের কুল, দুঃখ কব কারে ।। * ।। তনয় ডুবেছে জলে, কন্যা জন্য প্রাণ জ্বলে, দিলে যেন ফেলে জলে, সোণার উমারে ।। ২ ।।

পিরিতি পরম নিধি, সেরাখে অতি যতনে ।। ধ্রু ।। বিরহে নয়ন নীর, বহে যাহার নয়নে ।। * ।। রোগহীন কলেবর, চিকিৎসকে অনাদর, এই ধর্ম্ম চরাচর, ব্যাপক বিশ্বভূবনে ।। ১ ।। প্রণয়ে না হলে ভয়, কখন কি সিদ্ধ হয়, কেবাকার বসে রয়, উক্ত কারণ বিহনে ।। * ।। মম প্রণয়ে মিলন, মরি কিবা প্রয়োজন, না ভয় না স্নেহ মন, দ্বন্দ্ব মাত্র মম সনে ।। ৩ ।।

এমন আশা হইতে,না আশা ভালতো প্রাণ ॥ধ্রুং॥ আশা,মাত্র আশাসার, নহে আশা সমাধান ॥ * ॥ যে মন জীবন ক্ষয়, হইবে বিষম ভয়, মরণ হইলে নয়, মরণ যাতনা জ্ঞান ॥১॥ বরঞ্চ অন্তরে রব, মনোদুঃখ মনে সব, দৃষ্টি দগ্ধ কেন হব, রবধরি তবধ্যান ॥ * ॥ আসি হরি যেতে সুখে, দেখে মরি মনোদুঃখে,তুমি থাক অধোমুখে, বল একোন বিধান ॥ ২ ॥

অরে, মনঃ কালীপদে, কেন মজনা ॥ ধ্রুং ॥ জ্ঞান অনুরূপেরূপ,করিভাবনা ॥ * ॥ বিষয সে বিযময,কালে হয কালে লয, য়াতে হবে লযতারে, ভুলেও দেখনা ॥১॥ শ্যামারূপ অপরূপ, কিরূপে কহিবরূপ, কাম রিপু যে রূপেতে, কামেতে মগনা ॥*॥ নবীন নীরদবেশে,শোভে হর হৃদিদেশে, হরে হরে হরে হরে, হরের বাসনা ॥ ৩ ॥

নযন সন্ধান তব, নাগরাজ সমহেরি ॥ ধ্রুং ॥ দংশিল হৃদযে আসি, বিষে অঙ্গরয ঘেরি ॥ * ॥ সারি সারি পক্ষ্ম চয, জ্ঞান হয ফণাময, আঁখির বিবরে মণি, শোভাপায মাণিকেরি ॥ ১ ॥ এনেত্র সরলরূপে, গরলময কিরূপে,পশিল অন্তরে মন, সংগোপনেতে মনেরি ॥*॥ আহবা অযসকান্ত, হৃদয লৌহ নিতান্ত, আকর্ষণ করি দংশে, বিগুণাংশ অসতেরি ॥ ২ ॥

ভ্রান্তমন আর কেন, থাকরে ভুলিযে ।। ধ্রু° ।। কাল কামিনী কালী, নাহি ভাবিযে ॥ *।। জাননা মাযের গতি, বধিভে কাল মূঢ়মতি, ল কারে ঈ কার অঁসি, আছেন ধরিযে ।। ১ ।। শান্ত হও ত্যজে কর্ম্ম, দার্ঢ্যধর্ম্মে রেখেমর্ম্ম, ঘুচিবে জন্ম য়ন্ত্রণা, য়াইবে তরিযে ।। * ।। সংহর অনিত্য আশ, কাট ধর্ম্ম কর্ম্মফাঁশ, হরের মোহিনী ডাক, বদন ভ-রিযে।। ২ ।। য়দি ভাব য়ে কারণ, ধ্যানে মুগ্ধ য়োগিগণ, পাব আমি সে চরণ, কেমন করিযে ।। * ।। তাহার উপা বলি, বাসনা করিযে অলি, কালীপাদপদ্মে মজ, লোলুপ হইযে ।। ৩ ।।

চিননারে কার্য্যপ্রাণ, কেতব কারণ ।। ধ্রু° ।। ভ্রান্ত হযে ভ্রমপথে, করিছভ্রমণ ।।*।। ইহাগচ্ছ ইহতিষ্ঠ, উত্তিষ্ঠ ইহোপবিষ্ট, আবাহন করিকার, কর বিসর্জ্জন ।। ১ ।। সদাকর্ম্মকাণ্ডেমজ, মিছে দেব দেবীভজ, চিত্রিত গবয কভু, করে কি ভোজন ।। * ।। এমতে অচিন্তধন, চিন্তমনো অনুক্ষণ, কেন জলসেঁচে মর, করিযে তর্পণ ।। ২ ।।

শ্যামের মধুর প্রেমে, কেনামজিযাছে সই ।। ধ্রু° ।। আগুন লাগিবে বুক্তে, য়দি প্রকাশিযে কই ।। * ।। কেবা বৃন্দে-বৃন্দাবনে, না মজে শ্যামের সনে, কলঙ্কে মজিতে রাধা, বিনে অন্য আছে কই ।। ১ ।।

কেজানে এমন হবে, এত সাধের পিরিতে ।। ধ্রু ।।
তিলেক বিচ্ছেদ হলে, উভয়ে হত্যো কাঁদিতে ।। * ।।
চাতুরী ছলনা তারি, সকলি বুঝিতে পারি, বুঝিলে কি
হবে নারি, তার উচিত করিতে ।। ১ ।।

আপনি হইলে চোর, সকলে ভাবে তেমন ।। ধ্রু ।।
আত্মবন্মন্যতে বিশ্ব, জাননা কি প্রাণধন ।। * ।। চোরেতে
চুরী যথন, করে যামিনী তথন, দিবসে হেরিতে মন, হরি
লে গুণ কেমন ।। ১ ।। আমার নয়নবান, তোমারে করে
সন্ধান, কেমনে হেন বিধান, বিধেয়রে প্রিয়জন ।। * ।।
যদবধি ওবদন, হেরেছি হরেছ মনঃ, মনো বিনে কি কথন,
ইন্দ্রিয় কার্য্য কারণ ।। ২ ।।

কবে কি হবেগো ভবে, শিবে দিন বয়ে যায় ।। ধ্রু ।।
তৃষিত চাতক মনো, মুক্তিবারি সদাচায, ।। * ।। তুমিমা
নীরদকায,কৃপাবারি বরিষায, রক্ষ রক্ষ পিপাসায, নতুবা
নাহি উপায় ।। ১ ।। বিষয় সিন্ধুজীবন, লবণাম্বু সনাতন,
যদ্যপি যায জীবন, তবু না পিবকখন ।। * ।। কামক্রোধ
নদনদী, অসংখ্য মিলয়ে যদি, কেমনি প্রতিজ্ঞা ধর্ম্ম,
আছিমা উৰ্দ্ধ গ্রীবায ।। ২ ।। আর কি বিলম্ব অম্বে, যোগ
মায়াজগদম্বে, লয়ে যাও অবিলম্বে, নাশিয়ে আশা কদ-
ম্বে ।। * ।। ঘোর তৃষ্ণা ঘেরিযাছে, হৃত্‌পদ্ম শুখায্যাছে,
হরমা সংহর তাপ, বিলাপ নিবেদিপায ।। ৪ ।।

হর কর অনুমতি যাই হিমালয় ॥ ধ্রুং॥ জনক জননী বিনে বিদীর্ণ হৃদয় ।*। এজ্বালা কি জানে অন্যা, আমি মার একু কন্যা, গিয়ে তিন দিনজন্যা, রব পিত্রালয় । ১ । গুহ গণপতি লয়ে, সপ্তমী প্রবেশহয়ে, আসিব কৈলাসে হলে, নবমী উদয় ॥ * ॥ জানি মা মৈনাক্ খেদে, অন্ধ হলো কেঁদে কেঁদে, মরেছে কি আছে বেঁচে, হতেছে সংশয় ॥ ২ ॥

সংসার অরণ্যে ভ্রান্ত কাল রাত্রি তমোময় ॥ ধ্রুং ॥ তাহে পঞ্চভূত দেহ মহীরুহ সম হয় ॥*॥ সেবৃক্ষে কুসুম মন, ভালোতো বটে জীবন, অহংকার গন্ধমায়া, সদাগতি সহ বয় ॥ ১ ॥ যামিনী বাড়িবে যত, ক্রমে হবে গন্ধ হত, ত্যজিবে স্বজনবন্ধু, প্রভাতে নাহি সংশয় ॥ * ॥ উপায় করহ তার, চিন্ত্য মায়া অনিবার, না হইবে ম্লান আর, পূজ্য হবে সুনিশ্চয় ॥ ২ ॥

বিশ্ব যার তুমি তার সকলি তারার ॥ ধ্রুং॥ তবে কেন ভেবে মর আমার আমার ।*। ত্রিদেব তারিণী তারা, তারা সংসারের সারা, সাকারা কি নিরাকারা, কে জানে বিস্তার ॥ ১ ॥ সর্ব্বত্র ব্যাপিনী তারা, কিন্তু অগোচরাকারা, অদ্বিতীয়া নানারূপা, প্রমাণ তাহার ॥ * ॥ এক বীজ ভূতলেতে, রোপণ করি পরেতে, প্রতিফলে দেখ সেই, বীজের সঞ্চার ॥২॥ সর্ব্বরূপে রূপমার, ঘুচাতে সংশয়তার, পাত্রে

পাত্রে রাখ অম্বু, য়াবে অন্ধকার ॥ * ॥ প্রতিপাত্রে প্রতি ছ্ছবি, হের একমূর্ত্তিরবি, তেমতি মাযার মাথা, ব্যাপেছে সংসার ॥ ৩ ॥

অহে গিরি আন গিযে এখনি প্রাণ নন্দিনী ॥ ধ্রুং ॥ নতুবা ত্যজিব প্রাণ হয়ে অনল শাযিনী । * । হেরেছি য়ে কুস্বপন, দহিছে জীবন মনঃ, পাগল জামাই সহ, উন্মা য়েন পাগলিনী ॥ ১ ॥ জেনে শুনে কুলমান, নকুলে দিযেছ দান, চন্দনে ভস্ম সমান, সঙ্গে ডাকিনী য়োগিনী ॥ * ॥ ভূত ভৈরবের ঘটা, তনযার শিরেজটা, ভিক্ষারি হরের ঘরে, হররাণী ভিক্ষারিণী ॥ ২ ॥

গিরিবর একিতব হৃদয পাষাণ ॥ ধ্রুং ॥ নাহেরে কেমনে আছ তনযা বযান ॥ * ॥ নারদ ঘটকবর, আন্যা দিযা ছিলবর, কণ্ঠে বিষং দিগম্বর, নির্গুণ প্রধান ॥ ১ ॥ বিভূতির সীমানাই, বিভূতিপ্রচুর ছাই, অমঙ্গল য়ত্তাই, মঙ্গল সমান । * । কেমনে মঙ্গলা আছে, পাগল জামাই কাছে, পাগলের পুরী নাকি, কৈলাশ শ্মশান ॥ ২ ॥

অহেগিরি শুনশুন গৌরী কিবলে ॥ ধ্রুং ॥ আপনি এসেছে উমা দুঃখিনী মাবলে । * । তুমিতো পাষাণ কায, অচল অচলপ্রায, তোমার সচল হওযা, শিলা ভাষাজলে ॥১॥ কতবার প্রবোধিযে, কৈলাশে য়াব বলিযে, কোথা

য়েতে ভুলাইয়ে, অবলা সরলে !! * !! লজ্জাপাবে য়দি-কই, তত্ত্বকরে ছিলে কই, উমাবলে ও মা কই, শুনে প্রাণ জলে !! ২ !!

তনয়া কোলেতে লহ এসোএসো গিরিরাণী ! ধ্রুং । শুন২ বিধুমুখে আধঃ আধঃ আধঃ বাণী । * । সংবৎসর তারা হারা, হারাহয়ে আঁখিতারা, আমিয়াছি হারাতারা, আরাধিয়ে শূলপাণি ।। ১।। কৌতক কি কব রাণী, ভিক্ষারি জামাই জানি, রত্ন কিছু নয়ে য়াই, শিবালয়ে ধন্যমানি ।*। প্রবেশি কৈলাস ধাম, শুনিপূর্ণ মনস্কাম, জামাই রাজত্ব করে, উমাসতী রাজরাণী ।। ২ ।। তথা হতে য়াত্রা করি, দর্গা দুর্গা দুর্গা স্মরি, কাশী স্বর্ণময় পুরী, হেরে গর্ব্ব খর্ব্ব মানি ।। * ।। ক্ষিতিতে সে সবধন, পূতিয়ে করিসাধন, আন্যাছি সাধের ধন, ভবে ভবের ভবানী ।। ৩ ।

কেমনে হবেগো ভবে উপায়আমার ।। ধ্রুং ।। তবপদে রতির্মতি অতি অসুসার ।*। আমি দীন দুরাচার, জঠর য়ন্ত্রণা আর, কতসব বার বার, কালের সংহারণী ১ ।। হইয়ে মনে রগত, কুকর্ম্ম করেছি য়ত, নাজান কিঅন্তর্য়াগি, কব কি বিস্তার ।।*।। মনঃ না মানে বারণ, য়েন উন্মত্ত বারণ, ইহহৃদে জ্ঞানপদ্ম, ভাঙ্গেদুরাচার ।। ২ ।। বিষয়ে নিয়তমত্ত, পরমার্থ গুরুদত্ত, নাকরিসে তত্ত তত্ত্ব, মত্ত অনিবার ।। * ।। ভরসা ভবের উক্তি, করতলভব মুক্তি, শক্তিঅনুরক্ত ভক্ত, শক্তি সে জনার ।। ৩ ।।

সুখ সাধে বসি রাধে নিশিতে নিকুঞ্জে ।। ধ্রুং ।।
আসিবলে কালশশী গেলে কারকুঞ্জে ।।*।। এলে হরি কি
কারণে, শ্রীমতীর কুঞ্জবনে, তরুণারুণ গগনে, দেখভৃঙ্গ
গুঞ্জে ।। ১ ।। ছিছি একি ব্রজরাজ, কহিতে শুনিতে লাজ,
কারমুণ্ডে হানি বাজ, আল্যা সুখ পুঞ্জে ।। * ।। য়েন মণি
হারা ফণী, সারা নিশিতারা গণি, শযনে আছেন রাই,
দুঃখ নিশিভুঞ্জে ।। ৩ ।।

এসো গো প্রাণের উমা পাষাণী প্রাণ নন্দিনী ।। ধ্রুং ।।
মাবলে মা এলে বুঝি আপনি জগন্মোহিনী।*।পুরাকৃত পূণ্য
ফলে, অচল তনযা হলে, কে য়ায সচল হযে, আনিতে
শিবশোহিনী ।। ১ ।। শুনেছি জামাতা গুণ, সিদ্ধিতে অতি
নিপুণ, শ্মশানে থাকে নির্গুণ, সতত লযে ডাকিনী ।। * ।।
কপালে আগুন জ্বলে, কণ্ঠজ্বলে হালাহলে, অমৃতভাব গরলে,
ভাবেন্ নাকি মা তিনি ।। ২ ।। অধিকন্তু গুণবড়, নির্গুণ
বুদ্ধিতে দড়, জটায ধরেন শুনি, জাহ্নবীনামে সতিনী ।।*।।
কন্যা ক্ষেপা ঘরে রয, মার প্রাণে একিসয, অলঙ্কার ছাই
ময, সাজায্যাছে পাগলিনী ।। ৩ ।।

উঠ মেনকা পাষাণী হের আসি উমাধনে ।। ধ্রুং ।। বরণ
করিযে লহ সুমঙ্গল আচরণে ।*। কন্যারে বিদায দিযে, ছিলে
গো দৈন্যা হইযে, এখন্ কোলে নইযে, জুড়াও তাপিত মনে
।। ১ ।। ছিছি একি মার মাযা, ভুলে কন্যা বিশ্বজাযা, অন্ন

জল রোচে কিসে, জীবন ধর কেমনে ॥ * ॥ শুখায্যাছে মুখখাণী, কেমন্ তুই মা পাষাণী, ব্যজনকর্‌র সে দেখ, শুন্নীর চন্দ্রাননে ॥ ২ ॥

কেমন ছিলেগো গৌরি ভিক্ষারি হরের ঘরে ॥ ধ্রুং ॥ তুমি বল না বল মা শুনিযাছি পরে পরে ॥ * ॥ সবে ঘরে তুমি কন্য্যা, আমার ভাগ্যের জন্যা, জামাই হযেছে দৈন্যা, পেযেছ ভিক্ষারি বরে ॥ ১ ॥ সে নাকি শ্মশানে রয, কণ্ঠ কালকূটময, পোষযে ভুজঙ্গচয, কিঘৃণা শঙ্কা না করে ॥ * ॥ সঙ্গেতে পিশাচ দাস, মহাশ্মশান কৈলাস, পাগল কর্‌যে বাস, যথা ত্যক্ত চরাচরে ॥২॥ অধিকন্তু সেনির্গুণী, সকলের মুখে শুনি, না জানি কত মা দুঃখে, ঘরকর লযেহরে ॥ * ॥ ভবের কি আছেআর, ভিক্ষাজীবি ভিক্ষাসার, বিভূতি বিভূতিতার, গুণমাত্র মৃত্যুহরে ॥ ৩ ॥

নাথের হৃদযে রযেএমনব্যাকুলাকেন ॥ ধ্রুং ॥ কে দেখেছে এ কৌতুক কেবা শুনিযাছে হেন ॥*॥ দরফুল্লপদ্মগন্ধ, বহিতেছে মন্দ মন্দ, মধুলোভে অলিবৃন্দ, মত্তে অন্ধহল যেন ॥১॥

অস্যোত্তরং ।

নাথের হৃদযে রযে ব্যাকুলাকারণ শুন ॥ ধ্রুং ॥ পোড়া যামিনীর ভাগ্য সদা লাগুক আগুন ॥*॥ রজনী প্রভাতো সুখে, পদ্মবন মহাসুখে, প্রফুল্লভাবে আমারে, দুঃখে জ্বলা

বে দ্বিগণ ।। ১ ।। কেননা অরুণোদয়ে, কি স্তুতি মিনতি চয়ে, বঁধুরে র খিব কয়ে, নহিতো তাতে নিপুণ । ২ ।

আসাযরীরাগিণী, আড়া তেতালা ।

তবমায়া মহামায়া বুঝিবে কি অন্যজনে ।। ধ্রুং।। শ্মশানে মশানে মৃত্যুঞ্জয় য়োগী য়েকারণে ।*। অপাঙ্গে করিয়ে দৃষ্টি, করিছ সৃষ্টির সৃষ্টি, সাধিছ প্রলয় পুনঃ, ক্ষণ ইঙ্গিত ঈক্ষণে ।১।

সবেবলে প্রিয়চাঁদে গগনচাঁদ সমান ।ধ্রুং। কিন্তু কি বিশেষ তাহা কভু নাকরে সন্ধান ।*। কেননা শশির উদয়, সিতাসিত পক্ষেময়, অসিত অসিতে শশি, সদালুপ্তে সমাধান ।। ১ ।। দেখ মম প্রিয়জন, ব্যাপিয়ে হৃদিগগন, সমুদিত অনুক্ষণ, জুড়াতে চকোরী প্রাণ ।। ২ ।।

মধ্যমান ।। মহামায়া মোহে মজি না দেখি নিজ নিস্তার ।। ধ্রুং।। নিজ গুণে তার তারা কর ভবে পারাপার ।। * ।। অহংজ্ঞানী অহঙ্কারে, ভজিয়াছি য়ারেতারে, কিবলে ডাকি মা তোরে, পথকয়ে দেগো তার ।। ১ ।। নিশ্বাস প্রশ্বাস পাশ, বেঁধেছে জীবন আশ, নাহিমাত্র সাবকাশ, নাম লইতে তোমার ।*। বৈষ্ণবী মায়াতে মত্ত, পাশরিয়ে আত্মতত্ত্ব, অনিত্যে মোহিত চিত্ত, উচিত কর উদ্ধার ।২। শুনগো সংসার সারা, পতিতে তারিতে তারা, কিক্ষতি তারিণী তোর, সে নহে বিষমভার । * । ত্বংহি অতি দুরারাধ্যা, ন হরি শঙ্কর বাধ্যা

কেমনে হইবা সাধ্যা, সেসাধন সাধ্যকার। ৩। দিয়ে স্বত্বগুণ বোধ, কুরমা দুর্গতিরোধ, আরকি জীবন শোধ, অসারে জীবনসার ॥ * ॥ নিজগণে হরকান্তে, রাখিযে চরণপ্রান্তে, প্রকাশ কলুষধ্বান্ত, করি মহিমা বিস্তার ॥ ৪ ॥

আসাযরীটোড়ী রাগিনী, আড়া।

এঁযমুনা পারাবার। ধ্রু ং। ভযেভীত চিতহের অকূলপাথার ॥ * ॥ কিন্তু চিন্তাপরিহরি, স্মরি চিন্তামণিহরি, কাচিন্তা কালিন্দী নীরে, কালাকর্ণধার ॥ ১ ॥ যেনামে ভবাব্দিজলে, পারহই কুতূহলে, স্বযং সে কাণ্ডারী তায, ভয কি আবার ॥ * ॥ ইহাতে করিলেভয, তার কি নিস্তারহয, অন্ধের বদন যথা, দর্পণে সঞ্চার ॥ ২ ॥

মধ্যমান্ ॥ কালী বিনে কেমনে মনঃকালে এড়াবি শমন ॥ ধ্রু ং ॥ অহং জ্ঞানে অহংবশে সদা কররে যতন ॥ * ॥ দারাসুত বন্ধুলয্যা, মাযাপাশে বদ্ধহয্যা, পাশরিলে আত্মতত্ত্ব, যে তত্ত্ব পরম ধন ॥ ১ ॥

বুঝালে যদি না বোঝ কে তবে বুঝাবে প্রাণ ॥ ধ্রু ং ॥ ভালবাসা বেসে শেষে এ কি হে অপমান ॥ * ॥ ভাল ভাল বাসা তব, এযন্ত্রণা কারে কব, প্রাণে আরো কতসব, পীরিতে ইকি বিধান ॥ ১ ॥ আমি সমচাতকিনী, তুমি ঘন কাদম্বিনী, তবে কেন এঅধিনী, প্রতি নহে বারিদান ॥ ২ ॥

ইমন। মধ্যমান্।

আপন আমুল কেন ভোলো ভূলমন॥ ধ্রুং ॥ সংসার্ উপবনে ভাবয়ে মালিকারণ ॥ * ॥ সে অরণ্য শোভা জন্য, বৃক্ষমধ্যে তুমিগণ্য, তাহাতে কুসুম ধন্য, তোমার জীবন ॥ ১ ॥ নেত্র শ্রোত্র পাদপাণি, শাখা পত্র আদি- মানী, জ্যোতিরূপ পরমাত্মা স্বত্বার ঘটন ॥ ২ ॥ দেখো দেখো সাবধান, অহংজ্ঞান অভিমান, অনিবার্য্য দাবা নল নাকরে দাহন ॥ ৩ ॥ তাহার উপায শুন, সাধহ সরসগুণ, তবে গাত্ররবে স্নিগ্ধ সদা সর্ব্বক্ষণ ॥ ৪ ॥ রসনা মূল সবশে, আকর্ষণ করিরসে, লহ জগতের রস, চিন্তা- নিরঞ্জন ॥ ৫ ॥

কেনরে ভাবনা ভ্রান্ত দিন অবশেষ ॥ ধ্রুং ॥ কোথা- ছিলে কোথাএলে কিপেলে বিশেষ ॥ * ॥ য়েতব কার্য্য কারণ, তারে না চিন্তহ মন, অনিত্যে কারি চিন্তন, নিত্যে অনাবেশ ॥ ১ ॥ য়খন আইলে তুমি, অবনি মণ্ডলভূমি, কেএসেছে তবসঙ্গে, কেবালযে য়াবে ॥ ২ ॥ বুঝনা এ চমৎকার, য়ে এনেছে পুনর্ব্বার, সেলবে প্রাণ তোমার, হবে বিশ্লেষঃ ॥ ৩ ॥ তাইবলি নির্ব্বিকার, নিরাধার নিরা কার, চিন্তনকর আত্মার, তরিবে সংসারভার ॥ ৪ ॥ নতু- বা নাহি নিস্তার, কাল পেযে অধিকার, ঘটাইবে ফের- ফার, কালেধরে কেশ ॥ ৫ ॥

আড়া অথবা, জলদ তেতালা ॥

রাখ মা মাযের ধর্ম্ম জন্মশোধ দেখাদিয়ে ॥ ধ্রু ॥ রযেছে কৃতান্তদূত শত পুরেতে ঘেরিযে ॥ * ॥ মাযের উচিতহয, সন্তানে পাইলেভয, মাভৈ মাভৈ মাভৈ রবে, ভযনিবারে আসিযে ॥ ১ ॥ সন্তানেরো এইরীতি, ক্ষুধা-নিদ্রা তথা ভীতি, সমযে মা বলে ডাকে, ডাকি জাননা জানিযে ॥ * ॥ জ্বলিছে ক্ষুধাগ্নিকাল, মহানিদ্রাগতকাল, করাল কিঙ্করজাল, উগ্রবেশে দাঁড়াইযে ॥ ২ ॥

কল্পনা জল্পনাভাব তাবত্ত নাহিক রবে ॥ ধ্রু ॥ যাবত্ সতসত্যফল রসাস্বাদ নাহিপাবে ॥ * ॥ কারণ অজ্ঞানেমত্ত, ছলেকি সে তত্ত্ব তত্ত্ব, কারবল মনোমত্ত, ভাবি-কারণ প্রভাবে ॥ ১ ॥ যেমন বালিকাগণ, পুতুলে করিয়তন, দেয বসনভূষণ, আত্মমত সেবাভাবে ॥ * ॥ ফলে পালা কালাগতে, পতিরস জ্ঞাতা মতে, অসার খেলাবিগতে, স্বামি সুখেতে বিকাবে ॥ ২ ॥

থেকোনা থেকোনা কাল ব্যাস জীবির বশেতে ॥ ধ্রু ॥ নামান রৌরব রসপাবে শেষে বিশেষেতে ॥ অধিক আর কি বা কব, কুমতি নাগিনী ভব, সংসার কুক্ষি সম্ভব, কালের ক্রীড়া সাধেতে ॥ ১ ॥ বৈরাগ্য বিষদশন, অজ্ঞানাঘাতে ভঞ্জন, মাযিকরূপ পবন, জীবনের কারণেতে ॥ * ॥ অন্তঃ উক্তি সারতন্ত্র, মহৌষধি মণিমন্ত্র, কালীনাম কালীযন্ত্র,

জপপূজরে সুখেতে ॥ ২ ॥ তবে নাগিনী পলাবে, ব্যাল গ্রাহীসঙ্গেয়াবে, তবপানে নাহিচাবে, না আসিবে নিক টেতে ॥ * ॥ সুখেরবে সর্ব্বক্ষণ, গৌরীগানে মজিমন, কল্যাণ পরমধন, পাবে আনন্দে পরেতে ॥ ৩ ॥

উচিত নাহয় ইবে অবলা জনে বধিতে ॥ ধ্রুং ॥ প্রথম মিলনে কত সাধিতে সাধে কাঁদিতে ॥ * ॥ বাড়াতে সুরাগ রাগে, নবপ্রেম অনুরাগে, বিরাগ রাগ সে রাগে, বিরাগ ভাগ বিদিতে ॥ ১ ॥ আরকি অধিককব, বাড়াতে মানগৌরব, বচনেপীয়ূষমাখি,য়েন শশী ধরেদিতে ॥ ২ ॥

ইমন্ কল্যাণ অনুরাগ, জলদ তেতালা ॥

নাহি য়দি আসি তবে করপ্রিয়ে অভিমান ॥ ধ্রুং ॥ আইলে বদন বাঁকা মরি এ কোন বিধান ॥ * ॥ ভাবিতে ভাবের ভাব, এইহয় অনুভাব, লাভতব ভাবে ভাব, অভাবেতে সমাধান ॥ ১ ॥

য়েনহে আপন সেকি পরের হইতে পারে ॥ ধ্রু ॥ প্রেমপারে য়াববলি ডুবালে দুঃখ অপারে ॥ * ॥ ভালভেবে ভালবেসে, কুলমান গেল ভেসে, এই ভালহল শেষে, তব বিরহ পাথারে ॥ ১ ॥

কেমন আছ বলরে প্রাণ শুনিতে ব্যাকলচিত ॥ ধ্রুং ॥

এমিলনে অভিমান অধীনে নহে উচিত ।। * ।। য়দিবহু দিনান্তরে, পেয়েছি তোমারেপরে, অন্তর করিছ প্রিয়ে, এ য়ে অতি বিপরীত ।। ১।। আমি তব প্রেমে বাঁধা, তুমিত মনেরি সাধা, সেসাধে সাধিযেবাদ, সাধে করোনা দুঃখিত ।।২ ।।

ইমন্ কেদার অনুরাগ, হরিতাল ।।

একেমন অভিমান বলনারে প্রাণপ্রিয়ে ।। ধ্রুং ।। অধো মুখে মৃদুহাসি. শুধুই কিলাগিযে ।। * ।। কথান্তরে ভাবান্তরে, কেমনে ভাবঅন্তরে, য়াহে নিরন্তরমম, অন্তর য়ায দহিযে ।। ১ ।।

তোমার ভাব প্রভাবে মনেহল ভাবোদয ।। ধ্রুং ।। আমার এভাব হেরি কেনহলে নিরদয ।। * ।। ভাবুকজনার ভাব, কভুনহে ভিন্নভাব, প্রিয়েতব ভাবাভাব, স্বভাবে স্বভাবহয ।। ১ ।।

প্রাণনাথ বিনেপ্রাণ দহিছে জগতপ্রাণ ।। ধ্রুং ।। য়াতে মানিনীর মান থাকে কর সে বিধান ।। * ।। কাননে প্রফুল্ল ফুল, মল্লিকারল্লিবকুল, মধুলোভে অলিকুল, গুঞ্জে পাঞ্জে ধাবমান ।। ১।। তাহে জীবনব্যাকুল, কেমনে পাইবকুল, বুঝিবা ভাসযে কুল, য়ড়াবার নাহিস্থান । ২ ।।

কল্যাণ অনুরাগ। হরিতালবা তেওট ॥

কি মনে ভাবিয়ে প্রিয়ে রহিলে অধোবদনে ॥ ধ্রু, ॥ বিচলিত ভাব কেন স্বভাবে ভাবিলে মনে ॥ *॥ হেরিয়ে বদন তব, এই করি অনুভব, অভাব ভাব প্রভাবে, ভাবিলে যেন এজনে ॥ ১ ॥ বিরস ও মুখখানি, নিরীক্ষণে দুঃখ মানি, ভাবি বুঝি এইবার, হারালেম প্রেমধনে ॥ ২ ॥

অন্যোত্তরং।

কি তাপে তাপিত হয়ে এত অনুতাপ প্রাণ ॥ ধ্রুং ॥ যেহেতু বদন অধঃ শুনহ তার সন্ধান ॥ *॥ মনহৃদি সরোবরে, কমল কলি সঞ্চরে, প্রফুল্ল না হয় তার, কারণ যারণ ধ্যান ॥ ১ ॥ মুতকলি বিকশিত, না হয়ে রবে মুদিত, এবিধায়েমথরাক্ষা, দেখাইতে অধোঃস্থান ॥ ২ ॥

ভালোতো যতনে প্রাণ অতি যাতনা বাড়ালে ॥ ধ্রুং॥ যেনালে মানিতে নাবে সেমানে কোথা হারালে ॥ *॥ প্রেমসুখস্থলে, না রাখি যতনে, অযতনে হেমধনে, অকূল কূলে ভাসালে ॥ ১ ॥ ঘটাতে যন্ত্রণা, পিরিতেলাঞ্ছনা, কেশিক্ষানে এমন্ত্রণা, যেগুণে প্রাণ জ্বলালে ॥ ২ ॥

পিরিতে কতই মান যেমানে নেইতো নানে ॥ ধ্রুং॥ প্রেমি বিনে প্রেম যেন মুকুর হেরয়ে কাণে ॥ *॥ উভয়ে যতনে, যদি প্রেমধনে, রাখে আকিঞ্চনে তবে, কনক শোভে রসানে ॥ ১ ॥

সাধের পিরিতি ভাল রাখিলে অতি,য়তনে ।। ধ্রু ।। তুমি যে আমার নহ আমি না জানি স্বপনে ।। * ।। কত না ভুলায়ে, আমারে মজায়ে, ভাবান্তরে ভাবান্তর, অন্তরে প্রেম রতনে ।। ১ ।। কেমনে কেমন, হলে প্রাণ ধন,না হেরে হারাতে য়াবে,না হের তারে নয়নে ।।২।।

কি কব সখা উদ্ধব কে আল্যো আজ ব্রজহতে ।। ধ্রু° ।। কাঙ্গালিনী বেশ কিন্তু কথা কহে কতমতে ।।*।। না জানি কার লিখন, করিতে কৃষ্ণে অর্পণ, শ্রীরাধা শ্রীরাধা বলে, মুগ্ধ হরি মূর্চ্ছাগতে ।। ১ ।। অনুভবে বুঝিভাব, ভাবি ব্রজাঙ্গনা ভাব, উপজিল হৈলভাব, রাধা ভাব অনুগতে ।।*।। হকু তাহে হানি নাই, পরমা প্রকৃতি রাই, ফলে আমি অংশ চাই, চন্দন দান ধন্যব্রতে ।। ২ ।।

জলদ তেতালা।

ভালবাসা যে বেসেছে সে জেনেছে ভাল বাসা ।। ধ্রু°।। ভালবলে ভাল ছলে ভালতো পূরালে আশা ।।*।। প্রেম তরুপরে, সুখ পক্ষবরে, শীলতা শাখাতে সখা, ন [illegible] য়তনে বাসা ।। ১ ।। য়তনে রাখিতে, য়দি হে পিরিতে, তবে কি হইত এতো, য়াতনা সাগরে ভাসা ।। ২ ।।

আমি কি কখন তারে অন্তরে রাখিতে পারি ।। ধ্রু ।। তিলেক অন্তরে য়ার ধৈরয ধরিতে নারি ।। * ।। মনে [illegible]

য়ে প্রেমধার, কেমনে শুধিব আর, সে আমার আমি তার, প্রাণান্তে হবো তাহারি ॥ ১ ॥

কাফী রাগিণী। মধ্যমান্।

মজিলে পিরিতে মনঃ ধিক্‌তার লোক লাজে ॥ ধ্রুং॥ য়েনা চাহে প্রেমরস লোকলাজ তারে সাজে ॥ * ॥ লোকের গঞ্জনা পাকে, ঠেকেছি বিপাক পাকে, সতত নাহেরে তাকে, দুঃখশেল বুকে বাজে ॥ ১ ॥ কি করে গঞ্জনা আর, আমি তার সে আমার, শোভিব হৃদয় হৃদ, রোপিযে রাজীবরাজে ॥ ২ ॥

হৃদি কারাগারে ঘোরে বেঁধেছি জীবন ডোরে॥ ধ্রুং॥ প্রহরি রেখেছি প্রাণ য়দ্যপি হারাই চোরে ॥ * ॥ তুমি তা নাহিক জান, দেহে প্রাণ অবস্থান, য়েমন তেমনে প্রাণ, বন্ধন করেছি তোরে ॥ ১ ॥

কাফি সিন্ধু। মধ্যমান্।

দুঃখিনীরে দুঃখনীরে প্রাণ কি দঃখে ভাসালে ॥ ধ্রুং ॥ আপনি না মজি প্রেমে অবলা মজালে ॥ * ॥ ভালহই মন্দহই, তোমাবই কারু নই, এয়ন্ত্রণা কারে কই, এজনে কাঁদালে॥ ১ ॥ শযনে স্বপনে থাকি, সদাপ্রাণ বলে ডাকি, মনোদুঃখ মনেরাখি, মাননা জানালে ॥ * ॥ একিজ্বালা

অকস্মাৎ, বিনামেঘে বজ্রাঘাত, মুখের গ্রাসের ভাত, হরি যে জ্বলালে ॥ ২ ॥

দেহ যে যাতনা রে প্রাণ নহে দঃখের কারণ ॥ ধ্রুং ॥ তোমারে নিদয় বলে এইতাপে দহে মন ॥ * ॥ তববিরহে তে মরি, তাতেখেদ নাহিকরি, এজ্বালাকিসে সম্বরি, কলঙ্ক তোমায় অর্পণ ॥ ১ ॥ অধিকন্তু এইদুঃখ, কেমনে দেখাব মুখ, তবসুখে মমসুখ, জানেসবে প্রিয়জন ॥ * ॥ পাছে-লোকে ইহাবলে, অভাগির কর্ম্মফলে, ফলেছে বিযোগফল, তাহতে ভাল মরণ ॥ ২ ॥

পাপি না থাকিলে তারা তোরে তারা কে জানিত ॥ ধ্রুং ॥ কেমনে অযস বিহুনে পরশ মান্য হইত ॥ * ॥ বিশেষ বিশ্ববিধান, সকলে হলে সমান, মানির কে'রেখে মান, বিশেযেতরে গণিত ॥ ১ ॥ তেমনি আমি শঙ্করি, সঙ্কটে কেমনে তরি, এভযে দিবাসর্ব্বরী, ব্যাকুল হনে নিশ্চিত ॥ * ॥ সহসা মনে উদয়, মাভৈ মাভৈ কিবাভয়, মা আমার পরশ ময়, আমিঅযস তুলিত ॥ ৩ ॥

কামোদ রাগিণী । মধ্যমান্ ॥

কিবা তব ভালবাসা আশাতে প্রাণ অবশেষ ॥ ধ্রুং ॥ নাপুরিল মন আশা বিপক্ষ হইলদেশ ॥ * ॥ মুখেবল ভা-

লবাসি, মনেঅন্য অভিলাষী, কাছ কেন সুখ নাশি দিতেছ যাতনা শেষ ॥ ১ ॥

মনআঁখির অঞ্জনে নিরঞ্জনে কে ভাসালে ॥ ধুং॥ অতি অপরূপ মায়া কেনরূপ কে দেখালে ॥ * ॥ যে মুখে নিয়ত হাসি, সেরূপ নলিনরাশি, নাশিযে সুধাংশুরাশি, চকোরিণী কে কাঁদালে ॥ ১ ॥ ভালো বলে ভালহল, যে ভাল ভাবে সে মল, শেষে হল এইভাল, ভাল অভাবে ভাবালে ॥ * ॥ আহা আহা মরিমরি, আরকি উপাযকরি, অকূল পাথার কূলে, নিরাকূলে কেডুবালে ॥ ২ ॥

কালাংড়া অনুরাগ। জলদ তেতালা ॥

চিত্রকাব্য। ১ মানমানেরি ওমানে তোরে প্রাণেরাখিপ্রাণ। সুং।
নামনামা। ২ মানেতেআপদও এত আগেতে নাছিল জ্ঞান ॥
সুন্দরী । ৩ সুখেদুঃখদান ৪ প্রাণ, এইতোতব বিধান, মানেতে
বাড়াতেমান, হৃদযহলো সম্মান ॥ ১ ॥

কেবল তোমার ভালো আসিতে ভালবাসনা ॥ ধ্রুং ॥ দুজনে দ্বিমতহলে প্রেম কিরবে বলনা ॥ * ॥ আমিভাবি ওবযান, সতত হেরিবপ্রাণ, তুমিমনে ভাবিআন, এভাবেভুলেভাবনা ॥ ১ ॥ এসে বল যাইযাই, সেকথা প্রাণেসুধাই, প্রাণবলে করিতাই, সবারিসমমন্ত্রণা ॥ ২ ॥

পীরিতে কলঙ্ক জানি তবু প্রেমে ভাল বাসি ॥ ধ্রু ॥ বিরহ শশাঙ্ক হীনে, কভু নহি অভিলাসী ॥ পীরিতি পঙ্কজ প্রায, পঙ্কে জন্মে জেনে তায, কেবা করে অনাদর, ক্যযে হীন সহবাসী ॥ ১ ॥ বিচ্ছেদ সম গরল, কাল কূট হলাহল, রত্নাকরজাত বলে, কে হয তার প্রয়াসী ॥ ২ ॥ তেমতি প্রেমবিচ্ছেদ, বুঝে দেখ ভেদাভেদ, বাস প্রেম পরিচ্ছেদ, কলঙ্ক সাগরে ভাসী ॥ ৩ ॥

চিত্রকাব্য নাম বামা সুনদরী।

১ বাসনা য়দিনা ভাল তাতেখেদ নাহি করি ॥ ধ্রুং ॥
২ মানে অপমান হই, এই ভয সদা স্মরি ॥
৩ সুখপ্রেম অনুমানি,
৪ নব ভাবেসুখমানি,
৫ দহিবে আগে কি জানি,
৬ রীতি কি তোমারা মরি ॥ ১ ॥

না এলে আসিতে বল এলে হেরি অন্যমন ॥ ধ্রু ॥ কি ফল বলরে প্রাণ, এমন আসা কারণ ॥ * ॥ হেরিলে মম বযান, য়দি উপজয়ে মান, অদর্শন সুবিধান, হল সহজে এখন ॥ ১ ॥ তাহার কারণ শুন, অদর্শনে তব গুন, মনে হযে শতগুণ, করযে মনরঞ্জন ॥ ২ ॥ য়েমন ভাবনা ধন, অপ্রত্যক্ষে অনুক্ষণ, করিতে হয চিন্তন, তুমি আমার তেমন ॥ ৩ ॥

তোমার পীরিতে প্রাণ কিঞ্চিত নাহিক সুখ ॥ ধ্রু৽॥ অন্তরে অন্তর জ্বলে, হেরিলে উথলে দুঃখ ॥ *॥ দেহ দহে অদর্শনে, আসি তব নিকেতনে, জ্বলি মান হুতাশনে, হেরিতে আমার মুখ ॥ ১॥ তাহাতে উপায় য়াহা, অসাধ্য সাধন তাহা, সাধিতে বাড়যে মান, বিধাতা একি বিমুখ ॥ ২॥

কহিতে বিদরে বুক না কহিলে নয় দুঃখ ॥ ধ্রু৽॥ ভালো বেশে অবশেষে, ভাল উপজিল সুখ ॥ * ॥ আমি করি তব আশ, তুমি কর উপহাস, থাক পর অভিলাষে, চাহিযে পরের মুখ ॥ ১॥

তোমার এভালবাসা মনের সহিত নয ॥ ধ্রু৽ ॥ মনের সহিত হলে, কভু কি য়ন্ত্রণা রয ॥ * ॥ মুখেবল ভাল বাসি, অন্তরে গরল রাশি, কেনন বারেক আসি, জুড়াতে বল কি হয় ॥ ১॥ বৃথাযে করি য়তন, বৃথা মম আকিঞ্চন, তোমার তেমন মন, এখন নাহি নিশ্চয ॥ ২॥ এলাঞ্ছনা কারে কই, সব বুকপেতে সই, পাষাণে নির্ম্মিত হলে, বিদীর্ণ হতো হৃদয ॥ ৩॥

পীরিতে মজাযে শেষে এই কি উচিত হয ॥ ধ্রু৽ ॥ চেয়ে তব চাঁদমুখ, চকোর প্রাণে সংশয ॥ * ॥ মুখেবল ভাল বাসি, কথা য়েন সুধারাশি, ওষ্ঠাধরে ধরা হাসি,

অন্তর তেমন নয় ।। ১ ।। সমভাবে ভাবহলে, কি সুখ জানাব ব্যলে, সেভাব য়ায কি ম্যলে, প্রাণান্তেও সঙ্গে রয ।। ২ ।। জীয়ন্তে উভয প্রেমে, উভয মোহিত ভ্রমে, ভগ্ন নহে ছলক্রমে, দোঁহে বুকপেতে সয ।। ৩ ।।

অন্তরে ভাল না বাস মুখে ব্যলো ভালবাসী ।। ধু ং ।। অন্যে য়েন জানে প্রাণ, তুমি মম অভিলাসি ।।*।। প্রণয়ে এইতো সুখ, য়ে চায যাহার মুখ, সে ভাবিলে তার দুঃখ, সেই প্রেম সুখরাশি ।। ১ ।। তুমি ত্যজি সে বিধান, মানে কর অপমান, আমি মান ভাবি প্রাণ, রটে কিন্তু লোক হাসি ।। ২ ।। পীরিতের এই ধারা, পীরিতে মজায তারা, না মজিলে মজে য়ারা, রয পরিবাদে ভাসি ।। ৩ ।।

চিত্র কাব্য । ১ বা,সনামনেরি৬সাধে সতত হেরি তোমারে । । ধুং
নামবামা । ২ মা, নের সম্পদ ৫ য়ত রাখিযে অন্তরাগারে ।।
সুনদরি । ৩ সু, শ্রী নহি মান ৪ লযে, অপমান রব সযে ।
তুমিতো সদয হযে, বাসিবে ভাল আমারে ।। ১।।

মৌখিকে এমন প্রাণ য়েন তুমিতো আগারি । ধুং ।। ছলেতে রাজত্ব দিযে, ফলেতে কর ভিক্ষারি ।। * ।। কথা নয সুধাময, নয হলে কর হয, গরলোদয হৃদয, এজ্বালা সহিতে নারি ।। ১ ।। ক্ষণে দেও ধরিচাঁদ, ক্ষণে সাধ পরিবাদ, কেবল বালির বাঁদ, পীরিতি বুঝিতে নারি ।।২।।

হকু তাহে হানি নাই, তব স্নেহ নাহি চাই, অন্তরে য়া-
হারে পাই, অন্তরে বাসি তাহারি ॥ ২ ॥

এমন পীরিতি সখি য়তনে রাখি কি হবে ॥ ধ্রুং ॥
য়ে প্রেমে বিরহ প্রতি, বিরহ নাহি সম্ভবে ॥*॥ পাছে হয়
ভাল মন্দ, ভেবেতো করিনে দ্বন্দ্ব, তবু ঘটে নিরানন্দ,
এতে কি জীবন রবে ॥ ১ ॥ মিছে ভয়ে করি ভয়, প্রেম
রয় কি না রয়, উভয় সঙ্কটময়, শব দেহে সব সবে ॥ ২ ॥
তাই বলি কেন আর, বহিযে ভূতের ভার, আমি ভাবি
আপনার, সে আমার বল কবে ॥ ৩ ॥

তুমি য়ে ভাল বাসনা তাতে কিছু ক্ষতি নাই ॥ ধ্রুং ॥
আমিতো বাসি হে ভালো, ভালোর কারণতাই ॥ * ॥
তুমি হে ভাল বাসিলে, জুড়াতো আঁখি চাহিলে, ভালো
না বাসি হইলে, হৃদে উদয় সদাই ॥ ১ ॥ য়ে জন অন্তরে
রয়, বাহ্যে য়দি সে না হয়, তাতে কি হয় সংশয়, আমি
সদা তাই চাই ॥ ২ ॥ বিশেষ কারণ শুন, বুঝিবে হলে
নিপুণ, প্রত্যক্ষ অসিদ্ধ গুণ, অনুমানে সিদ্ধি পাই ॥ ৩ ॥

পীরিতি কিরীতি প্রাণ তুমি নাকি তা জাননা ॥ ধ্রু ॥
সবেবলে পরগুণ, য়শাগে কভু মাননা ॥ * ॥ য়ে মানে তো-
মার মান, তারি কর অপমান, তবপ্রেমে এবিধান, মানিনী
মানরাখনা ॥ ১ ॥ য়েভাল বাসে তোমারে, তুমি না বাসহ

তারে, বাসিলে ভালতাহারে, দেহ বিশেষ যন্ত্রণা ।' ২ ॥ যে তোমার মুখচায,তুমিনাহি চাহ তায,রাখ সদা যন্ত্রণায, একিহে ভাব বলনা ॥ ২ ॥ যে তবসুখের সুখী, তব দুঃখে হয দুঃখী, ভাবনা তাহার দুঃখ, বলনা একি ছলনা ॥৩ ॥

তপন সমান প্রাণ হই তব প্রেমলাগি ॥ ধ্রুং ॥ কোথায মিলন কিন্তু, সদা থাক হৃদে জাগি ॥ * ॥ কেবুঝিবে একৌতুক, কহিতে বিদরে বুক, অলিকরে মধুপান, অরুণ কলঙ্ক ভাগি ॥ ১ ॥ তুমি যেরাখনামান, অন্যে তাজানেনা প্রাণ,লোকে যেন বলে তুমি,মম প্রেম অনুরাগি ॥ ২ ॥ কর্ম্মে হয কি না হয, সে আমার ভাগ্যোদয, প্রকাশেতে মুখরেখো,এইমাত্র ভিক্ষামাগি ॥ ৩ ॥

কুসুমে তুষার লেশ লোকেএকে বলে আর ॥ ধ্রুং ॥ কেমনে জানিবে অন্যে,যে নাজানেফেরফার ॥*॥হেরে বিরহি কামিনী, যামিনী হযে দুঃখিনী, অবিরত কাঁদে বসি, নয়ন জল নীহার ॥ ১ ॥ তাহার কারণ এই, সজাতির দুঃখ যেই, সজাতি বিশেষ জানে, অপরে কিধারে ধার ॥ ২ ॥ কখন শশিবিচ্ছেদে, ভাষে নিশি অতি খেদে,তাই বিরহিণী দুঃখে দুঃখের সঞ্চার তার ॥ ৩ ॥ যেমন গৃহ দাহনে, দগ্ধ হলে ধেনুগণে, হেরিযে রক্তিমা ঘনে, ঘটে তার চমৎকার ॥ ৪ ॥ তেমতি বিরহ ভযে, নিতান্ত ব্যাকুলা হয়ে, বিযোগি বিযোগে করে, যামিনী মন বিদার ॥ ৫ ॥

চাতুরী তাহারে প্রাণ বলনা কিসে সম্ভবে ।। ধুং ।। তিল স্তরে যে অন্তর, নিরন্তর ধ্যানে রবে ।। * ।। হেন যদি জানা যায, স্বভাবে না পাওয়া যায, অভাবে জীবন যায, ছলনা উচিত তবে ।। * ।। আমি তব প্রেমাধীন, তবপ্রেমে নিশি দিন, বন্ধি যেন জালে মীন, অন্যথা হযেছে কবে ।। ২ ।। যদ বধি চন্দ্রানন, হেরেছিরে প্রিযজন, মত্ত দেহ প্রাণ মন, রূপমাদক গৌরবে ।। ৩ ।।

—— .

তোমার বিরহে মরি তাহে খেদ নাহি করি ।। ধুং ।। এই মনে ভয নারি, রাখিতে নারি সম্বরি ।।*।। বলি তা তোমার কাছে, লোকে ইহা বলে পাছে, অভাগীর দোষ আছে, সে দুঃখে কিরূপে তরি ।। ১ ।।

——

মা যোগেন্দ্র বন্দিনী, তারা তার গো দীনে ।। ধুং ।। তাপিতে তারিতে তারা, কে আছে তারিণী বিনে ।। * ।। ত্রিতাপে তাপিত প্রাণ, কৃপা করি কৃপাদান, করিযে কর গো ত্রাণ, ভজন বিহীনে ।। ১ ।।

——

শঙ্করী করুণাকর কিঙ্করে কেন বঞ্চনা ।। ধুং ।। কামনা পূরাতে কালী, কল্পলতিকা কল্পনা ।। * ।। অতি অসাধ্য সাধন, বিনাশিতে দশানন, পূজি জানকী জীবন, পূরিল মন বাসনা ।। ১ ।। গোকুলে গোপীনীযত, করে কাত্যাযনীব্রত, দিযে নারাযণ ধন, ঘুচালে ব্রজ ভাবনা ।।২।।

শুম্ভ নিশুম্ভের রণে, রণ শায়ী দৈত্যগণে, শবেরে শিবত্ব দিলে, নাশিতে যম যন্ত্রণা ॥ ৩ ॥

শঙ্করী কিঙ্করে কেন কর মা এত বঞ্চনা ॥ ধ্রুং ॥ ভাবিতে অসম্ভাবনা, ভবে ভবের ভাবনা ॥ * ॥ আনি অবনী মণ্ডলে, জীবন মীনে কৌশলে, জড়াইযে মাযাজালে, ভুলালি গর্ভ যন্ত্রণা ॥ ১ ॥ দিযে জ্ঞান মহানিধি, জপিতে কয্যেছ বিধি, পুরতঃঅন্তক দূত, কিরূপে জপিবলনা ॥ ২ ॥ অদূর হইলকাল, কিসেরায এজঞ্জাল, সন্তানে শঙ্কার কালে, মাব্যলে ডাকে জাননা ॥ ৩ ॥

সকল কোমল তব হৃদয কেন পাষাণ ॥ ধ্রুং ॥ বুঝি পরে বধিবারে, করেছ হেন বিধান ॥ * ॥ দেখ মুখ পঙ্কজিনী, বেণী চারুনাল জিনি, করযুগ ভুজঙ্গিনী, নখসুধাংশু সমান ॥ ১ ॥ অঙ্গুলি চম্পক কলি, চম্পকে অঙ্গ সকলি, নযনেন্দীবরাবলী, অধর বিম্বিকা প্রাণ ॥ ২ ॥ নাসাতিল ফুল নাশি, বচন পীযূস রাশি, মুখে মধু মাখাহাসি, অপাঙ্গ সুখ সন্ধান ॥ ৩ ॥

কেদারা রাগিনী । তাল জলদ তেতালা ।

অন্তরে অন্তর দহে তাই নিরন্তর আসি ॥ ধ্রুং ॥ নতুবা নহিতো প্রাণ, অন্যসুখ অভিলাষী ॥ * ॥ কিতব বিশেষ

গুণ, কহিতে নহি নিপুণ, বিধুমুখে মধুহাসি, হেরে সুখ সা-
ধে ভাসি ॥ ১ ॥

নাহেরে অন্তর দহে তাইতো আসিরে প্রাণ ॥ ধ্রুং ॥
তাহাতে বিরস মুখ, বল একোন বিধান ॥ * ॥ নইতে
আসিনে প্রিযে, বরঞ্চ তোমারে দিযে, জুড়াব তাপিত
প্রাণ, করিযে জীবন দান ॥ ১ ॥

প্রেমআশে এয়াতনা কেমনে সব বলনা ॥ ধ্রুং ॥ তখনি
জানিত প্রাণ,এসব তব ছলনা ॥ * ॥ নানামত ব্যলে ক্যযে,
প্রেমসিন্ধুমাজে লযে, অকূলে তরি ডুবাযে, দুঃখে মজালে
ললনা ॥ ১ ॥

শুন শুন সজনীরে বিরহ জ্বালা সহে না ॥ ধ্রুং ॥ বিনে
প্রাণ গুণমণি,জীবন দেহে রহে না ॥ * ॥ একে অবলা স-
রলা, তাহে কুল বালাবলা, কত ব্যথা বুঝি তারে, বঝাযে
কেহ কহেনা ॥ ১ ॥ তুমি সখি য়দিগিযে, পার তাকে বুঝা-
ইযে, এমন করিতে য়েন,বিপাকে কভুদহে না ॥ ২ ॥

নয়ন অন্তরে তোরে কেমনে রাখিব প্রাণ ॥ ধ্রুং ॥
হেরে সুখ নহে দুঃখ, য়ায য়াবে কুল ম্যান ॥ * ॥ য়দিহয
দেহান্তর, তবুনহে মতান্তর, ঘরেপরেরি গঞ্জন, করি
আভরণ জ্ঞান ॥ ১ ॥

ভাল বাসি ব্যলে আসি নিয়ত দেখিতে প্রাণ ।। ধ্রুং ।। নহি অন্য অভিলাসি, তুমিতো তা নাহি মান ।। * ।। হলে মাত্র দরশন, হেরি বিরস বদন, য়েন নইতে কিধন, করিযাছি সুসন্ধান ।। ১ ।। ভাল হল ভালবাসা, না পুরিল মন আশা, য়ত ভাল বাসি কিরে, তত সব অপমান ।। ২ ।।

পুলিন তরুর মূলে কিবা শোভা দেখ সই ।। ধ্রুং ।। রয়েছে ত্রিভঙ্গ হয়ে, নটবর বেশে অই ।। * ।। পীতবাসে ধড়া করি, বনমালা গলে পরি, সেজেচে য়ে অপরূপ, কি রূপেতে কই ।। ১ ।। বাঞ্ছা হয় লোকলাজে, পরিহরি গৃহ কাজে, হরি চরণার বিন্দে, অলি হয়ে রই, ।। * ।। একি কি বিষম জ্বালা, মনে প্রবেশিল কালা, য়ে দিকে য়খন দেখি, নাহি কালা বই ।। ২ ।।

মরিকি শ্যামের রূপ, রূপ অকূপার ।। ধ্রুং ।। য়ে ডুবেছে সে বুঝেছে, জেনেছে বিস্তার ।। * ।। নিন্দি নবঘন তনু, শিখিপুচ্ছশক্রধনু, পীতবাস চপলায়, সীমা কি শোভার ।। ১ ।। বনমালা গলে দোলে, তারকা নীরদ কোলে, শোভে য়থা তথা শ্যাম, গলে শ্বেত হার ।। * ।। বিধিবিষ্ণু ত্রিলোচন, ধ্যানে মুগ্ধ য়ে কারণ, ভাল ভাগ্য সে চরণ, হল গোপিকার ।। ২ ।।

সখি রে, ব্রজেবঝি থাকা হল দায ।। ধ্রুং ।। সবে বলে

শ্যাম সোহাগিনী এরাধায ।। * ।। মরি সখি এই ক্ষেদে, পাপলোকে ভেদাভেদে, অভেদ দেহেতে ভেদে, প্রভেদ ঘটায ।। ১।। শ্যাম জগতের পতি, তাঁরে বলে উপপতি, এদুর্ম্মতি পারহতে, আছে কি উপায ।।*।। বামন হইযে চাঁদ, সহিতে সাধযে বাদ, ধরিতে বাড়ায হাত্, দুঃখ কবকায ।। ২ ।।

মনের বাসনা য়ত সেয়দি কিছু জানিত ।। ধ্রু ।। তবে কি য়াতনা নীরে, কভু ভাষিতে হইত ।। * ।। তার সহ আলাপন, নিযত আমার মন, সে হলে তেমন জেন, সুযাগে হেম গলিত ।। ১ ।।

কোকব্ রাগিন্যাং ।।
জলদ তেতালা তালেনগীযতে ।।

স্বভাবে বাসনা বাস্ শুনিতে সদা বাসনা ।। ধ্রুং ।। য়া বল তা বল ফলে, ছলে পুরাব কামনা ।। * ।। সতত মনের আশা, শুনিব মধুর ভাষা, তব ভাব কিন্তু কিন্তু, আমি কি ভাবি ভাবনা ।। ১ ।। এত য়ে দিতেছ দুঃখ, তাহাতে মানিরেসুখ, কি জানি হারাই পাছে, অতি সাধের সাধনা ।।*।। এমত না জানি আগে, দংশিবে বিরাগ নাগে, অব্যাহতি পীরিতে কি, য়তনে ঘটে য়াতনা ।। ২ ।।

ভুলাল নযন মনঃ শুন সখি কি বিধানে ।। ধ্রুং ।। মোহিতরূপে নযন, মনোমত্ত গুণগানে ।।*।। গুণে ভুলেমনঃ,

রূপেতে নয়ন, হরিল নয়ন মন, কতরূপ গুণ জানে ॥ ১ ॥ হেরেছি যেরূপ, কিবা রসকূপ, অনুপমা গুণগানে, মনবাঁধা সদা প্রাণে ॥ * ॥ রূপেতে নিপুণ, নাহি মিলে গুণ, উভয়ে সংযোগিজন, সুবর্ণ যেন রসানে ॥ ২ ॥

কোথা যে বঞ্চিলে নিশি বঞ্চিয়ে অধিনী জনে ॥ ধ্রুং ॥ প্রেম পরিচ্ছেদে এত, অনুচিত কি কারণে ॥ * । হগ্ প্রাণ নহি দুঃখি, তুমি যে হয়েছ সুখী, সেই সুখে মম সুখ, বর্ণিয়ে কব কেমনে ॥ ১॥ যথা দীপ্ত হুতাশন, করে পতঙ্গ দহন তৃপ্ত পতঙ্গিনী মন, পায়্যা মনোমত ধনে ॥ ২ ॥

খট্ অনুরাগেণ ॥

আড়া তেতালা তালেনগীযতাং ॥

তরুণ অরুণ সহ উদয় হইছে আসি ॥ ধ্রুং ॥ যামিনীর জাগরণে নয়ন তপন, প্রায়, এলে কার তমোনাশি ॥ * ॥ সারানিশি কার কুঞ্জে ছিলে সুখবশে, মানিনী শ্রীরাধে রাখি বিরহ বিরসে, দেখ নিদর্শনতার অঞ্জন সিন্দূর, শ্যাম, শ্রীঅঙ্গে রয় প্রকাশি ॥ ১॥ আলুথালু পীতধড়া অবশ চরণ সুখায্যাছে ওষ্ঠাধর মলিন বদন, তব ভাব হেরে মম হৃদয় বিদীর্ণ, প্রায়, হলো দুঃখ ভার রাশি ॥ ২ ॥

জানকী জীবন রাম, নবদূর্ব্বাদল শ্যাম ॥ ধ্রুং ॥ অধম তারক তব বিনে কে পুরাবে ? আর, অধমের মনস্কাম,

চাণ্ডালে তোমার প্রেম তার নিদর্শন, গুহক চণ্ডালে সুখে দিলে আলিঙ্গন, তেমতি আমিও কর্ম্ম চাণ্ডাল সমান, রাম্ তবে কেন হবে বাম ।। ১।। জানি হে পাষাণে তব অপ্রমিত স্নেহ, অহল্যা পাষাণী পায মানবিনী দেহ, অতএব আমিও হে বোধেতে পাষাণ, প্রায্, সাধিতে তোমার নাম ।। ২ ।। কপিকুল লযে সদা তব ব্যবহার, হিতাহিত জ্ঞান কপি সম এজনার, উপাস্য সদৃশ উপাসক মানিলাম, শ্যাম, রয যেন পরিণাম ।। ৩ ।।

তারণ কারণ ধন. পূর্ণব্রহ্ম সনাতন ।। ধ্রুং ।। ভবাব্ধি তরঙ্গ রঙ্গ অপার আতঙ্ক ১ রাম্, কিসে হবে নিবারণ ।। * ।। উদধি বন্ধন তব সাধর্ম্ম স্বভাব, অজ্ঞান সাগর মম কিতার অভাব, তবে কেন সে সাগর মাযার শলিলে, নয্, বোধ সেতুর বন্ধন ।।১ ।। দশানন বিনাশনে বাসনা তোমার, তব নিন্দা ভাবে দশ বদন আমার, পুরস্থ পাইযে বধ্য বধ না করিযে, তায্, দূরে ত্যজ. কি কারণ ।। ২ ।। রাম নাম দ্ব্যক্ষর তারক ব্রহ্মনাম, বিন্দুচ্যুত হলে তবে বাখানিব বাম, তুমি বাম আনি বিন্দু আমার সম্বন্ধে, বাম, রহিবে কার কেমন ।। ৩ ।।

অরুণ নযন রাগে, মলিন বিধুবদন ।। ধ্রুং ।। কেশপাশ নিশিসম ছিন্ন ভিন্ন ভাবে, প্রাণ্, অস্থির ভাব এখন ।। * ।। আশা সরোবরে মম কমুদিনী মনঃ, তপনে হেরিযে তাপে মলিন বরণ, নিরখি হৃদি সারসি মৃগাঙ্ক বিধুবদন্, সরস

নয় কদাচন ॥ ১॥ জীবন চকোর আর প্রাণ চক্রবাক্, উভযেমনের দুঃখে অজ্ঞান অবাক্, চকোর তপন চক্রবাক্ চন্দ্রে চাযে্য, প্রাণ্, দোঁহেতে দুঃখিতমন ॥ ২ ॥

নিশিতে কোথাযে ছিলে, মম মনোরঞ্জন ॥ ধ্রুং ॥ নিশানাথ অন্তে নাথ, এলেছে দুঃখ ভঞ্জন ॥ * ॥ আমারে ভাষাযে দুঃখে, ছিলে পরকীযা সুখে, সিন্দুরের বিন্দু ভালে, অধরে ধরে অঞ্জন ॥ ১ ॥ নিজবাস পরিহরি, এলেকার বাস পরি, অপরূপ হেরে মরি, আমরি দলিতাঞ্জন ॥ ২ ॥

খাম্বাজ অনুরাগেণ। মধ্যমান্ তালেনগীযতে ॥

ভোগিবে কেপাপ পুণ্য আর ॥ ধ্রুং ॥ বুঝিযাছিসার, তারিতে রাখিতে হরি, ত্বংহিমূলাধার ॥ * ॥ যথাযে তথাযে রই, বিশ্বভাণ্ড ছাড়ানই, জানি বিশ্বময বিষ্ণু, বৃহ্মাণ্ডতোমার ॥ ১ ॥

জানামি ধর্ম্মং নচ মে প্রবৃত্তি। র্জানাম্য ধর্ম্মং
নচমে নিবৃত্তিঃ ॥ ত্বযাহৃষীকেশ হৃদিস্থিতেন।
যথা নিযুক্তো স্মি তথাকরোমি ॥

ধর্ম্মেতে নাহিক মতি, অধর্ম্মেতে রতিঅতি, যাকরাও তাইকরি, হৃদিস্থ আমার ॥ ২ ॥

আনেকেজানে করুণা তব গঙ্গে ॥ ধ্রুং ॥ তরলতরঙ্গে, বিহর হরশিরসি, সদা ভবভযভঙ্গে ॥ * ॥ ঘুচিল জন্মের

ক্রিয়ে, ইয়ংগঙ্গা অহংম্রিয়ে, পুনর্জন্মাপদসব, চলিল আমারসঙ্গে ॥ ১ ॥

ইদংহিগাঙ্গং, ত্যজতামিহাঙ্গং। পুনর্নচাঙ্গং,
য়দিবৈহিচাঙ্গং॥ করেরথাঙ্গং,শয়নে ভুজঙ্গং।
য়ানেবিহঙ্গং, চরণাম্বুগাঙ্গং ॥

য়দিঅঙ্গ হয়তবে, শয়নে ভূজঙ্গহবে,বাহনে বিহঙ্গরবে, পদেমা রহিবি রঙ্গে ॥ ২ ॥

সংসারে ভরসা নাহি আর ॥ ধ্রুং ॥ সকলি অসার, জীবন কমলদল, জল বিম্বের আকার ॥ * ॥ এইবাঞ্ছা করি হরি, ওপদ পিঞ্জরকরি, রাখ এমানসহংস, দিয়ে বিমুক্ত আহার ॥ ১ ॥

কৃষ্ণত্বদীযপদপঙ্কজ পিঞ্জরান্তে। অদ্যৈবমে বিশ
তুমানস রাজহংসঃ॥ প্রাণপ্রয়াণসময়ে কফবাত
পিত্তৈঃ। কণ্ঠাবরোধন বিধৌস্মরণং কুতস্তে ॥

কফবাতপিত্তেয়বে, কালেকণ্ঠ রোধহবে, কবেকে শ্রীকৃষ্ণনাম, ছেড়ে তেড়ে ধরাভার ॥ ২ ॥

কেবলে জননী তোরে গঙ্গে ॥ ধ্রুং ॥ কারণ তরঙ্গে, প্রসূতি সদৃশগুণ,নাহিমা তোমার অঙ্গে ॥*। তবগর্ভাশ্রিত জন, নাকরে জন্মগ্রহণ, য়দিজন্মে অপালন, হেতুদূরে ত্যজ রঙ্গে ॥ ১ ॥

তদ্গর্ভাশ্রয়িণো নজন্মলভতে প্রায়ো লভেতা-

পিয়ঃ। তস্য ত্বং প্রতিপালনাদিকমপি ক্রোড়ে
কৃতং দূরতঃ ।। কাকোলানি গলে কৃশানুমলিকে
স্বঙ্গে ভুজঙ্গাবলি । দত্বা রোহসি তচ্ছিরে স্বযম-
হো মাতাসি গঙ্গে কথং ।।

তবুক্ষন্ত নহকালে, গলে বিষ বহ্নিভালে, দিযে উঠ শির-
তালে, অর্পিযে অঙ্গে ভুজঙ্গে ।। ২ ।।

মাবলে মা কবগঙ্গেকায ।। ধ্রুং ।। বিনেগোতোমায,
কেআর করুণাকরা, কালেকাল য়ন্ত্রণায ।। * ।। য়বে ত্য-
জিবে স্বজন, পিতামাতা বন্ধুগণ, পথিকে শ্রীহরিকবে,
তবেকি হবেউপায ।। ১ ।।

য়ত্ত্যক্তং জননী গণৈর্যদপিনস্পৃষ্টং সুহৃদ্বান্ধবৈঃ।
র্যদয়তৃ পান্থদিগন্তরাল পতিতং তৈঃস্মর্য্যতে
শ্রীহরিঃ ।। অঙ্কেন্যস্য তদীদৃশং বপুরপিস্বর্ণী
য়তেপুরুষঃ । তস্মাত্বং করুণাপরাযণপরামা-
তাসি ভাগীরথি ।।

বেদাগমে আছেব্যক্ত, হলে জগতের ত্যক্ত, কোলে নযে
তরাইবা, তরঙ্গে ভাষাযে কায় ।। ২ ।।

বিচিত্র চরিত্র মা তোমার ।। ধ্রু ।। মহিমা অপার, কে-
পারে তরিতেপার, অপার সেপারাবার ।। * ।। স্বযং শলিল
রূপিণী, কিন্তু দাহন কারিণী, স্পর্শনে কলুষধ্বংস, সংশয
কিআছেতার ।। ১ ।।

পযস্ত্বং লোকানাং দহসিদুরিতং স্পর্শবিধিনা।
স্বযং নিম্নং গন্ত্রী তদপিজগদূর্দ্ধং গমযসি॥
স্বযং জাতা বিষ্ণোঃকতিকতিচ বিষ্ণূন্‌জনযসি।
অহোমাতর্গঙ্গে কিমপিচরিতং তেবিজযতে॥
স্বতঃনীচ গামিহ্যে, তরাও বিশ্বোর্দ্ধেনযে, বিষ্ণুজাতা
হযে কত, বিষ্ণুজন্ম দেও আবার॥ ২॥

আরকিহেতুবাসনা তীর্থেমন ॥ধ্রুং॥ কর অনুক্ষণ,
কিকরে সন্যাসধর্ম্মে, গযাপিণ্ড কিকারণ॥ *॥ অন্তর
তীর্থকরিযে, অন্তর তীর্থ ত্যজিযে, চিন্ত্যনবীন নীরদ,
শ্যামা ঈশানী চরণ॥ ১॥

অলংগঙ্গযালংগযাপিণ্ডদানৈ। রলংকাশিকা
বাসসন্ন্যাসধর্ম্মৈঃ॥ নবীনস্ফুরন্নীরদ শ্যাম
কাযা। সনাযাতি চেতো য়দীশান জাযা॥
ভযেমুক্তিঅভিলাষি, মিছে হবে কাশী বাসি, উপো-
চাসে দুনোআশ, ভরসা কেন এমন॥ ২॥

কেজানে মহিমা মা তোমার ॥ ধ্রুং ॥ তুলনাহি
য়ার, অপার সেপারাবার, হযেছে না হবে আর ॥ *॥
শক্তিঅনুরক্তশাক্ত, বৈষ্ণব বিষ্ণুভাবক্ত, শিব উপাসক
সৈব, অখিল বিশ্ব প্রচার॥ ১॥

শাক্তঃশক্তি নিষেবণাৎত্রিপথগে শৈবঃশিবো
পাসনাত্‌। বিষ্ণোঃসেবনযাচ বৈষ্ণব ইতি

প্রাযঃ পৃথিব্যাং প্রথা। ত্বদ্ভক্তাত্তু ভগীরথাত্
ত্রিপথগেখ্যাতাসি ভাগীরথী। নেদৃক্ সেবক
বত্সলত্ব মভবত্ নোবাভবেত্ ভাবিবা॥
তুমিগঙ্গে ভক্তাধীনা, ভক্তভাবে হলেহীনা, বিকালে
ভক্তের নামে, স্বাক্ষী ভাগীরথী তার॥ ২॥

তারিতে মহিমা নয তোমার ॥ ধ্রুং॥ পুণ্যআছে যার,
নিজপুণ্যে জড়ীভূত, তারপক্ষে কি অদ্ভুত, তরিবে স্বকর্মে
ভূত, করুণা কি মার॥ ১॥

সুরধুনি মুনিকন্যে তারযেঃ পুণ্যবন্তং। সত
রতি নিজপুণ্যৈ স্তত্রকিন্তে মহত্বং॥ যদিচ গতি
বিহীনং তারযেঃ পাপিনং মাং। তদপি তব
মহত্ত্বং তন্মহত্ত্বং মহত্ত্বং॥

আমি গতি ভক্তিহীন, নাহিভাবি অনুদিন, তার তবে
জানিগঙ্গে, মহত্ত্ব অপার॥ ২॥

জলদ তেতালা॥ দেহ দুকূল মুরারি, ছিছি কিরঙ্গ
করিলে॥ ধ্রুং॥ যমুনা পুলিনে নিতি আসিয়াই, একি
খেলা খেলিলে॥ *॥ সদাকৃষ্ণ প্রাণা গোপাঙ্গনা বাঁধা
পাদপদ্মেতাই, এবাদ সাধিলে॥ ১॥ যত বৃজনারী,
বুঝিবারে নারি, তবতত্ত্ব হরি, বাস কেন নাদিলে॥ *॥
অসংখ্য বসনদিলে, দ্রৌপদী লজ্জা রাখিলে, আজ নিজ
হাতে হরি, বসনহরিলে॥ ২॥

খাম্বাজ ভৈরবী ।। মধ্যমান্ ।।

অরে,তোরে কিবলিবপ্রাণ ।। ধ্রুং।। আপণ করমফলে, যন্ত্রণাবিধান ।। * ।। তবলাগি মমমন, ব্যাকুলতা অনুক্ষণ, তবেকেন তবমন, হেরিহে জিনি পাষাণ ।। ১।। বুঝি-ভাবে প্রিযজন, তবঅন্য প্রযোজন, হযেছে ভাবেএখন, এমনি হয সন্ধান ।। ২ ।।

কেনমনঃ এতআকিঞ্চন, কর অকারণ।। ধ্রুং ।। কোথা ছিলে কোথাএলে,কোথাবা হবেগমন ।।* ।। প্রপঞ্চপ্রভূত পঞ্চ, ভ্রমেতে তাহাতে বঞ্চ, নাহিভাব তঞ্চভঞ্চ,বঞ্চনা বলকেমন ।। ১ ।। অতিধন আশাকর, লক্ষপেলে কোটি-ধর,কিন্তু তাহা কোথা রবে,পাবেরে সবে পাঁচ্পণ।।২।।

এসোপ্রাণ হৃদয গগনে, ।। ধ্রুং ।। অন্তর কুহুতে ছিলে, অন্তরে গোপনে ।। * ।। আজু অনুকূল বিধি, মি-লাইলা গুণনিধি,আরো অমিলন বিধি,নাহয স্বপনে ।।১। বিনাতবচন্দ্রানন, কুমুদ মমজীবন, প্রমুদিত অনুক্ষণ, ম-লিন বরণে ।। ২ ।। আছে হৃদিরথস্থান, তাহে হযে অধি ষ্ঠান, কর সুখ সুধাদান, চকোরিণী জনে ।। ৩ ।।

জগদম্বে বিলম্ব কি আর।। ধ্রুং ।। রযেছি মা নিরাল ম্বে,নাদেখি নিস্তার ।। *।। নাবুঝিযে তবমর্ম্ম,করেছি গো মৃতকর্ম্ম, অঙ্গারে হবনমাত্র, পণ্ডশ্রমসার ।। ১।। রেখেছো

অজ্ঞান ঘোরে, বেঁধেছো অলক্ষডোরে, বিস্মৃত প্রহরী দেয়, যন্ত্রণা অপার ।। ২ ।। এহি এহি ত্বরাকরি, তরাও জগদীশ্বরি, কফবাত পিত্তেকণ্ঠ, রোধের আকার ।। ৩ ।।

চিত্রকাব্য নাম, জগন্নাথপ্রসাদ বসু ।।
পদাদ্য দ্রষ্টব্য ।।

১, জগদম্বে বিলম্বকি আর ।। ধ্রু ।।
২, গতি হীনে তুমিগতি, ভরসা তোমার ।।
৩, নহি ধর্ম্ম কর্ম্মেরত,
৪, নাহিজ্ঞান সদসত,
৫, থরথর অবিরত, অথবা, থরথর হৃদিপদ্ম,
৬, প্রভাবে মাযার ।। ১ ।।
৭, সার উপদেশ তারা,
৮, দক্ষসুতা সারাৎসারা,
৯, বঞ্চিলে মা তবধ্যানে,
১০, সুখের বিস্তার ।। ২ ।।

কৃপাহীনা কেনহলে প্রাণ ।। ধ্রু ।। শরণাগতেরে একি, এতঅপমান ।। * ।। নহি কোন অপরাধী, মনান্তে মরণ সাধি, নিবেদন রাখপ্রাণ, ত্যজ অভিমান ।। ১ ।।

আড়া তেতালা ।। কিশুনেছ কিকরেছি, কেনকর

অভিমান ॥ ধ্রুং ॥ আমি নাকি বলিতুমি, ভালবেসেছরে প্রাণ ॥ * ॥ য়দি করেথাকি দোষ, উচিত করিতে রোষ, বিনাঅপরাধে কিরে, সাজে এতো অপমান ॥ ১ ॥

তোমার বিরহ সযে, বাঁচি য়দি দেখাহবে ॥ ধ্রুং ॥ হেন জ্ঞান হয প্রিযে, য়েন প্রাণ নাহিরবে ॥ * ॥ কারণ প্রলয়জ্ঞান, পলকে নিশ্চিতপ্রাণ, অবশ্য অন্তরহলে, প্রলয হইবে তবে ॥ ১ ॥ কিন্তুতাহে ক্ষতি নাই, আমিমাত্র ইহাচাই, তুমি সুখে থাকমম, শবদেহে সবসবে ॥ ২ ॥

কিফল হইবে তব, আমারে হইলেবাম ॥ ধ্রুং ॥ য়ত কর অয়তন, তত জপি তবনাম ॥ * ॥ তুমিধ্যান তুমি জ্ঞান, তুমিমান তুমিপ্রাণ, তুমিসুখ তুমিদুঃখ, তুমি আদ্য পরিণাম ॥ ১ ॥

নাথের গমন বলে, নযনে নহে রোদন ॥ ধ্রুং ॥ অঞ্জন সহাস্রুধারা, শুন তাহার কারণ ॥ * ॥ পতিবিরহ করা তে, মানস নন্দনাঘাতে, বিদারিবে এতনুতার, হেতুতে সূত্র পাত্তন ॥ ১ ॥

গান্ধার অনুরাগেণ ॥ রূপকতালেন গীযতাং ॥

কমলে কমলোদ্ভব, তব বিমল বযানে ॥ ধ্রুং ॥ ভ্রমর আমারমনঃ, সদাগুঞ্জে তারোধ্যানে ॥ * ॥ ফুলেফুল

বিকশিত, যদ্যপি অসম্ভাবিত, তোমার রূপে বিদিত, ফুলেন্দু কেনামানে ।। ১ ।। ফুল্লকমল বদন, নিন্দীন্দীবর-নয়ন, অরবিন্দ সমশোভা, শোভিল আননস্থানে ।। ২ ।।

বরঞ্চ বিচ্ছেদভাল, প্রেমপরিচ্ছেদহতে ।। ধ্রুং ।। স্বভাবে ভেদভাবনা, অভেদ অভাবমতে ।। * ।। পীরিতে সতত আশা, হবে প্রিয়জন আসা, আসা আশে সুখনাশে, তাপেতে তনুদহতে ।। ১ ।। বিচ্ছেদ হইলে পরে, নাভেবে মাথেরিতরে, শশিমুখ নিরন্তর, রহে অন্ত্র অনুগতে ।। ২ ।।

গারা অনুরাগ ।। জলদ তেতালা ।।

অনুকম্পা বিতরণে, কেন এত কৃপণতা ।। ধ্রুং ।। বাঞ্ছা মত ফলদানে, হয়েছো মা কল্পলতা ।। * ।। শুম্ভ নিশুম্ভের রণে, তারিতে দনজগণে, শবেরে শিবত্বদিলে, একিথাট করুণতা ।। ১ ।। উদধি মন্থনকালে, হলাহলে দহেকালে, সদয়ে বাঁচালেশিবে, শক্তিহয়ে উপগতা ।। ২ ।। সেপ্রমাদে কায়নাই, এইমাত্র ভিক্ষাচাই, অপাঙ্গ অবলোকনে, করোনা মা কুটিলতা ।। ৩ ।।

গারাভৈরবী ।। জলদ তেতালা ।।

মানে অপমান যদি, হয়েছিলতার ।। ধ্রুং ।। সাধিলে না কেন, সখি একোন বিচার ।। * ।। কেমন করিয়ে, আছগো ভুলিয়ে, ত্যজিলে সেপ্রিয়জন, কিহবে তোমার ।। ১

কখন হেরিনে হেন, তব বিরস বদন ॥ ধ্রুং ॥ দেখাহ লে হেসো প্রিয়ে, কর না কর যতন ॥*॥ হেরে সুধারাশি হাসি, সুখের সাগরেভাষি, হৃদিদহে হেরিযেরে, মলিনও চন্দ্রানন ॥ ১ ॥

না হেরিলে কেঁদেমরি, হেরে যুড়ায জীবন ॥ ধ্রুং ॥ কি জানি কি করেছ প্রাণ, সতত ব্যাকুলমন ॥ * ॥ যদি প্রেমে মজাইলে, ক্ষতিকি হে দেখাদিলে, বুঝিযে অনন্য গতি, দেহকি এতযাতন ॥ ১ ॥

কহিব ব্যথারকথা, ভযে প্রকাশিতে নারি ॥ ধ্রুং ॥ জ্বলি লে অন্তরানল, নযন জলে নিবারি ॥ * ॥ যদবধি প্রিয জন, হেরেছি ও চন্দ্রানন, কিজানি হয কেমন, ভ্রমে ভুলি তে নাপারি ॥ ১ ॥

পীরিতি নাহতে কেন, বিরহদেয যাতন ॥ ধ্রুং ॥ পতন নাহতে তনু, আগে হইল দাহন ॥* ॥ ভবমনো মমপ্রতি, হেরেছি সদযঅতি, তবেকি করমদোষে, বল নাহয মিলন ॥ ১ ॥

প্রেমের শপথ প্রিযে, বলকারে ভালবাস ॥ ধ্রুং ॥

সুধাইলে সুধামুখি, সুধুই ঈষদহাস ॥ * ॥ তুমি মম প্রাণ ধন, তবআছে কতজন, আমি করি তবধ্যান, তুমিকর কার আশ ॥ ১ ॥

গুজ্জরী রাগিণী ।। আড়াতেতালা ।।

কেমনে তরিব তারা, মাযা ভব সিন্ধুপার ।। ধ্রুং ।। সেনদী বিষম অতি, হেরি অকুল পাথার ।। * ।। মাযা জলধির রঙ্গ, পাযা আশা বাযুসঙ্গ, বাড়িল মোহ তরঙ্গ, অহং আতঙ্ক অপার ।। ১ ।। অতএব জগদম্বে, কিফল আর বিলম্বে, অনুকম্পা অবলম্বে, করি সুবাযু বিস্তার ।। ২ ।। পরে দিযে পদতরি, নহপারাপার করি, তবে এশঙ্কটে তরি, নতুবা নাহি নিস্তার ।। ৩ ।।

তুমিহে সুজন জানিযে আমার মনঃরতন সপিলাম তোমারে ।। ধ্রুং ।। প্রথমে নাজানি এমন সজন মানস রঞ্জন, নিদযে প্রাণ সংহারে ।। * ।। তোমার তুষিতেমন, আছে কতশতজন, জেনেছি প্রাণ তবব্যবহার, কিকব আর, মনধন দিলে কারে ।। ১ ।।

গৌড় অনুরাগেণ ।। মধ্যমান তালেন গীযতে ।।

ধিক্ ধিক্ ধিক্ মনঃ, কেন ভোলো আর ।। ধ্রুং ।। কাল আশি ঘনাইল, কেকরে নিস্তার ।। * ।। দেখিতে দেখিতে দিন, দিন দিন হলো দীন, তনুও হতেছে ক্ষীণ, কিহবে তোমার ।। ১ ।। সম্পদে বিপদজ্ঞান, আপদে সম্পদমান, ভুলিযে কালীর ধ্যান, ভাবিচ কিছার ।। * ।। য়দিবল কালীপুর, কিসে য়াবে পথদুর, বাসনা করহ তরি, শ্রদ্ধা কর্ণধার ।। ২ ।।

জলদ তেতালা। কেমনেরে প্রাণধন, আমার মনো হরিলে॥ ধু০ ॥ বিশ্বের অগম্যস্থানে, বলকিরূপে পশিলে ॥ *॥ রক্ষাকারি দুইজন,শ্রবণ আরনয়ন,তথাগমনাগমন, কোনপথেতে করিলে॥ ১॥

যেমনে আমার মন, হরেছিলে প্রাণধন ॥ ধু০ ॥ সেমন কাহারে তুমি, করিযাছ বিতরণ ॥ * ॥ মনতুলে তুলে মন, ছিল সমতুল মন, ভারহতেছে এখন, তবমন তিন মন॥ ১॥

একতালা। মনেমনে যেরূপেতে, হযেছে মিলন ॥ ধু০ ॥ শুনতবে প্রাণধন, তাহার কারণ ॥ * ॥ তবমন কান্তকান্ত, অবশ কান্ত নিতান্ত, অযশ আমারমন, দোঁহে দোঁহার আকর্ষণ। ১।

গোঁড়মল্লার অনুরাগ॥ তিওট তাল॥

উদয বিরহ শশী,মম হৃদয গগনে॥ ধু০ ॥ সুখ দিবা লুকাইল, দুঃখ রজনী আইল, বধিতে অবলা জনে॥ *॥ সেশশী সামান্যনয, মালিন্য কলঙ্কময, পক্ষাপক্ষ হীন হয॥ * ॥ পূর্ণস্বভাবে বিষাদ তারকাবেষ্টিতেসই, বিরাজিত প্রতিক্ষণে॥ ১॥ হুতাশখদ্যোত প্রায, ক্ষেদ মোহ আদিতায,নিশাচর শোভাপায॥*॥লাঞ্ছনা গঞ্জনা আদি ঝিল্লীরবে প্রাণসই. জীবন রবে কেমনে॥ ২॥

কেবলে রমণী নয়, মদনের হুতাশন ॥ ধ্রুং ॥ হাব ভাব হেলালীলা রূপগুণ আদিতায়,ইন্ধন প্রায়গণন ॥ *॥ বুঝিয়ে দেখহফল, হয়কি নয় অনল, য়াবত কামিকজন ॥ * ॥ য়তনে হবন করে, সম্পদ আর য়ৌবন, বাধা অতি সাধারণ ॥ ১॥ পুনঃপুনঃ এইরূপ, নহেতো তার বিরূপ, তদগতে সেচিন্তন ॥ * ॥ হোমান্তে দক্ষিণাদান, ধ্যানজ্ঞান সমাধান, অধিকপ্রাণ জীবন ॥ ২ ॥

তব অপরূপরূপ, হেরি তিন ভাবময় ॥ ধ্রুং ॥ জাগ্রত সুসুপ্তিআরো স্বপন অবস্থাপ্রাণ, দেখহয় কি নাহয় ॥ প্রথমে জাগ্রত সম, রূপদরশন ক্রম, ধ্যান জ্ঞান স্থির রয় ॥ * ॥ মধ্যেতে সুসুপ্তিকাল সুখ মিলন উপম, নিরন্ত মোহিতোদয় ॥ ১॥ অন্তেতে স্বপন প্রায়,বিচ্ছেদ বলি য়াহায়, হেরিতে দহে হৃদয় ॥ * ॥ কভু দীন কভূহীন কভূহায় কভুনাশ, তাহার কিবা নিশ্চয় ॥ ২ ॥

কুলশীল লোকলাজ, কলঙ্ক লাঞ্ছনাভয় ॥ ধ্রুং ॥ বিনাতব ভয়প্রাণ কথিত য়াবত ভয়, কখন আমার নয় ॥ * ॥ একজ্বালা অতিশয়, য়খন য়াহার হয়, অন্যান্য জ্বালা সংশয় ॥ ১ ॥ য়থা কালের য়ন্ত্রণা উপনীত হলে প্রাণ, আরোগ্য জগতে কয় ॥ ২ ॥

প্রেমরূপ পাপচয়ে,কিরূপে পাইব ত্রাণ ॥ধ্রুং॥ আশু-

সুখ শেষেদুঃখ কলুষ লক্ষণপ্রায, ঘটিল সেই বিধাণ ॥ * ॥ এপাপের প্রাযশ্চিত্ত, জীবন যৌবন বিত্ত, চিত্র যোগে করিদান ॥*॥ প্রথমে হয়েছে যাহা, বলকিসে পাব তাহা, করিষে কিবা সন্ধান ॥ ১ ॥ ভবে হইতে নিষ্পাপ, বলমাত্র অনুতাপ, নামজপ রূপধ্যান, ॥ * ॥ শেষে শক্তি অনুসারে, প্রাণ বিসর্জ্জন তারে, দক্ষিণা দান-প্রমান ॥ ২ ॥

উদয বিরহ ঘন, মম হৃদয গগনে ॥ ধ্রুং ॥ অদর্শন হুতাশন সন্তাপ প্রতাপেসই, সৃজন ঘন সঘনে ॥ * ॥ দেখ ঘন প্রযোজন, সৌদামিনী বরিষণ, করকারো সমী রণে ॥*॥ ক্ষণপ্রভার প্রভাব, নিযত চমক ভাব, ব্যাকুল ভাবজীবনে ॥ ১ ॥ বরিষণ সমসখি, আঁখির নীর নিরখি, নিরবধি নিরূপণে ॥ * ॥ ধারাধরধারাপ্রায বহে বক্ষঃ ধরাশনে, মোহিত করকাশনে ॥ ২ ॥

আমার পীরিতি সখি, সুধাংশু সমানহয ॥ ধ্রুং ॥ বিরহ রাহুরপ্রায গ্রাসিল আসি নিশ্চয, হইতে পূর্ণ উদয ॥ শশিতে শশাঙ্ক যথা, পীরিতে কলঙ্কতথা, নিযত মিলিত রয ॥ * ॥ আলিঙ্গন সমসুধা জীবন চকোর তায, সতত মোহিত মত ॥ ১ ॥ পরে গহণের সৃষ্টি, মর্ত্ত্বে পাপগ্রহ দৃষ্টি, জ্যোতিষ শাসনে কয ॥ * ॥ জানিবা কুজনশনি খরদৃষ্টি, ভাবেমম, প্রেমশশির সংশয ॥ ২ ॥ অর্থাৎ

শশিয়েমন, পূর্ণ ব্যতীত কখন, রাহু আচ্ছাদিতনয় ॥ * ॥ তেমতি মমপীরিতি হইতে পূর্ণউদয়, বিরহ রাহু গ্রাসয় ॥ ৩ ॥

য়াইতে প্রেমের পুরী, মনোরথ আরোহণে ॥ ধ্রুং ॥ প্রাণেরে করিয়ে রথী কামনা সারথি তায়, প্রগ্রহ অতি য়তনে ॥ * ॥ স্নেহ ইচ্ছা মোহমায়া, সুরঙ্গ তুরঙ্গকায়া, মনো রথে সংয়োজনে ॥ * ॥ বাসনা পথের মাঝে কিহলো কিহলোহায়, কহিতে ভাগ্যহীনে ॥ ১ ॥ লোকলাজ কুলভয়, গঞ্জনা লাঞ্ছনাময়, ব্যাপিত নিবিড়বনে ॥ * ॥ সহসা বিচ্ছেদানল দাবানল সমসই, উঠিল ঘন ঘর্ষণে ॥ ২ ॥ সেপথ সম্বন্ধসই, থেকেপ্রাণে সারাহই, দহেরথ হুতাশনে ॥ * ॥ চিন্তি সংশেষ বিশেষে, বিশেষ প্রযাশে শেষে, আমিগো কুলজাবনে ॥ ৩ ॥

. পীরিতি বিপিনে সখি, ভুগিতে সংয়োগফল ॥ ধ্রুং ॥ মানস বিহঙ্গমম ক্ষুধায়ে অতি আকুল, গেল হইয়েচঞ্চল ॥ * ॥ ক্ষেত্রজ্ঞানে আছে তথায়, কুজন নিষাদকায়, কবকায় পাব হায় ॥ * ॥ ভেদিল বিহঙ্গবুক বিরহ শায়কে হায়, লিপ্তবিয়োগ গরল ॥ ১ ॥ তাহাতে মোহ ঘটিল, অধৈর্য্য জ্বালা বাড়িল, অস্থির ভাবজন্মিল ॥ * ॥ উন্মনা মালিন্য ক্ষেদ বিষাদ য়ন্ত্রণাতাপ, জীবনপ্রাণ বিকল ॥ ২ ॥ সম্প্রতি উপায়সই, তোমারে বিশেষকই, নহে

প্রাণে মারাহই ॥ * ॥ সুমিলন মহৌষধি নাথেরে আনিযে য়দি, নিবাও তাপঅনল ॥ অথবা, নিবার তাপ গরল ॥ ৩ ॥

ভালবাসা ভালয়দি তায়,মরিকেন ভালবেসে ॥ ধ্রু ॥ বিরহ অনল নয, তিলেক শীতলহয, জলে জ্বালা অব-শেষে ॥ * ॥ নাম ভালো ভালোবাসা, তাই করিলাম আশা,ঘুচাতে অতি পিপাসা ॥ * ॥ ত্রিষিত চাতক চায ৷ পীরিতি নীরদ সই, দহে দেহ দুঃখাবেশে ॥ ১ ॥ হযে প্রেমতৃষান্বিত, হেরে মিলন ঘনোদিত,পুলকে মন পূর্ণিত ॥ * ॥ করুণ শলিল কোথা বরিষণ হবেসই, দুঃখ বজ্র হৃদিদেশে ॥ ২ ॥

দিযেছেম প্রাণ বাঁধা, নইতে তাহার মনঃ ॥ ধ্রু ॥ বাসনা পত্রেতে সখি একান্ত লিবিকরিযে, সাক্ষি রাখি যেমদন ॥ * ॥ হইতে বুদ্ধি সোধিত, নব য়ৌবন অর্পিত, বিদীতজগতজন ॥ * ॥ তবে য়ে এমনহয কেমন কপাল সই, বলনা কিবা কারণ ॥ ১ ॥ কোথাহইবেক হিত, হল কিনা বিপরীত,অতি বিঘটঘটন ॥ * ॥ আপণ বৈভবমনঃ গেল গেল য়ায য়াকু, সাক্ষি কর়যে পীড়ন ॥ ২ ॥

নাহিদুঃখ মরিয়দি,তার বিরহদহনে ॥ ধ্রু ॥ এই ভয অতিশয পাছেরয প্রাণসই,কলঙ্ক জুড়িভুবনে ॥ * ॥

কলঙ্ক কারণ শুন, পীরিতি রূপ অরুণ, মনোরথ আরো-হণে ॥ *॥ অবিরত বিরাজিত হৃদয গগনেসই, অস্ত-নহে অনুক্ষণে ॥ ১॥ সম্প্রতি বিরহানল, অন্তরেহলো প্রবল, নাথ নিরাশা কারণে ॥ * ॥ অতএব সদমতে হিতে বিপরীতসই, এজ্বালাঘুচে কেমনে ॥ ২ ॥ অর্থাৎ প্রেমতপন, তাপেমনঃ বাসিজন, লুপ্ত গুপ্ত মনেমনে ॥*॥ পুনশ্চ বিরহানল সেঅঙ্গে দহিবেসই, অন্তরে রাখি যে জনে ॥ ৩ ॥

পীরিতি সুধাংশুসখি, বিরহ রাহুগ্রাশিল ॥ ধ্রুং ॥ স্থিতিনয নযদণ্ড, একি বিঘট ঘটন, নিযত ঘেরি রহিল ॥ * ॥ হৃদয গগনমম, প্রণয শশির সম, সংপূর্ণ ভাব হেরিল ॥ * ॥ কুজন শনির দৃষ্টি প্রিযজন ক্ষিতিগতে, ছাযারূপে আচ্ছাদিল ॥ ১ ॥ এখন তাহতেমুক্তি, এইতো বিহিত যুক্তি, নিশ্চতোদীত হইল ॥*॥ কুলক্ষয মহামন্ত্র পুরুষ্চরতেনেসই, যদি বিঘ্ন না জন্মিল ॥ ২ ॥

বাসনা হৃদয মাঝে, নিযত রাখিতোমারে ॥ ধ্রুং ॥ যারলাগি অনুরাগি সর্ব্বত্যাগি কেমনেরে, অন্তরে তাজি তাহারে ॥ * ॥ অন্তর হইলেহয, অন্তরচিন্তিতময, তাহে নিকটে থাকিলে ॥ *॥ অন্তর হইবে ভাবি অন্তর ব্যাকুল প্রাণ, অধৈর্য্য অস্থির ভারে ॥১॥ যদ্যপি এমতকহ, আমার

অবশ নহ, তথাপিও সদা তায় ॥ * ॥ আশাপথ নিরী ক্ষণে অসহ্য যন্ত্রণা প্রাণে, সুখি য়ে ঘুচাতেপারে ॥ ২ ॥

সইঃ, বিরহে বিরহি দেহ, নিকুঞ্জ সম হইল ॥ ধ্রুং ॥ গঞ্জনা লাঞ্ছনাআর কলঙ্ক প্রবাদসই, লতাগুল্মে আচ্ছা দিল ॥ * ॥ মুক্ত তাহাতে হৃদয়, কেবল মালিন্যময়, বিচ্ছেদ ভাল নির্ম্মিল ॥ * ॥ বৈকল্য বিষাদ খেদ নিরাহ্লাদ স্তম্ভ সই, চতুর্দ্দিকে আরোপিল ॥ ১ ॥ ঊর্দ্ধে দারুশোকময়, সুচারু রচনাভয়, তাপকিলকেবিন্ধিল ॥ * ॥ অচৈতন্য, মূর্চ্ছা দুঃখ মোহগুণে প্রাণসহ, প্রেমানুরাগে বান্ধিল ॥ ২ ॥ কেলিরঙ্গ অভিপ্রায়, বিরহ বিহারিপ্রায়, বিহার হেতু বসিল ॥ * ॥ হুতাশ মারুত ঘন ঘনবহিতেছে সই, মুঞ্চ সঘনে দুলিল ॥ ৩ ॥

বুঝিতে নাপারিপ্রাণ; কিবা কপাল আমার ॥ ধ্রুং ॥ লোকেবলে হিত যাহা, অভাগিনী পক্ষেসই বিপরীত ঘটেতার ॥ * ॥ শুনেছি লোকের মুখে, পতিবিরহের দুঃখে স্বপনে হেরিয়েসুখে ॥ * ॥ সতী অতি প্রফুল্লিতা; এদুঃখি নী দুঃখেসই, দেখ কিবা চমৎকার ॥ ১ ॥ অর্পিয়ে দুর্গতি অতি, ফেলিয়ে যুবতি সতী, যদবধি প্রাণপতি ॥ * ॥ গেছেন বিদেশেতাঁরে, স্বপনে দেখা কিনই, নিদ্রালেশ নাহিআর ॥ ২ ॥

কেবলে তোমার হৃদে, রোমাবলি বলি প্রাণ ॥ ধ্রুং ॥ যেজানে যেমন করে অথচ না জানে তার; কিবা নিগূঢ় সন্ধান ॥ * ॥ গ্রাসিবারে বিম্ববর, ত্যজিয়ে নাভি বিবর, উঠে ভুজঙ্গ ভূধর ॥ * ॥ তাহাতে নাসিকা খগ, পতিভয়ে নত কায, করে কুচ শম্ভুধ্যান ॥ ১ ॥

পুরুষ জীবনমীন, গ্রাসিতে মীন কেমন ॥ ধ্রুং ॥ সংসার সাগরনীরে কামিনী বড়িশকায, কামনা সূত্রগণন ॥ * ॥ আপনি ধীবরপ্রায, অনঙ্গরূপে তথায়, বিরাজে কে দেখে তায, করযে সূত্রধারণ ॥ ১ ॥ পুরুষ ক্ষুধিত চিত নাবুঝি হিতাহিত, লোহিতে গ্রাসে নিশ্চিত, অধরামিষ অশন ॥ * ॥ অইকালে আকর্ষণ, তূণ বাণ সম্মোহন, কামরাগ হুতাশন, জ্বালি পাক্ আয়োজন ॥ ২ ॥

মধ্যমান ॥ কেবলে বরিষা-কাল, বিরহিজনার কাল ॥ ধ্রুং ॥ বিনেগুণমণি সখি বেড়িল বিপক্ষ জাল ॥ * ॥ ঘনঘন করে ঘন, ঘন ঘোরগরজন, চপলাচমকে ঘন, শুনিতে অতি করাল ॥ ১ ॥ নিকটে থাকিলে পতি, দুঃখে হতো সুখ অতি, যেমন বামাঙ্কে সতী, শূন্যগণ্য চিরকাল ॥ ২ ॥

জলদ তেতালা ॥ কিহলো সখিরে ঘন, বরিষে বরিষে ॥ ধ্রুং ॥ প্রফুল্ল কমল কুল, হরিষে হরিষে ॥ * ॥

ঘন ঘোর ভাবেরহে, মালতী মারুতবহে, বিরহিণী স্থির নহে, ধরিষে ধরিষে ।। ১ ।। মন্দ মন্দ ঘনরব, সংযোগি পক্ষেউৎসব, ডাকযে বিযোগিসব, মরিষে মরিষে ।। ২ ।।

গোঁড় বা গৌরসারঙ্গরাগেণ ।।
মধ্যমান্ তালেন গীযতাং ।।

মনোহর প্রেমপুরী, হইল পতন ।। ধুং ।। বিরহ নিদাঘতাপে নিরাশ নীরদকরে, দুঃখধারা বরিষণ ।।*।। মালিন্য অনিলবহে, অচল সুস্থিরনহে, করিষে কেমন ।। * ।। মানস নির্ম্মিতপুরী স্বভাবেরছিবেসেই, ভেবেসারা অনুক্ষণ ।। ১ ।। বিষাদ করকাঘন, ঘনবরিষযেঘন, সহেনা এখন ।।*।। মোহবজ্র হুতাশন সুখ বিহঙ্গের বাসা, দেখ করিছে দাহন ।। ২ ।।

নযন সাগর জন্ম, বিচিত্র গঠন ।। ধ্রুং ।। সুরাসুধা বারিবিষবাড়বানল সঞ্চার, একত্রে হযমিলন ।।*।। প্রথমে কটাক্ষয়ারে, মত্তকর সুরাধারে, হরিযে চেতন ।। * ।। পরেতে মিলন দৃষ্টে সুধাবরষিযেপ্রাণ, করমোহের বারণ ।। ১ ।। সমযে মাণিনীহলে, যেজলে মানঅনলে, তাহার কারণ ।। * ।। নযন শলিলেম্মান অনলনিবাযেপ্রাণ-বাঁচাও প্রেমিকজন ।। ২ ।। অবশেষে হতস্নেহে, দহিতে প্রেমিক দেহে, বিষদরশন ।।*।। অমনি সেঅনুরাগে বিরহ বাড়বানল, দহেশরীর ভুবন ।। ৩ ।।

স্বভাব অন্যথা তব, স্বভাবে মীলন ॥ ধ্রুং ॥ প্রণয়ে তোমারসহ যাহার সংয়োগপ্রাণ, নিশ্চিত তারমরণ ॥ * ॥ অমীলনে দেহদহে, কদাচ অন্যথা নহে, জানিসর্ব্বক্ষণ ॥ * ॥ তোমার মিলনে হিতে বিপরীত ঘটেপ্রাণ, একি বিঘট ঘটন ॥ ১ ॥ যদবধি অদর্শন, দেখিলে চঞ্চলমন, হয়প্রতিক্ষণ ॥ * ॥ নযন মীলনহলে ব্যাকুল বাসনা প্রাণ, কিসেহয পরশন ॥ ২ ॥ হলে পরশনপুনঃ, জ্বলে মনেমনাগুণ, এইতোকারণ ॥ * ॥ এখনি অন্তরহবে কেমনে জীবন রবে, ভাবিযে দহেজীবন ॥ ৩ ॥

সুরার সাগর হেরি, লাবন্য তোমার ॥ ধ্রুং ॥ গুণ পরিনামে বুঝ হযনয সমপ্রাণ, ত্রিগুণ ভাব দোহার ॥ * ॥ প্রথমে আদন্দোদয, দ্বিতীযে মোহিতময, সাধর্ম্ম সুরার ॥ * ॥ তৃতীযে বিগুনগুণ কিকব বিশেষঃ আর, বৈকুল্য ভাবসুঞ্চার ॥ ১ ॥ তথাতব দরশন, অগ্রে সুখ সমর্পন, মধ্যেতে তাহার ॥ * ॥ ধ্যানধৃষ্টে মোহময শেষে মীল নার্থেপ্রাণ, ব্যাকুলতা অনিবার ॥ ২ ॥

মমদেহ সরোবর, মজিল এখন ॥ ধ্রুং ॥ সেকিনয অতিশয দুঃখময প্রাণনই, রিপুয়াহে ছযজন ॥ * ॥ পিরীতি শলিলপ্রায, বিমল রূপ সোভায, ছিলকবকায ॥ * ॥ বিরহ শৈবাল অরি নিরাশা ছাযাতেসই, রোধে মীলন পবন ॥ ১ ॥ হুতাশ সরোজকায, দুঃখ ইন্দীবরপ্রায,

বিরাজে তাহায় ।। * ।। ক্ষেদ কুমুদিনী তথা মোহ কোকনদসই, হেলঞ্চ ব্যাকুলমনঃ ।। ২ ।। করিতে প্রফুল্লসবে কেজানে এমনহবে, সদাকালরবে ।। * ।। চিন্তারবি ধ্যানশশি অধৈর্য্য সুমেরুবেড়ি, অস্তোদয প্রতিক্ষণ।।৩।। এরূপেতে প্রাণসই, য়দি কিছুদিনরই, কিহবেতাকই ।। * ।। পিরিতী পযশুখাবে, লাঞ্ছনা পঙ্কসারহবে, মজিবে মীনজীবন ।। ৪ ।।

মমদেহ ক্ষিতিতলে, হইল বপন ।। ধ্রুং ।। অসহ্য বিরহ বৃক্ষ দুঃখ পল্লব সহিত, মুকুলিত মোহমনঃ ।। * ।। লাঞ্ছনা পঙ্কচ্ছেদিযে, মূলেতে বেদি বাঁধিযে, তাযঅনুক্ষণ ।। * ।। গঞ্জনা রূপশলিলে,জিহ্বা সেচনি সংয়োগে, গুরুজনার সিঞ্চন ।। ১ ।। তাহাতে ফলিলফল, নিযত মনঃবিকল, একি অলক্ষণ ।। * ।। কর্ম্মভোগত্বকে আহা তাহা আচ্ছাদনসই, কুলক্ষয আস্বাদন ।। ২ ।।

নিশিআর প্রেম সখি, একই লক্ষণ ।। ধ্রুং ।। কহিতে বিদরেকায দুই দখিতেরসই, দুঃখ সমান গণন ।। * ।। রজনীর তমোময,প্রভাতে য়েমনহয, বিনাশকারণ ।। * ।। প্রেমসাধ নিশি সখি বিরহ প্রভাতাতপে,নিযত তাপিতমনঃ ।। ১ ।। নিশিতে শশিরুদয,বিনাকুমুদিনীনয,প্রফুল্ল আনন।।*।।প্রেম নিশি সুখ শশি বিনে আনন্দ কুমুদী, প্রমুদিত অনুক্ষণ ।।২।। নিশিতে কমলবন, সমুদিত অনু-

ক্ষণ, জানিবাতেমন ॥ * ॥ পিরীতি নিশিতে কুলকমল কাহারোসই, প্রফুল্ল নহেকখন ॥ ৩ ॥

বিরহ বিকারে তনু হইল পতন ॥ ধ্রু° ॥ এঋতু বসন্ত তায় অনল সদৃশকায, দহে মানস নন্দন ॥ * ॥ রোগের কিবা নিদান, সাধিতে তারসন্ধান, উপজে বিধান ॥ * ॥ যৌবন চাঞ্চল্যমন, সকলি অলীকপ্রাণ, শুন নিগূঢ় কারণ ॥ ১॥ যথা উক্ত নরাঙ্কিত, নহে কভু অনুচিত, জগতবিদিত ॥ * ॥ দেখ নিদর্শনতার, কোকিলে করে হুঙ্কার, তুংহিতুংহি প্রিয়জন ॥ ২ ॥

পিরীতি পরমতত্ব, তিনগুণময ॥ ধ্রু° ॥ সত্বরজতম তিন গুণান্বিত ভাবেসই, নিযত হের উদয ॥ * ॥ সত্ব গুণেতে সর্জ্জন, পরস্পর সুমালন, প্রণয ঘটন ॥ * ॥ রজো-গুণেতে পালন, সদানন্দ অনুক্ষণ, হাব ভাব লীলাচয ॥ ১ ॥ তমোগুণেতে সংহার, যথা সাধন য়াহার, তথা ঘটেতার ॥ * ॥ সাধনেতে উদ্ধধামী, অসাধনে অধোগামী, চিন্তি দেখ হৃযনয ॥ ২ ॥ অর্থাৎ মীলন আগে, মধ্যকাল লীলারাগে, অন্তেক্রোধয়াগে ॥ * ॥ সাধন ঘৃতে স্নেজল নাদেয আহুতিপূর্ণ, সেযাগ বিফলহয ॥ ৩ ॥

গৌরী রাগিণী ॥ আড়া তেতালা ॥

বিরহে হয়েছি আমি, মদন অন্তকপ্রায, কিশোভা

হায়হায় ।। ধ্রুং ।। দুঃখ জটাজূটভার, মস্তকে শোভে আমার, যন্ত্রণা অনন্তকার্য ।। ১ ।। মালিন্য বিভূতিমুখে নিযত শোভিছে। বিষাদ অনল ভালো ভালেতে জ্বলিছে ।। * ।। মোহবিষ কণ্ঠাগত, মোহিত করে নিয়ত, এজ্বালা কহিবকায ।। ২ ।। বৈকুল্যতা বাঘাম্বর শোভে অঙ্গময । শোকতাপ পিণাক ডমুরু ভাবেরয ।। * ।। শিরে আসা সুধাঅংশ, তেকারণে নহেধ্বংশ, জীবন নাহিক য়ায।। ৩ ।।

ভাবসেই পরাৎপরে জীবের জীবন, মনঃ, অখিল নিকেতন ।। ধ্রুং ।। কিবা মহিমা প্রভাব, সর্ব্বভূতে সমভাব, বিভুবিশ্বের নযন ।। ১ ।। অব্যয অভয নিরাময নিরঞ্জন। উপমারহিত সর্ব্ব হিতসনাতন ।। * ।। তপণ পবনগণ, য়াঁরবশে অনুক্ষণ, নিযত করেভ্রমণ ।। ২ ।। জননী জঠর মধ্যে য়ক্ষন-নঞ্চার । তক্ষন আহারদেন কিবা চমৎকার ।। * ।। পরেতে ভূমিষ্ঠহলে, রসরক্ত ক্লেদস্থলে, মধুর দুগ্ধঘটন ।। ৩ ।।

ভলনা ভূলনা ভ্রমে প্রভাব তাঁহার, মনঃ, সে অতিচমৎকার ।। ধ্রুং ।। প্রচণ্ড রবি কিরণ, পরক্ষণে বিনাশন, অমনি ঘণ সঞ্চার ।। * ।। স্থাবর জঙ্গমআদি য়ারয়েনিযম। কারসাধ্য করে কেবা তারঅতিক্রম ।। * ।। সকলে নিযমনত, স্বকার্য্যে সাধনেরত, পুনঃপুনঃ বারবার ।। ২ ।।

জীবজন্তু অগণন য়াবত্‌সংসার। সকলে আহার দেন য়েমন য়াচার ॥ * ॥ তাহে নাহি ভ্রমলেশ, কি স্বদেশ কি বিদেশ, দেখচর্চ্চিযে বিস্তার ॥ ২ ॥

মধ্যমান্। অধর্ম্মে হেরিযে সুখ, তাহাতে মজোনামন ॥ ধ্রুং ॥ শ্রেযতব ধর্ম্মপথে, য়থাকালেতে ভোজন ॥ * ॥ মেধস্বি রোগিয়েমন, নহে আনন্দ ভাজন, আরোগ্যে অপুষ্টদেহ, সেতোসুখের কারণ ॥ ১ ॥ আরো কুলবধূগণা, নানারত্নে বিভূষণা, বারাঙ্গনা দেখিযে কি, দেযকলে বিষর্জ্জন ॥ * ॥ অতএব বলিমনঃ, ক্ষিণদিনের কারণ, কেনএত আকিঞ্চণ, অর্থাশে পরপীড়ন ॥ ২ ॥

কল্পনা করহ কার, একিভুল ভুলমনঃ ॥ ধ্রুং ॥ কক্ষেতে রাখিযে সুত, নগরে কেন ভ্রমন ॥ * ॥ আপণ দেহে-তেতব, পরমাত্মার সম্ভব, ধিক ধিক কিবা কব, ভোলো তাহাকিকারণ ॥ ১ ॥ সর্কর. ভারয়েমন, বহযে গর্দ্দভগণ, নাজানে স্বাদকেমন, তুমিরে হলে তেমন ॥ * ॥ অথবা দুগ্ধসহিত, য়েমন ঘৃত মিশ্রিত, তাহার গুণ বিহিত, গব্য কুলে গোপন ॥ বা, নাজানে গর্দ্দভগণ ॥ ২ ॥

ছাযানট, অনুরাগ ॥ জলদ তেতালা ॥

ভালবাসি বাসভাল, এইতো মনবাসনা ॥ ধ্রুং ॥ কিজানি কিভাল ভেবে, ভাল পূরালে কামনা ॥ * ॥ ভাল

ভাল ভালহল, য়েভাল ভাবে সেমল, ইকি য়াহা বাসি-
ভাল, তুমিতা ভালবাসনা ॥ ১ ॥

মধ্যমান ॥ সদায়াহা ভাবিভাল, তুমিতা ভালভাবনা
॥ ধুং ॥ কেমনি কপাল দোষ, নাহি ঘচিল ভাবনা ॥ * ॥
কতসাধ করিপ্রাণ, হেরিতে বিধুবযান, তুমিথাক অন্ন
ভাবে, একি হেভাব বলনা ॥ ১ ॥

বরঞ্চ বিচ্ছেদভাল, প্রেমপরিচ্ছেদহতে ॥ ধুং ॥
পিরিতে য়ন্ত্রনা নানা, ঘটে সখি বিধিমতে ॥ * ॥ তিল
আধ নাহেরিলে, ভাষি নযন শলিলে, পুনঃ সে মুখ-
হেরিলে, জ্বলিমান অনুগতে ॥ ১ ॥

জযজযন্তী য়াগিন্যাং ॥
জলদতেতালাতালেন গীযতে ॥

বিযোগ য়জ্ঞের মম, দেখ সব আযোজন ॥ ধুং ॥
উদয়োগি স্বজনবন্ধ, কর্ম্ম সাধন কারণ ॥ * ॥ হোমকুণ্ড
নিরাহ্লাদ, তৃণ তাহাতে বিষাদ, বিরহ অনলজ্বলে, সহ
মোহ সমীরণ ॥১॥ গঞ্জনা হবিবিধান, লাঞ্ছনা মধুপ্রদান,
য়ন্ত্রণা তিল সমান, ক্ষেদ মন্ত্র উচ্চারণ ॥ * ॥ দুঃখ রূপ
শ্রুবদণ্ড, আনন্দ সমিধখণ্ড, ধিককৃতন্ত্র ধারক, হোতা-
চার্য্য গুরুজন ॥ ২ ॥ প্রীতার্থ নান্দিবাদ, অভাগির পরি-
বাদ, দক্ষিণান্তে সুদক্ষিণা, দুকুলের বিষর্জ্জন ॥ * ॥ পরে

শাস্তিতোযলযে, পরমায়াজ্ঞিকহয়ে, ভুগিতে হইবেফল, য়থা অকাল মরণ ।। ৩ ।।

কোথাছিলে কোথাএলে, কেদেখালে এসংসার ।। ধ্রুং ।। কোথাযে য়াইবেপুনঃ, ভাবনা কি চমৎকার ।। * ।। য়াঁহার প্রভাববলে, পেলে অবনিমোগুলে, তাঁরে নাহিভাব ছলে, একিভুল বুঝিবার ।। ১ । জননী জঠরে য়বে, গতভাব অসম্ভবে, বলদেখি কেবাতবে, নিত্যদিযেছে আহার ।। * ।। বলিসত্য হওরত, নীচগাসঙ্গমনত, সাগর শলিলেনত, অপারয়ে পারাবার ।। ২ ।।

তবসহদরশণ, য়দি কথন কথন ।। ধ্রুং ।। তাহাতে নহিতদুঃখি, সেয়ে সুখের কারণ ।। * ।। কেননা করিয়তন, য়াবত অমূল্যধন, হযকি সদাঘটন, অন্যথা নয কদাচন ।। ১ ।। দেখানিদর্শনতার, দেহে জীবন সঞ্চার, তথাপি নহেতোকার, গোচর গ্রাহ্যনযন ।। * ।। আধার ধেয সম্বন্ধ, নিত্যদরশনে সন্দ, কেমন করিযেপাবে, পরের প্রাণ য়েজন ।। ২ ।।

ঝিঝটিরাগেণ । একতালাতালেনগীযতাং ।।

মনেকরি নাহিহেরি, নাহেরে হেরিতে চাই ।। ধ্রুং ।। হেরিলেসে চাঁদমুখ, সবদুঃখ ভুলেজাই ।। * ।। কিজানিকি হলোসই, ফাটেবুক য়াদকই, সই তোমারি দোহাই ।। ১ ।।

একবারমনেকরি, কুলমান পরিহরি, যোগিনী হইযেসুখে, তারে নইযে পলাই ।। ২ ।।

আপন ভাবিয়ে যারে, সে ভাবে আপন পরে ।। ধ্রু ।। যেপ্রাণ সমান সেই, হন্তারক প্রাণপরে ।। * ।। মুখে মধু মাখা হাসি, অন্তরে গরল রাশি, ভাসিয়াদ আঁখিনীরে, হাসি উপহাসকরে ।। ১ ।।

সইঃ, আপণ হইলেপর, পরেকি যতনকরে ।। ধ্রু ।। নযন বিবাদিহযে, প্রকাশিল ঘরেপরে ।। * ।। যতরাখি সম্বরিযে, ততউঠে উথলিযে, মনানল তাপেঘণ, রূপে বরিষণ ভরে ।। ১ ।।

সেআমার হইবে কেন, যেনহে আপণ ।। ধ্রু ।। আমার যেমনমনঃ, তারকি সখিতেমন ।। * ।। আপন আপন করে, মরমেতে থাকিমরে, শেষেঃ কিনা ঘরেপরে, সার হইল গঞ্জন ।। ১ ।।

বিনোদ বিপিনেশ্যাম, রসরঙ্গেকর রাস ।। ধ্রু ।। যোড়স যোড়সিসঙ্গে, করিহাস পরিহাস ।। * ।। নিবীড় নিকুঞ্জরাজে, সখিপুঞ্জ ফুলমাজে, বিহর হইবে হরি, নীল কমল প্রকাশ ।। ১ ।। নবজলধরকায, কিবাশোভাপায তায, তড়িতজড়িতহায, হেনমানিপীতবাশ ।। ২ ।। শ্রীরাধা

সুবর্ণলতা, বাগেহলে উপগতা, মরিকিহইবেশোভা, শুধাংশুয়ামিনীপাশ ॥ ৩ ॥

কিকথাকহিলে প্রান, কুচয়ুগ গিরিবরে ॥ ধ্রুং ॥ ভেদিল অন্তরে তব, থাকিযেমমঅন্তরে ॥ * ॥ তানয কারণশুন, অসতের এইগুণ, নাভাবে আপনপর, সকলেরি মন্দ করে ॥ ১ ॥ তেমতি একুচবরে, য়তনেরাখিঅন্তরে, তবু ভেদকরিউঠে, স্নেহ কি ভেদিতে পরে ॥ ২ ॥

অপরে অন্তরে রাখ, অন্তরে রাখি আপন ॥ ধ্রুং ॥ একেমন ভাবতব, বলদেখি প্রাণধন ॥ * ॥ তুমি কিন্তু করমন, আমি কিন্তু অনুক্ষণ, চিন্তাকরি ওবদন, কি শযন কি স্বপন ॥ ১ ॥

হরিলে আমার মন, বল করিযে কেমন ॥ ধ্রু ॥ কেমনে ভাবিব মনে, তোমার বিধুবদন ॥ * ॥ ইবে এই সুবিধান, য়াবলি তা করপ্রাণ, মনঃফিরে দেহ সহে, বধ অকর্ম্মা জীবন ॥ ১ ॥

তবঃ ভাবের ভাবনা ভাবি, ভাবনাবিভবসার ॥ ধ্রু ॥ ভাবেয়ে ভাবনাপ্রাণ, সেভাবনা নাহিআর ॥ * ॥ তুমি স্বভাবে ভাবনা, ভাবি অভাব ভাবনা, ভাবিযে ভাবনা তব, পরেছি ভাবনাহার ॥ ১ ॥

কমল কানন প্রিয়ে, কেবলে কমলমাজে ॥ ধ্রুং ॥ দেখুগ্ য়ে আঁখিধরে, তোমার দেহ সমাজে ॥ * ॥ নয়ন কমলদল, বদন ফুল্লকমল, করকমলের শোভা, কমল নালেবিরাজে ॥ ১ ॥ চরণ স্থলকোমল, কোমলস্থল কমল, হৃদয় কমলহেরি, কমল কমলেলাজে ॥ ২ ॥

তুমিয়ে এমনহবে, নাজানি স্বপনে প্রাণ ॥ ধ্রুং ॥ প্রথম পিরিতে কত, য়তনে রাখিতে মান ॥ * ॥ ফুরাল কেনসেভাব, নাহি হয় অনুভাব, ভাবিলে তোমারভাব, অভাব ভাব বিধান ॥ ১ ॥

অন্তরেরান্তরতারে, কেমনে করিবসই ॥ ধ্রুং ॥ হেরে সুখি নিরন্তর, সতন্তরে মরেরই ॥ * ॥ মতান্তর ভাবান্তর ভাবেকরি কথান্তর, অন্তর হইলেপুনঃ, আমি য়েন আমিনই ॥ ১ ॥

এমন মিলনহতে, বিচ্ছেদ ভালতোপ্রাণ ॥ ধ্রুং ॥ দরশনে উভযেরি, উপজয়ে অভিমান ॥ * ॥ রমণির অভিমানে, কেনাসাধে আতিমানে, তুমিতোতানাহি-মান, মানে এক্যেন বিধান ॥ ১ ॥

ভালবাস, নাহিবাস, দেখাদিতে ক্ষতিনাই ॥ ধ্রুং ॥ হেরেভব শুধাহাসি, শবদেহে প্রাণপাই ॥ * ॥ হলেক্ষণ

সতন্তর, আকুল হয অন্তর, ভাবিয়েন দেহান্তর, তাই-তোহেরিতেচাই ।। ১ ।।

নাএলে আসিতে বল, এলে বিরস বযান ।।ধ্রুং।। একেমন ভালবাসা, বুঝিতে না পারিপ্রাণ ।। * ।। হেরে তব চন্দ্রানন, যুড়ায তাপিতমনঃ, তাইআসি বলেকিরে, এতো কর অপমান ।। ১ ।।

য়ারলাগি অনুরাগি, সে করিলে অয়তন ।। ধ্রুং ।। কেআছে এমন আর, করিবেরে সম্ভাষণ ।। * ।। তবতরে ঘরেপরে, পরভেবেছে অপরে,য়থায তথাযগেলে,নাহি করে আলাপন ।। ১ ।।

চকিতে দেখিতেতোরে,সৌভাগ্য সঞ্চারমানি ।। ধ্রুং ।। কারণ অমূল্যধন, নিযত দুষ্প্রাপ্যজানি ।। * ।। য়েমন দেহে জীবন, অখিলে অমূল্যধন, গোচর নহে কথন, তেমনি তব মুখ খানি ।।১।। আর আননে নযন, মহারত্ন মহাধন, তাহা বিনা আদশন, সদা গোপণ বাথানি ।।২।।

তোমার ঈষদ্হাসি, সেকি সুখের কারণ ।।ধ্রুং।। পীযূষাভিশিক্ত বিষ, দেহ সংহারে য়েমন ।। * ।। বিধু-মুখে মধুহাসি, হৃদযে গরলরাশি, তাহা য়েন শানিতাসি নাশিতে প্রেমিকজন ।। ১ ।। সুধামাখা কথাগুলি, য়েন্নায

তাহাতেভুলি, হৃদয় ভেদিতেশূলি, হয অমৃত মৃক্ষণ ॥২॥ কথায জুড়াওপ্রাণ, ইঙ্গিতে ইন্দ্রত্বদান, ব্যবহারে বধ-প্রাণ, জ্ঞানহত অনুক্ষণ ॥ ৩ ॥

কিফল আপনি কয্যে, আপনার মনদুঃখ ॥ ধ্রুং॥ য়াহার কারণে দুঃখ, সে কহিলে তবেসুখ ॥*॥ যুবতা কুচয়েমন, সকরে হলে দলন, নহে সুখের কারণ,সেয়ে অহিপুচ্ছমুখ ॥ ১ ॥

তোমার বিরহে মরি,এথন মন বাসনা ॥ ধ্রুং ॥ কিন্তু ভাবি কারেরাখি, ভাবিতে তবভাবনা ॥ * ॥ পিরিতে লাঞ্ছনায়ত, সহিবেরে কে নিযত, মমমনে অবিরত,উদিত এইয়ন্ত্রনা ॥ ১॥ রমণি করিলেমান, তুমি না সাধিবে প্রাণ, সেসাধিবে এবিধান, কেমনে রবে বলনা ॥ ২ ॥ রমণি বলিলেহিত, তুমিকবে অনোচিত, পিরিতে এবিপরীত, প্রাপণ অসম্ভাবনা ॥ ৩ ॥

পাইব তোমারমনঃ, সেঅতি ভাগ্যেরফল ॥ ধ্রুং ॥ নাপাই মনের কথা, য়েজন্য প্রাণ বিকল ॥ * ॥ য়েমন দারিদ্রধন, অতিদুর্ঘট ঘটন, তবু আশা নিবারণ, নহে নিযত প্রবল ॥ ১ ॥ কিকব মর্ম্মের কথা, উচ্চতরু ফল য়থা, বামনের আশাতথা, ভাবিও মুখ বিমল ॥ ২ ॥ বাঞ্ছা সদা আসিয়াই, কিন্তু আসিতে নাপাই, ঘটে কুঘটনতাই, জ্বলেমনে দুঃখানল ॥ ৩ ॥

মধ্যমান্॥ তোরে কোথা রাখিপ্রাণ॥ ধ্রুং ॥ স্নেহিল হৃদয বিরহ দহনে, দেখনা দেখিযেহল, অঙ্গার সমান ॥ * ॥ মনোহর মনোরথ তবয়োগ্যস্থান। হারিযে নযেছ তাহা করিকি বিধান ॥ ১॥ প্রাণ পুরি সুখগেহ দুঃখ বাযুসঙ্গ। নিযত কম্পিত সেতো এই তাররঙ্গ॥ কিজানি সহসা য়দি হয তাহা ভঙ্গ, এমতে কেমনে তায, হবে অধিষ্ঠান ॥ ২ ॥

একতালা ॥ সেঅতি সৌভাগ্য-সখি, আমি পাবতার মনঃ॥ ধ্রুং ॥ নাপাই মনের কথা, করি অসাধ্য সাধন ॥ * ॥ নিযত য়তনেয়ত, হইতার অনুগত, সেহয তত বিরত, সাধি সদা আকিঞ্চন ॥ ১ ॥ সম্প্রতি বিহিতসঙ্গ, সদাসতন্তরেরই, কিন্তুভযে ভিতাহই, দুষিবেবিশ্বভূবন ॥ ২ ॥ কহিব আনারিদোষ, সেসঠে রবেসন্তোষ, তারে নহে কান্তরোষ, কিগুণ জানেকেমন ॥ ৩ ॥

কিদোষ দেখেছ বল, কিম্বা কি শুনেছপ্রাণ॥ ধ্রুং ॥ না দেখি না শুনি ইকি, কেন এত অভিমান ॥ * ॥ নহে প্রত্যক্ষ নযন, উন্মোদকেতে কথন, দাহন হয ভবন, দেখাইলে সেসন্ধান ॥ ১ ॥ শ্রবণ গোচর নয, নির্দ্দোষির দণ্ডহয, তবেকেন রসময, মমভাগ্যে ভদ্বিধান ॥ ২ ॥ মিছেছলে ছলকর, বিনাদোষে দোষধর, ইবেসে কম্পনা হর, রাখিতে প্রেমসন্ধান ॥ ৩॥

এসো এসো প্রাণধন, রাখি হৃদয় উপরে ॥ ধ্রুং ॥ হইল সুদরশন, বহুদিন দিনান্তরে ॥ * ॥ য়াবতছিলে অন্তরে, থাকি অন্তর অন্তরে, তুমিতব অগোচরে, ভ্রমিতে মমঅন্তরে ॥ ১ ॥ হবেগোচর নয়ন, হইলেরে প্রাণধন, আছেহৃদি সিংহাসন, অপূর্ব্ব তোমারতরে ॥ ২ ॥ তাহেবসি প্রিয়জন, করসখ উদ্দীপন, মরুক কুচক্রিজন, মনের বেদনা ভরে ॥ ৩ ॥

য়ায়য়াবে কুলতায়, ভয়কি আছে আমার ॥ ধ্রুং ॥ য়খন পেয়েছি প্রাণ, দরশন হে তোমার ॥ * ॥ সবেবলে কলঙ্কিনী, কুলচাঁদের হরিণী, আমি কিন্তু মনেজানি, কলঙ্ক সে অলঙ্কার ॥ অথবা, কলঙ্ক গলারহার ॥ ১ ॥ লোকে কয় গেলকুল, মূলেতে হলো নির্ম্মূল, আমিভাবি এলো কুল, ছিল অকুল পাথার ॥ ২ ॥

তবদুঃখে মরিপ্রাণ, বুঝে য়দি নাবুঝিবে ॥ ধ্রুং ॥ কেমনে জানাব তবে, জেনে য়দি না জানিবে ॥ * ॥ দংশিল বিরহনাগে, উচিত না ছিল আগে, মজাইতে প্রেমরাগে, মজে য়দি না মজিবে ॥ ১ ॥ পিরিতের একিরিত, অবিরত বিপরীত, ভলাত্যা নহে বিহিত, ভূলেয়দি নাভূলিবে ॥ ২ ॥ এদুঃখ হইতেআর, অব্যাহতি কি আমার, কিরূপে পাইব পার, অথবা, কিরূপে পাব নিস্তার, শুনে য়দি না শুনিবে ॥ ৩ ॥

নারির বদন চাঁদে, লোকেবলে একেআর ॥ ধ্রু° ॥ না জানে বধিতে নরে, বিধির ফাঁদবিস্তার ॥ * ॥ কেশজাল জালপ্রায, নযনকণা তাহায, কাকপক্ষ শোভাপায, আ- কর্ষণে গুণতার ॥ ১ ॥ বা, গুণ সমান তাহার ॥ ১ ॥ ভা- বেতে ভাববুঝিবে, যদিসে কণাহেরিবে, লোভেতে জালে পড়িবে, নিযাদ অনঙ্গ য়ার ॥ ২ ॥ সেজালে পড়িলে তবে, কদাচ নামুক্তহবে, মোহিত পিঞ্জরেরবে, ম্নাবত প্রাণ তোমার ॥ ৩ ॥

আমারে হেরিতে তব, কেন বিরস বযান ॥ ধ° ॥ বল হ কারণ তার, বুঝিব কিবা সন্ধান ॥ ১ ॥ অনুমানে জ্ঞান করি, নযেছ যেমনঃহরি, পাছে দিতে ভযফিরি, তাই হেন ভাবপ্রাণ ॥ ১ ॥ অর্থাৎ চোরেরমনঃ, স্থিরনহে এক ক্ষণ, হেরিলে সেসাধুজন, অমনি য়েহয ম্লান ॥ ২ ॥ হকু মমপ্রিযজন, মনকিবা অতিধন, তুমিচাহিলে জীবন, অ- নাযাসে করিদান ॥ ৩ ॥

মানেতে মজিতেভয, রহিবে কি নারহিবে ॥ ধ্রু° ॥ সাধিতে সেয়থা কথা, কহিবে কিনাকহিবে ॥ * ॥ নারির হইলেমান, ব্যাকুল নরেরপ্রাণ, কিন্তু সে গুণ বিধান, বা, কিন্তু মম প্রিযজন, সহিবে কি না সহিবে ॥ ১ ॥ ইহা ভাবি ক্ষন্তহই, মাননা বাড়াইসই, কিজানি মনেরমত, হইবে কি নাহইবে ॥ বা, বহিবে কিনা বহিবে ॥ ২ ॥

এখনিসরস তব, হেরেছি বিধুবদন ।। ধ্রু।। তবেকিএমন হলো, বিরস তা কিকারণ ।। * ।। হাসিতে হাসিতে প্রাণ,পলকে পলকে মান, কহিতে কহিতে ধ্যান, একে আর প্রতিক্ষণ ।। ১।। দেখিতে দেখিতে হয়,শুনিতে সুনীত নয়,চাহিতে চাহিতে ভয়, জুড়াই হলে মরণ ।। ২ ।।

কুলের কলঙ্কভয়, তাহার নাহিক হয় ।। ধ্রু ।। প্রেম রসে য়ারমন, নিয়ত অবশরয় ।। * ।। চন্দন সহিত বাস, নিয়ত য়ারপ্রযাশ, ভুজঙ্গ সঙ্গতার, য়াতনাকারণ নয় ।। ১। রক্তসেবতী সুগন্ধ,জন্মায য়ারআনন্দ,কণ্টক দুঃখের হেতু, সেকিগো কখন কয় ।। ২ ।।

কোনলহয্যা কিরূপে, ভেদিলে কমলে ।। ধ্রু ।। সেজ্বালা বিষমজ্বালা, নাজায জলেতে জ্বলে ।। * ।। পিনোন্নত পযোধর, য়েনযুগ্ম শৃঙ্গবর, ভেদিল মনঅন্তর, নানাছলে কুতুহলে ।। ১ ।। অস্যোত্তরং ।।

য়েকথা কহিলে প্রাণ, কভুতা অন্যথানহে ।। ধ্রু ।। মমহৃদযেরধন, সমযে আমারেদহে ।। * ।। য়ত্নে কুচধরাধরে, রাখি অন্তর অন্তরে, তবু ভেদ্ করিউঠে, দুরন্ত শস্ত্রনারহে ।। ১ ।।

হ্যযছে আমার মন, তব শ্রীচরণ চোর ।।ধ্রু ।। লঙ্ঘি

যে মাযাপ্রাচীরে দিযে ভক্তিড়োর ॥ * ॥ ভাঙ্গিযে অ-জ্ঞানদ্বার, মহামোহ অন্ধকার, তরেছে চৈতন্যভাবে করিযে কঠোর ॥ ১ ॥ অতএব ধ্যরে চোরে, বাঁধিযে সৌ-ভাগ্যডোরে, রেখেমুক্তি কারাগারে, নিশিকর ভোর ॥ ২ ॥ প্রভাতে নিবাতে ক্ষুধা, দিযে মা কৈবল্য শুধা, তন্ময করাতে ক্যরো, চোরের বিখোর ॥ ৩ ॥

বিরহ য়াতনা সখি, য়ে পেযেছে সেজেনেছে ॥ ধ্রুং ॥ অন্যেকি জানিবে জ্বালা, য়েমজেছে সেবুঝেছে ॥ * ॥ পি-রিতি এমন নহে, অবশ্য বারেকদহে, অরসিকে কি জা-নিবে, য়েকরেছে সেডুবেছে ॥ ১ ॥ পিরিতের এইরীত, অবিরত অনুচিত, কিন্তু কি কৌতুক সুখ, য়েমরেছে সে বেঁচেছে ॥ ২ ॥

পিরিতে বিচ্ছেদ য়েন, ঘটে কথন কথন ॥ ধ্রুং ॥ না হইলে সমভাবে, উভযে কালয়াপন ॥ * ॥ য়েজানে পি-রিতিরিতি, সেজানেকি রীতিনীতি, মিলনের অচেতন, বিরহে করেচেতন ॥ ১ ॥ অধিকন্তু সুখসখি, বিরহে দুঃখ নিরখি, দুঃখ ভযে উভযেতে, উভযে সদা য়তন ॥ ২ ॥

য়েগুণে ভুলালেমন, সেগুণ কি গুণমণি ॥ ধ্রুং ॥ য়দ্য-পি শিক্ষাতে পার, আমিও হবতেমনি ॥ * ॥ নির্দ্দয দুঃশীলভয, সকলি করিবক্ষয, অন্যে অচৈতন্যময, ঘটাব

ভাবএমনি ॥ ১ ॥ অন্তরেতে নিরন্তর, দহিবেপ্রাণ অন্তর হেরিতে আঁখিকাতর, হবেদিবস রজনী ॥ ২ ॥

নয়ন সন্ধান তোর, চোরহয়ে সাধুধরে ॥ ধ্রু ॥ প্রকাশ নাহয়ে বলো, সংগোপনে কিনা করে ॥ * ॥ সদা সচঞ্চলময়, খঞ্জন গঞ্জনে রয়, সরল হইলেচোর, তারি ঘরে চুরিকরে ॥ ১ ॥

এতয়ে যন্ত্রনা দেহ, পাশরি হেরে বদন ॥ ধ্রু ॥ প্রযোজন নাথাকিলে, হতে কিহে প্রিয়জন ॥ * ॥ যথাদেখ হুতাশন, করয়ে গৃহদাহন, তবুতারে অনুক্ষণ, আনিকরিয়ে যতন ॥ ১ ॥ তেমতি তবলাঞ্ছন, ঘরেপরেরি গঞ্জন, ভাবিনয়ন অঞ্জন, কিজানি হয়কেমন ॥ ২ ॥

আসিতে নিষেধ কর, ব্যলেকিরে আসিবনা ॥ ধ্রু ॥ তুমিবাস নাহিবাস, আমিতো বাসি বাসনা ॥ * ॥ যথাপ্রিয়ে হুতাশন, দাহন করেভবন, কিন্তু পরে গৃহিজন, করেসে বহ্নিকামনা ॥ ১ ॥

আড়া ॥ কিবে অপরূপ রূপ, রমণীর রূপেহয় ॥ ধ্রু ॥ অধরে ধরে মধুর, হৃদয় গরলময় ॥ * ॥ একারণে সাধারণ, করে অধর চুম্বন, করে হৃদয়েঘাতন, কুচযুগ শিরে সয় ॥ ১ ॥

ডাকিলে আদর বাড়ে, নাডাকিলে অভিমান ॥ ধ্রুং ॥ কিরূপে এদুঃখ সখি, হবেবল সমাধান ॥ * ॥ জানতোসে নিদর্শন, দাযেকুষ্মাণ্ড য়েমন, উৰ্দ্ধেঅধে বিদারণ, তেমতি আমারপ্রাণ ॥ ১ ॥ আরোশঙ্খের করাত, বিদারযে গতাযাত, সমান উত্তাপবাত, একি অবিধি বিধান ॥ ২ ॥

শিখরে সম্ভবেলতা, সবেকয মিথ্যানয ॥ ধ্রুং ॥ রমনীর রূপে কিবা, তারবিপরীত হয ॥ * ॥ অঙ্গস্বর্ণলতা প্রায, সুবর্ণ বিবর্ণতায, কুচযুগ গিরিহায, ব্যক্তরয কি নারয ॥ ১ ॥

বিরহ য়াতনা সখি, আগে কেজানে এমন ॥ ধ্রুং ॥ কোনমতে নাহিসুখ, কিশযন কিস্বপন ॥ * ॥ মহীতে মোহিতেথাকি, তবুপ্রাণ ব্যলেডাকি, নাথাকি কভুএকাকি, হৃদেদেখি সেবদন ॥ ১ ॥ য়েদিকে য়খনচাই, সেরূপ দেখিতেপাই, ধরিতে নিকটেনাই, অমণি হই অচেতন ॥ ২ ॥ সেই শশিরবর্ত্তমান, সেইদীপ সমস্থান, সেইরবি বিদ্যমান, অথচ তমভুবন ॥ ৩ ॥

তোমার বদনশশি, ক্ষণঅবলোকন ॥ ধ্রু ॥ নাকরি অমনিথাকি, সেতো সুখের কারণ ॥ * ॥ কৃচিতেহয দরশন, চাকতে মাত্র মিলন, তাহে সঙ্কোচিতমনঃ, হেরিতব অনুক্ষণ ॥ ১ ॥ নাহেরিলে সুখোদয, আশার আশায়ে

রূয, হেরিতে বিচ্ছেদময, তাহতে ভালমরণ ॥ ২ ॥ আ-
শামাত্র প্রাণধন, আশা নহে নিবারণ, বিন্দুজীবনে কখ-
ন, তৃষা কিহয বারণ ॥ ৩ ॥

মনয়্যারে ভালবাসে, কিকরে তাহারদোষে ॥ ধ্রু০ ॥
সেকরিলে অভিরোষ, সন্তোষ বাসি সেরোষে ॥ * ॥ নয
ন অন্তরেরয, অন্তরে উদযহয, উদযে বিচ্ছেদভয, বি-
চ্ছেদে মরি আক্রোশে ॥ ১ ॥ মনেহয কেনকরি, এদুঃখে
কিরূপেতরি, নাঘটে এমনয়দি, থাকি আগে দোষে
তোষে ॥ ২ ॥

পুরুষ সন্ধান হেতু, তব কটাক্ষ ঈক্ষণ ॥ ধ্রু০ ॥ সুয়ুক্তি
বটেতোতাহা, নহে অয়ুক্তি কখন ॥ * ॥ সঙ্ক্ষেপে মধুর
ভাব, বিস্তারে তার অভাব; নিদর্শন কুলবধূ, আরকুলটা
য়েমন ॥ ১ ॥ কুলবধূকুলেরয, সদত গোচরনয, দেখিতে
মানসহয, কুলটানহে তেমন ॥ ২ ॥ জগতের এই ইষ্ট,
সমান্য য়া তাইমিষ্ট, ক্ষুধাযে তৃষাযে য়থা, স্বল্প ওদন
জীবন ॥ ৩ ॥

ঝিঝিট গারারাগেণ ॥ ধিম্যাতেতালা
তালেনগীযতে ॥

ধিরে ধিরে য়ায কেগো, হাসিতে হাসিতে ॥ ধ্রু০ ॥
নযন মগন প্রায, ভাবিতে ভাবিতে ॥ * ॥ ওরূপসাগর

প্রায, হাসিতরঙ্গ তাহায, মম আঁখি ভূলেয়ায, চাহি-তে চাহিতে ॥ ১ ॥ সম্পত্তি তরঙ্গ ঘোরে, বাঁধিলে প্রবোধডোরে, প্রাণান্ত হইবেকুলে, আসিতে আসিতে ॥ ২ ॥ তবেকুল লাভহয, অনুকূল বাযুবয, তরঙ্গব্যাকূলময, না শিতে নাশিতে ॥ ৩ ॥

প্রাণতুমি ভাবিলেনা, আমার ভাবনা ॥ ধ্রু ॥ ঐ-তাপেমরিআমি, জেনেতা জাননা ॥ * ॥ ভালবাস কিনাবাস, করিনে তাহারআশ, দুঃখেকর উপহাস, এঅতি যন্ত্রনা ॥ ১ ॥ লোকেকয আমিসুখী, কিন্তু মনসমদুঃখি, নাদেখি শুধাংশুমুখি, বুঝে তাবুঝনা ॥ ২ ॥ সবেবলে ভালবাস, সুধাইলে সুধুইহাস, বাসকিম্বা নাহিবাস, ভেঙ্গে তাবলনা ॥ ৩ ॥

মনেরমানসপূর্ণ, হযকিনাহয ॥ ধ্রু ॥ এতাপে জীবন সখি, রযকি নারয ॥ * ॥ মনেমান জন্মেযত, প্র-কাশনা করিতত, এইভয অবিরত, সযকিনাসয ॥ ১ ॥ কভুমান করিতারে, বা, কভুমানেমজিতারে, ভেবেমরি সে আমারে, সাধিতে উচিতকথা, কযকিনাকয ॥ ২ ॥

টোড়রাগিণ্যা ॥
মধ্যমান তালেন গীযতা ॥

আরবুঝে দেখমনঃ, সকলিপ্রবঞ্চ ॥ ধ্রু ॥ য়েনাবুঝে

ধিক্‌ধিক্‌ধিক্‌তঞ্চত্তঞ্চ ॥ * ॥ কারণের কার্য্যসব, অনিত্য বিশ্ববৈভব, মহাশূন্য আবির্ভাবে, শূন্য আদিপঞ্চ ॥ ১ ॥ ক্ষিতি অপতেজবায়, ব্যোমাদি ভূতের আয়ু, য়িনিনিত্য নিরঞ্জন, তাঁরিভাবেবঞ্চ ॥ * ॥ এয়ুক্তি বিশ্বাসকর, মম উপদেশধর, অয়ুক্তবঝহস্মর, শ্রুত্যাদিবরঞ্চ ॥ ২ ॥

অরে অবোধমন, ভ্রমকেন অকারণ ॥ ধ্রু ॥ চিন্ত-অচিন্ত চিন্ময, অদ্বিতীয় নিরঞ্জন ॥ * ॥ ফুরালো অজপা-হংস, য়িনিসোহংকারোঅংশ, য়দিহবেপরমহংস, তাঁ-রেকর নিরূপন ॥ ১ ॥ মাযাপাশ পরিহরি, বাহেন্দ্রীয রোধ করি, একনাদ ব্যোমপরি, হতেছে বিনাকারণ ॥ * ॥ সেশব্দ অপূর্ব্বধ্বনি, য়াহারে প্রণবগণি, চিন্তিলে তুমি-অমনি, হবেওঁকারে মীলন ॥ ২ ॥

কেমনে ডাকিব তোরে, মা, সদা শিব সিমন্তিনী ॥ ধ্রু ॥ ওঁকারা কারিনী ॥ * ॥ সে শক্তি প্রশক্তিনাশ, কণ্ঠেতবমাযাফাশ, অনর্থ নাদার্থ আশ, ত্রিগুণা রজ্জুরূপি-নী ॥ ১ ॥ নিজগুণে করত্রান, দেহিমেজ্ঞানকৃপান, ছেদ-নার্থ সুবিধান, বন্ধন তবেতারিনী ॥ ২ ॥ নতুবা নাহি নি-স্তার, বারবার এইবার, জানিব কৃততোমার, দযা-জগত জননী ॥ ৩ ॥

কেমনে তরিব ভবে, মা, মহেশ মন মোহিনী ॥ ধ্রু ॥

ত্রিতাপনাশিনী ।। * ।। নাহি ভক্তিশ্রদ্ধালেশ, আছেমাত্র দ্বেষা দ্বেষ, সদাসংসারে নিবেশ, করযেমাযামন্ত্রিনী ।। ১ ।। তবচিন্তা প্রতিমতি, উপাযদেখি সংপ্রতি, কিন্তু বিষম মমপ্রতি, শুন শিব সিমন্তিনী ।। ২ ।। ত্রিদেবের যোগা গম্যা.কিসেহবে ধ্যানরম্যা,শিরো নাস্তিশিরঃপীড়া ঘটে কিবুক্ষ রূপিনী ।। ৩ ।।

প্রপঞ্চজগদাধারে, মাঁ, ভূতপঞ্চ স্বরূপিনী ।। ধুং ।। বৃহ্মাণ্ডব্যাপিনী ।। * ।। তুমিশূক্ষ্ম তুমিস্থূল, ত্বংহি ত্রিলোকের মুল, দুর্ব্বোধ বুদ্ধিরভুল, পরমানু প্রসবিনী ।। ১ ।। তুমিগো যোডশীকাযা, অথচত্রিলোকজাযা, কেজানে মাযার মাযা,ত্রিদেব ধ্যান ধ্যাযিনী ।। ২ ।। তুমিবিশ্ব প্রকাশিনী, অথচ বিশ্ব রূপিনী, জীবরূপা সঞ্চারিনী, নজীব ধ্যান ধারিনী ।। ৩ ।।

আঁড়াতেতালা ! হেরিতেওরূপসাধে,কতনাসাধিয়তন ।। ধুং ।। যেভাব ভঙ্গিমাহ্রদে, গ্রহণকরেদর্পণ ।। * ।। কিবাঅপরূপ, রূপ রসকূপ, আমরি হেরিযেতাপ, শযন স্বপন ।। ১ ।। সদাসাধমনে, সাধিব কেমনে, বিধি অনুকূল বিনে, গুণনিধি প্রিযজন ।। ২ ।।

শ্রীপদ সম্পদেকর, এবিপদেপার ।। ধুং ।। তুমিহরি ভবতরি বারেকর্ণধার ।।*।। তাপপাপ পরিহরি,ত্রানকরি

রাখহরি, তোমাবিনে কেকরিবে, দুস্তারে নিস্তার ।। ১ ।। সঙ্কটে মধুসূদন, নামক্যরেছধারণ, তাইবলি রাখরাখ, দুর্গমেএবার ।। * ।। নতুবা কলঙ্করবে, নিদয় সকলেকবে, বিপদ ভঞ্জননাম, নানইবেআর ।। ২ ।।

করভবপারাপার ।। ধ্রুং ।। তোমাবিনে কালভযে কেকরেনিস্তার ।। * ।। জঠর যন্ত্রনাসযে, অসারসংসারে রযে, ভোগিতেছি মাযামোহ, কামঅহংকার ।। ১ ।। ভজনপূজন ক্ষীণ, মনন চিন্তনহীন, ভরসা চরণমাত্র, ভবানী তোমার ।। * ।। যোগাতীত যোগিগণ, শুধাংশু পাংশুচরণ, অন্তকালে অন্তেরেখো,কামনাআমার ।। ২ ।।

দেশকার রাগিনী ।। মধ্যমান ।।

কেনকেনহেরিঅরেপ্রাণ, বিরসবদন ।। ধ্রুং ।। হযেছেকি অপরাধ, বলপ্রাণধন ।। * ।। তুমিপ্রাণ আমিদেহ, তোমাবিনে নাহিকেহ, শযনে স্বপনে হেরি,তবচন্দ্রানন ।।১।। নাহিজানি তোমাবিনে, ব্যধোনা নিজঅধিনে, তবঅয়তনহতে, কুশল মরণ ।। ২ ।।

নবীন নীরদ শ্যামে, নিযত হেরিতেমনঃ ।। ধ্রুং ।। যাযযাবে কুলনাহি, যাবশমন ভবন ।। * ।। আহাঃকিরূপেরছটা, যেন সজলদ ঘটা, পীতবাস চপলায, শোভিত বিশ্বভুবন ।। ১ ।।

যেভাবে ভুলালে ভাবে, সে ভাবে কোথা লুকালে ॥ ধুং ॥ এখন কেমন হেরি, সেমন কেন হারালে ॥ * ॥ যবেনব প্রেমধ্যান, তখন নাছিল জ্ঞান, সাধের যতনধন, হারাইব কোনকালে ॥ ১ ॥ মমপ্রেমফুলবনে, বিচ্ছেদ ভুজঙ্গগণে, দংশিল সাধের হৃদে, মজিলি বিষাদ কালে ॥ ২ ॥ আর কত বারেবারে, প্রেমঋণ শুধিবারে, অবলা ছলিবেছলে, ভাল ভাবনা ভাবালে ॥ ৩ ॥

মানেমজি অপমান, করিবেকি প্রাণপ্রিযে ॥ ধুং ॥ অরুণ উদযহেরি, নযনেতে কিলাগিযে ॥*॥ এভাবকি ভাবতব, কিঞ্চিত নহে সম্ভব, হেরিভাব অসম্ভব, নাপাই ভাবেভাবিযে ॥ ১ ॥

দেশমল্লার রাগ ॥ আড়ারঠেকা ॥

কিসুখ বরিষা কালে ॥ ধুং ॥ গগণে গরজেঘন ঘোরঘন জালে ॥ * ॥ বিভাবন উদ্দীপন উদ্দীপণহেতু, গিরিপরে শিখিনাদ, হেরেমেঘমালে ॥ ১ ॥ সরসবরষা ভাল সংযোগি জনার, বিযোগি হেরিযে ভাবে, কালান্ত করালে ॥ ২ ॥

সঘণে গরজেঘন, ঘণ বরিষণে ॥ ধুং ॥ ঘোরতর পযোধর, শোভিত তড়িতসনে ॥ * ॥ ভেকমকমকরব, নত্যতিশিখিনীসব, পাযাা মনমতধন, প্রাণপ্রিয প্রিযজনে

॥ ১ ॥ বিমোহিত চাতকিনী, পাযযারস কাদম্বিনী, আমি অভাগি দুঃখিনী, হারা অমূল্যরতনে ॥ *॥ ঝরঝর বাযুবহে, কিরূপে বিরহিরহে, কান্তকি কৃতান্ত শান্ত, আজুকরুক এক্ষনে ॥ ২ ॥

সইঃ, ॥ কবে আসিবে, প্রাণ প্রিযজন ॥ ধ্রুং ॥ উদিত বরষা ঋতু, দুঃখিত জীবন ॥ * ॥ ঘনঘনরূপেঘন, করে বরিষণঘন, মালতী মারুত মন্দ য়েনহুতাশন ॥ ১ ॥ চাতকেরপিউরবে, জীবন কেমনেরবে, তাহে দ্বিগুণ জ্বালে, শিখির নর্ত্তন ॥ ২ ॥

চল চল চল সখি, হেরিগে চিকন কালা ॥ ধ্রুং ॥ বনফুলে সাজাইব, সাজেতারে বনমালা ॥ * ॥ মুরালি মুরলিয়ন্ত্রে, ডাকিছে মোহন মন্ত্রে, কিকরে কুলের তন্ত্রে, অন্তরে বাড়িল জ্বালা ॥ ১॥ কুলভয কেচাহিবে, কাল ভয নারহিবে, আশুপ্রাণ য়ুড়াইবে, সাজ সব ব্রজবালা ॥ ২ ॥

দেশী রাগিনী ॥ আড়াতেতালা ॥

প্রেমসাধে সুসাধে হে, বিসাধে সাধিলে ॥ ধ্রুং ॥ আপন মনঃ য়েমন, তেমনি মানিলে ॥ * ॥ প্রেমঅনুরাগে, বিরাগি কি রাগে, অনুরাগি রাগভাগে, সুরাগে ভুলিলে ॥ ১ ॥ আমিজানি মাণে, রাখিবে সমানে, না-

শিযে মানগুমানে, কিমানে রাখিলে ॥ ২ ॥ মহৎপ্রেম ক্রমি, তাই ভুমে ভুমি, মিছাশ্রমে করিশ্রমি, ক্রমেসে নাশিলে ॥ ৩ ॥ পিরীতি কিরীতি, য়েজানে সেরীতি, বাসে য়তনেতে অতি, বাসেনা মরিলে ॥ ৪ ॥

কালীবলে কালে য়দি, হয়তোমরণ ॥ ধ্রুং ॥ পাই-বে অমূল্যধাম, এড়াবে শমন ॥ * ॥ এমনি করুণামায়, য়েভাবে ভাবনাতাঁর, কিসের ভাবনা আর, ভাবা অকারণ ॥ ১ ॥

কিহবে কাতরহলে, সে কভূ কাতরনহে ॥ ধ্রুং ॥ য়দ্যপি কাতর হতো, তবে কি বিরহেদহে ॥ * ॥ সদা দুঃখ তাপেমরি, তাতে ক্ষেদ নাহিকরি, সেয়েন সন্তাপ বিনে, শতত কৌতুকে রহে ॥ ১ ॥ প্রমদায প্রমদায, দুঃখেয়দি প্রাণজায, হকুসে থাকুক সুখে, অধিনীরে সব সহে ॥ ২ ॥

দেশীটোড়ি রাগিনী ॥ জলদতেতালা ॥

কিহেরিলেম্ সরোবরে, পুনঃ কিহেরিবসই ॥ ধ্রুং ॥ শশিকি ভূতলে খশি, নখে মিশাইযে অই ॥ * ॥ মরি কিলাবণ্য বর্ণ, সুবর্ণ য়িনি সুবর্ণ, সুবর্ণবর্ণ বর্ণিতে, সেবর্ণে উপমাকই ॥ ১ ॥ হৃদয পর্য্যঙ্কেরাখি, চন্দন চর্চ্চিতে মাখি, সাধে শুধু করিসাধ, শুধুতে বিষাধেরই ॥ ২ ॥

নয়ন বিহীনজনে, প্রদানে দিব্যনয়নে, য়াতনা হীনে য়তনে, সুসাধে বঞ্চিতে কই ॥ ৩ ॥ ওমুখ কমল শোভে, অলিমত্ত মধুলোভে, বিনেতা মনের ক্ষোভে, আমিয়েন আমিনই ॥ ৪ ॥

বিরহে বিরহে সুখ, ব্যলে কত জানাইব ॥ ধ্রুং ॥ নয়নেহেরিতেম্ য়ারে, হৃদয়ে তারে পাইব ॥ * ॥ পি-রীতি সুখেরহলে, প্রতিক্ষণে প্রাণব্যলে, কেন ভাষি আঁখি জলে, বাসনা প্রাণ ত্যজিব ॥ ১ ॥ শুনকই প্রাণসই, সুখিবই দুঃখিনই, প্রেমের অধিক সুখ, বিচ্ছেদেতে মিলাইব ॥ ২ ॥

উত্তর ॥ কিব্যলে কিব্যলে বল, ভূলেরবে সেবদন ॥ ধ্রুং ॥ তিলেকে তিলেকেয়ারে, নাহেরে ঝোরে নয়ন ॥ * ॥ বিরহেবিরহব্যলে, রাগে অনুরাগী হলে, তবেকেন তারলাগি, করিতে অতিচিন্তন ॥ ১ ॥ নাহেরে প্রলয় য়ারে, তারেকে ত্যজিতেপারে, রেখে অন্তরের অন্তরে, কিরূপেরবে জীবন ॥ ২ ॥

ধনাশ্রী রাগিনী ॥ আড়া ॥

ভালবাসনা হিরাস, মরিগাত্র এইক্ষেদে ॥ ধ্রুং ॥ আমিভাবি প্রেমরাখি, তুমিহে ভাববিচ্ছেদে ॥ * ॥ ভাল ব্যলে ভালবেসে, এইহল অবশেষে, সুয়তনে অয়তন, কেন

প্রভেদ অভেদে ।। ১ ।। তুমিপ্রাণ তুমিজ্ঞান, অদর্শনে তুমিধ্যান, তবেকেন অবিধান, সাধ প্রেম পরিচ্ছেদে ।।২।।

প্রাণধন তবমান, সুধাংশু গ্রহণ সম ।। ধ্রুং ।। ভাবিলে উভয় ভাব সমভাব, নহে ভাবতরতম ।। * ।। গ্রহণে শশি যেমন, মানেও মুখ তেমন, উভযে মলিনভাবে, চকোরিণী অখি, নীর করযে বিষম ।। ১ ।। গ্রহণান্তেচকোরণী, মানান্তে তবঅধিনী, বদনপীয়ূষ পানে, কিসুখি কৌতুকী, কহিবারে নিরুপম ।। ২ ।।

কেমনএমভ্রান্তমন, সুখে শ্যামারে ভাবনা ।। ধ্রুং ।। কালগতে কালেলবে, দিযে কালের যন্ত্রনা ।। * ।। যখন হইবেলব্ধ, আল্যোকাল এইশব্দ, কলত্রাদিরবেস্তব্ধ, তবে কিহবে বলনা ।। ১ ।। রসনার বাসনার, অনুসার উপহার, দেওকিন্তু চমৎকার, তার আস্বাদ লহনা ।। ২ ।। কালেহেরে অবাক্হবে, অন্তরে আক্ষেপকবে, যেমন চুরির পরে সাবধান বিবেচনা ।। ৩ ।।

নট অনুরাগ ।। আড়াতেতালা ।।

কহিতেউচিতছিল, প্রথমমিলনে ।। ধ্রুং ।। অবলা অলাবে প্রাণ, যদিএতভয়তনে ।। আগেছিলে মন্মরশ, ইবেসেরসে বিরস, অন্তরেতে নিরন্তর, ভাবনব চন্দ্রাননে ।। ১ ।। প্রথম মিলনেকৃত, বালেছিলে বিধিমত,

এখনসেসবভাব, রহিল মনেগোপনে ॥ * ॥ য়বেনূতন মিলন, কতকথাপ্রাণধন, রাখিবে চিরয়তনে, সেআশা রহিলমনে ॥ ২ ॥

দিনান্তে গেলে শ্রীকান্ত, নিশান্তেআইলে ॥ ধু ॥ রমনিমোহনরূপ, কোথাযপাইলে ॥ * ॥ কেসাজালে হেন বেশ, বলনাহে হৃষীকেশ, অপরূপ রূপশেষ, কিরূপে-সাজিলে ॥ ১ ॥

প্রিয়সখি প্রাণনাথে, এইকথাব্যলোব্যলো ॥ ধু ॥ তবআশাবলম্বনে, আশ্রিত ম্যলোম্যলো ॥ * ॥ এ-কোন বিধান প্রান, চাতকের ঘণধ্যাণ, চাতকেনা চাযঘণ, ভালভাল হ্লোহ্লো ॥ ১ ॥ য়েজন য়াহারগতি, সেকি দুঃখ দেয অতি, পতিকি সতীরেবলে, দুঃখতাপে জ্বলো-জ্বলো ॥ ২ ॥

পটমুঞ্জরী রাগিনী ॥ আড়া ॥

দুর্গে দুর্গতি করনাশ ॥ ধু ॥ জানিলাম মহামন্ত্রেঃ কাটে কালফাঁশ ॥ * ॥ য়েলয শ্রীদুর্গানাম, সিদ্ধতারমন-স্কাম, করস্থ কৈবল্যধাম, বৈকুণ্ঠ নিবাস ॥ ১ ॥ শুনি-বেদাগমেকয, দুর্গানামে দুঃখচয, নিশ্চয হযতোক্ষয, এই-ভরসায ॥ * ॥ য়দি নাম মহিমায, এঅধীনত্রাণপায, অশেষ বিশেষেতায, মহিমা প্রকাশ ॥ ২ ॥

পরজ রাগিনী ॥ জলদতেতালা ॥

কহিব মনেরি কথা, বিরলে স্থান না পাই ॥ ধ্রু০ ॥ যদি বা মিলযে স্থান, মিলন সমযনাই ॥ * ॥ বহু সাধন সাধিলে, কিঞ্চিত সমযমিলে, কিন্তু তব আসাআশে, আশাপথ সদাচাই ॥ ১ ॥ যদিহয তবআসা, তথাপি না পূরেআশা, ভাবান্তরে মতান্তর, কথান্তরে মরেযাই ॥ * ॥ তিলেক ত্যজিলেমনঃ, দহেদুঃখ হুতাশন, কিভাবে ভাব এভাবে, দিবেনিশি ভাবিতাই ॥ ২ ॥

নযন সতত চাহে, হেরিতে বদনে ॥ ধ্রু০ ॥ হৃদয বাসনাকরে, হৃদযে অর্পনে ॥ * ॥ প্রাণচাহে আলাপন, দেহচাহে আলিঙ্গন, শ্রবণ চাহে শ্রবণ, মধুর বচনে ॥ ১ ॥

পিরিতে বিচ্ছেদ যেন, হয কখন কখন ॥ ধ্রু০ ॥ নাহলে বিরহ জ্বালা, নহে প্রেম উদ্দীপন ॥ * ॥ বিচ্ছেদের রীতি এই, যেকরে জানেতো সেই, উভযে উভয ভযে, উভয প্রেমে বন্ধন ॥ ১ ॥

ঘুচিলে স্বর্গের কাম, উপাস্য জানিবে তবে ॥ ধ্রু০ ॥ কাটহ কর্ম্মের পাশ, মিছে ভ্রমে ভ্রমসবে ॥ * ॥ যেহয ত্রিগুণাতীত, তারে কর গুণান্বিত, সমাধি রহিতে ভ্রান্ত, উপাধি কেমনে কবে ॥ ১ ॥ নেত্রশ্রোত্র পাদপানি, বিহী-

ন বেদের বাণী, আবাহন বিসর্জ্জন, কিরূপে তার সম্ভবে ॥ * ॥ কবেকে দেখেছেরূপ, কবেরূপ অনুরূপ, আদর্শ বিনেস্বরূপ, কল্পনা কেমনে হবে ॥ ২ ॥

ঘচাও মনের ভ্রান্তি, কেনমজ দ্বৈধভরে ॥ ধ্রু ॥ যাবত নাহবেশুদ্ধ, তাবত কে ত্রাণকরে ॥ * ॥ কভু ব্রহ্মজ্ঞানিক ও, অদ্বৈত ভাবেরও, কভু দ্বৈতবাদিহও, কভুদ্বৈতাদ্বৈতাচরে ॥ ১ ॥ কভুগণ পতিভক্ত, কভূশক্তি অনুরক্ত, কভু বিষ্ণুভাবেশক্ত, কভুভানু কভুহরে ॥ * ॥ এরূপেকি পাবে ত্রান, পাঁচেকরি সমজ্ঞান; তদগদে সাধধ্যান, তরিবে ভবেরজ্বরে ॥ ২ ॥ নিদর্শন দেখতার, পুণ্যহেতু বারবার যাহগঙ্গাস্থানে ভাব, শঙ্কল্পে ফলসঞ্চরে ॥ * ॥ কিন্তু স্পর্শে মুক্তিহয, সত্যং সত্য বেদেকয, দশজন্মকৃত পাপ, ক্ষযকাম কিবলঅরে ॥ ৩ ॥

বিনতি বচনতায, সই, কহিলেকিহবে ॥ ধ্রু ॥ জেনাজানে প্রেমরস, কেম বশেরবে ॥ * ॥ প্রফুল্লনিষাদমন, বধিতে বিহঙ্গগণ, তারকি স্নেহকথন, বনপ্রিয প্রিযরবে ॥ ১ ॥ রমনিঘাতক বঁধু, মুখেবটে মাখামধু, বচনে তাপিতা বিধু, হেনকথাকেবাকবে ॥ * ॥ সেনহে কার্য্য কারণ, যেন ভুজঙ্গবদন, ক্ষীরপানে প্রতিক্ষণ, গরলরাশি সম্ভবে ॥ ২ ॥

পূরবী রাগিণী ।। হরিতাল ।।

আজু কেন হেরিতব প্রাণ, প্রেমের বাসনা ।। ধ্রু° ।। যাহ যেছে ফুরায্যাছে, আরকি হবে বলনা ।।*।। মূলেতে আঘাত করি, সিঞ্চহ শির উপরি, কিবাভাব আহামরি, যেন কিছুই জাননা ।। ।।ইবে প্রেম কথাহয, সুখের কারণ নয, কেবল গর লময, উপজে ভাবে ভাবনা ।।*।। যথাবালক বদন, উষ্ণদুগ্ধে তে দাহন, হইলে ফুত্‌কার তার, দধিতে ঘটে জাননা ।।২।।

আড়ারঠেক্কা ।। চিন্তদুরারাধ্য, চিন্তামণি অনিবার ।। ধ্রু° ।। কেনমিছা যাতাযাত, কর বারবার ।। * ।। সদা-চিন্ত্য অচিন্ময, অদ্বিতীয নিরাশ্রয, নেত্রশ্রোত্র পাদপাণি, নাহিক যাহার ।। ১ ।।

কিকায় তোমার আর, অধিনী সমীপেপ্রাণ ।। ধ্রু° ।। সেজন আপন যারে, করিযাছ মনদান ।। * ।। যাহ বঁধু যাহতথা, সুখলাভ হবে যথা, আমারে সহিবেসব, দুঃসহ বিরহবাণ ।। ১ ।। তাহার কারণ শুন, নানাগুণে যে নিপুণ, কিঞ্চিত তার অগুণ, নহে কিগুণ বিধান ।। * ।। তবদত্ত যতদুঃখ; আমার সম্বন্ধে সুখ, হেরিতে ও চাঁদ-মুখ, অতিসুখের সন্ধান ।। ২ ।।

পুরিযা রাগিণী ।। মধ্যমান্ ।।

পরের পরাণ প্রাণ, আমার হবে কেমনে ।। ধ্রু° ।। কথন

আপন নহ, ইহাকি ভাবনামনে ॥ * ॥ এদুঃখে নহিহে দুঃখি, বরঞ্চ অধিক সুখি, এইমম আকিঞ্চন, তোমারে রাখি য়তনে ॥ ১ ॥ হেরিলে হরিষচিত্ত, না হেরিলে বিসাদীত, সদত হৃদযান্বিত, কেনাব সে হেনজনে ॥ ২ ॥

বিহঙ্গ ব্যাকুল অঙ্গে, পিঞ্জরে য়েন সঞ্চরে ॥ ধ্রুং ॥ কারে বা কহিব দুঃখ, বুঝিবে কিবা অপরে ॥ * ॥ ভাবিতে তাহার ভাব, করিকত অনুভাব, কিভাবে এভাবে ভূলে, নাভাবে অধিনী তরে ॥ ১ ॥ ধিক ধিক বিধাতারে জীবন সপেছিয়ারে, সেকেন সদাআমারে, রাখে অন্তর অন্তরে ॥ ২ ॥ শ্যাঃ, রীঃ

পুরিযা ধনাশ্রী রাগিনী ॥ আড়াতেতালা ॥

প্রেমপরিচ্ছেদে কেবা, এমন দহনে দহে ॥ ধ্রুং ॥ অবলা অরলা বালা, কত অনুচিত সহে ॥ * ॥ য়েবেনব ভালবাসা, তবেছিল অতিআশা, রবে ভাব একভাবে, স্বভাবে অভাবনহে ॥ ১ ॥ মনে করি পাশরিব, ম্যলে মনে নাহেরিব, নাহেরে হারাই চিত্ত, তনুকি বিরহে রহে ॥ * ॥ সদাশোকহুতাশনে, বঞ্চিত তাপিত মনে, এভাবে নাভেবে জানে, ধৈরজ ধরিতে কহে ॥ ২ ॥ শ্যাঃ, রীঃ

বসন্ত রাগিণী ॥ আড়া ॥

উদিতে পিরিতি ষশ, মমহৃদয় আকাশে ॥ ধ্রুং ॥

মীলন চপলাসখি ঘণ শোভন কারণ, কিবা সঘণে প্রকাশে ॥ * ॥ আলাপন সম্ভাষণ, বারিধারা বরিষণ, সুখরস সন্দীপন ॥*॥ লোকের গঞ্জনা ঝঞ্চা বায়ুসমভাব তায়, দহয়ে দুঃখহুতাশে ॥ ১॥ নিদানে হত বিধান, বিচ্ছেদ বজ্রসমান, বিবিধ শোক নিধান ॥ * ॥ আঘাতে আহ্লাদগিরি নিপাত হইলতায়, আশা চাতক বিনাশে ॥ ২ ॥

মুখেতে সুধার ধারা, হৃদেবিষ ইকিধারা ॥ ধ্রুং ॥ নহেতো সুখকারণ, কেবল জীবনে সারা ॥ * ॥ বচনে পীয়ূষদান, মননে বিষ নিদান, এই কি প্রেম বিধান, বধিবে আশ্রিত য়ারা ॥ ১ ॥ শ্যাঃ,রীঃ

উহুস্বরে কুহুধ্বনি, অমনিধনি সিহরে ণা ধ্রুং ॥ কোথা নাথ উহুরবে, কোকিল গল্লে কুহুরে ॥* ॥ বিরহিনীহেরিচাঁদে, বিরলে বিনায়ে কাঁদে, নখছাঁদেকরচাঁদ. বিরাজে করনখরে ॥ ১ ॥ বল্লভ পল্লবচাঁদে, অন্তরে ত্যজিতেবাদে, আভরণ ঝনৎকার, ভ্রমর স্বরগুঞ্জরে ॥*॥ কিহইবে কি, করিব, উত্তান ভাবে চাকিব, তাহেকর তলেনব, পল্লবদল সঞ্চরে ॥ ২ ॥

পিরিতি মলয় গিরি, সমান গণন ॥ ধং ॥ লক্ষণাল ক্ষণে বুঝ নিরীক্ষণ করিসই, বিশেষ্যকে বিশেষণ ॥ * ॥

গিরিতে সুখমীলন, মলয়ে শোভেচন্দন, একই লক্ষণ ॥ * ॥ মীলনে বিরহভয় চন্দনে ভুজঙ্গ ময় সই, দহয়ে সদাজীবন ॥ ১ ॥

বসন্তী রাগিণী ॥ মধ্যমান্ ॥

এলোনাকি গুণমনি, মাধবে প্রাণান্তে ॥ ধ্রু ॥ দুরন্ত বসন্তে কেবা, রাখিবে সুশান্তে ॥ * ॥ বিষম মলয় বায়, কুসুমকুলমতায়, কোকিলে কুরবেবধে, বিনে প্রাণকান্তে ॥ ১ ॥ ভ্রমরার গুণ গুণ, গণিসমগুণাগুণ, শশিসুধাবিষসম, দহিছে একান্তে ॥ * ॥ প্রফুল্ল কমল কুল, মধুমত্ত অলিকুল, অভাগিনী নিরাকুল, দাহিছে নিতান্তে ॥ ২ ॥ শ্যাঃ,রীঃ

বিরহ তপণ তাপে, কেমন ছিলেরে প্রাণ ॥ ধ্রু ॥ আমি জুড়াতেম্ সদা, ধরি চন্দ্রাননধ্যান ॥ * ॥ মলিন মুখকমল, আরলাবন্য কমল, বিশেষে বল সকল, দেহ দেহে প্রাণদান ॥ ১ ॥ বিনাতব প্রাণ কি সে, নাশিব বি-চ্ছেদবিষে, ভাবনা ভাবিয়ে হতো, অবিরত হতজ্ঞান ॥ * ॥ আজ্ অনুকুলবিধি, দিলা মনমত নিধি, আরো না বিরহবিধি, ঘটে এই সাবধান ॥ ২ ॥

উত্তর ।

কেমন আছরেব্যলে, আমারে সুধাওনা ॥ ধ্রু ॥

অবলা প্রবোধিমিছে, য়াতনা বাড়াওনা ॥ * ॥ সুখি কিম্বা দুঃখি য়াহা, তুমিকি জাননা তাহা, ভেবেদেখ মনে মনে, বরঞ্চ জানাওনা ॥ ১ ॥ শ্যাঃ,রীঃ

বাগেশ্রী বা বাগেশ্বরী অনুরাগিনী।
মধ্যমান্ তালেন গীযতাং ॥

শিব শিরশি বাসিনী, সংসার কারণ ॥ কুরুভবভয নিবারণ। এমা সৈত্য পারন তরঙ্গে ॥ধ্রুং॥ ধরেছ অশিত লক্ষবার মমকায, আপন উদরে বিশ্বোদরী তবতায ॥ * ॥ য়ন্ত্রণা হইযা থাকেমুঞ্চসেয়াতন। নহেপুনঃ সুখেগর্ব্ভে করহ ধারণ ॥ ১ ॥

ক্যরোনা ক্যরোনা মন, অনিত্য সাধন ॥ ধ্রুং ॥ বৃথা যে কালয়াপন, কেনকর অকারণ ॥ * ॥ সত্ত্বরজ তমো গুণে রজ্জুস্বরূপিণী, মরিচিকাভাবে ভূলি ভাবিছ তারিণী, কিন্তু ব্রহ্মাবিষ্ণু ঈশ ত্রিগুণ হরণ। করিতে নির্গুণাজানি তারিণী এখন ॥ ১ ॥ ছিলয়ে পদারবিন্দ অমূল্যরতন, সম্প্রতি তাহাও হলো য়ক্ষরক্ষধন, পাগলশঙ্কর বক্ষেকরিয়ে ধারণ। ভক্তের হৃদয়ে কালী করিছে অর্পন ॥ ২ ॥

কর্ম্মপাশ কাট আগে,জানিবা তথন ॥ ধ্রুং ॥ কেমনে চিন্তিতে হবে, নিস্ত্রৈগুণ্য নিরঞ্জন ॥ * ॥ নির্গুণ নিষ্ক্রিয়ভাব য়াঁর অনুক্ষণ, গুণয়োগে কর্ম্মভোগে তাঁর

আরাধন, সেঅতি নিগূঢ় মর্ম্ম দুর্ল্লভ চিন্তন। য়েজানে সে-জানে অন্যে, বন্ধ্যার গর্ভবেদন ॥ ১ ॥

বিহরহর মহিষী, মহিষ মর্দ্দিনীবেশে ॥ ধ্রুং ॥ পতিত পামর জন, হৃদি পদ্মাসনদেশে ॥ * ॥ জটাজূট কেশ-জালে, অর্দ্ধেন্দু শোভিতভালে, সুচারু নয়নত্রয়, আস্য সুধাংশু বিদ্বেষে ॥ ১ ॥ নবয়ৌবন সম্পন্নাং, সুপ্রতিষ্ঠাং সুলোচনাং, অতশী কুসুমবর্ণা, নানালঙ্কার ভূষিতা ॥ * ॥ দন্তপাতি মনোহর, পীনোন্নত পয়োধর, দিক্‌বাহু নাল-বর, ত্রিভঙ্গ অঙ্গবিশেষে ॥ ২ ॥ করিতে দৈত্যসন্ধান, শূলশক্তি খরশাণ, খড়্গচক্র তীক্ষ্ণবান, সব্যে পঞ্চব্যক্ততঞ্চ ॥ * ॥ খট্টাঙ্গ পূর্ণচাপঞ্চ, পাশমঙ্কুশএবঞ্চ, ঘণ্টাম্বা পরু-শুগ্নাপি, অবসব্যে পঞ্চশেষে ॥ ৩ ॥ অধঃতে মহিষাকার, শিরঃচ্ছেদ মাত্রতার, খড়্গপাণী দৈত্যহেরি, শূলেহৃদি ভেদ করি ॥ * ॥ রক্তাক্তদানবকায, নাগপাশে বাঁধিতায, বামকরে ধরিদুর্গে, পাশৈবং দানবকেশে ॥ ৪ ॥ অশ্রু বমি দৈত্যমুখে, সিংহেদেখাইযে সুখে, দক্ষপাদ হরিস্ক-ন্ধে, কিঞ্চিদূর্দ্ধবামাঙ্গুষ্ঠ ॥ * ॥ দিলেমা মহিষোপরি, দে-বীঅরিক্ষয়করী, বেষ্টিতা নায়িকা অষ্টে, বাসসুরসন্নি বেশে ॥ ৫ ॥

ভবারণ্যে পাপদাবা, নলে দগ্ধ অঙ্গ ॥ ধ্রুং ॥ য়দি হয্যা থাক মন কুরঙ্গঃ। য়াহসেত্য পাবন শলিলে ॥ * ॥

সেঅতি অপূর্ব্ব বারগুণে ব্যভিচার। নিরবধি নীরেহহে পাপ পাপাত্মার ॥ তেমতিজানিবে বিষহলে বিষ সঙ্গ, বিষস্য বিষমৌষধি, কারণ তরঙ্গ ॥১॥

সুখেচলচল, মনঃ তথায ॥ ধ্রু৽॥ সদ্যতন্ মুক্তিজায, জহ্নু তনযা তরঙ্গে ॥ * ॥ সাযুজ্য সারূপ্যআর সালোক্য তন্ময। মকর কুম্ভীর জলচর ভাবেরয ॥ গ্রাসিবে নীরেবা তীরে হেরিলে তোমায, ভুলোনা ভুলোনা ভ্রান্ত, ভ্রান্তির কথায ॥ ১ ॥

সুখেচল মম, মনঃ বিহঙ্গ ॥ ধ্রু৽ ॥ জ্ঞান সমীরণ সঙ্গ, কালীকল্প লতাতলে ॥ * ॥ গতমাত্রপাবে তথা চাতুর্ব্বিধ ফল, ধর্ম্মঅর্থ কাম মোক্ষ সুরঙ্গ নির্ম্মল ॥ অমৃতাক্ত ফলচয ভুগিবে পতঙ্গ, ত্যজহ বিষযমূল যাহে মাযা রঙ্গ ॥ ১ ॥

তুমিয়েওনারে, মনঃকুরঙ্গ ॥ ধ্রু৽ ॥ ভীষ্মজননী তরঙ্গ, দগ্ধপাপ দাবানলে ॥ * ॥ সেবারে নিবাতে জ্বালা একেহবে আর। নির্ব্বাণ কুম্ভীর তাহে অতিচমত্কার ॥ গভীর নীরেবাতীরে করে সদারঙ্গ, তোমারে পাইলে সুখে, করিলবে সঙ্গ ॥ ১ ॥

কারেকব দুঃখ, জননীগঙ্গে ॥ ধ্রু৽ ॥ কারণ নীরতরঙ্গে, যাবিনে কেমযাভাবে ॥*॥ অজ্ঞাস্রব চিন্তা তার জা

নভো কারণ। ক্ষুধার্ত্ত সুতের যথা জননী স্মরণ॥ অদনার্থ নাহিজায জনকের সঙ্গে, নিবায কেকাল ক্ষুধা, প্রবেশিলে অঙ্গে॥ ১॥

জলদ গন্ধন দামিনী, সুরবর বর্ষিনী, দুর্দ্ধর ধর্ষিনী, সমরণ কালে॥ ধ্রু॥ জটাজুট বিগলিত, রুধিরঘণ ক্ষরিত, দনুজ মনুজভীত, বদন বিশালে॥ ১॥ বরণ জলদ ঘটা, হাসি চপলারিছটা, সকম্পিত ব্রহ্মকটা, নিনাদকরালে॥ *॥ কটিতে কিঙ্কিনীবাজে, বিরাজে দনুজমাজে সাজেকণ্ঠকম্বুরাজে, নরশির মালে॥ ২॥*

নিরদ নাঞ্জন বরণী, ঘণরণ কারিনী, দৈত্য বিঘাতিনী, ঘোর ঘণবেশে॥ ধ্রু॥ সদা অট্ট অট্টহাসে, চপলা য়িনি প্রকাশে, গভির হুঙ্কারভাষে, ঘনরব শেষে॥১॥ প্রবল নিশ্বাসবহে, জিত্ত অতি গন্ধবহে, দনুজ সুস্থির নহে, শমর আবেশে॥ *॥ রুধির নীরপাযিনী, শোভে চাতকী য়োগিনী, শির মালে ইন্দ্রধনু, কণ্ঠকম্বুদেশে॥ ২॥

বিহর সরসি রুহে, দিক্‌বেশে শিরতালে॥ ধ্রু॥ জগন্মোহিনী শ্যামা, সকরুণে কণ্করালে॥ *॥ শুম্ভ নিশুম্ভেররণে, নাশিতে দানবগণে, ভুবন মোহিলা যথা, দশরূপে গিরিবালে॥ ১॥

১॥ প্রথমে কালিকাবেশ, ঘণবর্ণা মুক্তকেশ, শবারূঢ়া

ঙ্কর কাঞ্চি, শবশিশু কর্ণপূরা ।। * ।। তালেঅর্ক চন্দ্রোদয়, খড়্গ মুণ্ডকরাভয়, চতুর্ভুজেশোভে কিবা, ত্রিনয়না মুণ্ড মালে ।। ২ ।।

২ ।। দ্বিতীয়ে তারাভীষণা, একজটা বিভূষণা, লোলজিহ্বানীলবর্ণা, লম্বোদরী কৃত্তিবাসা ।। * ।। চতুর্ভুজ সুশোভন, শিবোপরি আরোহণ, অর্দ্ধচন্দ্র পঞ্চ তঞ্চ, ত্রিনয়ন ভাল ভালে ।। ৩ ।।

৩ ।। তৃতীয়ে রাজরাজেশ্বরী, রক্তবর্ণাশুভঙ্করী, বিধি বিষ্ণুরুদ্র ঈশ, ঈশ্বর এপ্রেতপঞ্চে ।। * ।। সিংহাসন নিরমিত, চতুর্ভুজে সুশোভিত, পাশাঙ্কুশ ধনুঃশর, ত্রিনেত্র শশি কপালে ।। ৪ ।।

৪ ।। চতুর্থে ভুবনেশ্বরী, আসন অম্বুজপরি, রক্তবর্ণা ত্রিনয়না, অর্দ্ধেন্দু ঘটা ললাটে ।। * ।। অলঙ্কার মণিময়, ভুবনপ্রদীপ্ত হয়, পাশাঙ্কুশ বরাভয়, চতুষ্কর জিতপালে ।৫।

৫ ।। পঞ্চমে ভৈরবীমায়া, লোহিত বরণাকায়া, চতুর্ভুজ মুণ্ডমালে, ত্রিনয়না পদ্মাসনা ।। * ।। অক্ষমালা ভয়বর গ্রন্থযুক্ত চতুষ্কর, শিরেশিশু শশধর, সুশোভিত কেশ জালে ।। ৬ ।।

৬ ।। ষষ্ঠে ছিন্নমস্তাবেশ, উপবীত শোভেশেষ, নিজ মুণ্ডখড়্গেচ্ছেদি, বামকরতলেধরি ।। * ।। রক্তউঠে তিন ধার, নিজমুখে একতার, আরদ্বিধারা পায়িনী, দ্বিসখি মুখ বিশালে ।। ৭ ।।

৭ ।। সপ্তমেতে ধূমাবতী, ধূমের বরণাবতী, কাকধ্বজ রথা

ঋদা, বৃন্দানিলেন্দোলেস্তন ॥ * ॥ বিধবাক্ষুধাযাকুলা, কম্পমালা আর কুলা, দ্বিভুজে শোভিছে কিবা, ক্যালনে কাল জঞ্জালে ॥ ৮ ॥

৮ ॥ অষ্টমে বগলামুখি, পীতবর্ণা মহাসুখি, রত্নগেহে রত্নাসনে, ভূষিতা নানা ভরণে ॥ * ॥ সোমসূর্য্যাগ্নি নয়ন, চন্দ্রার্দ্ধ ভালে শোভন, দৈত্য রসনা মুষল, দ্বিভুজে সমর কালে ॥ ৯ ॥

৯ ॥ নবমে মাতঙ্গী বামা, নানা গুণে গুণধামা, খড়্গচর্ম্ম পাশাঙ্কুশ, চতুর্ভুজে ধৃতকরি ॥ * ॥ রত্নপদ্মাশণাস্থিতা রক্তবাস কিশোভিতা, ত্রিনেত্রা অর্দ্ধেন্দুভালে, বরণ জিনি তমালে ॥ ১০ ॥

১০ ॥ মহালক্ষ্মী দশমেতে, শোভিত বেদভুজেতে, বরা ভয় পদ্মদ্বয়, চারুমূর্ত্তিপদ্মাসনা ॥ * ॥ রত্নকুম্ভে চতুষ্করি, অভিষেকে মৌলিপরি, সুবর্ণ সুবর্ণপ্লানি, সুবর্ণ যথাগ্নি জ্বালে ॥ ১১ ॥

বার ওঁয়া । কাশ্মেরি ঠেকা ॥ ঠংরি ॥

বঞ্চিতে বঞ্চিতরে, করিলে কেমনে ॥ ধ্রু ॥ আশ্রযে রাধর্ম্মরাখে, আশ্রিতে যতনে ॥ * ॥ তুমিঅনেকের আশ্রয, দেখ হয কিনা হয, তবে মন নিরাশ্রয, হয কি কারণে ॥ ১ ॥ একেএকে বৃষধনি, বেণীর আশ্রযেফণি, মৃগেন্দ্র মাজাযগণি, কমল আননে ॥ ২ ॥ বাহুতে মৃণালগত, পদেকোকনদরত, নিতম্বে অচল নত, চম্পক

বরণে ।। ৩ ।। দাড়িম্ব কুচযুগলে, কম্বুরাজ তুণ্ডগলে, ইন্দীবর নেত্রস্থলে, মালতী দশনে ।। ৪ ।। ধর্ম্মিল্লে শৈবাললিপ্ত, বাক্যে বনপ্রিয়দীপ্ত, যেমতে জগতক্ষিপ্ত, মরাল গমনে ।। ৫ ।।

আরেঃ ।। কেরেজলদ সম, যমুনা পুলীনে ।। ধ্রুং ।। এমন মোহনরূপ, কখন হেরিনে ।। * ।। কালরূপ নবঘণ, তড়িত পীতবসন, শিখিপুচ্ছ শক্রধনু, মনুজমানিনে ।। ১ ।। কভূভাবি কালশশি, ভুতলেপড়েছেখশি, বাসনা বিরাজে আশি, হৃদয়বিপিনে ।। ২ ।। আছেমনমুঞ্জস্থান, তাহে হলে অধিষ্ঠান, করিশ্রদ্ধা চন্দনদান, কিঘটেজানিনে ।। ৩ ।।

আরেঃ ।। কেরে বিপিনে বৃন্দে, বাজায বিনোদবাঁশি ।। ধ্রুং ।। কাননে বাজিল বাঁশি, বাজিল হৃদযে আসি ।। * ।। মরিকি মোহনমন্ত্রে, মোহিল মুরলিযন্ত্রে, কাটিযে কুলের তন্ত্রে, যাত্যাঅভিলাশি ।। ১ ।। মনঃদিযে শুনসই, বাজিল অইগো অই, সাজিল বাসনাহতে, ওচরণে দাসি ।। ২ ।

আরেঃ ।। কেরে কদম্বমূলে, ঈষদ বামেহেলিযে ।। ধ্রুং ।। জীবন মোহিতহল, নযনগেল ভূলিযে ।। * ।। অধরে মধুর হাসি, করেতে মোহনবাঁশি, জ্ঞানহয কালোশশি, ভুতলেরহে পড়িযে ।। ১ ।। বাসনা এখনমনে, মনঃরথ আরোহণে, বিরাজে হৃদিগগণে, ত্রিতাপ তাপনাশিযে ।। ২ ।।

তাহে সখিকুলভয়, সেকিভয় অতিশয়, কালভয় কালে নয়, মজেছি সারবুঝিয়ে ॥ ৩ ॥

আরেঃ ॥ কুলেররহিতে নারি, কালারে হেরিয়ে ॥ ধ্রুং॥ বিরাজে অন্তরেসদা, অন্তরে রহিয়ে ॥ * ॥ বিপিনে বংশি বাজিল, আসিহৃদয়ে পশিল, বুঝিদ্কুলমজিল, বাঁশির লাগিয়ে ॥ ১ ॥ কভূযমুনারকূলে কভূকদম্বেরমূলে, কভূশোভে বনফুলে, ভুবনভরিয়ে ॥ ২ ॥ কভূনিকুঞ্জের মাজে, মোহনবেশে বিরাজে, গৃহকায় লোকলাজ, গেল গোযুরিয়ে ॥ ৩ ॥

আরেঃ ॥ মনঃ বিহঙ্গ মম, কেমনে আছভূলিয়ে ॥ ধ্রুং ॥ কালরাত্রি তমোময়ে, সংসার তরুপাইয়ে ॥*॥ মায়াকি সলযতায়, বিষয় কুশুমপ্রায়, মহামোহফলজায়, কিফল বিফলনিয়ে ॥ ১ ॥ দারাসুত বন্ধুসব, সপক্ষ সমান তব, সকালে তোমায সব, যাইতে হবেতেজিয়ে ॥ * ॥ তাই বলি সুউপায, কর আহার চিন্তায়, দুর্গানাম ফলয়ায কাল্ ক্ষুধাজাবেঘূচিয়ে ॥ ২ ॥

আরে ॥ কেরে যমুনাকূলে, তরুমূলে দাড়াইয়ে ॥ধ্রুং॥ হেরিতে মোহিতচিত, জীবনে প্রাণে. নইয়ে ॥*॥ ঈষদ হাস্যেতে হেলা, অইদেখ এইবেলা, সংসার সাগর. ভেলা, বাঁধওরূপহেরিয়ে ॥ ১ ॥ আরকি কুলেরভয়, উচিত

গোকুলেহয়, দকুল ব্যাকুলময়, দুকুলগেল ভাষিযে ॥ ২ ॥

অবলা অবলারে, বলিলে কেমনে॥ ধ্রু৽ ॥ কেআছে সবলা হেন, নিখিল ভুবনে ॥ * ॥ জিনিযে কেশরি রাজে, মাজাধরিয়াছেমাজে, মেদিনি নিতম্বেসাজে, তুনার লম্বনে ॥ ১ ॥ হৃদযেতে পযোধর, য়েন শৃঙ্গধরাধর, ধরিতে অধরানহে, ধরে প্রতিক্ষণে ॥ ২ ॥ করিকরখণ্ড করি, অগ্রভাগ ভুজেধরি, উরু গুরু অন্তেকরি, রেখেছে চরণে ॥ ৩ ॥

বাহার অনুরাগিনী ॥ জলদতেতালা ॥

প্রপঞ্চ দেহ পঞ্চত্বে বিলম্ব কি আছেমন ॥ ধ্রু৽ ॥ ক্ষণেঅস্তি ক্ষণেনাস্তি, জলবুদ্বুদ য়েমন ॥ * ॥ দেখকিবা চমৎকার, নিযম নাহিকভার, কখন আসিবেকাল, গ্রা-সিবে জীবে কখন ॥ ১ ॥ অপরূপ এবিধান, নিশ্চিত য়েহতপ্রাণ, তাহে অনিশ্চিতজ্ঞান, অনিশ্চযে আকিঞ্চন ॥ * ॥ নাকরিযেতত্বতত্ব, নিযত বিষযে মত্ত, গুরুদত্ত পরমার্থ, পাশরিলে কিকারণ ॥ ২ ॥ কিবাতব আশা বাযু, এমনয়েপরমাযু, তুর্ণ স্বর্ণ ভারার্পণে, নাহিমিলে অনুক্ষণ ॥ * ॥ তাহাসুখে করক্ষয, নাভাব কদা অব্যয, ভুলিযেরে কালভয, ভাবিলেনা নিরঞ্জন ॥ ৩ ॥

আরকেন বিলম্বমন, করকাশিকা গমন ॥ ধ্রু৽ ॥ উঠ

অরহর স্বরী, চলহর দরশন ॥ * ॥ সেয়ে পুরি স্বর্ণময়, ক্রোশপঞ্চব্যাপ্তহয়, শিবের ত্রিশূলেরয়, অতি আনন্দ কানন ॥ ১ ॥ আনিযে ভবেরহাট, হেরিযে ভবেরনাট, ভুলিযে ভবের ভাট, মজিতেছ কিকারণ ॥ * ॥ চলহ ভব মন্দিরে, ভবেনা আসিবে ফিরে, গৌণকল্পেফল কিরে, কাটরে ভবন্ধন ॥ ২ ॥ কাশীর মহিমায়ত, বর্ণিতে বর্ণ না হত, ব্যলে তা ফুরাব কত, অতুল্য ভবভুবন ॥ * ॥ জগতের কোনভার, সম্বন্ধে নাহিক তার, প্লাবিত কারণ বার, কালেত্রিশূলে স্থাপন ॥ ৩ ॥ ব্যক্ত শ্রুতি স্মৃতিবেদ, ঘুচেয়াবে পাপক্লেদ, নাহিতত্র ভেদাভেদ, অভেদাত্ম অনুক্ষণ ॥ * ॥ জলেস্থলে অন্তরীক্ষে, মৃত্যুমাত্র করিদীক্ষে, রামনাম মন্ত্র শিক্ষে, তরাইবা ত্রিলোচন ॥ ৪ ॥

য়ত্

শ্রীবৃন্দাবন বিপিনে, শ্যাম সুন্দর বিহারে ॥ ধ্রুং ॥ আবিরে শোভিছেকণ্ঠ, জিনিযে প্রবালহারে ॥ * ॥ গোপাঙ্গনাগণ সঙ্গে, হাবভাব লীলারঙ্গে, মন্দ মন্দমুখদোলে, বামে রাধা গিরিধারে ॥ ১ ॥ নবিননীরদবর্ণ, তাহে শ্রীমতী সুবর্ণ, সৌদামিনী কাদম্বিনী, শোভেয়েন একাধারে ॥ * ॥ নরক ভযবারণ, করুশ্রীমধুসূদন, হৃদিপদ্ম মুখেবন্ধি, এদেহনিকুঞ্জাগারে ॥ ২ ॥

মধ্যমান্॥

কান্তকিবসন্তকাল, কিকাল জানেনা ॥ ধুং ॥ যুবতী বধিতেমতি, মিনতি মানেনা ॥ * ॥ প্রফুল্ল পলাশ বল্লি, দলবিদলিতমল্লি, মাধবে মাধবীহেরে, পিকশ্বরবই হানেনা ॥ ১ ॥

কিসেহবে নিরূপণ, বলয়াঁরে নিরঞ্জন ॥ ধুং ॥ নযগু পুমান্ শক্তি, ত্রৈগুণ্য অতীতধন ॥ *॥ বেদযুক্তি যোগা গম্য, ত্রিলোক তাঁহারদম্য, ভূতপংক্তি অতিক্রান্ত, সত্য সঙ্ক সনাতন ॥ ১ ॥ কেহকহে জ্যোতির্ম্ময, কেহবা আ-কাশকয, কেহকরে জন্যগণ্য, কল্পনা য়ারয়েমন ॥ * ॥ কেহদেয হস্তপদ, কেহবাদিযেসম্পদ, পূজাহেতু করে তাঁর, আবাহন বিষর্জ্জন ॥ ২ ॥ সেতাবত ভুলমাত্র, বার বারকনশাস্ত্র, একমেবাদ্বিতীযাংস, বেদ বেদাঙ্গলিখন ॥ * ॥ অরে অর্ব্বাচিননর, তদগ্রদচিত্ত কর, জাননা য়ে পরাৎপর, সমাধান শূন্যহন ॥ ৩ ॥

কেবল হরেছমনঃ, মধুর বচনে ॥ ধুং ॥ নতুবা বিগুণ তব, ভাবি শযনে স্বপনে ॥ * ॥ য়েকরে তোমার আশ, তারিকর সর্ব্বনাশ, কিন্তুয়ে ঈষদহাস, বাঁধাসদা সেকারণে ॥ ১ ॥ য়েমন কোকিলগণ, নাজানে স্নেহ পালন, কুরূপ প্রাযতেমন, নাহিক বিশ্বভুবনে ॥ ২ ॥ কেবল প্রিয বচনে, প্রিযভাবে জগজ্জনে, আশ্রিত সেই

কারণে, রয়েছি তবস্মরণে ॥ ৩ ॥ অথবা ॥ মজিযাছি প্রাণপণে ॥ ৩ ॥

বিধুমুখিতবমুখ,বিধুতে সমলক্ষণ ॥ ধ্রু০ ॥ সমভাবে একভাব,একিঅভেদমিলন ॥*॥ নিরখি শশিরুদয,শরীর শীতল হয, জীবন যুড়াযহেরি, তবসুধাংশুবদন ॥ ১ ॥ সদাসিধু সুধাপানে, চকোরিণী সুখিপ্রাণে, ওবদন সুধা আশে, মোহিত মনজীবন ॥ * ॥ ঘণেশশি আচ্ছাদন, মানেমলিন বদন, মেঘান্তে শশিদীপন, মানান্তে ওচন্দ্রা নন ॥ ২ ॥

কেবলে সুধাংশুমুখি, সেভাব নাহিসম্ভবে ॥ ধ্রু॥ হেরিতে প্রফুল্লকেন, হৃদয কমলভবে ॥*॥ অথচ শুধাং শুনয, হেনকথা কেবাকয, নযন কুমুদ হয, বিকসিত কিগৌরবে ॥ ১ ॥ অনুমানেতে ঘটন, অরুণে তীক্ষ্ণকীরণ, শশিতে শশগণন, উভযে দোষ ভাজন ॥ ২ ॥ নির্ম্মল তব বদন, নযন স্নিগ্ধ তপন, তাহাদ্বিভাবকারণ, বলনা কেননাহবে ॥ ২ ॥

তোমার রচণো পান্তে, নিতান্ত সঁপেছিমন ॥ ধ্রু০ ॥ ইচ্ছানযী ইচ্ছাতব,স্বেইচ্ছাকরএখন ॥*॥ অন্তরে একান্ত অতি, তবপদে রতিমতি, থাকিলে ঘোচে দুর্গতি, জেনে নযেছি শরণ ॥ ১ ॥ বিচারি নিগমতন্ত্র, দুর্গানাম মহামন্ত্র,

মুক্তির নিমিত্ত নিত্য, বেদবর্ণিত বচন ॥ ১॥ তাহাতে অন্যথা কিবা, লুপ্তহয় নিশিদিবা, তবুব্যর্থ নহে শিবা, তবে এড়াব শমন ॥ ২ ॥

নিশ্চিত ভৌতিকদেহে, ভাবসদা বর্ত্তমান ॥ ধ্রুং ॥ ভূতশব্দ প্রতিপাদ্য, জাননামূঢ় অজ্ঞান ॥ * ॥ কার্য্যা কার্য্যা মর্ম্মএই, কারণের কার্য্য যেই, নশ্বর পদার্থ সেই, কারণে অস্তিবিধান ॥ ১ ॥ কীটমুখতন্তুমত, বিস্তৃতজগত যত, কালেকীট মুখগত, এইতোতার সন্ধান ॥ ২ ॥ নিত্য ইচ্ছা সমবায়ু, কার্য্যদেহগত আয়ু, সেইচ্ছা বিগতমাত্র, ভূতে ভূত সমাধান ॥ ৩ ॥

বিভাস অনুরাগিনী ॥ জলদতেতালা ॥

চিত্রকাব্য ॥ ১ শ্যামরূপ হেরী ২সখি, নয়ন মোহিতহলো ॥ধ্রুং॥
নাম ॥ ২ মানস শ্রীপদ ৩ পাস্তে, কিরূপে বিকাহলো ॥
শ্যামসু ॥ ৩ সুখিহব ধ্রুণ ৪ গাণে, রব কালারূপ ধ্যানে,
ন্দরী ॥ এইতো বাসনামনে, নতুবা সববিফল ॥

অন্যথা ॥ ৩ সুখেরব ধ্যান ৪·ধরি, হৃদয় গগণোপরি, কালাচাঁদে শশিকরি, রাখিলে তবে সফল ॥ ১ ॥

কেলভোলো ভূলমন, অনিত্য মোহমায়ায় ॥ধ্রুং॥ অসার সংসার কার্য্য, স্বপ্নলব্ধ রাজ্যপ্রায় ॥ * ॥ পুলীন

বিপিনয়ত, কালেসৃষ্টি কালেহত, সাগর তরঙ্গমত, এক আস্য আরয়ায ॥ ১ ॥ য়েদেখ জগতরূপ, নানাবিধ অপরূপ, কেবল কুহকরূপ, অস্তিত্ব কি আছেতায ॥ * ॥ তেমতি জানিবেসব, অমাত্য বন্ধু বান্ধব, সময়ে হইলেসব, রবেতারা কে কোথায ॥ ২ ॥ দারাসুত আত্মজন, কারে বলরে আপন, নিশিতে পক্ষয়েমন, একত্রে হয মিলন ॥ * ॥ প্রাতে অন্যত্রেগমন, পরস্পর অদর্শন, কাকস্য পরিবেদন, কেকরে তখন কায ॥ ৩ ॥ অতএব সাবধান, এইতব সুবিধান, ত্যেজদন্ত অভিমান, সাধ আত্ম তত্ত্ব জ্ঞান ॥ * ॥ নহে হলে হতপ্রাণ, সার হইবে শ্মশান, ভেঙ্গে য়াবে অভিমান, গেহেমাত্র হায হায ॥ ৪ ॥

সহসাকরিছ কর্ম্ম, ধর্ম্মমর্ম্ম নামানিযে ॥ ধ্রুং ॥ ভরসা অনাশঙ্কত্যে, আযাশ নাহিভাবিযে ॥ * ॥ অর্থাৎ অনা আশে য়াহা, সাধিতেছ পুনঃতাহা, হইতে কিহবে আহা, আছএই ধ্যাযাইযে ॥ ১ ॥ ফলেতে জানিবামন, য়েয়ো-নিভক্ষ্যেমন, সুখে করযে দাহন, আত্মজাযাহুতাশন ॥ * ॥ তবজাত পাপগণ, তোরে ঘটিবে তেমন, জাতা-সি য়থাঘাতন, কর্ম্মকার নাবুঝিযে ॥ ২ ॥ আরোবুঝ অভিপ্রায, কফবাত পিত্তপ্রায, নিয়ত নিবাসে কায, অস মত্তাঘটনায ॥ * ॥ অবশ্য জীবনয়ায, একের কহিব কায, আত্মজ কলুষহায, সুখি তোরে বিনাশিযে ॥ ৩ ॥

জলদ নাথ বিপদে, কোথায রহিলে ।। ধ্রু ।। সরো
বর তরুণীর, কিদশাকরিলে ।। * ।। তব বিরহতুষারে,
কেবাসহিবারেপারে, নাশিল মুখপঙ্কজে, বুঝিবে দেখি-
লে ।। ১ ।। অদর্শন রবিপ্রায, লাবন্যজলশুকায, নিরাশ
ধীবরতায, শুভক্ষণপায ।। * ।। নয়ন সফরি মীন, হৃদি
কমঠ কাঠিন, হেলায বিদীর্ণকরে, ছাড়েনামরিলে ।। ২ ।।
এদেহ মৃণালছিল, কাতর করিদলিল, অধৈর্য্যব্যাধে
ধরিল, মন বিনাশিল ।। * ।। এখন করিযেদান, পিযূষ
শলিল প্রাণ, বাঁচাও যদ্যপিতবে, ক্ষতিকি বাঁচিলে ।।৩।।

কোথায চলিলেপ্রাণ, বিচ্ছেদ বাণহানিযে ।। ধ্রু ।।
কিদুঃখেতে দুঃখিনীরে, দুঃখনীরে ভাষাইযে ।। * ।। তো-
মারে নাহেরেপ্রাণ, পলকে প্রলযজ্ঞান, কেমনে ধৈরয-
ধরি, সারা দিবানাহেরিযে ।। ১ ।। হেরেনিশি অবসান,
য়েরূপ আমারপ্রাণ, তুমিযদি সেবিধান, বুঝিবেনা নাবু-
ঝিযে ।। * ।। তবেকে চাহিবেমুখ, কেবাহবে মমদুঃখ, কে
দিবে অন্তরে সুখ, না পাই তাহা ভাবিযে ।। ২ ।।

উঠ উঠ মনঃচোর, য়ামিনী যে অবশান ।। ধ্রু ।।
চোরের উচিত হয, নিশিপ্রভাতে প্রস্থান ।। * ।। তুমি
মনঃচোরমম, ননদী প্রহরিসম, হেরিলে হরিবে আঁখি,
তবে কিহবে বিধান ।। ১ ।। সুখতারা সুখহরে, কোকিল
পঞ্চমস্বরে, কুহুরে শ্রুতি কুহরে, প্রহরণ সমজ্ঞান ।। * ।।

ফুটিল নীরেকমল, ছুটিল অলিসকল, জুটিল দুঃখ অনল, ঘটিল সন্তাপপ্রাণ ॥ ২৭॥

এসো এসো এসোহরি, মরিমরি একিবেশ ॥ ধ্রু৽ ॥
ছিলেকার কুঞ্জে কেবা, সাজাযেছে হৃষীকেশ ॥ * ॥
ললাটে চন্দন বিন্দু, য়েন অকলঙ্কিইন্দু, তাহাতে সিন্দুর বিন্দু, তরুণ অরুণাবেশ ॥ ১ ॥ অধরে অঞ্জনদাগ, কপোলে তাম্বুলভাগ, বদনে দশণরাগ, হকুহকু বেশ বেশ ॥ * ॥ নিজবাস পরিহরি, হেরকি রযেছপরি, দেখহে পড়োনা ঢলে, আছেনেত্রে নিদ্রালেশ ॥ ২ ॥

মরিকে কযেছে শ্যাম, সাজিতে এ বিদেশিণী ॥ ধ্রু৽ ॥
পুরুষ হইযেহলে, ভূবন মনমোহিনী ॥ * ॥ চূড়াত্যজি কেশ বেশ, নযনে অঞ্জনবেশ, শোভিযাছে হৃষীকেশ, কটিতে কিবা কিঙ্কিনী ॥ ১ ॥ নূপুর কেলিযেহরি, অলক্ত চরণেপরি, মিথ্যা কুচ বক্ষেধরি, রাখকরিকুম্ভজিনী ॥ * ॥ অধরে মঞ্জন ভাগ, ভালে সিন্দূরের রাগ, কিরাগে এতবিরাগ, কিভাবে হলেভাবিনী ॥ ২ ॥ ধরেছি বঁধু তোমারে, কৌস্তুভ শোভিতহারে, নারভুলাতে আমারে; সেজে কামের কামিনী ॥ * ॥ ছিছি একি সযপ্রাণে, শ্রীমতী দাসীর মানে, রূপে রূপান্তর হেরি, মানিতে মানে মানিনী ॥ ৩ ॥

আনিবি নন্দিনীকবে, বলমেনকাপাষাণী ॥ ধ্রু৽ ॥

আছযে এমনকেন, নাশুনি নাজানি ।। কোথাহে অচল রাজ, বিলম্বেকি আছে কায়, আনতারা হারা তারা, আরাধিযে শূলপাণি ।। ১ ।। সংবৎসর গেলবযে, আলি কই উমালযে, বারবার সম্ভাষিযে, নারদে কযে ভবানী ।।*।। হারিনানিযাছে শিবা, আহামরি স্নেহকিবা, কিরূপে কাটাস্‌দিবা, কেমন মাযাগো রাণী ।। ২ ।। দিযেছ কুলীনে কন্যা, কুলশীল মানজন্যা, জামাই নিগুণী দন্যা, কণ্ঠবিষ ভরা বাণী ।।*।। গুণমাত্র আশুতোষ, অসন্তোষে পরিতোষ, অমঙ্গলেতে মাঙ্গল্য, মরণে নাহিক হানি ।।৩।।

মনেতে দৃঢতা রাখ, কিকরে হবিস্যাহারে ।। ধ্রুং ।। জ্ঞানতরী উপলক্ষ, যাইতে ভবাব্ধিপারে ।। * ।। করতার সুবিধান, যথাধ্যান যথাজ্ঞান, শান্তিধৈর্য্য সদাচিন্ত্য, নিরঞ্জন বলযাঁরে ।। ১ ।। মুক্তিপদ পাবেব্যলে, গঙ্গাতট বাসিহলে, কিহবে কহকৌশলে, গোমতি গঙ্গাযমলে ।। * ।। জ্ঞানমাত্র মুক্তিহয, তীর্থেতে কিবযরয, তাহলে গঙ্গারভেক, তরিত সংসারভারে ।। ২ ।। ঢাকিতেলোক লজ্জায, হযেতপধন প্রায, তুলসী মালাগলায, হরি নামা বলি গায ।। * ।। পাইবে কিফলতায, লোকেরে ভুলানাযায, বাহ্যান্তর জ্ঞাতাযিনি, কেমনে ভুলাবে তাঁরে ।। ৩ ।।

মনেকরি মনঃকরি, রাখিবারণ করিযে ।। ধ্রুং ।। মা-

মানেবারণ মন, মত্ত বারণ হইযে ॥ * ॥ ভ্রমিছে সংসার বনে, কুমতী নাগিনীসনে, মাথায বিষযতৃণ, রাখেয়ত্নে সঙ্গযিযে ॥ ১ ॥ বৈরাগ্য পঙ্কজদল, দলিছে করিযেবল, পরমার্থ কোকনদ, ম্রানসে অঙ্গেরহিযে ॥ * ॥ জ্ঞানা কুশ ভক্তিপাশ, সেআশে আমিহতাশ, নিগুচ নিগড়হারা, আছিতারাধ্যাযাইযে ॥ ২ ॥

কৃষ্ণ হযেছেন কালী, নিকুঞ্জে আযান ভযে ॥ ধ্রুং ॥ শ্রীমতীহও পশুপতি, গোপিনী গণেসদযে ॥ বাসনা সবার মনে, যুগল রূপনযনে, হেরিব কৈলাশেয়েন, শিবাসহশি বোদযে ॥১॥ তুমিকি সামান্যারাই, পুরাণে শুণিতেপাই, শ্যাম সহসদানন্দে, বৃজেআল্যে রাধাহযে ॥ * ॥ প্রকৃতি স্বরূপাহলে, সারাধা কিহেতুবলে, তাহলে মা রাধা রাধাং ঘুবিত জগত মযে ॥ ২ ॥ এইমনে বাঞ্ছাকরি, শ্রীরাধারূপ সম্বরী, হররূপে বিহরগো, পুরাতে আকাঙ্ক্ষ্যাচযে ॥ * ॥ অরহর হরিসঙ্গে, প্রকৃতি রূপেররঙ্গে, ছিলেইবে শিব বেশে, বামশ্যামশ্যামালযে ॥ ৩ ॥

ইকীভুল মন কেন, বিপিনে পরিভ্রমন ॥ ধ্রুং ॥ ক্রো ড়েরাখিযা সুত, ইতস্তত অন্বেষণ ॥ * ॥ দেখতার নিদ র্শন, বিচারিকার্য্য কারণ, য়েকারণ সেইকার্য্য, দেহেজী বন য়েমন ॥ ১ ॥ এতাবতা স্থিরমনে, বসিযেদার্ঢ্য আ- সনে, সমাধিও তত্ত্ব অরণে, সাধহ সাধ্য আপন ॥ ২ ॥

কিকায় কহিয়া পরে, য়ারে খোঁজ সেইঘরে, জানয়ায়ে সর্ব্বং ব্রহ্ম, মযং জগত্ নিরন্তুন. ।। ৩ ।।

মধ্যমানেরঠেকা ।।

অবশ্য মরণয়দি, মনেথাকেমন ।। ধ্রুং।। প্রাণান্ত নাহ-তে সাধ, জীবন্তে নিধন ।। * ।। এতয়ে স্নেহেরদেহ,রাখি তে নারিবাকেহ, কিদীন কিধরাপতি,ধরাযমিলন ।। ১ ।। কালের নিযমে আহা, অবশ্য ঘটীবেয়াহা,আপন ইচ্ছায তাহা, হুইলে কেমন ।। * ।। য়মের মন্ত্রনা ভার, সহিতে নাহবে আর, ভারিকে কেদেযভার, ঘটিবে তেমন ।। ২ ।।

মানিনী ব্যলেগো রাধে, এতমান ভালোনয ।। ধ্রুং ।। অতিধন শ্যামে ইকি, সন্যাসি সাজাতে হয ।। * ।। শিখী পুচ্ছপরিহরি, জটাগুচ্ছ পরেহরি, পীতবাস দূরকরি, বাঘাম্বর পরিরয ।। ১ ।। য়ারসুখে ব্রজেসুখ, তাহার মলী নমুখ, হেরিতে বিদরেবুক, শ্যামদুঃখে দুঃখচয ।। ২ ।। শুকায্যাছে ওষ্ঠাধর,ম্লান কৃষ্ণ কলেবর, সজল জলদতনু, আচ্ছাদিত ভষ্মময ।। ৩ ।। আহামরি হায হায, এয়াত মাকবকায, বিশ্বনাথ শ্যামরায, অনাথ বেশে বঞ্চয ।। ৪ ।। অতএব উঠরাই, মানেতে পড়ুকছাই, শ্যামহতে ধননাই, মানতবকিবিষয ।। ৫ ।।

মনেকি ভাবনামন,নিশ্চিত হবেনিধন ।। ধ্রুং ।। সত্য

ত্রতাদ্বাপরাদি, দেখতার নিদর্শন ॥ * ॥ কোথাপিতা মাতাতব, কোথায়াদব রাঘব, কোথা কৌরব পাণ্ডব, কালে হয়েছে পতন ॥ ১ ॥ কোথারবে ধনজন, কোথা জীবন য়ৌবন, কোথাদারাসুতগণ, শেষে শ্মশানে স্থাপন ॥ * ॥ সময়ে দেহউদ্ভব, সময়ে বন্ধু বান্ধব, সময়ে হই লেসব, সবে ত্যেজ্জীবে তখন ॥ ২ ॥ সদাগতাআতহবে, সদামাত্র বন্ধরবে, সদাসন্দ ভাবতবে, সদানন্দ প্রতিক্ষণ ॥ ৩ ॥ নিত্যজুযারেরনীর, নিত্যনহে জেনোধীর, নিত্য-নিত্য করস্থির, য়িনি নিত্য শনাতন ॥ ৪ ॥

কেমনে হে বৃজরাজ, বৃজলীলা পাসরিলে ॥ ধ্রুং ॥ জানিতে এসেছি কৃষ্ণ, জুড়ায মনঃশুনিলে ॥ * ॥ আমি সেই বিন্দাদাসী, বৃন্দারণ্য হতেআসি, ছিলপূর্ব্বপুণ্যরাশি, তাই দরশন দিলে ॥ ১ ॥ কখন কালিন্দীকূলে, পুলীন তরুরমূলে, কেলিকদম্বেরফুলে, সাজাযাছী সবেমীলে ॥ * ॥ কখন য়মুনাতীরে, অঞ্জলি পুরিযানীরে, সিঞ্চেছি শ্যামশরীরে, সখীচয় সেসলিলে ॥ ২ ॥ কখন নিকুঞ্জবনে, য়তবৃজ বধূগণে, দোলাযাছী রাধাসনে, মনেকি হবে কহিলে ॥ ৩ ॥ কখন হরেছবাস, কখন করেছরাস, সেভাবত্ হাস ভাষ, মথুরা আসীভূলিলে ॥ ৪ ॥ ইবেকৃষ্ণ প্রমোদিনী, কৃষ্ণপ্রেম কাঙ্গালিনী, প্রেমোন্মত্তা কমলিনী, বাঁচেন প্রাণত্যেজ্জীলে ॥ ৫ ॥ বারেক উচিতশ্যাম, চলভুমি বৃজ ধাম, পূরেরাধা মনস্কাম, তোমারে হেরেমরিলে ॥ ৬ ॥

ঐগো মঙ্গলা আল্যো, মঙ্গল হইল রাণী ॥ ধ্রু ॥ উঠ দুর্গা বলি শুন, আধঃমুখে আধঃখাণী ॥ * ॥ ডাকিছে মা মা বলিযে, মারমাযাতে ভুলিযে, আরকি কোলে নইযে চুম্বন কর মুখখানী ॥ ১ ॥ অচল সচলহয়ে, প্রতিবাসি জনেক্যযে, আত্মবন্ধু সঙ্গেলযে, ভবনে আনভবানী ॥ * ॥ করজয জয রব, অদ্যমহামহোৎসব, পায্যাছি মাযের দেখা, জযজয শূলপাণি ॥ ২ ॥

আরকেন উঠরাণী, গৌরী আল্যো হিমালয ॥ ধ্রু ॥ ধন্যাকন্যা কোলে লহ, এইসে উচিত হয ॥ * ॥ হযে অতি উৎকণ্ঠিতা, আছধুল্যবলুণ্ঠিতা, ক্যরেসেদুঃখ খণ্ডিতা, বল দুর্গা দুর্গাজয ॥ ১ ॥ বৎসরের যতদুঃখ, চুম্বন করিযেমুখ, দুখেতে বাড়াওসুখ, সুখেকর দিনক্ষয ॥ * ॥ লযেগুরু পুরোহিতে, পূজিযে বিধিবোধিতে, পুরাও মনের দ্বন্দ, আক্ষেপ য়েন নারয ॥ ২ ॥ পুরাকৃত পুন্যজন্যা, পেলে কন্যা অগ্রগন্যা, ভুমিভাব ভবকন্যা, উমা মেযে তাতো-নয ॥ * ॥ বেদাগমে নাহিসীমা, অসীম মার মহিমা, জগতের মা হযে মা, মাবলে কি ভাগ্যোদয ॥ ৩ ॥

তোমার স্মরণ হরি, শঙ্কটে আর কেবালবে ॥ ধ্রু ॥ য়েজন স্মরণাগত, যদিসে বিপদেরবে ॥ * ॥ দেখতার নিদর্শন, গযাসুর ওচরণ, ধ্যানে অধঃগতিমুক্তি, তবে বিশ্বলযযবে ॥ ১ ॥ অপার ব্রজের লীলা, কিরূপে তা-

পাশরিলা, ত্যজিলে একাঙ্গরাধে, বিশ্বাস কেমনে হবে ॥ * ॥ বধিলা মাতুলকংস, যদুবংশ অবতংস, অনাশে করিলা ধ্বংস, দয়াংশ নাহি সম্ভবে ॥ ২ ॥ মলযজ দান করি, কুব্জা হলো সুন্দরী, শেষে তারে ত্যজহরি, নাম কুব্জা রানী সবে ॥ * ॥ কালীয স্মরণ লয, কৃষ্ণতার কর ক্ষয, হইযে পাণ্ডব সখা, দেখালে ধর্ম্মে রৌরবে ॥ ৩ ॥ পুরাকৃত পুন্যফলে, দৈবকী জঠরেহলে, অয়োনি সম্ভব বৃক্ষ, সম্ভবকে জানে ভবে ॥ * ॥ কিন্তু কি যষ্মদধর্ম্ম, পিতামাতারে আজন্ম, নিগড় বন্ধনেরাখ, অন্যে উদ্ধারিবেকবে ॥ ৪ ॥

এসো এসো এসোহরি, মরিমরি একিবেশ ॥ ধ্রুং ॥ ছিলেকার কুঞ্জেকেবা, সাজায্যাছে হৃষীকেশ ॥ * ॥ অধরে অঞ্জন দাগ, কপোলে তাম্বুল ভাগ, বদনে রদনরাগ, হকু হুক্ কেশ বেশ ॥ ১ ॥ ললাটে চন্দন বিন্দু, য়েন অকলঙ্কি ইন্দু, তাহাতে সিন্দুর বিন্দু, তরুণ অরুণাবেশ ॥ * ॥ নিজবাস পরিহরি, হেরকি রযেছোপরি, দেখ্যাছে পড়ো না ঢলে, আছে নেত্রে নিদ্রালেশ ॥ ২ ॥

কেবলে আমার উমা, ভিক্ষারি হরের রাণী ॥ ধ্রুং ॥ উঠ উঠ উঠ গিরি, দেখ ধন্য পুণ্যমানি ॥ * ॥ শ্রবণে য়া শুনেছিলে, সে সন্দ য়াবে দেখিলে, কোথা বা বিভূতি ছাই, ভূষিতা রত্নেভবানী ॥ ১ ॥ জামাই রাজ রাজ্যেশ্বর, কে

কয আর দিগম্বর, ঘুচেছে শ্মশান ঘর, কাশীপুরি মনো হয় ॥ * ॥ নির্ম্মান করিযে হর, আপনি তায বিশ্বেশ্বর, অন্নপূর্ণা বেশে কন্যা, স্বর্ণপান পাত্রপাণী ॥ ২ ॥ আগে কে জানে এমন, নিখিল গুণভাজন, জানিমাত্র হুতাশন, ভালেধরে পঞ্চানন ॥ * ॥ ইবেগেল সে বিরোধ, জন্মিল হে দিব্যবোধ, দেখকি ভনে ভবানী, বল জয শূলপাণি ॥৩॥

একিরূপ হেরিহরি, সেজেছো য়োগির বেশ ॥ ধ্রুং ॥ জটাজূটে কিবাঘটা, ঢাকিযে চাঁচরকেশ ॥ * ॥ মুরলিত্য জিযেহরি, পিণাক ত্রিশূলধরি, বনমালা পরিহরি, কপাল মালে নিবেশ ॥ ১ ॥ ছিছি কি ক্যরেছরঙ্গ, চন্দন চর্চ্চিত অঙ্গ, ঢেকেছো বিভূতি দিযে, আহামরি হৃষীকেশ ॥ * ॥ পীতাম্বর ত্যাযাগিযে, সার্দ্দূল কৃত্তিপরিযে, পীতধড়া অনুসারে, কটিতটে শোভেশেষ ॥ ২ ॥ জেনেছিহে হৃষীকেশ, মানেহলে য়োগিবেশ, নকলি হযেছে আছে, বাঁকানযনে বিশেষ ॥ * ॥ ঘটেছে তাবতবটে, কিন্তু সত্যভাইরটে, লুকাতে ভুলেছ চিহ্ন, ভৃগুপদে বক্ষদেশ ॥৩॥

দুকূল হরণহরি, বুঝিকি তোমার খেলা ॥ ধ্রুং ॥ হরি কুলশীল কূল, ডুবায্যাছকুলভেলা ॥ * ॥ দেহবসন পরিহার ক্ষমাকরপরিহরি, দেখ ঘনাইল হরি, তরুণ অরুণবেলা ॥ ১ ॥ নিবত য়মুনাবারি, স্মরি আমরা ব্রজনারি, আজু কেন বংশিধারি, করিলে এরূপমেলা ॥ * ॥ হরিহরিমরি

লাজে,কিকবেগোপ সমাজে, য়শদারে কযেদিব, য়দি দিতে করহেলা ।। ২ ।।

ছিছি কেব্যলেছেহরি, এনব য়োগীহইতে।। ধ্রু‚ ।। ঢাকিয়া চাঁচর কেশ,জটাভার বীণাইতে ।। * ।। পীতবাসে বাঘাম্বর, বংশিফেলি শূলধর, বনমালা পরিহর, কং কাল মাল পরিতে ।। ১ ।। চন্দন চর্চ্চিতকায, ঢাকভস্ম দিযে তায, ভালেঅর্দ্ধচন্দ্রহায, মুখচন্দ্র লুকাইতে ।। * ।। তাতে কি লুকানজায, ওরূপ স্বরূপ কায, দ্বিতীযথাকিত য়দি, তবেলুকাতে পারিতে ।। ২ ।। তুমিয়ে রাধারশ্যাম, চিনি যাছি গুণধাম, আরকেন য়োগিবেশ, হৃদিবিদীর্ণ দেখিতে ।। * ।। চলহে নিকুঞ্জে য়াই, কেমন কঠিনা রাই, এমন কিমান শ্যামে, হয সন্যাসি করিতে ।। ৩ ।।

কেনহর কৃপণতা, করুণাংশ বিতারণে ।। ধ্রুং ।। ভবের বৈভব সব, সম্ভবতো অকিঞ্চনে ।। * ।। পিশাচে তোমার প্রীতি, আমার পিশাচ রীতি,তুমি ভূতনাথ মন, দেহ ভূত পঞ্চগণে ।। ১ ।। অস্থিচর্ম্ম জটাভার, সর্ব্ব সর্ব্বস্ব তোমার, অহং অস্থি চর্ম্মসার, জটাস্নেহাদি বিহনে ।। * ।। ভবের বিভূতিছাই, আমারে ঘটেছে তাই, য়াহা করিতাই ছাই, য়থাঅঙ্গারহবনে ।। ২ ।। তংহি দেব পঞ্চানন, ব্যক্ত আছে ত্রিভুবন, আমিও পঞ্চবদন, কহি বারে কাকথনে ।। * ।। তবকণ্ঠে হালাহল, নিযত রহে

উজ্জ্বল, গরল ময় কেবল, মমকণ্ঠ কুভাষণে ॥ ৩ ॥ অহি-গণ তবঅঙ্গে, ব্যপ্তনানা বিধরঙ্গে, কলুষ ভুজঙ্গ মম, দেহ মলযজ বনে ॥ * ॥ বহ্নিললাটে তোমার, পোড়া কপাল আমার, তুমিকালান্তক কাল, ভীতএপাপি গুহণে ॥ ৪ ॥

বেলাবল্ রাগিনী ॥ ধিমাতেতালা ॥

নয়ন মগন হল, মানসহল চঞ্চল ॥ ধ্রুং ॥ হৃদয় কানন দুঃখে, দহিল বিরহানল ॥ * ॥ ইকিরূপ অনুপমা, মরি কিবা মনরমা, প্রাণমন জ্ঞানধ্যান, হেরে ভুলিল সকল ॥ ১ ॥ বা, হেরেঅবশ সকল ॥ ১॥ ভুলেছি আমি যেভাবে, সেতোনা ভাবেএভাবে, তবেকি ভাব প্রভাবে, বিফল ভাবেতে ফল ॥ ২ ॥

একোন বিধান মানে, উভযেরি অভিমান ॥ ধ্রুং ॥ কেআগে সাধিবে রাগে, হল প্রমাদ বিধান ॥ * ॥ প্রম দার অভিমানে, প্রমিক বাড়াযে মানে, সাধযে অতি যতনে,তবেমান সমাধান ॥ ১ ॥ তানাহযে একিরীত, হেরি অতি বিপরীত, সাধিতেইবে উচিত, দুঃখেদহে যার প্রাণ ॥ ২ ॥

যামিনীপ্রভাতোন্মুখা,কামিনী কে প্রবোধিবে ॥ ধ্রুং ॥ অবলা অবলাবালা,সন্তাপে কে নাদহিবে ॥ * ॥ প্রফুল্ল ফুল কাননে, দহযে বিরহি জনে, তাহেঅলি গুণাগুণ,

শতগুণে জ্বলাইবে ॥ ১ ॥ মনপ্রাণ কুমুদিনী, বাসিছে পুনঃ য়ামিনী, কিফল আশা রজনী, য়দিপ্রাণ নার হিবে ॥ ২ ॥

হেরহে কামিনীবধে, কিদোষেতে য়ামিনী ॥ ধ্রুং ॥ অধরের মণিশশি, গ্রাসিছে নিশিনাগিনী ॥ * ॥ কুমুদিনী ছিলসুখে, হেরিযে সুধাংশুমুখে, বঁধুবিনে মনদুঃখে, কেমনে রবে মানিনী ॥ ১ ॥ কোকিলা ললিতাগানে, সুখসংয়োগিনীপ্রাণে, অনাথিনী য়েহবেহে, সেকত পাপে পাপিনী ॥ * ॥ বঞ্চিতে সাধেবঞ্চিতে, কিবাদে হলভুঞ্জিতে, কিভাবেরবেএদিবে, ভাবক বিনে ভাবিনী ॥ ২ ॥ নলিনী মলিনীত্যাগে, বিকশিত প্রেমরাগে, ভাষিল প্রফুল্লেনীরে, হের অরুণ দামিনী ॥ * ॥ বকুল মুকুল ফুলে, রসেঋষি হৃদিভূলে, আমিহারা নিজমূলে, হযেতাপেতেতাপিনী ॥ ৩ ॥

য়ামিনী না পোহাইতে, কোথায য়াইবেবল ॥ ধ্রুং ॥ অসম্ভব ভাবতব, আজুহেরিহে কেবল ॥ * ॥ হেরশশি প্রকাশিত, নহেরবি সমুদিত, কোথানাথ সুখতারা, মুদিতকমলদল ॥ ১ ॥ তববাক্য শেলসম, পশিল হৃদ যেমন, কিবালে হে গুণমণি, চাহিলে বিফলফল ॥ ২ ॥

ত্যজসখি অভিমান, বিভাবরী অবসান ॥ ধ্রুং ॥

তবপাদ পদ্মেবঁধু, মধু বুতেঁরি সমান ॥*॥ বিভাবরী পো-হাইল, ভানুতনু প্রকাশিল, বনপ্রিয় প্রিয়ভাষে, ভাষিছে ললিত গান ॥ ১ ॥ বিফলে গতায়ামিনী, কিছলে এত মানিনী, মানরাহু মুখেদেখ, সুখশশি সমাধান ॥ ২ ॥

বেহাগ বাবেহাগরা অনুরাগেণ
আড়াতেতালা তালেনগীযতে।

মমদেহ সিন্ধু সখি, হইল মন্থন ॥ ধ্রু ॥ ক্রমেতে বুঝহতার, লক্ষণা লক্ষণে সব, য়েতাবত আযোজন ॥* ॥ বিরহ অচলপ্রায, অনন্ত যন্ত্রণাকায, গুণসমতায ॥ * ॥ কহিতে বিদরেকায, হায হায হায সই। জীবনপ্রাণ আকর্ষণ ॥ ১ ॥ উঠিল শোকমাতঙ্গ, মালিন্য হযতুরঙ্গ, মোহগশধর ॥ * ॥ বিষাদ ঔষধিদুঃখ, পারিজাতবৃক্ষ তায। চঞ্চলাচঞ্চলামন ॥ ২ ॥ তাহেআশা বলবন্তী, সুধার কলস অতি, জন্মাইযাসুখ ॥ * ॥ অমনি নিরাশা বিষে, অশেষ বিশেষেশেষে। জ্বলায কুলভুবন ॥ ৩ ॥

বিরহ আময জাতে, হবেনিবারণ ॥ ধ্রু ॥ শুনশুনপ্রাণ সখি, প্রাণের প্রিয়সী সই, তারয়ত আযোজন ॥*॥ গঞ্জনা বটিকা তায, লাঞ্ছনা নির্য়াস প্রায, কলঙ্ক পাচন ॥ * ॥ ধিক্কার-চূর্ণ সমান, কুয়শ প্রলেপভাল। নিলর্জ্জা পথ্যসেবন ॥ ১ ॥ চিকিৎসক এজীবন, পরিচারকেগণন, বিযোগিনী মন ॥ * ॥ অশেষ বিশেষে শেষে, বিশেষ কারণে সই,

কর্ম্মভোগ রসায়ন ॥ ২ ॥ পরেতে ব্যাধির শান্তি, বিগত শির সংক্রান্তি, হইবে য়েমন ॥ * ॥ মিলন কান্তি কারণ, দুকূল চূর্ণাদি সব । সুখসেব্যসংঘটন ॥ ৩ ॥

পিরিতি সাগরবল, কিসেহব পার ॥ ধ্রুং ॥ অবলা অবলা আমি, সবলা নহিতপ্রাণ, সেয়েঘোর পারাবার ॥ ॥ বিরহ জীবন তায়, হেরিতে জীবন য়ায়, তাহেপুনর্ব্বার ॥ * ॥ হলেব্যক্ত বায়ুসঙ্গ, কলঙ্ক তরঙ্গরঙ্গে । দেহতরী বাঁচ ভার ॥ ১ ॥ অমনি নিমগ্নহবে, লাঞ্ছনা কুম্ভীর তবে, করিবে আহার ॥ * ॥ তবেপারি হতেপার, ভরসা তোমারা তাব । য়দিহও কর্ণধার ॥ ২ ॥

সকলে সাধিছে বাদ, বিরহ সঞ্চারে ॥ ধ্রুং ॥ সুধাংশু চন্দন পিক, মলয়ার সমীরণ, বিশ্বপ্রাণ বলেয়ারে ॥ * ॥ হেরিতে শশির মুখ, উপজে অপারদুঃখ, কহিব কাহারে ॥ * ॥ মনেহয় প্রিয়জন, নিরমল চন্দ্রানন । তখনি হৃদি বিদারে ॥ ১ ॥ বিলেপন বিলেপন, ভাবিয়েন হুতাশন, কারণ বিচারে ॥ * ॥ নাথের দেহ সুবাস, স্মরণে জন্মে হুতাশ । কিহল হল আমারে ॥ ২ ॥ পিকরবে তাররব, জগত্ প্রাণে কিবাকব, বুঝহ প্রকারে ॥ * ॥ মিলন সীতল তার, মনে উদয়ে আমার, ভাবি অকুল পাথারে ॥ ৩ ॥

লাগিল বিরহানল, হৃদয় কাননে ॥ ধ্রুং ॥ ধৈর্য্যতা

কুরঙ্গ আর, আনন্দ বিহঙ্গ প্রাণ, দহেসেই হুতাশনে ॥ প্রাণবায়.সমীরণ, করিতেছে উদ্দীপন,সঘনে সঘনে ॥*॥ সুখাহ্লাদ আদিতৃণ, কৌতুক পতঙ্গপ্রাণ। কিসুখে বাঁচে কেমনে ॥ ১ ॥ এখন উপায় তায়, নতুবাজীবন য়ায়, জী-বন বিহনে ॥*॥ তুমিধারাধরসম, বাঁচাও জীবনপ্রাণ। মিলন ধারাবর্ষণে ॥ অথবা ॥ সুখধারা বরিষণে ॥ ২ ॥

দেহয়ে প্রবোধ দেহ, নামানে জীবন ॥ ধ্রুং ॥ বি-না মূলাধার কোথা, সুখের সঞ্চারে সই, হয় দুঃখের বা-রণ ॥ * ॥ নলিনী ভানুয়েমন, রবিভাবে অনুক্ষণ,ফুল্লপদ্ম বন ॥ * ॥ ফলেসুখালেজীবন,সেইতপনের তাপে। দহে কমল কানন ॥ ১ ॥ তেমতি জানিবাসখি, আপন ভাব নিরখি, জেনেছি মরণ ॥ * ॥ হযেছি জীবনহারা, প্রবো-ধ অরুণেহৃদি। পদ্মসুখালো এখন ॥ ২ ॥ সম্প্রতি উপা যকর, প্রাণনাথ ধারাধর,হলে বরিষণ ॥*॥ সেনীরক্ষীর জিনিযে, মৃত অমৃত হইযে। সহসাহবে চেতন ॥ ৪ ॥

কেবনে কালেতে সখি, ঋতুর উদয ॥ ধ্রুং ॥ বিরহে বিরহি দেহে, বিরহ সময়েসই, ষড়ঋতু ভোগেরয ॥ * ॥ হিমের বিধান শুন, ভাবিযে নাথের গুণ, মোহপুনঃপুনঃ ॥ * ॥ বিনাশ্রমে শ্রমনীর, উপার্জ্জন হলেতায। সেনীরে হিমানিক্ষয ॥ ১ ॥ পরেতে শিশির কাল, য়েমন অন্তক কাল, সেঅতি জঞ্জাল ॥ * ॥ ভাবিযে নাথের.আশা,

মহীতে মোহিত তনু। সেইত শিশিরময় ॥ ২ ॥ তদন্তে ঋতুবসন্ত, কৃতান্ত সম দুরন্ত, যাতনা অনন্ত ॥ * ॥ দুঃখ লতা পল্লবিত, শোকমহীরুহপরি। কুহরে পিকসংশয় ॥ ৩ ॥ নিদাঘের রাগকিবা, বিরাগ বিষাদদিবা, উপমা কিদিবা ॥ * ॥ বৈকুল্য ভানুরতাপে, মালিন্যরেনুপ্রতাপে তনুভূমি দগ্ধহয় ॥ ৪ ॥ অপূর্ব্ব বরষাগুণ, জ্বলযে মনঃআগুণ, সেসন্তাপতূন ॥ * ॥ আহাকি হুতাশ ধূমে, নিরাসা ঘন সঞ্চারে। দুঃখধারা নেত্রেবয় ॥ ৫ ॥ শরতের যতগুণ, কহিতে নহি নিপুণ, কিঞ্চিত তা শুন ॥ * ॥ আনন্দ কর্দ্দম প্রেম, রাগেশুকাইলে সই। জীবন মীনবিলয় ॥ ৬ ॥

আমারে হেরিতে তব, বিরস বদন ॥ ধ্রুং ॥ অনুভাবে বুঝিভাব, এমনিভাবরে প্রাণ, বলিতাশুনএখন ॥ * ॥ লযেছ জীবনমনঃ, তারচিন্তা অনুক্ষণ, সেইসে কারণ ॥ * ॥ গৃহীরে দেখিযেচোর, প্রসন্ন বদনেপ্রাণ। রবেকরিযেকেমন ॥ ১ ॥ কিম্বা এজীবন মন, যেগুণে করহরণ, পুনঃউদ্দীপন ॥ * ॥ অর্থাৎ ঈষদ হাস, প্রকাশে ধ্বংশেরধ্বংশে। এভযহয সৃজন ॥ ২ ॥ অতএব বলিশুন, কিক্ষতি সৃজনে পুনঃ, তাহা কতক্ষণ ॥ * ॥ জীবন মরণ বিষ, ঔষধি তুমিতোপ্রাণ। হবে যা তোমার মনঃ ॥ ৩ ॥

মমসুখ সিন্ধুসখি, শুকালো এখন ॥ ধ্রুং ॥ পিরিতি শলিলপ্রায, কৌতুক রসলাবন্য, দহেবিরহতপন ॥ * ॥

আহ্লাদআনন্দময, হাবভাব লীলাচয, জলচরগণ ।। ১ ।। জীবন অভাবে দেখ, জীবন সংহারসই। জীবন য়ারে জীবন।। ২ ।। ইবে দুঃখ পঙ্কসার, অধিক কিঙ্করআর, দাহন কারণ ।। * ।। গঞ্জনা বাড়বা নল, য়েছিল শলিলে লুপ্ত। প্রতিগন্ন প্রতিক্ষণ ।। ৩ ।। কারণ শীতলজল, বিস্তারে নহে অনল, দাহিকাকখন ।। * ।। সম্প্রতি সে নীরনাশে, অনল প্রবলসই। জ্বলায দেহভুবন ।। ৪ ।। ক্ষেদরূপ হালহল, অনুরাগেতে প্রবল, হেতুবিনাশন ।। * ।। আশারূপ সুধাঅংশ, মনঃ কুম্ভে আছেতাই। গরলে নহে মরণ ।। ৫ ।।

রূপগুণ সিন্ধু তব, উপমা রহিত ।। ধ্রুং ।। লবনেক্ষু সুরাসর্পি, দধিদুগ্ধ জলতায, সপ্তসিন্ধু সংমিলিত ।। * ।। লাবন্য জলসমান, মিলন পয বিধান, অমৃত আখ্যান ।। * ।। তাহাতে বিকার ভাবে, দধিসম মানিপ্রাণ। মান বেশে-স্নেবিদিত ।। ১ ।। সেমানের অন্তহলে, বাখানীরে স্নেহবল্যে, সারলাভজ্যলে ।। * ।। মানান্ত সুরাসাগরে, ডুবি অচেতন মনঃ। আরো জীবন মোহিত ।। ২ ।। পরে আলিঙ্গনদান, ইক্ষুসাগর সমান, সুধাসমজ্ঞান ।। * ।। শেষেতে বিরহভয, লবন শলিলপ্রায। জীবন তাপে তাপিত।। ৩ ।।

প্রেম আরাসিন্ধু সখি, সমান গণন ।। ধ্রুং।। একই লক্ষণে

দোঁহে, লক্ষণআক্রান্ত সই। সুখদুঃখের ভাজন ॥ * ॥ দুস্তর সাগর পার, হয়ঘোর পারাবার, পিরিতি তেমন ॥ * ॥ ভাবেতে বঝা প্রেম, সাগর পারেতে সই। কূল পেযেছে কোনজন ॥ ১॥ সাগরে কুম্ভীর ভয, পিরিতে গঞ্জনাময, বিভেদঘটন ॥ * ॥ সিন্ধুতে সুধারভাণ্ড প্রেমে আলিঙ্গনকাণ্ড। মোহিত করযে মনঃ ॥২॥ সাগরে গরল রয, পিরিতে বিরহ ভয, হয অনুক্ষণ ॥*॥ তাহে বিচ্ছেদ ঘটিলে, বাড়বানল সমান। দহে জীবন ভুবন ॥ ৩ ॥

তোমার পিরিতি শশি, একই লক্ষণ ॥ধ্রুং॥ শশধরে ধরেয়থা,কলঙ্কতেমনিপ্রাণ,তবপ্রেমে দগ্ধমনঃ॥*॥ শশি পক্ষাপক্ষেরয, নিযত উদিত নয, জানিবা তেমন ॥ * ॥ তবপ্রেম প্রভাকর, মমহৃদয আকাশে। পক্ষাপক্ষ প্রতি ক্ষণ ॥ ১ ॥ শশিতে সুধারধার, তবপ্রেমে সেপ্রকার, হযত কখন ॥ * ॥ আলিঙ্গন সুধাপানে, জীবন চকোর ভোর। ফুল্ল কুমুদ নযন ॥ ২॥ দ্বিজরাজে রাহুভয, পিরিতে বিরহ হয, সন্তাপ কারণ ॥ * ॥ তবপ্রেম কলা নিধি, বিরহ রাহুর ভযে, সদা মলীন বদন ॥ ৩ ॥

অপূর্ব্ব মাধুরি প্রেম, সাগর মন্থন ॥ধ্রু॥ সুজন ত্রিদশ রূপ, কুজন দেবারি পক্ষে, দ্বিভাব ভাব ঘটন ॥ * ॥ মীলন-চন্দ্রসমান,হৃদয স্নিগ্ধ বিধান,তাহে অনুক্ষণ ॥ * ॥

অপার আনন্দ উচ্চে, শ্রবা হয কমসই, ঐরাবত মোহিত মনঃ ॥১॥ লীলাপারিজাতমত্ত, হাব ভাব আদিয়ত, পল্লবে শোভন ॥ * ॥ সুখসাধ ধন্বন্তরি, রঙ্গরঙ্গ সুধা ভাণ্ড, করযে কক্ষেধারণ ॥ ২ ॥ তদন্তে ভুরিমীলন, নানা রত্নে বিভূষণ, দেবাসুরগণ ॥ * ॥ শেষোস্থির সুধাদেবে, বিচ্ছেদ বিষবিশেষে, দেবারি করেদাহন ॥ ৩ ॥

নিরুপম রূপরূপ, তোমাতে ঘটন ॥ ধ্রুং ॥ জীবন সঞ্চারে সব, দেহেজানিলেরে প্রাণ, ওঅঙ্গ সঙ্গমিলন ॥ * ॥ গমনে ভূতলেহয, প্রফুল্ল পঙ্কজময, এআর কেমন ॥ * ॥ নযন ঈক্ষণে শূন্য, নিন্দীইন্দী বর প্রাণ। ব্যক্তকিনা অনুক্ষণ ॥১॥ সদত নীরে নিবাসে, ভূতলে তথা আকাশে, প্রকাশ এখন ॥ * ॥ একি অসম্ভব ভাব, স্বভাব অন্যথাপ্রাণ কেবল তব কারণ ॥ ২ ॥ হযেছে ফসে সকলি, কিন্তুনাহিক কেবলি, অমৃতবচন ॥ * ॥ তাইবলি সুধা ধারা, সিন্ধু সুখধারেপ্রাণ, ধরায কর বর্ষণ ॥ ৩ ॥

বদন সাগর তব, অপূর্ব্ব সৃজন ॥ বা, গঠন ॥ ধ্রুং ॥ নযন তরঙ্গরঙ্গ, কটাক্ষ হিল্লোলে প্রাণ, বা, অনিলেপ্রাণ, হেরিতে শীহরেমনঃ ॥ * ॥ তাহেকিবা চমৎকার, অশিক্ষিতে পাযপার, দেখি অনুক্ষণ ॥ * ॥ শিক্ষিত হইলেতার, উপায় কাহিক প্রান, বা, উপায অপায হায। দৃষ্টিমাত্র নিমজ্জন ॥ ১ ॥ ডুবিলে দুর্গতি তার, কহিব কত বিস্তার,

প্রণয চিন্তন ॥ * ॥ বাড়বানল প্রবল, ক্রমেতে করিযে বল। জ্বলায দেহ জীবন॥ বা, মনঃজীবন ॥ ২ ॥

প্রেমআর সিন্ধুসখি, একই লক্ষণ ॥ ধ্রুং ॥ এরস কহিব কারে, কেশুনিবে সবিশেষ, বুঝ লক্ষণালক্ষণ ॥ * ॥ সিন্ধুতে লবন জল, পিরিতে কলঙ্ক ফল, নিযত প্রবল ॥ * ॥ কুম্ভীরাদি বারিচর, সাগরে পিরিতে সই। লাঞ্ছনা গঞ্জনাগণ ॥ ১ ॥ সিন্ধুমাঝে হালাহল, অধিক বাড়বানল, সদত উজ্বল ॥ * ॥ প্রণযে বিরহ ভয, গরল বিচ্ছেদানল, মোহেদহে প্রাণ মনঃ ॥ ২ ॥ সত্যপ্রেম বলিযায, গরল অনল তায, নাশোভে কোথায ॥ * ॥ মনভাগ্য গুণে সুধা, কালকূট সমসই। কহিতে হলোএখন ॥ ৩ ॥

সত্ত্বধামে যদিসুখে, করিবা গমন ॥ ধ্রুং ॥ জীবাত্মা রথীস্বরূপ, শরীর করহ রথ, সারথি বুদ্ধিআপন ॥ * ॥ মনঃ প্রগ্রহ তাহাতে, রাখসারথির হাতে, ক্যরোনা হেলন ॥ * ॥ নেত্র শ্রোত্র পাদপাণি, আদিদশেন্দ্রীয হয। সুখে করি সংযোজন ॥ ১ ॥ শব্দস্পর্শ রূপআর, রসগন্ধ চমৎকার, গমন কারণ ॥ * ॥ জানিবা অপূর্ব্ব পথ, অবিরত করতায। তুরঙ্গ রঙ্গে চালন ॥ ২ ॥ পথে বিঘ্ন অগণন, কামক্রোধ আদিগণ, রিপুর দমন ॥ * ॥ তুমিকরিলে সন্ধান, অরির নাহিকত্রান, বাণবস্তু বিচারণ ॥ ৩ ॥

আইহর যাইতবে, জনক আলয় ।। ধুং ।। ত্বরা অনুমতিদেহ, বিলম্ব নাশয় ।। * ।। সিন্ধুতে ডুবেছে ভাই, আর আর বেহলাই, হেরে জীবন যুড়াই, এইবাঞ্ছা হয় ।। ১ ।। সবে আমি কন্যা ঘরে, রয়েছি অতিঅন্তরে, মাব্যলেকে শান্তকরে, চিন্তাঅতিশয় ।। * ।। তিনদিন জন্যাগিয়া, সপ্তমীতে প্রবেশিয়া, পোহালে নবমী হব, কৈলাশে উদয় ।। ২ ।।

পীরিতের একিরীত, সকলিগো বিপরীত ।। ধুং ।। আপন ধনেতে চোর, বল একী অনুচিত ।। * ।। য়েজন লযেছেনন, চোরবটে সেইজন, তথাপিও অনুক্ষণ, সাধু বেশে সে বিদিত ।। ১ ।। আমিদিযে মনধন, চোরপ্রায প্রতিক্ষণ, কিশয়ন কিস্বপন, ভাবিগো চোরের হিত ।। ২ ।।

পীরিতি পীযূষ প্রিয, মিশালো বিরহবিষে ।। ধুং ।। হে প্রিয়ে তোমার ধ্যান, কুলমান গেলরীষে ।। * ।। পীরিতের রীতপ্রাণ, জাযবটে কুলমান, তাহেবল অপমান, প্রেমিকের হয কিসে ।। ১ ।। কিন্তুযদি প্রিযজন, তুমিহে মম য়েমন, করিলেতো অয়তন, জায অঙ্গ সিষে মিশে ।। ২ ।।

সত্যধামে য়দিমন, করিবে গমন ।। ধুং ।। বৈরাগ্য তুরঙ্গেরঙ্গে, কর আরোহন ।। * ।। মনোহর সেই হয, কিন্তু সদা স্থিরনয, প্রবৃত্তি কশায ক্যরো, নিযত তাড়ন ।। ১ ।।

সুযত্নে রাখিতেতায, চিন্তাকি আছেহেতায, ধৈর্য্যক্ষমা রক্ষকেরে, কর সমর্পন ॥ * ॥ তবেপাবে উক্তধাম, ধর্ম্মঅর্থ মোক্ষকাম, করস্থ কররেনাম, নিত্য নিরঞ্জন ॥২॥

আমি বৃন্দারণ্য বাসি, নাম বিন্দে আহিরিণী ॥ ধ্রুং॥ পারত চিনিতে শ্যাম, সেই কৃষ্ণ কাঙ্গালিনী ॥ * ॥ ব্রজ ধাম পরিহরি, মধুপুরি আসিহরি, পেলেরানী রাজধানী, রাজা রাজকংশ জিনী ॥ ১ ॥ হয়েছ নবভূপতি, করিছে চরণে নতি, বিচার দেখিতে সঙ্গে, এসেছেন কমলিনী ॥ * ॥ এইদাস খতলহ, যথাবিধান করহ, দেখদেখি কারলেখা, চিনিযে ব্যলো না চিনি ॥ ২ ॥

আরেমনঃ ঘমাওনা, রহয়াগিযে ॥ ধ্রুং ॥ মোহ রূপারজনী, কাটাও বসিয়ে ॥ * ॥ ভযানক ভববনে, ত্বদীয তনুভবনে, ছিদ্রময কানাচেকাল, চোরদাঁড়াইযে ॥ ১ ॥ শীলতা কবজকরি, বিরতি ফলকধরি, জয়ীহও জ্ঞানাসিতে, চোরেরে নাশিযে ॥ * ॥ এইউপদেশ নযে চিন্তামযী চিন্ত্যহযে, ত্রিতাপে য়াহ তরি যে, কালেফাঁকি দিযে ॥ ২ ॥

ভ্রান্তমনঃ কেনভোলো, নাহি ভাবিযে ॥ ধ্রুং ॥ মাযাবৈতরণী য়াবে, কেমনে তরিযে ॥ * ॥ সেনদী অতি বিষম, সম্মোহ তরঙ্গতম, অথবা, মহামোহ তরঙ্গম, কাম

ক্রোধ জলচরে, রয়েছে ঘেরিয়ে ॥ ১ ॥ অতএব শুদ্ধাতরী, সাজাওরে যত্নকরি, ভক্তিক্ষমা প্রতিতরে, যতনে লইয়ে ॥ * ॥ গুরুকর কর্ণধার, তোলমহামন্ত্র ভার, কালী কালী কালী বলি, আরূঢ় হইয়ে ॥ ২ ॥

কেবলে তোমার হৃদ, হয় রোমাবলী ॥ ধ্রুং ॥ কারণ নাভাবি করে, কার্য্যের সন্ধান তায়, অহিত ঘটে কেবলি ॥ * ॥ হৃৎকোপ হুতাশন, করেমদন দাহন, সেই সে কারণ ॥ * ॥ তবনাভি কূপেকাম, পতিতে উত্থিত ধুম। শাল্মল অনলে জ্বলি ॥ ১ ॥ কিম্বা কুচ শম্ভুভয়, অনঙ্গে অসহ্যহয়, হইতে নির্ভয় ॥ ॥ নাভির বিবরেজ্যেতে, হর কর ধৃতকেশ। রোমাবলী শ্রেণীবলি ॥ ২ ॥

বিরহে বিরহি দেহে, বরষাউদয় ॥ ধ্রুং ॥ কেবলে নিদাঘ নাশে, বরষা সম্ভব সই, সেকথা সম্ভবনয় ॥ * ॥ একে একে বুঝতার, করিলক্ষণবিচার, হবকি নাহয় ॥ * ॥ বিচ্ছেদ নিবিড়ঘন, হৃদযগগনে সই। উদিত হল নিশ্চয় ॥ ১ ॥ তাহে মোহঘোর তম, চিন্তাসমীরণ ক্রম ইথে কি সংশয় ॥ * ॥ বিষাদ বজ্রসমান, দহে জীবন ভবন, ধারাদ্বি যসেবয় ॥ ২ ॥ ক্ষেদরূপ ভেকগণ, করে আত্মনাদঘণ, শোক পদ্মময় ॥ * ॥ মালিন্য দ্বিরেফরঙ্গ কহিতে বিদীর্ণ অঙ্গ। অধিক আরো হৃদয় ॥ ৩ ॥

বসন্ত বরষা মম, বিরহবাসরে ॥ ধ্রুং ॥ দেখ তাহার কারণ, করি লক্ষণা বিচারে, যেরূপে রূপ সঞ্চরে ॥ * ॥ বিচ্ছেদ নিবিড়ঘন, পায্যা হৃদয গগন, সুখেতে বিহরে ॥ * ॥ কোকিলের কুহুধ্বনি, বজ্রসম গণিতায। শুনিজীবন শীহরে ॥ ১ ॥ মন্দমলযামারুত, ঝঞ্ঝা অনিল অদ্ভুত কথন কিকরে ॥ * ॥ ভ্রমরা গুঞ্জরে যেন, ভেকের নিনাদ প্রায। প্রবেশে কর্ণ কুহরে ॥ ২ ॥ বাড়বাগ্নি তাপসখি বিরহ তাপ নিরখি, চেতন সংহরে ॥ * ॥ আঁখিধারা অবিরত, ধারাধর ধারামত। বরিষে কুচ শিখরে ॥ ৩ ॥

অরুণ শলিলে ভাষে, নাশুনি কখন ॥ ধ্রুং ॥ শ্রবণ সম্বন্ধ হীন, তব অভিমানে প্রাণ, প্রত্যক্ষহলোএখন ॥ * । বুঝিপ্রিযে অভিপ্রায, তরুণ অরুণপ্রায, তোমার নযন ॥ * ॥ কোপবাড়বাগ্নিতাপে, অধঃনীর উর্দ্ধভাবে। আঁখি বারিবরিষণ ॥ ১ ॥ আকাশে যাহার বাস, শলিলে তার প্রকাশ, একি দুর্ঘটন ॥ * ॥ হেরিযে এবিপরীত, কমল হৃদয মন, শুকালো তথিকারণ ॥ ২ ॥

আমারঃ, ভূতলে নিবাস কিন্তু, সাগরে শযন ॥ ধ্রুং ॥ দেখদেখি তা নিরক্ষি, হয কি নাহয সই, জলনিধি আযো-জন ॥ * ॥ বিরহ লবণজল, হুতাশ বাড়বানল, গরল মোহন ॥ * ॥ মালিন্য বিষাদ দুঃখ, জলচর সহ সই। বিরাজিত অনুক্ষণ ॥ ১ ॥ ক্ষেদগন্ধ বহুতায, তরঙ্গপ্রবল

জায়, হয় প্রতিক্ষণ ।। * ।। এখন উপায়মাত্র, মিলন গুণে-
তে সই । রাঁধি কুলে আকর্ষণ ।। ২ ।।

আগেতে বলিলেকভু, হয় কি এমন ।। ধ্রু ।। প্রেমআশে
তবপাশে, দুকুল ভাষিযেপ্রাণ, ঘটে হেন কুঘটন ।। * ।।
য়দিবল য়ার প্রতি, মন্দাগতি হয়মতি, কবকি কারণ ।।*।।
উচিত তা নহেপ্রাণ, স্বরূপে সেরূপকই । হবেজ্ঞান প্রযো-
জন ।। ১ ।। অব্যর্থ সন্ধান য়ার, এইতো বিধানতার, না
করে গোপন ।। * ।। দেখহ অমোঘবজ্র, পতন প্রাক্‌কালে
প্রাণ । সৌদামিনী দরশন ।। ২ ।। আরোচিন্তহ বন্ধান
কালপূর্ণে হতপ্রাণ, করিতে শমন ।। *।। ললিতগলিত
দন্ত, অন্ত আগে হয়প্রাণ । ইহা কালের লক্ষণ ।। ৩ ।।

ভীম পলাশীরাগিনী ।। তাল মধ্যমান ।।

হেঃমাধব, মুরারে ।। ধ্রু ।। ব্রজধন বিপিন বিহারে ।।
গোপিনী মনরঞ্জন, রুচির সচাকুঘণ, মুনিগণ মোহনবন
হারে ।। ১ ।। কটিতট বিরাজিত, তড়িত জড়িতপীত,
অম্বর মধুর মন্দ, হাস গিরিধারে ।। * ।। মদন মানমর্দ্দন,
য়শোদা হৃদি নন্দন, তারভব জলনিধি পারে ।। ২ ।।

হেঃ মধুসূদন ।। ধ্রু ।। মামনুকম্পয জনার্দ্দন ।।* ।।
নটবর বর বেশ, গোপীগণ হৃদিদেশ, গগণচন্দ্রমদন
মোহন ।। ১ ।। কালীয নাগগঞ্জন, কলিকলুষমোচন, কে-

শিনি কৃন্তন, নিকুঞ্জ তট খঞ্জন ॥ * ॥ কুরু করুণানিধান, ভজনহীনেবিধান, দেহিচরণার বিন্দ শরণ ॥ ২ ॥

॥ আড়ার ঠেকা ॥

কেনভ্রমে ভ্রমেভূলমন, অচিন্ত চিন্তন ॥ অথবা, কেন করি অচিন্ত চিন্তন, ভ্রমে ভুলমন ॥ ধ্রুং ॥ দুরারাধ্য আরাধিযে, দুরেত্যেজ নিরঞ্জন ॥ * ॥ করয়ে য়ৌবন গর্ব্ব, কালে তা জানিবা খর্ব্ব, তখন প্রমাদগর্ব্ব, সর্ব্বদা হবে ইক্ষণ ॥ ১ ॥ দেখ য়ৌবন রচন, আদ্যে য়ৌ অন্তে বন, নবয়ৌ বিষম ভাবে, য়ৌ লবে কি লবেবন ॥ ২ ॥

তুমিয়ে বাসহে ভাল, ব্যক্তে হবে না জানাতে ॥ ধ্রুং ॥ জেনেছি ভাবেতে ভাব, পার কি আর লুকাতে ॥ * ॥ সকলি বুঝিতে পারি, বুঝিযে বুঝিতে নারি, চোরেতে করযে চুরি, সাধুকি পারে মানাতে ॥ ১ ॥ ইবেয়ে বাড়া বেমান, সেআশা করিনে প্রাণ, কেদিলে মন্ত্রনাহেন, নালাকেটে জল্ আনাতে ॥ ২ ॥

সকলি বুঝিতেপার, উচিত কেন করনা ॥ ধ্রুং ॥ বুঝিলে কিহবে বুঝি, কপাল গুণে বুঝনা ॥ * ॥ কর্ম্ম সূত্রগত্যাহা, খণ্ডিতেকে পারে তাহা, বিরত বিরতে কেবা, ভাবি প্রসব বেদনা ॥ ১ ॥

নশ্বর নিখিল বিশ্ব, সকলি আকাশ ॥ ধ্রুং ॥ নিশ্বাশে বিশ্বাস নহে, অধিক প্রশ্বাশ ॥ * ॥ অহন্য হানি ভূতানি, সমন ভবন জানি, কিহল কোথায গেল, ভেবোনা হুতাশ ॥ ১ ॥ অর্পিবারে অভিজ্ঞান, তেজিবাস পরিধান, সর্ব্বনাশি দিগম্বরা. রূপের প্রকাশ ॥ ॥ আভাষে বুঝহমন, দিনেশ শেষঃ কেশব, ক্রমেতে আকাশ শব, অন্যে কিবা আশ ॥ ২ ॥

মনের বাসনায়ত, যদিকহিবারে চাই ॥ ধ্রুং ॥ হৃদয বিদীর্ণহয, প্রকাশি নাবলিতাই ॥ * ॥ মুখেবল ভালবাসি, অন্তরে গরল রাশি, নতুবা দেখিতে আসি, দেখাকেন নাহিপাই ॥ ১ ॥

মখেবলি পাশরিব, মনেভাবি তাকিহবে ॥ ধ্রুং ॥ য়ারলাগি অনুরাগি, সেকেন য়াতনাসবে ॥ * ॥ লাভ মাত্রএইহবে, মম দোষ সবে কবে, জগতে অখ্যাতিরবে, পীরীতি ঘাতিনী রবে ॥ ১ ॥ য়েমুখ হেরিলে সুখি, য়ারে না দেখিলে দুঃখি, তাহারে করি অসুখি, কিসুখে জীবন রবে ॥ * ॥ য়দিনায়া ত্যেযাগিয়ে, প্রেম রোধিনী হইযে, অন্তরে থাকিতেজিযে, অন্তর প্রফুল্ল কবে ॥ ২ ॥

কেন ভোল মনেকর, আছেদিন ভযঙ্কর ॥ ধ্রুং ॥ নিশ্বাসে বিশ্বাসনহে, কি আশ্বাশে এনির্ভর ॥ * ॥ গ্রীষ্ম-

গতেবর্ষাহবে, ঘরেথুচি দেওসবে, কাল্ বর্ষাভয়ে কবে, সারভগ্নদেহ ঘর ॥ ১॥ সুখেরবে এপ্রযাশ, আগুলে মর পৌষ্মাস, কিন্তু স্বীয় সর্ব্বনাশ, চিন্তনে নহ তত্পর ॥ * ॥ বুঝকবে পরাপর, সবেকবে থরধর, তুমিহবে নিরুত্তর, ভেবে উত্তর উত্তর ॥ ২ ॥

ভূপালী রাগিনী ॥ জলদতেতালা ॥

তাঁরে ভূলিভূল মনঃ, বৈভবার্থ অনুক্ষণ, ভ্রমকি হেতু ভ্রমণ, করঅনিবার ॥ ধ্রুং ॥ জগত প্রপঞ্চময, ক্ষণে হযক্ষণেলয, কিঞ্চিৎ নাহিনিশ্চয, মাযার সংসার ॥ ১॥ দেখ মূঢ়মনঃঅরে, আবদ্ধদ্বার পিঞ্জরে, বিহঙ্গ শৃঙ্খলবরে বাঁধিরাখা ভার ॥ * ॥ মুক্তনব দ্বারদেহ, প্রাণবায়ু পক্ষি গেহ, ক্ষণমিহ চিন্ত্যকেহ, ভরসা কি তার ॥ ২॥ অত এব অহংজ্ঞান, দম্ভশ্লাঘ্য অভিমান, ত্যজএই সুবিধান, অন্যথাধিক্কার ॥ * ॥ লহসার উপদেশ, বিধবার কেশ বেশ, ভেবোনাসেদিনশেষ, স্মরিযে তোমার ॥ ৩॥

কেনভ্রমে ভূলমনঃ, আপন কার্য্যকারণ, যিনিনিত্য নিরঞ্জন, সত্যসনাতেন ॥ ধ্রুং ॥ বুঝভাব চমত্কার, আদিঅন্ত নাহিতাঁর, সৃষ্টিস্থিতি লয যাঁর, নিযমে ঘটন ॥ ১॥ অন্তরাত্মা অগোচর, সর্ব্বসাক্ষি পরাৎপর: নিত্য অনাদি অক্ষর, মহিমা কেমন ॥ * ॥ পরব্রহ্ম অবিনাশ, সর্ব্বময অপ্রকাশ, ক্ষিতি আদি মহাকাশ, বিকাশ কারণ

।। ২ ।। যাঁহার নিযমেভর, করিয়াছে নিরন্তর, রবিভানু চরাচর, পবন জীবন ।। * ।। তাঁরি আদেশানুসারে, অখিল বিশ্ব সংসারে, উদরগত আহারে, তৃপ্তপ্রাণি গণ ।। ৩ ।। মহারণ্যে তরুগণ, যাঁরভাবে অনক্ষণ, ফুলেফলে সুশোভন, তাঁরে প্রতিক্ষণ ।। * ।। ভুলিযে অজ্ঞানেমত্ত, সাধেকর বৃথাতত্ত্ব, সদাসাধ তত্ত্বতত্ত্ব, জীবের জীবন ।।৪।।

ভাবিরে ভাবনা, কেনমন ।। ধ্রুং ।। কিবলে আইলে সেথা, কিকর এখন ।। * ।। কংকাল উরসি বামা, কংকালিকে গুণধামা, মহামাযা রূপে বামা, জগৎ কারণ ।। ১ ।। ত্রিজগং মাহাকাশ, মার মাহমাপ্রকাশ, ক্ষিতিঅপ তেজ আদি, আকাশ পবন ।। * ।। মিছাকালে মত্তহযে, ধন উপার্জ্জনে রযে, খর্পর করেতে লযে, হারালে রতন ।।৩।।

ভৈরব রাগেন ।। আড়া তেতালা তালেন গীযতে ।।

যামিনী প্রভাতামন, সাধ ভৈরবালাপন ।। ধ্রুং ।। ভক্তিআলাপিনী যন্ত্র, সপ্তস্বর তন্ত্রতায, করি সুখে সংমীলন ।। * ।। ঐকান্ত পিনাক শ্রদ্ধা মৃদঙ্গ নইযে, বৈরাগ্য মুরলি ধৈর্য্যঘন বাজাইযে, নাম সংখ্যা করতালে তাল দিযেলয, তায়, রেচক কর অর্পন ।। ১ ।। অপান উদান ব্যান সমানওপ্রাণ, সঙ্গিত শ্রবণ পক্ষে শ্রোতার বিধান, তবেতো অন্তর রিপু অন্তর হইলে, তায়, ঘটিবেজা নিরঞ্জন ।। ২ ।। এমতে ক্রমেতে দিবায়ত অবসান, পাইবে

পরম শ্রী নিগূঢ় সন্ধান,পারেতে হইলে বৈবস্বত গেহগত, মনঃ, কালেকথাণ ঘটন ॥ ৩ ॥

য়েজন তোমার রূপ, নাকরে অবলোকন ॥ ধ্রু ॥ সেজন জানযে, দূরদেশে তীর্থগত প্রাণ। ব্যর্থ তাহার জীবন ॥ * ॥ তবদেহ তীর্থময় বলিশুন প্রাণ, মুখচন্দ্র চন্দ্রভাগানদীর সমান, সুভাষ প্রভাষ আরো কর্ণমূলি কর্ণিকার, কর পুষ্কর গমন ॥ ১ ॥ ত্রিবেণী ত্রিবেণী নিন্দী সুবেনী গঠন. নিমেষ নৈমিষারণ্য বরেণ্য বরণ, শারদা শারদাসম. কুচ পদ্মাবতী প্রাণ, পদ্মাবতীর মীলন ॥ ২ ॥ সুবর্ণ সুবণরেখা সুবর্ণবর্ণিনী,সুরতরঙ্গিনীভাবসুরতরাঙ্গনী, য়দিহও নর্ম্মদা নর্ম্মদা ভাবে প্রাণ, হযসুখ সন্দাপন ॥ ৩ ॥

মহামায়া কত মায়া,জান নহিলে ॥ ধ্রু ॥ কেমনে মহেশ মন, মোহে মোহিলে ॥ * ॥ লজ্জারূপাদিগম্ব-রী, বিশ্ব হন্ত্রী বিশ্বোদরী, পরম বৈষ্ণবী কিন্তু, অসুর নাশিলে ॥ ১ ॥ ত্রিজগত্রিব্রহ্মাণ্ড ব্যাপিতা, অথচ নযনাতীতা, জগত্জননী পুনঃ, ষোড়শী হইলে ॥ * ॥ কোপায তোমার ভেদ, বিন্দাবক্ষে পড়বেদ, প্লাবিত কারণ নীরে, নস্থানে বসিলে ॥ ২ ॥ অকর কর গ্রহণ, শ্রবণবিনা শ্রবণ, বদনহীনে আনন, কিখেলা খেলিলে ॥ * ॥ অচক্ষু দেখিতেপাও, অপদ সর্ব্বত্রে য়াও, কাতরে তারিতে মাত্র, নযন মুদিলে ॥ ৩ ॥

প্রভাতে অরুণ রূপেহরি,কুঞ্জেকেন আগমন ।। ধ্রুং।।
সারানিশি একাকিনী, য়াগী বসি কমলিনী, এইকরিলেন
শযন !! * ।। কালশশি হয়েহারা, মানিনী গণিযা
তারা, দুঃখিতা তাপিতা কারা, ডেকনা বংশিবদন ।। ১ ।।
য়ারকুঞ্জে ছিলেবঁধু, বরিষিযে সুধামধু, হবেসে চকোরী-
মান, নাহেরেও চন্দ্রানন ।। * ।। নিশিতে সুধাংশুবেশে,
ছিলে তথা সুথ বেশে,আসিনিশি অবশেষে, এখানেভানু
গণন ।।২ ।।

মধ্যমান্ ।।

চলচল মনরে,নীলাচলে ।।ধ্রুং।। য়দি চাঁদমুখ দেখিবা
কুতূহলে ।। * ।। ভাগ্যের কি সীমাকব,হেরিবানীলমাধব
সফল জনম তব, এই মহীমণ্ডলে ।। ১ ।। সাজাইযা দেহ-
তরী,শ্রদ্ধারে কাণ্ডারীকরি, ভক্তিপালি তুলিদিযে,ঐকান্ত
দাঁড়ি করিযে, বাহিযালও বাঞ্ছা বাযুবলে ।। ২ ।। পাঁইযে
প্রসাদ ভাত, মাতায বুলাযা্যা হাত, সুখে কর ভক্ষসাত,
চতুর্ব্বর্গফলে ।। * ।। সে অন্ন সুধন্যময, প্রাপ্তিমাত্র মুক্তি
হয় ।। মম উপদেশ মানি, ভবসিন্ধু বিন্দুজানি, সাঁতার
খেলগে সিন্ধুজলে ।। ৩।।

রজনী প্রভাতহলে, সরোজিনী সুখেভাষে ।। ধ্রুং ।।
তবেকেন মমহৃদি,সরোজেরসুখনাশে ।।*।।অনুমানেজ্ঞান
হয, মমকমল হৃদয, প্রিযচন্দ্রাননবিনে, অন্যনাহি ভাল-

বাসে ॥ ১ ॥ এই অপৰূপা সখি, পঙ্কজ শশিনিরখি, সুখি হয় অতিশয, মনরত অভিলাশে ॥ * ॥ শুন তাহার কারণ, চাঁদের গুণ কেমন, দিযেবাঞ্ছামত ধন, বেঁধেছে অলক্ষ্য পাশে ॥ ২ ॥

উদয অচলসহ, উদয হইলে আসি ॥ ধ্রু ॥ রজনীর য়াগরণে তরুণ অরুণ প্রায । নযন রয প্রকাশি ॥ * ॥ নবীন নীরদকায শ্যামৰূপ তব, উদয শিখর সম উপমা কিকব, বরঞ্চ দৃষ্টান্ত ত্যজি দার্ষ্টান্ত বিধাযে, শ্যাম্ । কাল ৰূপ ভালবাসি ॥ ১ ॥ দেখতার নিদর্শন তোমার নযন, দহিল আমার হৃদি কুমুদ কানন, প্রফুল্ল করিলে কার, কমল অন্তর, শ্যাম্ । কমলিনী সুখনাশি ॥ ২ ॥

তিলআধ, থেকেজাও ॥ ধ্রু ॥ এঅধিনীর মাথাখাও ॥ * ॥ তব অবসানে বঁধু রবেনা, কিদুঃখে জলাও ॥ ১ ॥ নযন ভরিযে নাথে দেখিব, বারেক দেখাও ॥ ২ ॥ য়ামিনী সতিনী কেন প্রাণেরে, লইযে পলাও ॥ ৩ ॥

ভৈরবী রাগিনী ॥ মধ্যমানের ঠেকা ॥

পিরীতি সুখেররেপ্রাণ, কেমনে হয ॥ ধ্রু ॥ প্রেম রসে অবশেষে, অপয়শ দেশময ॥ * ॥ দেখ তার নিদর্শন, শশিতে শশ অর্পণ, হয প্রণয কারণ, একথা অন্যথা নয ॥ ১ ॥ আর বুঝ বিচারিযে, কে সুখি প্রেম করি-

যে, তিল আধ না হেরিয়ে, তাপে বিদীর্ণ হৃদয় ॥ ২ ॥ য়দি হয় দরশন, ঘরে পরেরি গঞ্জন, নিযত করে দাহন, দুকুল ভাষে নিশ্চয় ॥ ৩ ॥ অস্যোত্তরং ॥

পিরীতে কলঙ্ক রেপ্রাণ, বল কে কয় ॥ ধ্রুং ॥ য়েনা-জানে প্রেমরস, তারি অপয়শ হয় ॥ * ॥ য়াবত পিরীতি রবে, কলঙ্ক নাহিক হবে, পিরীতি বিচ্ছেদে তবে, লাঞ্ছনা জগত ময় ॥ ১ ॥ কারণ প্রেমোদ্দীপন, প্রকাশ নহে কখন, উভযে করি' য়তন, ভাবেতে মোহিত রয় ॥ ২ ॥ তাহে বিরহ ঘটিলে, শোকসিন্ধু উথলিলে, নয়ন পথশলিলে, প্রকাশ করে নিশ্চয় ॥ ৩ ॥

মনের মানসতারে, ক্যযে কি হয় ॥ ধ্রুং ॥ য়ারমন অনুক্ষণ, অন্যমনে বাঁধারয় ॥ * ॥ য়তনে আমিয়েমন, সঁপিয়াছি নিজমন, হলে কি তার তেমন, ঘটে' জীবন সংশয় ॥ ১ ॥ য়েজানে আপন দুঃখ, সেচায পরের সুখ, অন্যের বিরস মুখ, হেরে মমতাউদয় ॥ ২ ॥ ইহাবিনা পরদুঃখে, সুখিহব স্বীযসুখে, য়েভাবে তাহার সুখে, দুকুল ভাষে নিশ্চয় ॥ ৩ ॥

তরুণ অরুণ রেপ্রাণ, হেরিনযনে ॥ ধ্রুং ॥ সন্তাপ লাগিলমম, হৃদিকুমুদ কাননে ॥ * ॥ তব সুধাংশুবদন, চকোর আমার মন, তৃষিত সুধাকারণ, থাকেসুধা আয়ু

থনে ॥ ১ ॥ হেরে অরুণ উদয়, চন্দ্র চকোর সংশয়, তবেকি কারণে নয়, সেঘটনা অকিঞ্চনে ॥ ২ ॥ রবিশশি বর্ত্তমান, সমসূত্রে বিদ্যমান, দেখে ভয়ে হতজ্ঞান, ডাকেবা শশি গ্রহণে ॥ ৩ ॥

পিরীতিকিরীতি রেপ্রাণ, নারি বুঝিতে ॥ ধ্রুং ॥ সুখ আশে হলোশেষে, দুঃখ সাগরে ভাষিতে ॥ * ॥ আমার মনমত, সকলি বা হয হত, দুজনেহলে দ্বিমত, বঞ্চিত ভাবে বঞ্চিতে ॥ ১ ॥ কিভাব তব আমরি, আগেতে জীবন হরি, পরেতে চাতুরী করি, হযকিনারি দহিতে ॥২॥ জানিলে এ মন আগে, সঁপিকিহে প্রেমরাগে, এখন মন বিরাগে, নাপারি তোরেত্যাজিতে ॥ ৩ ॥

মনের বাসনা রে সই, মনে রহিল ॥ ধ্রুং ॥ অঙ্কুরে ব্যাঘাতবিধি, বলকি বাদে সাধিল ॥ * ॥ মনেছিল যেআহ্লাদ, হলোতার পরিবাদ, সুখসাধে দুঃখিনীরে, দুঃখনীরে ভাষাইল ॥ ১ ॥ ভাঙ্গিল আশার বাসা, ঘুচিল আশার আশা, পূরিল না মনঃ আশা, দেখকি দশাঘটিল ॥ ২ ॥ ধিক্ এ পিরীতে সই, মনঃদুঃখ কারেকই, যেজন না করে-মনে, মনঃসেধ্যানে মজিল ॥ ৩ ॥

কিফল বলিযে তোরে, মনবেদনা ॥ ধ্রুং ॥ পরেকি জানিতে পারে, কভু পরের যাতনা ॥ * ॥ তাহেনাহি দো-

ম্ভব, মমকর্ম্ম সূত্রেসব, বাঞ্ছাসদা সুখেরব, বন্ধ্যার সুত কামনা ॥ ১ ॥ দেখশশি হুতাশন, হরভালে অনুক্ষণ, নিবাসে হয় দাহন, কিকর্ম্মের বিড়ম্বনা ॥ ২ ॥ আরবা কতবলিব, মাতাশিবা পিতাশিব, তবুগজানন সূত, এয়ে বিধির ছলনা ॥ ৩ ॥ অস্যোত্তরং ॥

কেমনে বলিলে রেপ্রাণ, পুনঃব্যলনা ॥ ধ্রুং ॥ কিহয়ে আমারে ক্যযে, তোমার মনয়ন্ত্রণা ॥ * ॥ তুমিআমি এপ্র ভেদ, একিকথা ছাড়াবেদ, নাহিমাত্র ভেদাভেদ, অভেদ ভেবে দেখনা ॥ ১ ॥ নিহারাগে করদ্বন্দ্ব, য়থাকুসুমের গন্ধ, সনরূপ ভিন্নগুণ, তেমতি প্রেমজাননা ॥ ২ ॥ অর্থাত্ তুমিআমাতে, আমিওআছি তোমাতে, য়থাগন্ধ লীনবাতে, পৃথক অসম্ভাবনা ॥ ৩ ॥

তোমার করুণা রেপ্রাণ, নহেকখন ॥ ধ্রুং ॥ আপন কপাল গুণে, ছিল সুখের কারণ ॥ * ॥ অরুণে নলিনী মন, হেরে প্রফুল্ল য়েমন, কালেসুকালে জীবন, কমল দহে তপন ॥ ১ ॥ তেমতি তোমার মুখ, হেরেমম বাড়েসুখ, তুমিকালে দিয়েদুঃখ, দুঃখে জ্বলালে জীবন ॥ ২ ॥

কহিতে তোমারে রেপ্রাণ, মনেরি দুঃখ ॥ ধ্রুং ॥ দ্বিগুণ আগুণ বাড়ে, হেরিতে ওচাঁদমুখ ॥ * ॥ আমি

জানি প্রাণধন, তুমিতাপিতে জীবন, এমন কেতব মন, হরিয়ে হরেছে সুখ ॥ ১৭॥

—

আগেতে নাজানিরে সই, এমন হয ॥ ধুং ॥ যেমন নযন বাহ্যে, অন্তরে তেমনি রয ॥ * ॥ শুন তাহার কারণ, নাহেরিতে যেবদন, করিমুদ্রিত নযন, মননেত্রে সেউদয ॥ ১ ॥ সদত অন্তরে থাকি, প্রাণব্যলে নাহি ডাকি, তথাপি মনেরেলযে, অন্তরঅন্তরে রয ॥ অথবা, ব্যাপিত অন্তর ময ॥ ২ ॥

—

মানেয়ে করিলেরে প্রাণ, এঅপমান ॥ ধুং ॥ তথাপি নহিতদুঃখি, সুখিহেরে ওবযান ॥ * । তবসহ এপ্রণয জগতে ব্যাপক হয, তাহেহলে অনিশ্চয, হৃদয তাপে সন্ধান ॥ ১ ॥ হকু আমি কেহনই, তোমারি ভাবেতে কই, রাখিতে হইবে কিনা, পিরিতে প্রেম সন্মান ॥ ২ ॥

—

এতয়ে পিরীতে রেপ্রাণ, করচাতুরি ॥ ধুং ॥ তথাপি তববিহনে, মনেরে নইযে ঝুরি ॥ * ॥ একি অসম্ভব কথা, হযস্বভাব অন্যথা, চাহিপ্রাণ দিতেতারে, যেক্য-রেছে মনচুরি ॥ ১ ॥ ফলে এজীবন দান, দিতেকি বিলম্ব প্রাণ, নইলেও নীতে পার, টানিলে প্রেমের ডুরি ॥ ২ ॥

—

এতয়ে য়াতনা রেপ্রাণ,দেহ আমারে ।। ধ্রু০ ।। তথাপি জীবন সুখি, তব সুখের সঞ্চারে ।। * ।। য়দিও জীবনক্ষয়, হলেয়ায রোগভয়, ভাবিযেকে মৃত হয, মুক্তহতে রোগ-ভারে ।। ১ ।। তেমতি তব য়ন্ত্রণা, ত্যজিলে প্রেমকামনা, অবশ্য থাকেনা জানি, জেনেকি হইতে পারে ।। ২ ।। তুমি মম সুখস্থান, সুখের আধেয প্রাণ, দহদুঃখে সুখ-জ্ঞান, নিযত করি তাহারে ।। ৩ ।।

মনঃ বেদনা, অপরে. কিজানিবে ।। ধ্রু০ ।। য়জন? মনঃ নিবাসি, সে য়দি না বুঝিবে ।। * ।। মনঃ বিনে মনঃদুঃখ, অন্যে জানিতে বৈমুখ, কে বুঝিতে দুঃখসুখ, অন্তর্জামী হইবে ।। ১ ।। পারে কি করিতে পরে, শুনেছ তো পরম্পারে, আগুণ আপন ঘরে, দিলে কে নিবারিবে ।। ২ ।।

এতয়ে য়ন্ত্রণা রেপ্রাণ, তবু তোমারে ।। ধ্রু০ ।। হেরে জুড়ায জীবন, কিজানি হলো আমারে ।। * ।। য়তকর অপমান, তিলার্দ্ধ ভাবিনে প্রাণ, হেরিলে বিধুবযান, কি সুখ কহিব কারে ।। ১ ।। বুঝেছি কারণ তার, প্রাণধন য়েয়াহার, মান অপমান তার, ভিন্ন কিহইতে পারে অনাদর কিবামান, উভযসমান জ্ঞান, স্নিগ্ধ উষ্ণ বারিদান, য়েন অনল সংহারে ।। ৩ ।।

কিহবে তোমার রেপ্রাণ,প্রেম যতনে ।। ধ্রু ।। যেনা জানে প্রেমগুণ, সেকিথাকে সেবন্ধনে ।। * ।। দেখ তার নিদর্শন, নীরসসাথা যেমন, সরস নহে কথন, শতসহস্র সিঞ্চনে ।। ১ ।।

কেমনে রাখিব রে সই, মান আপন ।। ধ্রু ।। মনে-হয নাহেরিব, হেরিলে হরিয মন ।। * ।। ভাবিতব মৌ-নে রব,আর কথা নাহিকব, ঘটে ভাব অসম্ভব, আগেকরি সম্ভাষণ ।। ১ ।। যদ্যপিও সহচরি, মনেরে পাষাণ করি, পরসে কেন শিহরি, একি দশা অলক্ষণ ।। ২ ।। এইতো মানের ভাব, কিরূপে দুকুল পাব, মানরবে প্রাণরবে, সুখেরবে প্রিযজন ।। ৩ ।।

বাসিবে আমারে ভালো, মনেকরিনে ।। ধ্রু ।। মানসতোমারে ভালো, বলে ভাবিনে ভাবিনে ।। * ।। সুখেরকারণ যত, নইপ্রিযে তাহেরত, দযাতব কিবামত, রীতি কিরূপ জানিনে ।। ১ ।। কামিনী হলেকিহয,রসযদি নাহিরয, রসবতী কেবাকয, এদুঃখে প্রাণেবাঁচিনে ।। ২ ।। তোমার মধুর বাণী, কামিনীর গন্ধজানি, ভ্রমরাবঞ্চিত মানি, কোথাও হেনদেখিনে ।। ৩ ।। চিত্রকাব্য ।।

হৃদযেনিযত তোরে, সাধরাখিতে ।। ধ্রু ।। কথন নাহয যেন, অন্যের মুখদেখিতে ।। * ।। উভযে উভয

গুণে, বাঁধাসদা সমগুণে, তাহার বিষম গুনে, পরে ন, পারে দুষিতে ।। ১ ।। দেখ এক ভাবে থাকে, চক্রবাকি চক্রবাকে, নিশির মিলন পাকে, ব্যক্তদ্বিভাব পিরীতে ।। ২ ।। অতএব প্রাণপতি, বিধান করসম্প্রতি, হওহৃদি মুঞ্চ পতি, নাহবে তাপে জ্বলিতে ।। ৩ ।।

কারে কহিব, য়ে দুঃখে দুঃখি প্রাণ ।। ধুং ।। প্রথমে কত না মান, অবশেষে অপমান ।। * ।। বৃথাযে করি য়তন, বৃথা মম আকিঞ্চন, বৃথা মনঃসমর্পণ, তার মনে মনে আন ।। ১।। ভাবেতে বুঝেছি সই, বুঝিপাগলিনীহই, বুঝিলে কি হবে নই, আপনারে সাবধান ।। ২ ।।

চিত্রকাব্য ।। ১ শ্যামহেমনেরি ' ৬ সাধে, ভালবাসিবে ।। ধুং ।।
নাম ।। ২ মানস সম্পদ ' ৫ দানে, সদা য়তনে রাখিবে ।।
অঙ্কানু ।। ৩ সুখের বিধান'৪ য়ত,
সারে ।। ৭ জন্মসোধ হলে হত,
দ্রষ্টব্ব ।। ৮ গরলে হইব নত,
* * ।। ৯ নহে জ্বালা কে সহিবে ।। ১ ।।
* * ।। ১০ না দেখি সুখ সন্ধান,
* * ।। ১১ থর হর কম্পো প্রাণ,
* * ।। ১২ প্রলয় পলকে জ্ঞান,
* * ।। ১৩ সাধবুঝি না পুরিবে ।। ২ ।।
* * ।। ১৪ দরশন সম্ভাষণ,
* * ।। ১৫ বরং সম্ভবে কথন,
* * ।। ১৬ সুমিলনসুঘটন, কি জানি কবেঘটিবে ।। ৩ ।।

অন্তর যাতনারে সই, কিসে নিবারি ॥ ধ্রুং ॥ উপায় বলহতার, অকুলে কুলযিচারি ॥ * ॥ নাহিচাহি প্রকাশিতে, চাহি গোপনে রাখিতে, মনাগুণ প্রজ্বলিতে, সম্ভবে নয়নবারি ॥ ১ ॥ প্রকাশিতে কিযন্ত্রণা, দহন হয রসনা, অধিক লোকগঞ্জনা, লাঞ্ছনা সহিতেনারি ॥ ২ ॥

পীরীতি কিরীতি রে প্রাণ, নারি বুঝিতে ॥ ধ্রুং ॥ যেথাকে অন্তরে তায, অন্তর চাহে দেখিতে ॥ * ॥ তব গুণাগুণ যত, বর্ণিতে বর্ণনাহত, আমিভাবি অবিরত, তোরে নাদেখি ভাবিতে ॥ ১ ॥ অনুতাপে বুঝিভাব, এ নহে প্রেমের ভাব, সেই আর এই আমা, ছিছি কি লজ্জা কহিতে ॥ ২ ॥ তুমি যথা স্বেচ্ছাচারি, আমি নিতান্ত তোমারি, মনাগুণ্মনেনিবারি, যেলভস্ম আচ্ছাদিতে ॥ ৩ ॥

রাগেতে বিরাগরে প্রাণ্, আর ক্যরোনা ॥ ধ্রুং ॥ বারে বারে ছলনায, নিজঅধিনে ছ্যলোনা ॥ * ॥ কিভাব ভাবিলে প্রাণ, শুনেহলো হতজ্ঞান, অন্তরে রেখেঅন্তরে, যন্ত্রণা হেন ব্যলোনা ॥ ১ ॥ সতের প্রণয ভাব, অন্তরে নহেঅভাব, রারয়ে গুণস্বভাব, কভু অভাব ভেবোনা ॥ ২ ॥ যথা আগ্নেয পাষাণ, অর্থাৎ চকমকি জান, শলিলে ডুবিলে প্রাণ, অনলা ভাব বুঝোনা ॥ ৩ ॥

অঞ্চলে ঢাকিলে যে প্রাণ্, তব বদন ॥ ধ্রুং ॥ উচিত

হয়তো ইহা, নহে অনর্থ কারণ ॥ * ॥ কেননা পরেরধন, করিলে অপহরণ, অতিযতনে গোপন, না করিলে বিঘটন ॥ ১ ॥ একেএকে বুঝ তার, বিশেষ্য করি বিচার, বিশেষণ চমৎকার, যাহে তৃপ্ত জগজন ॥ ২ ॥ সুধাংশু সুধাবচনে, কমল প্রভা আননে, সফরি রূপনয়নে, সুখেক্যরেহ গুঞ্জণ ॥ ৩ ॥

বিধির কিবিধি রে প্রাণ, নারি বুঝিতে ॥ ধ্রুং ॥ ফণিমুখে মণিগত, হৃদিবিদীর্ণ কহিতে ॥ * ॥ গোবিন্দের গোপবাদ, মৃগাঙ্কে মলিন চাঁদ, তুমিরমণী ঘাতক, নাহি এদুঃখ রাখিতে ॥ ১ ॥ নলিনী ললিত নালে, ব্যাপিত কণ্টক জালে, জীবনে সমন শঙ্কা, বিচ্ছেদ ভয পিরীতে ॥ ২ ॥ চন্দন মলযাগত, ভুজঙ্গ চন্দনে রত, বিশ্বপ্রাণ অহিক্ষত, সর্ব্বভুকত্ব বহ্নিতে ॥ ৩ ॥

যুবতী দহিতে রে প্রাণ্, হয় মদন ॥ ধ্রুং ॥ কেবলে এমনকথা, যেন স্বপন বচন ॥ * ॥ যুবতীর আজ্ঞাপাত্র, অনঙ্গ আদেশ মাত্র, নাদহে কাহার গাত্র, হতেকটাক্ষ ঈক্ষণ ॥ ১ ॥

পিরীতি গুণেতেযে প্রাণ্, বন্ধন হয় ॥ ধ্রুং ॥ এদেহ ধারণে তার, মোচন কথন নয় ॥ * ॥ অন্যান্য বিপদয়ত, সংসারে বিবিধমত, অবশ্য উপায়ে হত, নিযত জানি

নিশ্চয ॥ ১॥ দেখহ তার প্রমাণ, অলিবলী বিদ্যমান, দারুভেদ করেজান, কমলে মুদিত রয ॥ ২ ॥ তেমতি রে প্রিয়জন, যাবত ওচন্দ্রানন, হেরেছি মোহিত মন, ভূলিতে প্রাণ সংশয ॥ ৩ ॥

॥ জলদতেতালা ॥

যেজন আপন নহে, ধিকমন তারেচায ॥ ধ্রু ॥ সেভাবে অভাবে তার, ভাবে মমপ্রাণ যায ॥ * ॥ প্রেম ক্যরে একিদায,দেখিতেনাপাই তায,বিরহে বিদরে কায, এ যন্ত্রণা কব কায ॥ ১ ॥ বুঝি সখি অভিপ্রায, এরীতে পিরীতি স্নায, নহে কেন সে আমায, যত্নে রাখে যন্ত্রণায ॥ ২ ॥

আদরে আদরে আর, আদর নাহিক হয ॥ ধ্রু ॥ হতোসে যখন হতো, গিযেছে তার সময ॥ * ॥ এখন আদর যত, আকাশ বন্ধন মত, কেনহে জ্বলাবে কত, তাত্‌সহে বাত্‌ নাহিসয ॥ ১ ॥

কেনআর জ্বলাওমিছে, ঘুচেগেছে মনঃধাঁধা ॥ ধ্রু ॥ ছিন্নকেশে কেশবেশ, ছেঁড়াচুলে খোঁপোবাঁধা ॥ * ॥ তুমিমাত্র থাকসুখে, আমিমরি মনঃদুঃখে, জলের বিষমে যেন, হবেতব বাদসাধা ॥ ১ ॥

আগেকহিতেম প্রাণ, তুমিকরুণা বিহীন ।। ধ্রুং ।। জানিলেম নহমম, সম হৃদয় কঠিন ।। * ।। দেখনিদর্শন তার, জীবন অতিদয়ার, হেলাতে ক্যরেছি দান, মীলন হলো য়েদিন ।। ১ ।।

প্রাণধনেরে নাহেরে, বুঝি প্রাণয়ায ।। ধ্রুং ।। বিনে-প্রিযজন সখি, করিকি উপায ।। * ।। তারএকি বাদসাধা, নামানিযে কুলবাধা, বাঁধায়মনঃ দিযেবাধা, মরিমরি য়ন্ত্রণায ।। ১ ।। জীবনে জীবনজীব, কিম্বাগরল ভক্ষিব, অথবাপ্রাণ য়ুড়াব, করিঅনল সহায ।। ২ ।। য়েমন বিরহা নল, হৃদেহয়েছে প্রবল, বিষস্য বিষমৌষধি, হুতাশন মানিতায ।। ৩ ।।

নযনে ভুলাতে পারি, মনেনিবারিতে নারি ।। ধ্রুং ।। আপন বৈভব হলো, প্রতিকুল আপনারি ।। * ।। নযন পথের বারি, অঞ্চল কণেনিবারি, জ্বলিলে অন্তরানল, বলকিজলে নিবারি ।। ১ ।। তাহাউপেক্ষা শলিলে, নিবার মনেকরিলে, দ্বিগুণ আগুণজ্বলে, পাইযে ঈষদবারি ।। ২ ।।

মরিএকি অপরূপ, হেরি সুধাংশু বদন ।। ধ্রুং ।। দশন মৃগাঙ্কঅঙ্ক, কেন ক্যরেছ ধারণ ।। * ।। হের দর্পণে বযান, এ আঁখি কুমুদিম্লান, ব্যাকুল কমল প্রাণ, কহ ইহার কারণ ।। ১ ।। তবমুখ সুধাকর, কোন

চকোর প্রবর, বুঝি সুধাপাণ করি, করিয়াছে পলা-
যন ॥ ২ ॥ স্যাং .রীং

॥ হরিতাল অথবা তেওট ॥

আঁখির মিলনে সখি, বলদেখি একিরঙ্গ ॥ ধ্রুং ॥
অলসে অবস হলে, তবুনহে অঙ্গসঙ্গ ॥ * ॥ বিধুমুখ তর
তর, হৃদিপদ্ম থর থর, শ্রবনীর ঝাঝর, স্থিরনয়ন কুরঙ্গ ॥১॥
ভাব ভরে গর গর, প্রেরজ্বরে জ্বরজ্বর, স্মরশরে দরদর,
নৃত্যতি ভুজ ভুজঙ্গ ॥ ২ ॥ গদগদ প্রেমভরে, ডগমগ
রসতরে, মুখেস্বর নানিঃস্বরে, প্রায়পিঞ্জর বিহঙ্গ ॥ ৩ ॥

শুধুই হেরিতেরে প্রাণ, এখন মনঃবাসনা ॥ ধ্রুং ॥
আলাপন সম্ভাষণ, ভাবিনে আর সেভাবনা ॥ * ॥ কারণ
পূর্ব্বের মন, ইবে দরিদ্রের ধন, হারালে পুনঃ মীলন,
সে অতি অসম্ভাবনা ॥ ১ ॥ অর্থাৎ পূর্ব্ব আলাপন
প্রার্থনা করাএখন, সেয়েদুর্ঘট ঘটন, কেমনে ঘটে বলনা
॥ ২ ॥ বাঞ্ছামাত্র দেখাপাই, অন্যকিছু নাহিচাই, নির্ধ-
নের সীসেসোণা, জেনেকি তাহাজ্ঞাননা ॥ ৩ ॥

কপাল গুণেতে প্রেম, হবেনা সখি হবেনা ॥ ধ্রুং ॥
ভাবেতেবুঝেচি ভাব, রবেনা সখি রবেনা ॥ * ॥ মজেছি
বিষমলোভে, পড়েছি বিপদ ক্ষোভে, জ্বলেছি আরনা
শোভে, সবেনা সখি সবেনা ॥ ১ ॥ হৃদয় তারপাষাণ,

বিধির কিবাবিধান, কথাতে বাঁচ্যাতে প্রাণ, কবেনা সখি কবেনা ।। ২ ।।

কেনকেন বলশুনিপ্রাণ, আজুহেন অভিমান ।। ধ্রুং ।। শুধাংশু মলীন কিন্তু, ইন্দীবর ফুল্লমান ।। * ।। সেভাব বিশ্ব বিদিত, বিনেশশি সমুদিত, ইন্দীবর প্রমদিত, নহে প্রকাশ প্রমাণ ।। ১ ।। বদন শুধাংশু হায,মানেতে মলীনপ্রায, ইন্দীবর শোভেকায, কবকায সে সন্মান ।।২ ।। তার শোভাজলময, তবআঁখি তাইহয, কিঞ্চিত প্রভেদনয, ম্লান সেজল বিমান ।। ৩ ।।

হৃদযে পাইযে তোরে, নাপূরিল মনঃআশা ।। ধ্রুং ।। য়েমন সাগর নীরে,অন্যথা নহে পিপাশা ।। * ।। য়াবত হৃদযেথাক, নিজজন ব্যলেডাক, অন্তরে অন্তর ভাব, সেভাবে ভাবিহুতাশা ।। *।।

বাসনা মানস দুঃখ, রাখিমানসনিবাসে ।। ধ্রুং ।। কপট নিকটে বল, কিফল হবেপ্রকাশে ।। * ।। ভাবিযে আমার দুঃখ, হেরিযে মলিনমুখ, বলিতেছ সে লম্পটে, কহিতে সখি আভাষে ।। ১ ।। কিন্তু সেসঠ্ শিরোমণি, আমার দুঃখ সর্জনী, শুনিলে তবে এখনি, আনন্দ সাগরে ভাষে ।। ২ ।। এতাবতা এবিধান, য়থাযে রহিবে মান, সেইতো মানের স্থান, অন্যথা মানবিনাশে ।। ৩ ।।

বিহারে করিলে তুমি, সারানিশি জাগরণ ।। ধ্রুং ।। আরক্ত হইল কেন, দেখ আমার নয়ন ।। * ।। প্রিয়ামুখ সুধাপান, তোমারে ঘটিল প্রাণ, দেহঘূর্ণিত বিধান, আমাতেহে কিকারণ ।। ১ ।। তার নয়ন অঞ্জন, ওওষ্ঠে পরিশোভন, তবেকিসে সে ঘটন, এওষ্ঠে হয় মিলন ।। ২ ।। তুমি সুখেতে বঞ্চিলে, তার শ্রীফল ভুঞ্জিলে, তবেকেন পঞ্চশর, আমারে করে পীড়ন ।। ৩ ।।

সে হাসি সে শশিমুখ, ভুলিলে কি ভোলায়ায ।। ধ্রুং ।। পাষাণে জীবন তাই, আছে এতয়ন্ত্রনায ।। * ।। হাসি সুধার সুধার, বুঝি শশি নিযে ধার, শুধিবারে পুনর্ব্বার, কুহু ভাবেতে মিলায ।। ১ ।। মুখ য়িনী কলানিধি, স্বরূপ রচিতে বিধি, নিরবধি পক্ষ বিধি, ভাঙ্গিতে গঠিতে তায ।। ২ ।। অবশেষে এই হৈল, হৃদযে চিত্রিত রৈল, কখন বিস্মৃত নৈল, মরি মরি প্রেমদায ।। ৩ ।।

মনের য়াতনা প্রাণ, দেহজীবন দহিল ।। ধ্রুং ।। প্রকাশিতে লুকাইতে, সমপ্রমাদ ঘটিল ।। * ।। রাখিতে চাহি গোপনে, জ্বলিমনঃ হুতাশনে, সেতাপ লাগি জীবনে, তাপে তাপিত করিল ।। ১ ।। প্রকাশিলে এইফল, প্রবল গঞ্জনানল, শতপুরেতে উজ্বল, অঙ্গঅঙ্গার হইল ।। ২ ।। আভাষে বুঝিবে প্রাণ, তার উপমার স্থান, শঙ্খের করাত যথা, গতাযাতে বিদারিল ।। ৩ ।।

মঙ্গল রাগ ॥ জলদ তেতালা ॥

কিশুনি মঙ্গলামুখে, সুমঙ্গল বাণী ॥ ধ্রু ॥ জামাই রাজত্ব করে, উমারাজরাণী ॥ * ॥ বিভূতি বিভূতি ছাই এখন সেসবনাই, রত্নসিংহাসন বাসি, কাশী রাজধানী ॥ ১ ॥ দ্বীপিচর্ম্ম অস্থিভার, সাজেবস্ত্র অলঙ্কার, সর্পত্যজি উপবীত, ধরেশূল পাণি । * ॥ ঘুচিযাছে জটাজূট, হযেছে দিব্যমুকুট, ভবের বৈভব ভাব, ভনযে ভবানী ॥ ২ ॥ তখন নাছিল মান, যথাযে তথাযে স্থান, সম্প্রতি শুনিতে পাই, মহা অভিমানী ॥ * ॥ ব্যক্তছিল গুণহীন, ইবেকোথা সেইদিন, নির্গুণে ভূপতি হয, হেন নাহি মানী ॥ ৩ ॥

যাহয়াহ শিবালয ॥ ধ্রু ॥ আনিবারে ধন্যাকন্যা তবমনে নাহিলয ॥ * ॥ সামান্যে নহেতনযা, সভযে শিবে অভযা, মা আমার মায়ার মাযা, যে দযার দয়াহয ॥ ১ ॥ পাঠাযেছ সংবৎসর, ভিক্ষারি হরেরঘর, যামাইসে দিগম্বর, শ্মশানে মশানে রয ॥ * ॥ দুর্গাদুর্গা দুর্গাস্মরি, যাত্রাকর ত্বরাকরি, মঙ্গলামঙ্গলমযী, সকলি মঙ্গলময ॥ ২ ॥

গৌরীআইল্যো, গৌরীআল্যো, রবহলো হিমালয ॥ ধ্রু ॥ কেহউঠে কেহপড়ে, পুলকে পুর্ণিত ময ॥ * ॥ চলেসব লক্ষলক্ষে, ঘটপূর্ণ কারকক্ষে, আনন্দে কাহার চক্ষে, দরদর ধারাবয ॥ ১ ॥ কেহত্যজে ঘরদ্বার, কেহ-

করে আবিস্কার, বঙ্গে আয ত্বরা আয, বিলম্ব নাহি কসয ॥ ২ ॥ কেবা কার পানে চায, কারু অঞ্চল ধূলায, সবে পাগলিনী প্রায, ত্যজিছে শিশুতনয ॥ ৩ ॥

মা হযে মা মার জ্বালা, দেখনা চাহিযে ॥ ধ্রু ॥ ভুলেছিলে সংবৎসর, কেমন করিযে ॥ * ॥ সবে ঘরে তুমি কন্যা, মা বলিতে নাহি অন্যা, পড়েছ দন্যার ঘরে, মরি তা ভাবিযে ॥ ১ ॥ জামাতা সে দিগম্বর, নাহি জ্ঞান পরাপর, কৈলাশ শ্মশান ঘর, প্রমথ লইযে ॥ * ॥ অমঙ্গল তা মাঙ্গল্য, মঙ্গলে করে তাচ্ছল্য, সত্য বল মার প্রাণ, জুড়াক শুনিযে ॥ ২ ॥

কেমনে মা ভুলেছিলে, এই জননী দুখিনী ॥ ধ্রু ॥ অন্তর বেদনা কত, জানতো অন্তর্যামিনী ॥ * ॥ জন্ম জন্মান্তর ফলে, কন্যাভাবে গণ্যাছলে, হইযে বিশ্বের মাতা, মা ব্যলে ডাক মোহিনী ॥ ১ ॥ তনয ডুবেছে জলে, সেই খেদে হৃদি জ্বলে, তনযা তুমিও হলে, পাগলের পাগলিনী ॥ * ॥ এসো ২ কোলে করি, জুড়াই হৃদযে ধরি, মৃত্যুদেহে মৃত্যুঞ্জয়ী, তুমি জীব সঞ্চারিনী ॥ ২ ॥

গেলে কোথা গিরিরাণী, দেখ হিমালয ॥ ধ্রু ॥ শরদ শুধাংশু উমা, ভূতলে উদয ॥ * ॥ প্রথমে করি বোধন, শ্রীদুর্গা নামসাধন, অকালে সকাল হলো, দীপ্ত

ত্তমোচয ।। ১ ।। কোলেনহ এইবেলা, ক্ষুধার হয়েছে বেলা, ত্বরাকরি দেওকিছু, বিলম্ব নাশয় ।। * ।। জয়া বিজয়ারে ডাক, সদত তৎপরা থাক, ব্যজন করিতেছেল, মুখঘর্ম্মময় ।। ২ ।। গুরুপুরোহিতে বলে, গঙ্গাজলে বিল্বদলে, পূজমারে ফুলেফলে, য়াহাসাধ্য হয় ।। * ।। জগতজননী তারা, অসার সংসারে সারা, তুমিভাব কন্যাভাব, তানয় তানয় ।। ৩ ।।

এসো২ গিরিবর, দেখকে দুয়ার ধরি ।। ধ্রুং ।। উঠ উঠ ত্বরাকরি, শ্রীদুর্গা শ্রীদুর্গা স্মরী ।। * ।। পুরাকৃত পুন্যজন্যা, কন্যাপাল্যা ধন্যাগণ্যা, জগতের মা হয়ে মা, মাবাপলে ডাকেশঙ্করী ।। ১ ।। আজুনিশি সুপ্রভাতা, পুরেতে জগন্মাতা, গঙ্গাজলে বিল্বদলে, পূজমায় মায়াহরি ।। * ।। শুনহে অচল রাজ, বিলম্বে কি আছেকাজ, আনন্দধামত মুখ, শুকায়েছে আহামরি ।। ২ ।।

এসো২প্রাণ গৌরী, মাবল বিধুবদনে ।। ধ্রুং ।। অন্তর্যামিনী হয়ে, অন্তরে ছিলেকেমনে ।। * ।। শুনেছি হরের গুণ, সিদ্ধিতে অতিনিপুণ, নাহিতার কোনগুণ, নির্গুণ অগ্রগণনে ।। ১ ।। সদানাকি ভাংখায়, চিতাভস্মমাখে গায়, হাড়ের মালাগলায়, লয়েফেরে ভূতগণে ।। * ।। আপনি যেমন থাকে, তোমারে তেমন রাখে, আমরি কেমনে ঘর, করিছ পাগল সনে ।। ৩ ।।

অহে গিরি জাওজাও, ত্বরিতে তুমি আপনি ॥ ধ্রু ॥ নাদেখে মেয়ের মুখ, পলকে প্রলয়গণি ॥ * ॥ হেরিয়াছি নিদ্রাবশে, য়েনমা শিয়রে ব্যসে, বলেকি ভুলেছ কন্যা, পাষাণীহয়ে জননী ॥ ১ ॥ আমরি চির দুঃখিনী, আমার প্রাণ নন্দিনী, দিয়েছ নকুলে তিনি, ভিক্ষারির শিরোমনি ॥ * ॥ শুনেছি হরের বেশ, ভালেবহ্নি কণ্ঠেশেষ, কিকব গুণ বিশেষ, গুণবিধায়ে অমনি ॥ ২ ॥ অধিকন্তু দিগম্বর, কৈলাশ শ্মশান ঘর, বয়েস্ পিতামহ পর, বিভুতি ধনের ধনি ॥ * ॥ একিমার প্রাণেসয়, কন্যাদন্যা ঘরে-রয়, জানিতে মায়ের মায়া, য়দিহইতে রমনী ॥ ৩ ॥

মল্লারী রাগিনী ॥ হরিতাল ॥

স্বপনে দেখেছি সখি, তাপিত নিশির শেষে ॥ ধ্রু ॥ আসিছে বরিষাঋতু, চতুরঙ্গ বলবেশে ॥ * ॥ ভেকেবাজাইছে ভেরী, বীণধারী বায়ুহেরি, ঘোররূপা মত্তকরি, অঙ্কুশ চঞ্চলাবেশে ॥ ১ ॥ মনমত রথঘণ, রথীগো ঋতুরাজন, বাণরূপ বরিষণ, ঘণঘণ হেসেহেসে ॥ ২ ॥

মালকৌশ রাগ ॥ জলদতেতালা ॥

বিরহে বিরহি দেহে, বসন্ত উদয় ॥ ধ্রু ॥ কেব্যলে শিশির অন্তে ঋতুর প্রভাব সই, সেকথা প্রামান্য নয় ॥ * ॥ কঙ্কনের ঝনঝনি, ভ্রমর ঝঙ্কারগণি, জীবন সংশয় ॥ * ॥ উচ্চঃস্বরে কুহুস্বর, শোকবৃক্ষে বশিসই।

কুহরে পিকনির্দ্দয ॥ ১ ॥ নিশ্বাস প্রশ্বাস ঘণ, মলযায় সমীরণ, দুঃখকিসলয ॥ * ॥ বিষাদ কাননে মোহ, কুশুম ফুটিল সই। মালিন্য শশিনিশ্চয ॥ ২ ॥ রতিপ্রায মমমতি, মদন রাজ্যের পতি, রাজ্যমন নয ॥ * ॥ করিছে বিচার ভাল, সংযোগি পালন সই। বিযোগি-দলন হয ॥ ৩ ॥

পিরীতি সুধাংশু সখি, বিচ্ছেদ ঘণে ঢাকিল ॥ ধ্রু ॥ মমপ্রাণ চকোরিণী, মীলন সুধার বিনে। পিপাশাআশে মজিল ॥ * ॥ দেখিযে বন্ধুর গ্লানি, কুমুদিনী অভিমানি, নীরেপ্রবেশিল ॥ * ॥ অর্থাৎ আমার মন, কুমুদ প্রেম বিহীনে। দুঃখশলিলে ডুবিল ॥ ১ ॥ সম্প্রতি উপায সই, স্বরূপ প্রকাশি কই, মনেতে হইল ॥ * ॥ ঘণবিঘাতন তবে, নাথের মিলন বাযু যদিস্বভাবে বহিল ॥ ২ ॥ নতুবা নাহিনিস্তার, ভেবেকরিযাছি সার, ভালোতো হইল ॥ * ॥ অনল সাযিনী হব, নাহেরিব কেবা আর। প্রেমশশি আচ্ছাদিল ॥ ৩ ॥

কেব্যলে বসন্ত ঋতু, তানয তানয ॥ ধ্রু ॥ বিরহি দহন হেতু, মদন রাজন সই। করে আযোজন চয ॥ * ॥ নিরাশ শ্মশানে স্থান, পঞ্চসম্মোহন বান, তৃণের বিধান ॥ * ॥ বিরহ অনল ভালি, প্রজ্বল হইল সই। সময়ে সকলি হয ॥ ১ ॥ মলযায় সমীরণ, দীপ্তকরে হুতাশন, দাহন

কারণ ।। * ।। তাহেশশি সুধাঘৃতে, য়ামিনী সতিনী প্রায । আহুতি দেয নিশ্চয ।। ২ ।।

প্রাণান্ত য়জ্ঞের হলো, কিবা আযোজন ।। ধু০ ।। বিরহিঅবলা প্রাণ, হবণ কারণ সই । হোতা অনঙ্গ মদন ।। * ।। কাননা বিযোগি অন্ত, য়জ্ঞকুণ্ড এবসন্ত, প্রমাণ গঠন ।। * ।। ললিত মুকুল কুল, ইন্ধন সদৃশ সই । বিরহ সেহুতাশন ।। ১ ।। ব্যজনার্থ কিশলয, মলয়া মারুতে হয, বহ্নি উদ্দীপন ।। * ।। কোকিলে তন্ত্রধারক, কুহুস্বরমন্ত্রতায । ঘণ ঘণ উচ্চারণ ।। ২ । বুঝফল অভিপ্রায, সমিধ সম্ভব তায, বিরহি জীবন ।। * ।। ঘৃতশশধর সুধা, য়ামিনী করেতে অই । আহুতির সমর্পণ । ৩ ।।

প্রভাকরে শশধরে, একত্রে মিলন ।। ধু০ ।। নাহি- শুনি নাহিজানি, কভুনাহি দেখিপ্রাণ । ইকি বিঘটন ঘটন ।। * ।। প্রিয়েতব চন্দ্রানন, বিমল সে অনুক্ষণ, তাহেরি এখন ।। * ।। মানঅনুরোধে প্রায, শশাঙ্ক সদৃশ কায । তরুণারুণ নয়ন ।। ১ ।। এয়েভাব অনোচিত, স্বভাবের বিপরীত, হযকদাচন ।। * ।। সুতরাং হৃদিপদ্ম, জীবন কুমুদ তায । প্রফুল্ল নহেকথন ।। ২ ।। কারণ হৃদি সরসি, হেরেতব মুখশশি, মলিন বিমন ।। * ।। জীবন কুমুদ ভানু, নয়ন নিরখি প্রাণ । তাপেকালীয বরণ ।। ৩ ।।

এঋতু বসন্তে সখি, ভূপতি মদন ।। ধু ।। যেমন দেবতা যিনি, তেমনি স্বরূপ তাঁর। হয়ভূষণ বাহন ।। * ।। ভূপতি অনঙ্গ অঙ্গ, কিকব তাহার রঙ্গ, কুলসাধে ভঙ্গ ।। * ।। কেননাদিবে সেজন, কিরূপে প্রাণ বেদন। জানিবে অনঙ্গ জন ।। ১ ।। অধিক ভাব অদ্ভুত, মন্দমলয়া মারুত, ভূপতির দূত ।। * ।। সেজে ভূজঙ্গের সঙ্গে, অবিরত থাকেরঙ্গে। তাইকর যে দাহন ।। ২ ।। নান্দীবাদি পিকগণ, নাস্রানে স্নেহ পালন, কুরূপ ভাজন ।। * ।। দহিবেনা কিবিচার, রূপগুণে সময়ার। অতি কুঘট ঘটন ।। ৩ ।।

মালশ্রী রাগিনী ।। আড়ার ঠেকা ।।

দেখকে ব্রজেতে আলো, বিনোদ নীরদবেশে ।। ধ্রু ।। বিনোদ শ্যামের রূপ, বিনোদ চাঁচোর কেশে ।। * ।। বিনোদ বিপিন হার, বিনোদ গলে বিহার, বিনোদ পীত অম্বর, বিনোদ কটি আবেশে ।। ১ ।। বিনোদ মুরলী করে, বিনোদ বিম্বিকা ধরে, বিনোদ হাস্য সঞ্চরে, বিনোদ গতি বিশেষে ।। * ।। সকলি বিনোদ হলো, ফলে বিনোদিনী সলো, ভৃগুপদ চিহ্নহীন, বিনোদ বক্ষের দেশে ।। ৩ ।।

অগো মেনকা পাষাণী, কেমনে ভুলে নন্দিনী ।। ধ্রু ।। রুচিভেছে অন্নজল, অন্যেহতো পাগলিনী ।। * ।।

পাঠায়েছ সংবৎসর, ভিক্ষারি হরের ঘর, শ্মশান বিহারি হর, হরাশ্মশান চারিণী ॥ ১ ॥ সুনেছ য়ামাতা গুণ, কণ্ঠে কাল কুটতুণ, কপালে জ্বলে আগুণ, গলেদোলে ভুজঙ্গিনী ॥ * ॥ বিষয়ের সীমানাই, বিভূতি বিভূতি ছাই, আছে য়াইসে বালাই, মাখেন্ তাইতো তিনি ॥ ২ ॥

কেকবে একাক পক্ষ, তোমার শ্রবণ মূলে ॥ ধ্রুং ॥ য়েনাজানে সবিশেষ, একেআর ব্যলেভূলে ॥ * ॥ কাল কুটিল নাগিনী, কালকূট বিধাযিনী, কালরূপা ভুজঙ্গিনী, তুলনা বিহীন তুলে ॥ ১ ॥ পুচ্ছহীন দেহতার, সেকিঅতি চমত্কার, প্রেমিক জনহৃদয়ে, দংশিতে গিযেছে থুলে ॥ ২ ॥

কিরূপে এরূপ মান, হবেসখি সমাধান ॥ ধ্রুং ॥ আগেকে সাধিবে রাগে, হল প্রমাদ বিধান ॥ * ॥ আমিভাবি মৌনেরব, নাসাধিলে নাহিকব, সেভাবে নাসাধি দেখি, কেমনে রাখিবে মান ॥ ১ ॥ অথবা, কতদুরে জাযমান ॥ ১ ॥

॥ মধ্যমানেরঠেক্কা ॥

রাগেকরি অতিঅনুরাগ, বৈরাগ্যে বিরাগ মন ॥ ধ্রুং ॥ শ্মশান বৈরাগ্য কদা, স্বপ্নে রোদন য়েমন ॥ * ॥ স্বপ্নেতে রোদন য়থা, শ্মশান বৈরাগ্য তথা, ভাবিতে

ভাব ভাবান্তর, ভাবতো বটে তেমন ।। ১ ।। সংসারে কেবাকাহার, তুমিকার কেতোমার, কিসেকর অহংকার অহংকার এ:কেমন ।। * ।। বুঝিলে সকলি ফের, চিঁড়্যার বাইশ্ ফের, কেবল দেঁতোর হাসি, বলা আপন আপন ।। ২ ।।

আরেমূঢ মানস মম, বুঝিযে কেনবুঝনা ।। ধুং ।। মুখেকালী বলিমনে, মজিযে কেন মজনা ।। * ।। প্রত্যক্ষের অপলাপ, ইকি বিষম প্রলাপ, সর্ব্বনাশী সকল হরে, জানিযে কেন জাননা ।। ১ ।। সদা দিগম্বর বেশা, অধিকন্তু মুক্ত কেশা, কিভাবে কিভাবে ভবে, ভাবিযে কেন ভাবনা ।। * ।। জগৎ আকাশ ময, আবরণ হীন হয, সেরূপে এরূপ মার, দেখিযে কেন দেখনা ।। ২ ।।

মিযার মল্লার অনুরাগিনী ।। আড়ার ঠেকা ।।

তরিতে সংসার ভারে, সারকর কালিকায ।। ধ্রুং ।। অঞ্চলে অমূল্য নিধি, অঞ্চলে কি অভিপ্রায ।! * ।। কথাশুনে পাযহাসি, কেনগযা গঙ্গাকাশী, মিছাহও কাশীবাসী, কাশীপতি মারপায ।। ১ ।। সাগর সঙ্গম তটে, ন্যালেমুক্তি যুক্তি বটে, কিন্তু যাতাযাতে ঘটে, শ্রান্তি অতিশয তায ।। * ।। প্রাপ্ত প্রাণ কাশীধামে, দিতে মন্ত্র রামনামে, বিলম্ব মাযের নামে, মৃত্যুমাত্রমোক্ষ পায ।। ২ ।।

আরেমনঃ মাতঙ্গমন, য়েওনা সংসারবনে ॥ ধ্রুং ॥ মহামোহ মহীরুহ, স্বভাবত সেকাননে ॥ *॥ মায়ীকলতাগৌরবে, অনায়াশে বদ্ধহবে, বৈভব নাগিনী তবে, ভূলাবে বিষয ধনে ॥ ১ ॥ তাহে কুজ্ঞান মাহুত, হেরিযে হবে আহুত, কাল অঙ্কুশ অদ্ভুত, ক্যরে করেতে য়তনে ॥ * ॥ অতএব সুচিন্তনে, আগচ্ছ বৈরাগ্য বনে, প্রবোধ পঙ্কজ বনে, ক্রীড়জ্ঞান করিসনে ॥ ২ ॥

মূঢমন এতকেন, ভাবিছ হুতাশ ॥ ধ্রুং ॥ জাননা আকাশ মযে, মহিমা প্রকাশ ॥ * ॥ সার্দ্ধত্রিকোটী মাল, চরাচর দেহেজাল, ইবব্যাপ্ত দীপ্তলিপ্ত, মারমাযা ফাঁস ॥ ১॥ ভাবনা শ্যামার তত্ব, শ্যামারজ শ্যামাসত্ব, মত্তহও করতত্ব, ত্যেজকর্ম্ম পাশ ॥ * ॥ নইলে কালীর নাম, পুরেসুখো মোক্ষকাম, করস্থ কৈবল্য ধাম, বুঝহ আভাষ ॥ ২ ॥ কালীপদে ম্যজেথাক, বদন ভরিযে ডাক, মিছেদক্ষ বামাবৃতে, করসর্ব্ব নাশ ॥ * ॥ অতিচিন্তে চিন্ত্যবসি, প্রযাগ বরণা অসি, কেনরে ব্যাপার আশ, ক্যরেকঁুড়ে চায ॥ ৩ ॥

মূলতানী রাগিনী ॥ একতালা ॥

পরিণাম, তরিবে কেমনে, হরিনাম বিনে, ইারে জীব দুরাচার ॥ ধ্রুং ॥ হযেব্যযে গেছে য়াহবার। আরকেন মনঃ ঐয়ে শমন, ধরিল কেশেতোমার ॥ * ॥ আরে

মনেতে করণা অলশেতে মনঃ, সময় হারালে পাবেনা তেমন, যে যায় সময় নাহি আস্যাফিরে, দিলেশত স্বণ ভার ॥ ১ ॥ হাঁরে, অতএব অরেপামর বাসনা, শ্রীহরি চরণ কেনরে বাসনা, ভব পারাবারে তরিবারে হরি, চরণ তরণী সার ॥ ২ ॥ আরে, তাইবলি এইবেলা এই-বেলা, বাঁধ হরিঃ চরণ শরণ ভেলা, নিদানে ভবাব্ধি অকূল পাথারে, নতুবা নাহি নিস্তার ॥ ৩ ॥

হরি চরণ শরণ, নইতে মানস, অলশ করোনা আর ॥ ধ্রুং ॥ ভাব সংসারাব্ধি সুদুস্তার। অপার বারিধি তরিতে তরণি, হরিনাম করসার ॥ * ॥ আরকত মন ভূলিযে রবে, কালের নিযম ঘটিবে যবে, তবেহবে সব পরের অধিন, এইদেহ আপনার ॥ ১॥ অতএব বলিকেন মূঢমন, কাল্ গেলেকাল্ পাবেকি এমন, জরতি শরীরে ব্যাধিতে ঘেরিলে, বিষমহবে তোমার ॥ * ॥ ভাব-কাল শশি হৃদযাকাশে, সেকালা কলুষ অসিত নাশে, নটবর বেশে বিনোদ ভাবে,নাশেকুল গোপিকার ॥ ২ ॥

হরিনাম, সাধন বিহনে, মিছার ভজনে, কিগুণে পাবিনিস্তার ॥ ধ্রুং ॥ সেযে ভবমাজে কর্ণধার। হরি-ছাড়া হযে, পারেকড়ি দিযে, ডুবেকেন হবিপার ॥ * ॥ কালাকালে কাল বারণ কারণ, কালার চরণ বিনে কির-তন, কাল্হাতে দিযেতুষে তারমন, শুধিবি কালেরধার

।। ১ ।। একিতব ভুর্ল অরে মূঢ়মন, দূরেতে ফেলিলি অমূল্য রতন, বাজারে আসিয়ে দোকানি নাচিনে, কোথায কিনিবি ছার ।। ২ ।।

হরিনাম, সাধিতে রসনা, অবশ হওনা, অলশ ক্যরোনা আর ।। ধ্রু ।। ভাবভবনদী অকূপার । শ্রীপতি চরণ তরণী বিহনে, কিসেহবে ভবেপার ।। * ।। আরে, ভাবভাব মন শ্রীমধুসূদন, দিন্‌গেলে দিন্‌ পাবেনা এমন, হেলাতে হারাযে পরম ভেলা, কেনমজ বারেবার ।। ১ ।। তাইবলিজীব শ্রীনাথবিনে, কেমনে তরিবি নিদানদিনে, শৃগাল লাঙ্গুল ধরি কেমনে, পারহবি পারাবার ।। ২ ।।

হরিবোল, বলিতে মানস, অলশ ক্যরোনা, এমন দিন্‌তো পাবেনা ।। ধ্রু ।। নিশিগেলে দিন রবেনা । ভেবেছকি জীব শমন ভবন, কথন গমন হবেনা ।। * ।। আরে, রবেনা রবেনা দেহের গুমান, হবেনা হবেনা চির আয়ুস্মান । আজ্‌মলে য়ে কাল্‌ দুদিন হবে, কাটি দিযে কেউছোঁবেনা ।। ১ ।।

খিমা তেতালা ।। সখিরে ।। বৃজপুরি, হেরি আঁধার ।। ধ্রুং ।। সেইতো কদম্বতরু চারু পুলিনে বিস্তার ।। * ।। সেইতরী পরাতনা,সেই আগরা বৃজবধূগণা. সেইতো য়মুনা, অহহ সকল বিফল, বিহনে মূলীধার ।। ১ ।।

সেযং নদীসখি তদেব কদম্ব মূলং।
নৈষাপুরাতন তরী শিলিতা বযস্ক।
কিন্তুব্রকেলি চতুরঃপরিহাস ভাষী।
হাহামনো দহতি নাস্তিসকর্ণ ধারঃ॥
ব্রজপুরি হেরি আঁধার, ঐ॥

ওহেঃ॥ ব্রজবধূ, ভার নিবার॥ ধ্রুং॥ গভীর যমুনা নীরহেরি অকূল পাথার॥ *॥ তরী অতিজীর্ণা ক্ষীণা, বালা আমরা অজ্ঞানা নবীনা, সমস্ত দুস্তার নিস্তার কারণ, তুমিমাত্র মূলাধার॥ ১॥

জীর্ণাতরী সরিদতীব গভীর নীরা।
বালাবযং সকল মিথ্যুমনর্থ হেতু॥
নিস্তার বীজমিদমেবকৃশোদরীণাং।
জন্মাধব ত্বমসিসম্প্রতি কর্ণধারঃ॥ ২॥
ব্রজবধূ ভার নিবার, ঐ॥

কেজানে করুণা, দযাময॥ ধ্রুং॥ যেভাবে যেভাবে তারেতার, জেনেছি নিশ্চয॥ *॥ সর্ব্বজীবে সমভাব, সর্ব্বস্বাধার কিতার অভাব, সর্ব্বৈবারাধিত ফল, তোমা-তে সফল, ফলে ফলোদয॥ ১॥

আকশাত্ পতিতং তোয়ং, যথাগচ্ছতিসাগরং।
সর্ব্বদেব নমস্কারঃ, কেশবং প্রতিগচ্ছতি॥
বিশেষে জানিবে জীবে, যবেভাবের উদয॥ ২॥

কওয়ালি ॥ বৃন্দে আরবুঝি, ব্রজপুরে থাকাহলো দায ॥ ধ্রুং ॥ সবেবলে কালাকলঙ্কিনী এরাধায ॥ * ॥ পরমানু হযেভানু ঢাকিবারে চায। অভেদ রাধাযশ্যামে প্রভেদ ঘটায ॥ ১ ॥ পতিঘরে রযেপর ভজিবারেজায। বিশ্বপতি উপপতি বলে কিলজ্জায ॥ ২ ॥ সগুণে নির্গুণ বাদে নাচিযে বেড়ায। পতি অন্নখায উপপতি গুণ গায ॥ ৩ ॥

মেঘরাগ, অথবা মেঘমল্লার, চৌতাল্ ॥

ভুবন রঞ্জন কারিনী, চণ্ড বিরোধিনী, দুর্ম্মদ শোষিণী সমর তরঙ্গে ॥ ধ্রুং ॥ বদন করালে হাসে, ঘন হুহুঙ্কার ভাষে, মৃগপতি বেশেনাশে, দনুজ মাতঙ্গে ॥ ১ ॥ কান্তিশ্যামল কমল, গণ্ডযুগলে কুণ্ডল, শারদ শশি-মণ্ডল, শোভে কিবারঙ্গে ॥ * ॥ নগ্নাবামা মগ্নারণে, অশ্রুপিযে দানাগণে, টলমল মহীতল, কমঠভুজঙ্গে ॥ ২ ॥

কেনহরি, হরিলে বসন ॥ ধ্রুং ॥ লাজেমরি পরি-হরি, মুরলি বদন ॥ * ॥ আমরা গোপের নারী, স্মরি যমুনারি বারি, আজু একি রঙ্গহেরি, একার কেমন ॥ ১ ॥ যশোমতীরে কহিব, চতুরালী বুচাইব, ভালমতেশিক্ষাইব, তুমিহে যেমন ॥ * ॥ চুরিকরি নবনীত, হয়্যাছিল্স কিউচিত, উদূখলের বন্ধন, নাহিকি স্মরণ ॥ ২ ॥

শশাঙ্ক শেখর, শঙ্কর, তরঙ্গরঞ্জিত, শম্ভুশুভঙ্কর, জয় মহেশ্বর ॥ ধ্রুং ॥ ভবউরগ কুণ্ডল, ভবপিশাচ মণ্ডল, ভবব্যাল বিকুন্তল, জয়স্মর হর ॥ ১ ॥ ভবভুবন কারক, ভব ভুবন পালক, ভব ভুবন ঘাতক, জয় জাতজ্বর ॥ * ॥ ভব শমন নাশক, ভব শ্মশান নাটক, ভব বিষাণ ধারক, জয় জটাধর ॥ ২ ॥ ভব দেবাদি রঞ্জন, ভব পামর গঞ্জন. ভবসত্য নিরঞ্জন, জয়জায়া বর ॥ * ॥ ভব ভুজঙ্গ ভূষণ, ভব স্বরূপ ভীষণ, ভব দনুজ নাশন, জয় পুরন্দর ॥ ৩ ॥ ভব অয়োনী সম্ভব, ভব ভবাঙ্গ ভৈরব, ভবগণেশ শৈশব, জয় মহত্তর ॥ * ॥ ভব ধনাধি বান্ধব, ভব কপাল বৈভব, ভব একাঙ্গকেশব, জয় পরাৎপর ॥ ৪ ॥ ভব য়োগেন্দ্রার্চ্চিত, ভব বিরিঞ্চি পূজিত, ভব বিভূতি ভূষিত, জয় শুভাঙ্কর ॥ * ॥ ভব কপর্দ্দ মণ্ডিত, ভবরণ প্রপণ্ডিত, ভবসুরারি খণ্ডিত, জয় দিগম্বর ॥ ৫ ॥

হেমধু সূদন, বামন, জগজ্জন জীবন, নিকুঞ্জ কানন, মোহন মুরারে ॥ ধ্রুং ॥ বিপুল ভক্ত বল্লভ, দৈত্যারি চয় দুর্ল্লভ, মুনি কৌস্তভ বল্লভ, সুশোভিত হারে ॥ ১ ॥ অচিন্তনীয় চিন্ময়, গোকুল বৈকণ্ঠালয়, যাতন আয়ান ভয়, মধুকৈট ভারে ॥ * ॥ সান্ত শ্রীরাধিকা প্রিয়, ধেনুপালক কালীয়, সত্যনিত্য নীচক্রিয়, পীতপটু ধারে ॥ ২ ॥ পূতনাবক নাশক, গোপাল গণ বালক, নিয়ত সুখেপালক, জগত আধারে ॥ * ॥ ভুবন জন তারক,

তাপ পাপ নিবারক, বিপিন বেনু বাদক, পুলিন বিহারে ॥ ৩ ॥ সরসী রুহলোচন, বিশ্ব তারণ কারণ, রুচিজিনি নবঘণ, দানব কংসারে ৷৷ ✽ ॥ দেবারি বলঘাতন, দশানন বিনাশন, মুনিমনো বিমোহন, ধারাধর ধারে ॥ ৪ ॥ মোহন নাশিকোপরি, কস্তুরি তিলকোপরি, কিবাশোভা মরিমরি, নাহেরি সংসারে ॥ ✽ ॥ ভকত বৎসল হরি, দিনহীনে কৃপাকরি, দিযে শ্রীচরণ তরি, রাখ ভববারে ॥ ৫ ॥

শ্রীনন্দনন্দন, মোহন, খগপতি বাহন, পঙ্কজ লোচন, হরেমুরারে ॥ ধ্রুং ॥ জয়কেশী বিমথন, জয খেচর পালন, জয তনুনবঘণ, তিমির সংহারে ॥ ১ ॥ জযমধু নিসূদন, জয পূতনা ঘাতন, জয কালীয মর্দ্দন, কৌস্তুভ বিহারে ॥ ✽ ॥ জয ভুবন কারণ, জয জগত জীবন, জয কৈটভ অর্দ্দন, জয গিরি ধারে ॥ ২ ॥

তেওট ॥ ॥ সইং,পতি বিহনে,বরষা জ্বলায ॥ ধ্রুং ॥ সকল অনলময, বিরহ ছলায ॥ ✽ ॥ ধূমরূপ ঘণঘটা, শিখাতড়িতের ছটা, বিন্দুবিন্দু বারিকণা, সস্ফুলিঙ্গপ্রায ॥ ১ ॥ বহতি মালতি গন্ধ, অবিরত মন্দমন্দ, জ্বালিতে বিরহানল, ঘণঘণ তায ॥ ✽ ॥ ইবেঘুচে সবদুঃখ, হেরিলে সে চাঁদমুখ, অনুকূল হযেকেবা, তারকাছে যায ॥ ২ ॥

জলদতেতালা ।। কইদিক্ বাসা, সমরে শোভিছে শ্যামা, হেরিসঘণা য়ামিনী ।। ধ্রু° ।। কেশপাশ নিশিসম, বামারূপ, জিনিঘণ কাদম্বিনী ।। * ।। নিন্দিত রজত গিরি হরহৃদি পরে, ঘণরূপা ঘণবেশে ঘণরণ করে, ক্ষণেক্ষণে চমকিত, তড়িত নিন্দিত, করবাল সৌদামিনী ।।১।। গলিত চাঁচরকেশ কুহুরূপে সাজে, ঝিল্লিবর কিঙ্কিনী কি কটিতটে বাজে, কুণ্ডল যুগল গণ্ডে, আমরি বিরাজে, উল্কামণ্ডলদামিনী ।। ২ ।।

একি লজ্জারূপা, শোভিছে সমরে শ্যামা, জিনিযে ঘণ গর্ভারে ।। ধ্রু° ।। আচ্ছা দিলভানু, কুহুরূপে কণ্ঠমালে ইন্দুধনু দনুজ শিরে ।। * ।। প্রবল নিশ্বাস বহে পবন সমান, ঘণ হুহুঙ্কার ঘণ গর্জ্জন বিধান, ঈষদ্ মধুর হাসে চপলা প্রকাশে, ভালাগ্নি বজ্র হেরিরে ।। ১ ।। রুধির সলিল ধারাঘণ বরিষণ, পানোন্মত্তা চাতকী য়োগিনী প্রতি-ক্ষণ, হয গজ দৈত্যনাশে, রণভূমিভাষে, অধরাধরা অস্থিরে ।। ২ ।। নিন্দিত রজতগিরিহৃদে উরিঘণ, বৃষ্টিছলে ঘণ ঘণ নিদারুণরণ, সর্ব্বনাশি সর্ব্বনাশে, প্রসাদ প্রয়াসে, বামাচরণে ধরিরে ।। ৩ ।।

শ্যাম, গুণ পারাবার । ধ্রু° ।। শতার্দ্ধ বর্ণেতে নহে, সাধ্যাবর্ণিবার ।। * ।। মরি কিমাধুর্য্যগুণ, তরিতে নহি নিপুন, কুল কি গোকুলে য়ার, অকূলপাথার ।। ১ ।। হরি

শুণ অকুপার, তাহেমন গোপিকার, করিযে পবন বেশে, তরঙ্গ অপার ॥০*॥ ভাষোযা তনুরতরি, কান-বীজ গাণকরি, মোহিতে ভুলিযে হলো, নিমগ্ন প্র-কার ॥ ২ ॥

কোথা,ভকতবৎসল ॥ ধ্রুং ॥ পড়েছি দুর্গমে হরি, করহ কুশল ॥ * ॥ বিপিন বিহারী হরি, কোথা গেলে পারহরি, মরি ভযে ভীতচিত, চরণ অচল ॥ ১ ॥ একে তো নিবীড়বন, তাহে ঘণ বরিষণ, চপলা চমকেঘণ, জী-বন বিকল ॥ * ॥ একেলা নবীনা বালা, ঘোরনিশা মে-ঘমালা, হেরেছি কাননমাজে, কবে এসকল ॥ ২ ॥ অতএব ব্রজপতি, তুমি অগতির গতি, কি দোষে শ্রীরাধে ত্যজি, হইলে বিরল ॥ * ॥ ইবে দেহ দরশন, ভযে ব্যাকুল জী-বন, বিপত্যে মধুসূদন, মামমত ফল ॥ ৩ ॥

পরি,হরি শ্রীরাধায ॥ ধ্রুং ॥ বিপিন বিহারে আসি, লুকালে কোথায ॥ * ॥ কোথাবা নিকুঞ্জবন, এয়ে নি-বিড়কানন, গগণে চপলাঘণ, ঘণশোভা পায ॥ ১ ॥ নবকুশাঙ্কুর মাজে, চলিতে চরণে বাজে, ভুজঙ্গ বেড়িল আসি, দুঃখিনীর পায ॥ * ॥ এমন দুর্গমে হরি, বিনা হরি ত্রাণ করি, মিলাবে কে প্রাণ হরি, হরি হে আ-মায ॥ ২ ॥

কর, এশঙ্কটে পার ॥ ধ্রু ॥ তুমি হরি ত্রাণকারী, রত গোপিকার ॥ * ॥ অকূল ভবাব্ধিবারি, তারিতে তুমি কাণ্ডারী, তবে কেন ভীতহেরে, য়মুনা পাথার ॥ ১ ॥ ব্রজ পুড়ে দাবালনে, পানকরি কুতুহলে, গিরিধরি বৃষ্টিজলে, তার গোপ ভার ॥ * ॥ বিষস্তন লয়ে মুখে, পুতনা বধিলা সুখে, তরিতে কে পারে তব, মায়া পারাবার ॥ ২ ॥ কালীযদমন করি, ব্রজবাঁচাইলা হরি, লীলায় নবনী হরি, লীলার বিস্তার ॥ * ॥ বিশ্বরূপ হেরেমুখে, নন্দরাণী মহাসুখে, জনম সফল স্বীয, করিলা স্বীকার ॥ ৩ ॥

কোথা, হে মধুসূদন ॥ ধ্রুং ॥ করআসি শ্রীমতীর, ভয নিবারণ ॥ * ॥ কুলবালা কুলহরি, বনমাজে পরিহরি, কিরূপে লুকালে হরি, করুণা কেমন ॥ ১ ॥ আনিযে অতি য়তনে, ত্যজিযে নিবিড় বনে, একাকিনী রাখিবে কি, এই তব মন ॥ * ॥ আমিকুলবতী নারি, য়াতনা সহিতে নারি, হরিভযে মরিকরি, শ্রীহরি স্মরণ ॥ ২ ॥

কোথা, হে ব্রজপতে ॥ ধ্রুং ॥ ব্রজপরি পরিহরি, আছ কেমতে ॥ * ॥ মূর্চ্ছাগত এগোকুল, গোকুল বিহঙ্গকুল, কলরব হতসব, বিরহ মতে ॥ ১ ॥ ব্রজেসব শবাকার, বৃদ্ধিমাত্র য়মুনার, ব্রজবালা অশ্রুমালা, কালিন্দীগতো ॥ * ॥ শীর্ণা গোকুলমণ্ডলী পশুকুলং সম্পাযন স্পন্দতে। মূকাঃকোকিল পংক্তযঃশিখিকুলংনব্যাকুলং নৃত্যতি ॥

সর্ব্বে ত্বদ্বিরহানলেন সততং গোবিন্দ দৈন্যংগতাঃ।
কিন্ত্বেকা য়মুনা কুরঙ্গ নয়না 'নেত্রাম্বুভির্ব্বদ্ধতে ॥
কোথা হে ব্রজপতে ঐ ॥

কোথা,গোকুলজীবন ॥ ধ্রুং ॥ নিকুঞ্জ বিহারে আনি, হলে অদর্শন ॥ * ॥ নিবিড় ঘণ য়ামিনী, ঘণঘোর কাদম্বিনী, চপলা চমকে ঘণ, গভীর গর্জ্জন ॥ ১ ॥ ঘণবারি বরিষণ, নিশাচরে শোভেবন, অবলা আকুলাভাবে, অচলা চরণ ॥ * ॥ তিলেকে কতনা ভয়, বেড়িল ভুজঙ্গ চয়, কিরঙ্গ করহে বঁধু, শ্রীমধুসূদন ॥ ২ ॥

এয়,মুনা পারাবার ॥ ধ্রুং॥ সাধসুবিধান রাধে,য়দি হবেপার ॥ * ॥ ত্যজহ নীলবসন, কিজানি নিবিড়ঘণ, ভ্রমেবহে সমীরণ, বাড়িবে পাথার ॥ ১ ॥ ত্বমিস্থির সৌদামিনী, নীলবাস কাদম্বিনী, দৃষ্টিমাত্র কমলিনী, বায়ুর সঞ্চার ॥ * ॥ অতএব বলিহেন, অনাহুত দায়েকেন, উপনীত করয়েন, দুঃখঅকুপার ॥ ২ ॥

রাধেত্বং পরিমুঞ্চনীল বসনং ক্বোথাযনাবংমম।
বাতোবারিদসম্ভ্রমাৎ য়দিবহেম্মগ্নাভবেম্নৌরিয়ং ॥
শুক্লংত্বদ্বসনান্তরং পরিদধান্যাদৌত্ত্বযাস্বংবপুঃ ॥
শ্যামংশ্যামনবীননীরদসমং তক্রেনচাচ্ছাদ্যতাং ॥
ত্যজিবাসগুণধাম, কিন্তু নবঘণশ্যাম, আগে এসোঘোলেঢাকি, ওঅঙ্গ তোমার ॥ অথবা ॥ ত্যজিবনীল

বসন, কিন্তুরূপ নবঘণ, আগেতক্রে আচ্ছাদন, করিয়ে তোমার॥ ৩ ॥

রাধে, ভালতোবলিলে ॥ ধুং ॥ নবীন নীরদ সম, রূপ বাখানিলে ॥ * ॥ শ্যামাঙ্গ আমার কায, নবীন নীরদ তায, বলাবটে শোভাপায, গৌরব মানিলে ॥ ১ ॥ কিন্তু কহিব স্বরূপে, হেরিয়ে আমার রূপে, সৌদামিনী কিবা-রূপে, সম্ভব বুঝিলে ॥ * ॥ নীরদ কালিমা বর্ণ, দামিনী আভাসুবর্ণ, জলদ রূপ সুবর্ণ, দ্বিরূপ ঘটিলে ॥ ২ ॥

সত্যংতদ্ দ্বিজরাজসুন্দরমুখি, প্রোক্তংত্বয়ায়ত্ পুনঃ ।
শ্যামং শ্যাম নবীননীরদসমং, জানেমমেদং বপুঃ ॥
কিন্তুত্বং যদিনাস্তি গোপণমতঃ, সৌদামিনী মাকৃতং ।
অঙ্কেমে য়দিতিষ্ঠসি প্রিযতমে, য়াস্যামি গুপ্তংতদা ॥

তবেলুকাবনিশ্চয, তব অঙ্গস্বর্ণময, শ্যামাঙ্গে মীলন হয, এভাব জানিলে ॥ অথবা ॥ তবেলুকাব নিশ্চয, তব অঙ্গরাদিলয, এঅঙ্গেনিশ্চিত হয, এভাব হইলে ॥ ৩ ॥

কালিন্দী পারাবারে ॥ ধুং ॥ কেক্যারেছে এনবীন, দানীকিবিচারে ॥ * ॥ দেহি দেহি দেহিবলে, প্রকাশি নর্দকয ফলে, কর্ম্মপদচায ছলে, গোপন প্রকারে ॥ বা, অব্যক্ত স্বীকারে ॥ ১ ॥ করিলে অর্থপ্রদান, হেরিনে তুষ্টিবিধান, তাহাকারিহেযজ্ঞান, নাহিয়ায পারে ॥ * ॥

য়দিকরিনান্দীবাদ, তাহেনাহেরি অহ্লাদ, ভত্‌র্সনেতে নিরাহ্লাদ, নাঘটে উহারে ।। ২ ।। .

দেহীতি বক্তিনচকর্ম্ম পদং ব্যনক্তি ।
গৃহ্লাতি নৈবকিমপিদ্রবিনং প্রদত্তং ।।
স্তুত্বানতুষ্যতিনকুপ্যতিভৎর্সনেন ।
দানীনবীনইহকেন বিনির্ম্মিতোঽয়ং ।।

নান্দীনিন্দাতুল্য য়ার, ভত্‌র্সনে বন্দনেতার, বিশেষকি পাবআর, অশেষ স্বীকারে ।। অথবা ।। নান্দীনিন্দা সমতুল, নাহিয়ার তুলাতুল, কেংপায তাহার কুল, নাজান কালারে ।। ৩ ।।

কব, এয়াতনা কায ।। ধ্রুং ।। প্রিয়সখি দুঃখেভাষি, তবু হাসিপায ।। * ।। কেবাকি গোপ নগরে, কি না করে ঘরে ঘরে, রাধার ললাটে শুধু, আগুন লাগায ।। ১ ।। ঘরেগুরু কাণাকাণি, বেদেবলে স্ফুটবাণী, বাহিরে বাহির হতে, কলঙ্ক রটায ।। * ।। শ্যামপ্রেম কথালযে, সেইরসে মগ্নহযে, নিযত ইতরে কালা, পরিবাদ গায ।। ২ ।। কাবাকিং নকরোতি গোপনগরে গোপস্যকস্যাঙ্গনা ।
কাবাকিং নবদত্যহো কিমধুনা রাধাললাটেনলঃ ।।
কর্ণাকর্ণি কথন্তুং হন্তগুরবোবেদাবদন্তি স্ফুটং ।
সন্তোষং পরিবাদভৌরিমিতরেগাযন্তি সন্তোনিশং ।।
নরিসখি এইক্ষেদে, বাহ্যপ্রেম পরিচ্ছেদে, পাপলোকে ভেদাভেদে, প্রভেদ ঘটায ।। ৩ ।।

সঘণে, ঘণবারি পততি ।। ধ্রু ।। বহতি মালতী গন্ধ, বিরহি দহতি ।। * ।। দামিনী কিচমকন্ত, পিককুল কুহুকন্ত, নৃত্যতি শিখী নিযত, বিযোগি যুবতী ।। ১ ।।

পতত্য বিরতং বারি, নৃত্যন্তি শিখিনো মুদা।
অদ্যকান্তঃ কৃতান্তোবা, দুঃখস্যান্তং করিষ্যতি ।।

আজুকান্ত কিকৃতান্ত, করিলে দুঃখের শান্ত, জুড়াবে এ তাপিতান্ত, ঘুচিবে দুর্গতি ।। ২ ।।

পরি, হরি বৃন্দাবন ।। ধ্রু ।। কোথাগেলে প্রাণহরি, যশোদা জীবন ।। * ।। কযেছ আপনী আগে, বৃন্দারণ্য পরিত্যাগে, পাদমেক স্বতন্তর, নাহবে কথন ।। ১ ।। তব- বিনে নন্দরাণী, মুর্চ্ছাগতা হতাবাণী, কভুকৃষ্ণ আলো- বলি, করিলে চেতন ।। * ।। নইযে ক্ষীরনবনী, বলে কোথা যদুমনি, নাহেরে অধরা ভরে, ধরাতে শযন ।। ২ ।।

শ্যাম, বিরহতপন ।। ধ্রু ।। দহিল গোপিনী গণ, কমল জীবন ।। * ।। কুঞ্জে মন্দ গন্ধবহ, হরিবিরহে দুঃসহ, মাল তী মারুত যেন, দাবা হুতাশন ।। ১ ।। দেখঅলি পুঞ্জপুঞ্জে, নিকুঞ্জে বেড়ায গুঞ্জে, শ্রীহরিচরণাম্বুজ, পীযুষ কারণ, ।। * ।। কিন্তু অলি কালরূপে, কালার বিরহ কূপে, ডুবা- ইর্থা গোপবধু, করে অচেতন ।। ২ ।।

পঞ্চম তাল সওযারি ।। তারিনী কেন বঞ্চনা, কাতর

তনযে ॥ ধুং ॥ তুমি অমুপ্রসবিনী, মহাব্যোম প্রকাশিনী, পরমাত্ম স্বরূপিনী, ভূতপঞ্চ দেহময়ে ॥ ১ ॥ ত্বমি এয় জগন্মাতা, বিশ্বপাতা বিশ্বধাতা, ভবসুত মজেপাপ চয়ে ॥ * ॥ ক্ষতিকি তাহে আমার, হানিতব মহিমার, লবে কে স্মরণ আর, তরিতে সংসার ভযে ॥ ২ ॥ ত্রিলোক প্রসূতি জায়া, উচিত সমানমায়া, সর্ব্বভূতে দিন দযাময়ে ॥ * ॥ সমভাগে সুতগণে, তুষিলেনা দিযেধনে, হানি নাই ভবসুত, বালো নিদান সময়ে ॥ ৩ ॥

যোগিযা অনুরাগিনী ॥ জলদতেতালা ॥

তুমি মনচোর মম, নয়ন চিনেছে ॥ ধুং ॥ স্বজাতির পরিচয়, স্বজাতি পেযেছে ॥ * ॥ সম পক্ষ যদি হয, তারে চেনাকি সংশয, সে বিস্তর ভার নয, চলনে জেনেছে ॥ ১ ॥ অর্থাৎ আমার মন, চকিতে তুমি হরণ, করিলে বল এমন, কে কবে দেখেছে ॥ * ॥ তেমতি মম নয়ন, তব লাবণ্য বরণ, কটাক্ষে করি হরণ, হৃদয়ে রেখেছে ॥ ২ ॥

কলুষ নাশিনী কালী, ভালোতো খেলা খেলিলি ॥ ধুং ॥ আনিযে ভবের হাটে, মাজমাঠে মজাইলি ॥ * ॥ জ্ঞানরত্ন হাতেদিলি, কিনিতে তত্ত্ব বলিলি, আপণ বৈরাগ্য কোথা, মাযামাঠ দেখাইলি ॥ ১ ॥ সেমাঠ হইতে পার, উপায নাদেখি আর, কামআদি চমৎকার, মহা

মরীচিকা তার ॥ * ॥ অভিমান ভানুতাপ, দম্ভ বালুকা প্রতাপ, অধিকন্তু হিংসাৰূপ, দিশাদিযে ভুলাইলি ॥ ২ ॥

দিবস য়ামিনী ভ্রান্ত, দেখ করিছে গমন ॥ ধুং ॥ য়াগ্রত সুসুপ্তি নিদ্রা, অশ্বে করি আরোহণ ॥ * ॥ নিশ্বাস প্রশ্বাস বয, ক্রমে সর্ব্বনাশ হয, অদূরেতে কালৱয, হয নয ভাব মন ॥ ১ ॥ মনরে ভবে আসিযে, কিনিষে য়াহ চলিযে, কি হবে তোরে বলিযে, জানি অরণ্যে রোদন ॥ * ॥ ইন্দ্রিয়াদি সঙ্গি সর্ব্ব, ক্রমে হইতেছে খর্ব্ব, চিন্তিযে প্রমাদ পর্ব্ব, স্মর নিত্য নিরঞ্জন ॥ ২ ॥ এত করিবলি তোরে, নামজ বিষয ঘোরে, বাঁধা আছ মাযা ডোরে, কাট য়ত্নে সর্ব্বক্ষণ ॥ * ॥ নযনে অঙ্গুলি দিযে, হারিলাম বুঝাইযে, তবুনা কালে ভাবিযে, কর ধন উপার্জন ॥ ৩ ॥

মরিহে লাজেতে হরি, হাসি পায দুঃখ হয ॥ ধুং ॥ শুনেছতো বংশিধারি, ব্রজে সব কিনা কয ॥ * ॥ তব প্রেমে বাঁধা রাধা, রাধা শ্রীঅঙ্গের সাধা, তবু লোকে দেয বাধা, প্রভেদ করি নিশ্চয ॥ ১ ॥ তুমি হে বাজাও বাঁশী, শুনিযে বিপিনে আসি, তায ব্রজাঙ্গনা হাসি, কত না করে সংশয ॥ * ॥ ধিক্ বাছ প্রেমসাধে, পোড়া লোকে বাদসাধে, জগন্নাথ ভজিরাধে, অনাথিনী ভাবে রয ॥

কেমনে মা প্রাণউমা, কৈলাশ ধামে চলিলে ।। ধ্রু ।। পাষাণী দুঃখিনী মার, বল কি দশা করিলে ।। * ।। তোমার বিরহে তারা, হারা হব আঁখি তারা, জন্ম শোধ দেখি মাগো, তিল আধঃ দাঁড়াইলে ।। ১ ।। বৎসরান্তে এলে ভবে, তিন্ দিন্ গিয়েছে সবে, কবে কি পাগলভোলা, আরো দুদিন থাকিলে ।। * ।। জানি হরে আশুতোষ, তুষিলে হবে সন্তোষ, অবোধ পাষাণ মনে, ক্ষতি নাহি বোধ দিলে ।। ২ ।।

চলিলে কি প্রাণ উমা, কৈলাশ শিবেরঘরে ।। ধ্রু ।। হইয়ে মায়ের বাছা, ভাবিলে না মারতরে ।। * ।। পুরা কত পুণ্যকরি, তোমারে জঠরে ধরি, য়োগেশ্বর য়োগা গম্য, জামাই পেয়েছি হরে ।। ১ ।। তাতে কি দুর্গতিহবে, কর্ম্মভোগ কেঘুচাবে, তুমি কন্যা য়ার তার, পুত্র জলে ডবে মরে ।। * ।। একে সেই শোকে মরি, তায় পুনঃ পরি হরি, দেখাবে মায়ের গতি, দুর্গতি বুঝিনাপারে ।। ২ ।।

খিমাতেতালা ।। ঘুচিলে মনের ভ্রান্তি, মুক্তিপদ পাবে ভবে ।। ধ্রু ।। কাট দ্বৈধপাশ নহে, কর্ম্মহ্রদে ডুবে রবে ।। * ।। বারবার য়াতায়াত, করিতে হবে পশ্চাত, জঠর য়ন্ত্রণাকত, য়মের যন্ত্রণাসবে ।। ১ ।। নবীন নীরদ শ্যাম, নবদুর্ব্বাদলরাম, নিত্য বুদ্ধ অভিরাম, শিবাহরি তার দাম ।। * ।। ভেদাভেদে অবিরাম, ডাকিলে কি পুরে

কাম, জানিবেরে পরিণাম, চিতাশায়ী হয়ে যবে ।। ২ ।
বাঞ্ছা করি পুণ্যফলে, বেগবতী গঙ্গাজলে, স্নাহ নিতি
কুতূহলে, সাধিতে অতি কুশলে ।। * ।। দিন্তু ন্মরিযে বি
ফলে, জ্যালেমর বৃথা নলে, সঙ্কল্প কিকর ব্যলে, সেকথ
বুঝাতে হবে ।। ৩ ।।

দেহ অনুমতি মাগো, আসি ভবের ভবন ।। ধ্রুং ।।
এসেছে কৈলাশ হতে, নইতে প্রমথগণ ।। * ।। প্রসূতি
কোলেতে রয়ে, উমা আর্ধবাণী কয়ে, বলেন্মা পাষাণী
হয়ে, ভুলনা রেখ স্মরণ ।। ১ ।। কিকব দুঃখের কথা, কহি-
তে উপজে ব্যথা, নহেতো কিছু অন্যথা, সকলি দুঃখ
কারণ ।। * ।। জনক পাষাণকায, জননী পাষাণী প্রায,
পাগল মহেশ তায, সম জীবন মরণ ।। ২ ।। দেখে শুনে
কুলমান, নকুলে দিয়েছ দান, গৃহ কৈলাশ শ্মশান,
সদত্ত ভূত ভাবন ।। * ।। বিভূতিবিভূতি তাঁর, গলে মহা
শঙ্খহার, ভালে অনলেরভার, সমান ভস্ম চন্দন ।। ২ ।।

শুনতো নিতান্ত ভ্রান্ত, অশান্ত মনআমার ।। ধ্রুং ।।
ভ্রান্ত হয়ে ভ্রম পথে, ভ্রমকেন অনিবার ।। * ।। প্রত্যক্ষ
প্রামাণ্য য়াহা, বিতর্ক বিরোধে তাহা, জন্মান্ধের মত
য়াহা, মজ একি চমৎকার ।। ১ ।। নেত্রাতীত রূপয়ার,
প্রাভরূপ করতার, একি অনোচিত চিত, ভুলতব বুঝি
কার ।। * ।। শাস্ত্র সংখ্যা নাহি পায, শ্রুতি শ্রুতি আকা-

ক্ষ্যায়, পাতঞ্জলে জলাঞ্জলি, মিমাংসার এই সার ॥২॥ চরাচর আদিয়ত, ক্ষণে স্থিত ক্ষণে হত, মায়াকার ময় যা মত, ভরসা কি আছে তার ॥ * ॥ অতএব স্থিরমনে, সত্যসদাত্মকধনে, চিন্ত্যচিত প্রতিক্ষণে, ত্যজদম্ভ অহং-কার ॥ ৩ ॥

জপরে হরের নাম, কিকর পামর মন ॥ ধু, ॥ আশুতোষ নামগুণ, গুণসাধর্ম্ম কারণ ॥*॥ আরণ্য শ্রীফল দল, ভূতল সম্ভব জল, গালবাদ্য করতালি, অন্যমন্ত্র অকারণ ॥ ১ ॥ বুঝিবে পদ্ধতিক্রমে, দোষাভাব তরতমে, যুক্তি আগমনিগমে, যদৃচ্ছা ভাবে পূজন ॥ * ॥ সধনে সাধন হয়, ভোগমোক্ষ যোগে কয়, ভবের ভাবেতা নয়, ভব নির্ধনের ধন ॥ ২ ॥

আড়া তেতালা ॥ তিলেক চিন্তনা চিত, এসৃষ্টির স্রষ্টা কেবা ॥ ধু, ॥ কার ভয়ে অনুগত, সুরাসুর দেব দেবা ॥ * ॥ কেহয় কার্য্য কারণ, তপন পবনগণ, কারবশে অনুক্ষণ, ভ্রমণ করে কে সেবা ॥ ১ ॥ তুমি কারণের কার্য্য কারণ কার্য্যের আর্য্য, তাহা ভূলি অনিবার্য্য, ভাবগয়া গঙ্গারেবা ॥ * ॥ ফল্লেতে অনিত্য সব, তবে ভ্রান্তি কেন ভব, যাবৎ রূপবৈভব, লীন ব্রহ্মে কর সেবা ॥ ২ ॥

বৈভবে স্বরূপ কিন্তু, নাহি তোহে দশানন ॥ ধু, ।

অতএব। প্রিযকেন, ভাব জানকী জীবন ।। * ।। লঙ্কেশ্বর শীতার্ত্তিত, আমিও শীতেতে ভীত, হৈম গেহে তার বাস, হৈমসে মম ভবন ।। ১ ।। রাবনরাজার জায়নি, মন্দো দরী রাজরাণী, মন্দোদরী শয্যাপরি, নিযত মম শযন ।। * ।। বটে সে শোশর হুই, ভাগ্যে দশভাগ্য নই, দশ ভাগ্যে হান দুই, আট কপাল ভাজন ।। ২ ।।

রামকিরী বা, রামকেলী, রাগিনী ।।
জলদতেতালা ।।

ভালব্যলে ভালছ্যলে, ভাল কেন না ভাবিলে ।। ধ্রুং ।। শুধামুখে শুধুহাস, মন দুঃখ শুধাইলে ।। * ।। ভালবাসা জাওয। আসা, ফুরালো সে সব আশা, কেজানে ভরায মানা, ফুরায সরায শুধিলে ।। ১ ।। নব অনুরাগ যবে, ভাব কি ভাবিতে তবে, মনে আঁখি ঠার কবে, নামানে আঁখিঠারিলে ।। * ।। বুঝিযে কি ফল সোণা, এনয কা-নের সোণা, কেবল কানেতে শুনা, দেখা নাযায দেখিলে ।। ২ ।।

যে হয কালীরদাস, কালভয কোথা তার ।। ধ্রুং ।। নাবুঝিযে মার মর্ম্ম, ধর্ম্মাধর্ম্ম কি বিচার ।। * ।। মহামন্ত্র কালীনাম, অন্তে কালের বিরাম, ল কারে ঈকারযোগে, কাল শব্দের ধিক্কার ।। ১ ।। জান পূর্ণ শুধাকরে, রাহুগ্রহণ সঞ্চরে, অর্দ্ধ শশধর ধরে; তাই ললাটেতে মার ।। * ।।

সঙ্কেতে জানান চাই, যে দিবে কালীর দোহাই, কলঙ্ক রাহু গ্রাস হেতু, না হবে কাছে নক্ষার ॥ ২ ॥

তরিতে লোকাপবাদে, ধ্বংশ হও কিকারণ ॥ ধ্রু॥ ধার্ম্মিক বলিবে ব্যলে, করধর্ম্ম আচরণ ॥ * ॥ হরিনামাঙ্কিত ছাবা, কলি মৃগ বাঘথাবা, অঙ্গেতে অঙ্কিত কিন্তু, পরবধূ প্রতি মন ॥ ১॥ যদি কেহ কর ত্যাগ, পরস্যাপহারি রাগ, তথাপি না যায ভ্রান্তি, চিন্ত্যহরি সর্ব্বক্ষণ॥*॥ একেমন ভক্তিকহ, সদাসাধনা সাধহ, থাকিলে একান্ত ভবে, করকি অতিচিন্তন ॥ ২॥ বুঝি উপমা জানন, তৃণ রাশি অগ্নিকনা, যেমন দহে তেমনি, কলুষ হরি স্মরণ ॥ * ॥ ভ্রান্তি ভরে তানাকরি, সদাবল হরি হরি, গ্রন্থি পরে গ্রন্থি কিন্তু, শ্লথকরে বন্ধন ॥ ৩ ॥

ছিছিপ্রাণ এমন বেশে, পুরে কেন প্রবেশিলে ॥ ধ্রু॥ হেরিতে পরম শোভা, হেথা মুকুর থাকিলে ॥ * ॥ অধরে কিবা অঞ্জন, ভালে তাম্বুল রঞ্জন, নযনে রবি গঞ্জন, কোথায নিশি বঞ্চিলে ॥ ১ ॥ মলিন বদন শশি, যেন শুধাংশুতেমসি, নাহিহাসি সুধারাশি, আসিয়ে দুঃখে দহিলে ॥ * ॥ নব ভাবে নবরসে, ছিলে যেজনার বসে, কিদুঃখে সেসুখ নাশে, রসে বিসর্জ্জন দিলে ॥ ৩॥

নাধেকি তোমারে বঁধু, করিরে এ তো যতন ॥ ধ্রু।

নাহেরে হৃদয দহে, হেরে শীতল জীবন ॥ * ॥ সরস সুধাংশু মুখ, হেরিতে বাড়যে সুখ, বিরস নিরক্ষি দুঃখ নিযত ঝোরে নযন ॥ ১ ॥ যদিকর অভিমান, দহেদেত মনঃপ্রাণ, সাধিপ্রাণপণকরি, কিজানি হয কেমন ॥ ২ ॥

নিবাইতে মনানল, প্রলয হল উদয ॥ ধ্রুং ॥ অন্তরে অনল জ্বালা, নযন সলিল মথ ॥ * ॥ বরঞ্চসে ভালছিল, হিতে বিহিত ঘটিল, অনল শলিল সদা, সম ভাবে ঘেরিরয ॥ ১ ॥

অগোবিন্দে গোবিন্দে কি, পাবপুনঃবৃন্দাবনে ॥ ধ্রুং ॥ গোকুল বাসি গোকুল, নীরব নীর নযনে ॥ * ॥ বা, নিরব নীরবসনে ॥ * ॥ ব্রজপুরি পরিহরি, যাবত গেছেন হরি, কিকরি বিরহ করি, পদ্মদলে সুখবনে ॥ ১ ॥ নিকুঞ্জাদি নিধুবন, গভীর কালিন্দী বন, নিরস নিরস ঘন, তাপে মলিন বরণে ॥ * ॥ বালক বালোক বুজে, আকুল অকুল বুজে, সবাকার শবাকার, কুরঙ্গ কুরঙ্গ গণে ॥ ২ ॥

নানারূপে মহামাযা, কত না মাযা করিলি ॥ ধ্রুং ॥ প্রথমে মীনরূপেতে, বেদগণ উদ্ধারিলি ॥ * ॥ দ্বিতীযে কমঠ বেশে, ধরাধরি পৃষ্ঠদেশে, তৃতীযে বরাহরূপে, ইদং বিশ্ব প্রকাশিলি ॥ ১ ॥ চতুর্থে নৃসিংহরূপে, হিরণ্য কশিপুভূপে, বিনাশি পরমভক্ত, প্রহ্লাদেরে বাঁচাইলি

॥ * ॥ পঞ্চমে ছলিতে বলি, বামন মুরতি হলি, ষষ্ঠমে প-রশুরাম, রূপে ক্ষত্রি বিনাশিলি ॥ ২ ॥ সপ্তমে দযালরাম, নবদুর্ব্বাদলশ্যাম, জিনিযে পরশুরাম, জগতে খ্যাতিরাখিলি ॥ * ॥ অষ্টমে রোহিণীসুত, হযে হলি হলযুত, নবমে পুরুষোত্তমে, অন্নব্রহ্ম মানাইলি ॥ ৩ ॥ দশমেতে কল্কিরূপ, বিনাশিযে ম্লেচ্ছভূপ, পুনঃ সত্ব স্থাপনার, সূচনা বেদে কহিলি ॥ * ॥ মধ্যে মধ্যে নন্দালযে, পূর্ণে অবতীর্ণা হযে, বাজাযে মোহন বংশি, ব্রজবালা ভুলাইলি ॥ ৪ ॥

এদীন শরণাগতে, একেমন বিড়ম্বনা ॥ ধ্রুং ॥ ভাবিতে দিলিনে শিবে, ভবে ভবেরভাবনা ॥ * ॥ বাল্যযুবা প্রৌঢাকাল, দেখিতে শুনিতে কাল, গ্রাসে আসি প্রতিক্ষণে, এইতো কালমন্ত্রণা ॥ ১ ॥ পরে বৃদ্ধকালাগতে, জপি বমাবিধিমতে, এমন সমযে কাল, আইল দিতেযন্ত্রণা ॥ * ॥ ভুলাইযে তব ভাবে, মহামাযা আবির্ভাবে, লাভ মাত্র কলত্রাদি, ভাবনা অনুসূচনা ॥ ২ ॥ দিযে জ্ঞান মহানিধি, জপিতে কযেছ বিধি, দুর্গানাম মহামন্ত্র, সরস করি রসনা ॥ * ॥ জপিব কিরূপে তারা, অজপা হইল সারা, ভাঙ্গিল মৃদঙ্গ গেল, কীর্ত্তনের সম্ভাবনা ॥ ৩ ॥

ললত, বা, ললীতরাগিনী ॥ আড়ারঠেকা ॥

মনে করি না হেরিব, যখন থাকি অন্তরে ॥ ধ্রুং ॥

হেরিলে সে চাঁদমুখ, সবভুলে যাই পরে ।। * ।। চন্দ্রানন দরশনে, ভাবিতার আলাপনে, আলাপন হলে প্রাণ, ব্যাকুলালিঙ্গন তরে ।। ১ ।। হলেপরে আলিঙ্গন, কোথাযে মান তখন, মানেপড়ে হুতাশন, কিজানি হয কেমন ।। * ।। বুঝিতেনা পারি সই, য়েনস্পন্দ হারাহই, শুনিতে দেখিতে মাত্র, নেত্র শ্রোত্র নৃত্যকরে ।। ২ ।।

সম্ভবি এমন কেন, থাকিতে মা সম্ভাবনা ।। ধ্রু০ ।। দেহি অন্নপূর্ণা অন্ন, পুরাও মন বাসনা ।। * ।। হযেছে মা কালক্ষুধা, দিযে পরিত্রান শুধা, বিদাযিযে জন্ম সোধ, ঘুচাও জন্ম যন্ত্রণা ।। ১ ।। তুমিতো মা কল্পলতা, তাযএত কৃপণতা, কিহেতু জগন্মাতা, বিতর করুণা কণা ।। * ।। ধ্যরেআছে ক্ষুধাকাল, কেঘুচায এজঞ্জাল, সন্তানে ক্ষুধার কালে, মাব্যলে ডাকে জাননা ।। ২ ।।

ত্বরিতে চল শঙ্করী, শঙ্কর আরতি লযে ।। ধ্রু০ ।। অচলা তনযা শোকে, আছেন অচলা হযে ।। * ।। তুব জন্যে উৎকণ্ঠিতা, সদা ধুল্লব লুণ্ঠিতা, উঠেন্ ক্ষণে চমকিযে, কোথামা শ্রীদুর্গাকযে ।। ১ ।। তনয ডুবেছে জলে, তাতেই মরেন্ জ্বলে, কন্যাতুমি এমন্ হলে, দেখনা প্রসূতি ব্যলে ।। * ।। তবেকেবা হিতকবে, কারমুখ চেযেরবে, দেখ যদি এসোতবে, অবিলম্বে হিমালযে ।। ২ ।।

প্রপঞ্চ অনিত্য বিশ্ব, নিত্য নিরঞ্জন ॥ ধ্রুং ॥ ত্যজি স্বার্থ ব্যর্থ অর্থ, কেন উপার্জ্জন ॥ * ॥ ব্যাপ্তদীপ্ত চরা চরে, মহামোহ নিদ্রাভরে, হারায্যা চৈতন্য অরে, ভুলিছ কারণ ॥ ১ ॥ মিছাপাপ পুন্যভোগ, মিছাকর য়াগ য়োগ, লাভমাত্র কর্ম্মভোগ, ভোগ কিকারণ ॥ * ॥ অত এব সাবধান, ত্যজিদম্ভ অভিমান, সাধিযে য়াগুত জ্ঞান, হও সচেতন ॥ ২ ॥

কুলের কলঙ্ক শঙ্কা, সেকিহয অতিশয ॥ ধ্রুং ॥ পিরীতি রসেতে য়ার, মানস অবশ রয ॥ * ॥ প্রবাল মুক্তা য়েমন, অতিভযে উপার্জ্জন, পিরীতি নিধি তেমন, একথা অয়থা নয ॥ ১ ॥ মণিমুক্তা লাভকরে, য়েজন ডুবে সাগরে, তথানক্রজল চরে, প্রেমেকুলক্ষয ভয ॥ ২ ॥

একনিত্য তত্ত্ববদ্ধ, ত্রিলোক আছেরে মন ॥ ধ্রুং ॥ বেদাগমে বলেয়ারে, সত্যসন্ধ সনাতন ॥ * ॥ য়েদেখ বিশ্ব প্রকাশ, সকলি মাযার দাস, মহামাযা আবির্ভাবে, বিভু ভূবিশ্ব কারণ ॥ ১ ॥ একের বুঝিবে কেবা, ফেরকার বুজেয়েবা, সেপারে বুঝিতে ফের, অন্যেবাজে প্রহরণ ॥ * ॥ বিমূঢ় নাপায তত্ত্ব, করেদিশ দিশি তত্ত্ব, বন্ধ্যাকি জানিবে তথ্য, গর্ভবেদনা কেমন ॥ ২ ॥

য়মুনা পুলিনে রাধে, য়েওনা লো য়েওনা ॥ ধ্রুং ॥ য়দি

য়াও অন্যপানে, চেওনালো চেওনা ॥ * ॥ হেরিলে কদম্ব মূল, অমনি য়াবে দুকুল, তাইবলিকুলমূল, খেওনা লো খেওনা ॥ ১ ॥ শ্যামরূপ পারাবার, পারাপার সুদুস্তার, সেবার বিষমতায, নেওনা লো নেওনা ॥ * ॥ কালোভালো জানিতায, নানাঘটনা ঘটায, কোনছলে শ্যামগুণ, গেওনা লো গেওনা ॥ ২ ॥

মাহয়ে মেয়ের মুখ, চেযেনা দেখগো রাণি ॥ ধ্রুং ॥ কিরূপ পাষাণ গিরি, তুইবা কেমন পাষাণী । * ॥ মা হযে গো তনযার, নামনাহি আনিবার, য়ারব্যথা নয তার, কেমন মাযা নাজানি ॥ ১ ॥ তনযা ব্যাকুলা হযে, কতনা নারদে ক্যযে, পাঠাযেছে হিমালযে, বারেক আসা আশযে ॥ * ॥ তারনা করি বিধান, কেমনে ধরিস্ প্রাণ, একিগো মাযের মাযা, ধিক ধিক ধিক মানী ॥ ২ ॥ কন্যা দিলি দিগম্বরে, থাকে সে শ্মশান ঘরে, কণ্ঠে কালকূট ধরে, য়াপায উদরে ভরে ॥ * ॥ নাহিঘৃণা লজ্জাভয, শদাশিব তমো মযা, নিগুণীর গুণমাত্র, নৃত্যহরে শূলপাণি ॥ ৩ ॥

শুনগো বিজয়া জযা, বলগিযে জামাতায ॥ ধ্রুং ॥ এবারি রাখিযেয়েতে, পাষাণী প্রাণ উমায ॥ * ॥ কিকব শিবের কর্ম্ম, নাহিজ্ঞান ধর্ম্মাধর্ম্ম, দুদিননা য়েতে এলো, লইবারে তনযায ॥ ১ ॥ বুঝাইযে বল হরে, প্রসূতি শো-

কেতে মরে, মৈনাক ডুবেছে জলে, সেই ক্ষেদে দহেকায় ॥ * ॥ তাহাতে কন্যার মুখ, দেখেমনে পায়সুখ, সে জীবন হরেনিলে, কেমনে জ্বালা নিবায ॥ ২ ॥

লুম্‌ঝিঁঝিট ॥ মধ্যমান্ তালা ॥

নাহেরে তোমারে মরি, ধৈরয ধরি কেমনে। ধ্রুং ॥ নয়ন ব্যাকুল সদা, সজল নয়নে প্রাণ। তবরূপ দরশনে ॥ * ॥ জল বিম্বেতে য়েমন, প্রতিবিম্ব দরশন, সেইসে কারণে ॥ * ॥ নয়ন শলিলে ভাষে, আভাষে বুঝিবে প্রাণ ॥ ওরূপ অবলোকনে ॥ ১ ॥ মনচাহে আলাপন, জীবন চাহে মীলন, প্রাণ সম্ভাষণে ॥ * ॥ রসনা রস প্রয়াস, শ্রবণ শুনিতে ভায। কুচভুজ আলিঙ্গনে ॥ ২ ॥ নাসিকার অভিলাস, সদাও অঙ্গ সুবাস, জাগ্রত স্বপনে ॥ * ॥ তবেকেন বঞ্চিতে,বঞ্চিত কর বল প্রাণ। বঞ্চিতে অধিনী জনে ॥ ৩ ॥

হৃদয় নিতম্ব আর, বিমল বদন ॥ ধ্রুং ॥ সদত ঢাকের মণী, এইসে কারণ ॥ * ॥ হৃলে অপহৃতধন, লুকাতে হয় য়তন, তাইএত আকিঞ্চন, করিতে গোপন ॥ ১ ॥ রজত শিখর শোভা, জগতের মনলোভা, হরিয়ে ক্যেরেছে কিবা, হৃদয়ে অর্পণ ॥ ৩ ॥ সুমেরুর য়তগর্ব্ব, নিতম্বে হয়েছে খর্ব্ব, অধিক প্রমাদ পর্ব্ব, নইয়ে মদন ॥ ৩ ॥

শশাঙ্কের শশরাগ, তত্প্রতি করি বিরাগ, গ্রহণ নির্ম্মল ভাগ, কলঙ্ক ক্ষেপণ ।। ৪ ।।

ভালবাসা ভালয়দি, সেভাল বাসেতেমন ।। ধ্রুং ।। নহেনিছা আশানীরে, ভাবাকেন অকারণ ।। * ।। উভয়ে করি যতন, রাখেয়দি প্রেমধন, তবেহয সুখ তাহে, নহে জীবন্তে মরণ ।। ১ ।। বলনা একিউচিত, সাধেসাধিযেপিরীত, সদতরব দুঃখিত, ক্যরেঅতি প্রাণপণ ।। ২ ।।

কেব্যলে পিরীতে সুখ, নিরবধি দুঃখ অতি ।। ধ্রুং ।। নাহেরে অন্তরে দহে, হেরিলে চঞ্চল মতি ।। * ।। শুন তাহার কারণ, বিরহে ব্যাকুল মনঃ, মিলনে বিচ্ছেদভয, ঘটে জীবনের,প্রতি ।। ১ ।।

ভুলিমা পাষাণীহযে, ভুলিযে ছিলে কেমনে ।। ধ্রুং ।। আপনি এসেছি আমি, আপন যতনে ।। * ।। সংবৎসর গেলবযে, তত্বনা কর মাহযে, নাচেযে মেযের মুখ, বাঁচাতো জীবনে ।। ১ ।। অনাদে দিযেছ দান, জেনে শুনে কুলমান, শ্মশান আবাস স্থান, থাকিহর সনে ।। * ।। পরিবার ভূতগণ, সঙ্গেরহে অনুক্ষণ, সংশয জীবন মাগো, ভযহয মনে ।। ২ ।। কিকপাল কিবাবুদ্ধি, সিদ্ধিতে ঘুচেছে শুদ্ধি, জটায সতিনী ঘটা, সযনে স্বপনে ।। * ।।

ঝুরিমাত্র এইগুণে, য়দিমন ক্ষুধাশুনে, সবরস দেয অান্যা, তখনী য়তনে ॥ ৩ ॥

শুন২ রানী ॥ ধ্রুং ॥ বিধুমুখে মধুরাশি, আধঃ আধঃ বাণী ॥ * ॥ বলেকিবা অগোচর, মাতুমিতো নহপর, ভবের বৈভব ভাব, ভনযে ভবানী ॥ ১॥ কবকি সুখের মর্ম্ম, দেখসার অস্থিচর্ম্ম, ভালে কৃশানু আজন্ম, ধরিধন্য মানী ॥ * ॥ কুলিনে ক্যরেছ দান, বাড়াইতে কুলমান, কুলীন নির্গুণ অতি, কথন নাজানি ॥ ২ ॥ আমিমা চির দুঃখিনী, ভিক্ষারির ভিক্ষারিণী, প্রমথ লইযে সঙ্গে, ফেরে শুলপাণী ॥ * ॥ দেখমা ক্ষেপার বেশ, জটাভার হলো কেশ, সকলে হেরিযে বেশ, করে কানাকানী ॥ ৩ ॥

ঝুম্ ধুন্ ॥ মধ্যমান্ ॥

কাতরে তার মা, ভীষ্মজননী গঙ্গে ॥ ধ্রুং ॥ ভবভয ভঙ্গে, এমাসুর শৈবলিনী, শিবশির সঙ্গে ॥ * ॥ হরিপদ প্রসুতাসি, ব্রহ্ম কুমণ্ডলু বাসি, করিলা সুধন্য কাশী, তরল তরঙ্গে ॥ ১ ॥ তুমি বাক্ নেত্রাতীত, অথচ বিশ্ব ব্যাপিত, ব্রহ্মকটা আদিভেদে, কমঠ ভুজঙ্গে ॥ * ॥ মদীয এপাপ কায, শৃগাল বাযসে খায, ক্ষেতিকিগো ভাবেয়েন, কারণ তরঙ্গে ॥ ২ ॥

আড়াতেতালা ॥ রমনী অমনি নহে দেখ রতনের

চিত ॥ ধ্রু॰॥ মুখচন্দ্র চন্দ্রকান্ত, মনিয়েত কিবা শোভিত ॥ *॥ নিবিড় নীরদ কায়, কেশজাল শোভাপায়, মহানীল কান্তে ভাল, হয়েছে নির্ম্মিত ॥ ১ ॥ করপদ্ম পদ্মরাগে, মরকত পদভাগে, সামান্য পাষানে হৃদি, এই অনোচিত ॥ ২ ॥

শঙ্করাভরণ অনুরাগ ॥ মধ্যমান্ ॥

কারভাবে, ভোলো নির্ব্বিকার ॥ ধ্রু॰ ॥ অসার সং সারে সার, করিছ স্বীকার ॥ * ॥ দারাসুত বন্ধুভাব, স্নেহেতে আপন ভাব, ভাবদেখি য়াবেভাবে, সঙ্গেতে কেকার ॥ ১ ॥

মোহন মুরলি রবে, কেমনে রবে গোকুলে ॥ ধ্রু॰ ॥ ত্বরাসাজ ব্রজবালা, য়াইতে য়মুনা কূলে ॥ * ॥ হেরিতে সে শ্যামচাঁদে, জীবন সদত কাঁদে, কাটিলে একুল ফাঁদে, মজিবেনা নিরাকুলে ॥ ১ ॥

রাখিতে হইবে রাম, এদিনের পরিনাম ॥ ধ্রু॰ ॥ জানি বেদাগমে ব্যক্ত, তারক ব্রহ্ম রামনাম ॥ * ॥ য়ে-মন্ত্র প্রভাবে শিব, নিস্তার করেন জীব, সেনাম জপিন হিঁব, প্রাপ্তকি পরমধাম ॥ ১ ॥ শুনিভাব কিবাভূত, রাম নামে উদ্ধারে ভূত, তবেকেন পঞ্চভূত, এদেহে সদা বিশ্রাম ॥ ২ ॥

শারঙ্গরাগিনী ।। মধ্যমান্ ।।

কবেকি মনের কথা, কোথা মনঃ হারাযেছ ।। ধ্রুং ।। পরেরে সঁপিযে মনঃ, ভালভাববাড়াযেছ ।। * ।। নাজানি তোমারমনঃ, মজাইবে অন্যজন, কেননা অনেক মনঃ, ছলে তুমি মজাযেছ ।। ১ ।। কিবা অপরূপ আহা, অনুপমা রূপয়াহা, আপনি ভুলিযে তাহা, জগতেরে দেখা-যেছ ।। ২ ।।

রাধারাধা বলে, য়মুনার কূলে, নবীন নীরদ মুরলি পুরিল ।। ধ্রুং ।। বাধানাছি মানে গৃহের কাযে, লোকের লাজে, সকলি ঘুরিল ।। * ।। গাণকরি কাম মোহন মন্ত্রে, নিমন্ত্রিলা শ্যাম মুরলি য়ন্ত্রে, কিকরে কূলের কুটিল তন্ত্রে, হৃদয য়ন্ত্রে, তান পশিল ।। ১ ।।

শ্রীরাগ ।। মধ্যমানতালা ।।

কেডাকিত কালীবলে, কালভয নাথাকিলে ।।ধ্রুং।। নামের মহিমা রবে, কাল.শঙ্কা নিবারিলে ।। * ।। পড়েছি দুর্গমে ভবে, এশঙ্কটে ব্রাখ তবে, কালীনাম সবে লবে, অখ্যাতি হবে নহিলে ।। ১ ।। দেখ তার নিদর্শন, কার্য্যকি বিনে কারণ, হয কভু সম্পাদন, কালেতে কালী ভেমন ।। * ।। নহে কেকরে স্মরণ, অনর্থে কি হয মন, বিমাতা চরণে নতি, পিতা সন্তোষ জানিলে ।। ২ ।।

প্রিযে তবগুণ গানে, সদাঁমত্ত বাক্যযন্ত্র ।। ধ্রু ।। বাজাইছে প্রাণযন্ত্রী,মনোরূপ তাহেতন্ত্র ।।*।। মোহন রাগ আলাপে, মাতিল চিত আলাপে, তব হাবভাব হেলা, তাল মান লয মন্ত্র ।। ১ ।। শ্রবণ শ্রোতা হে তাহে,তালমহ চৈতন্য রাহে,জ্ঞানধ্যান লযেমন্ত্র,মরিএকেমন তন্ত্র ।। ২ ।।

সরপরদা ।। জলদ তেতালা ।।

এবার তাহারে আর, দেখোদেখি সই, কথনসাধিব না ।। ধ্রুং ।। এতদিনে জানিলাম, যেমন মন্ত্রণা ।। * ।। কতবার মনেকরি, মনাগুণে যদিমরি, তবুরাখিব সম্বরী, মনেহয় হযনা ।। ১ ।। মনোগত রতদুঃখ, দেখিতে তাহার মুখ, দুঃখে উপজয়ে সুখ, কিকরি বলনা ।। * ।। এখন বুঝেছি সার, যে নহে কভুআমার, সে কিহবে পুনর্ব্বার, করিলেসাধনা ।। ২ ।।

উভয সমান বিনে, বলদেখি সই, কেমনে পীরিতি রয ।। ধ্রুং ।। আমিভাবি প্রেমরাগে, সে ভাবে বিরাগ মঘ ।। * ।। মনেমনে একমন, স্বভাবে সম মীলন, ঐক্যজীবন মরণ, না হলে কি সুখ হয ।।১।। ভাবে অনৈক্য স্বভাব, ভাবদেখি সে কিভাব, দুজনের দুইভাব, কিরূপ ভাব প্রণয ।। ২ ।।

বারেবারে তারে আর, কেমন করিয়ে সই, বলগো

সাধিতে ॥ ধ্রুং ॥ যেজন আপন দোষ, না পায দেখিতে ॥ * ॥ করিযাছে মনঃচুরি, তবুনা ছাড়ে চাতুরি, চোরের অধীন সাধু, কিলজ্জা শুনিতে ॥ ১ ॥ চোরহযে সাধু প্রায, সাধিলে কিহবে তায, ভাবে অভাব ঘটায, হিতে বিপরীতে ॥ * ॥ যেমন কুকর্ম্মি জন, সাধু বেশেতে কখন, ভুলিলে ভয কারণ, হইবে মানিতে ॥ ২ ॥

সাহানা অনুরাগ ॥ জলদ তেতালা ॥

ভযহারা ভযংকারা, কেরে সংহারা রূপিণী ॥ ধ্রুং ॥ দনুজ সরোজ কিবা, দলিছে মত্তা নাগিনী ॥ * ॥ অরি অশ্রুহৃদ করি, বিরাজিতা দিগম্বরী, লোহিত অম্বুধি পরি, যেননীল কমলিনী ॥ ১ ॥ চণ্ডমুণ্ড কণ্ঠমালে, অর্দ্ধচন্দ্র খণ্ডভালে, ঘনকিঙ্কিনী বিশালে, ঘনঘর্ঘর ঘোষণী ॥ * ॥ লোলজীহ্ব লক্কলক্ক, ভালেবহ্নি ধক্কধক্ক, নযনাগ্নি তক্কতক্ক, রক্তদন্তী করালিনী ॥ ২ ॥ লটপট দীর্ঘজটা, কটমট দৃষ্টি ঘটা, কম্পিত কমঠ কটা, ঘোরনিনাদ নাদিনী ॥ * ॥ দৈত্যসর্ব্ব গর্ব্ব খর্ব্ব, প্রলয পযোধি পর্ব্ব, অহমেতি মম-ইতি, ভাষিছে হরি বাহিনী ॥ ৩ ॥

এসেছো আনন্দ ধাম, কর হর গুণগান ॥ ধ্রুং ॥ পেলে সাজুয্য সারূপ্য, সালোক্য মহানির্ব্বাণ ॥ * ॥ ধন্যতীর্থ বারাণসী, বেষ্টিতা বরণা অসি, শোভেযেন অর্দ্ধ শশি, কলূষ অসি বিধান ॥ ১ ॥ পূরিতেকি মহোত্সব,

সদা শঙ্খঘণ্টা রব, ভবভাবে মত্তসব, হেরে ভবের বৈভব ॥ * ॥ আনন্দ কানন নাম, আনন্দ আশ্রম ধাম, পরিক্রমে পরিণাম, ভাবরে মূঢ় অজ্ঞান ॥ ২ ॥ সুখেমুখে উক্তি কর, স্মরহর যোগেশ্বর, ভূতেশ্বর মহেশ্বর, জাতজর জায়া বর ॥ * ॥ হতাধ্বর পরাত্পর, জটাধর মহত্বর, চতুষ্কর শুভ ঙ্কর, লব্ধ বিপুল কল্যাণ ॥ ৩ ॥

রণোন্মত্তা হুহুঙ্কারা, কেরে ওঁকারা রূপিণী ॥ ধ্রু ॥ নাচিছে খেলিছে রঙ্গে, গাসিতেছে মাতঙ্গিনী ॥ * ॥ চণ্ডমুণ্ড খণ্ডকরি, মুণ্ডমালা কণ্ঠেধরি, গণ্ডেতে কুণ্ডল পরি, নাশিতেছে সৌদামিনী ॥ ১ ॥ শূশাণ কৃপাণ করে, কটাক্ষে সংহার করে, হরহৃদি সরোবরে, ভাষিতেছে কমলিনী ॥ * ॥ সজল জলদ রূপ, মুনিমনো মোহকুপ, হাসিকিবা অপরূপ, হাসিতেছে কাদম্বিনী ॥ ২ ॥ সুখমোক্ষ গুণধামা, ভুক্তিমুক্তি প্রদা বামা, করাল বদনা শ্যামা, ত্রাসিতেছে অনিকিনী ॥ * ॥ মধুভরে ঢলঢল ধরাতল টলটল, দানব সংহার ছল, ভাষিতেছে করালিনী ॥ ৩ ॥

হেঃ, কেমন করুণা দয়াময় ॥ ধ্রু ॥ বুঝিতে সংশয় ॥ * ॥ বাঞ্ছা কল্পতরু হরি, যেইচ্ছা তোমার হয় ॥ * ॥ ক্ষীরোদ ঈশ্বর হরি, গোরস প্রয়াস করি, আমরা গোপের নারী, নাহি তব আশ্রয় ॥ ১ ॥

ক্ষীরোদধীশ্বর ইতি প্রবিচার্য্য নার্য্যঃ।
ক্ষীরাণ্যয়ে তবপদামৃত জাশ্রিতাহি ॥
মাতৃস্তনস্থিত পয়ঃ স্যাপিনোহি নাথ।
নষ্ট্যানি তানি ভবতাত্র সখেন্দ্র কানি ॥
ইকিভাব বিপরীত, মাতৃ পয়োধর স্থিত, যেক্ষির ছিল লক্ষিত, হরিলে হরি নিশ্চয় ॥ ২ ॥

সিন্ধু অনুরাগ ॥ আড়া তেতালা ॥

আশার আশায়ে বুঝি, থাকেনা জীবন আর ॥ ধু ॥ কিঞ্চিত নহিক সুখি, বৃথা আকুঞ্চন সার ॥ * ॥ ক্ষণমাত্র সুখি হয়ে, চিরদিন দুঃখেরয়ে, অবশেষে লোকালয়ে, গঞ্জনা হল অপার ॥ ১ ॥ এনহে উচিত তার, অধীনা য়ে হৃদয়ার, তারকরি দুঃখসায়, শোধায প্রেমের ধার ॥ * ॥ ছিছিপ্রেম সুখাশায়, প্রাণ সঁপিলেম য়ায়, দহেকায কব কায়, সেদেয ভূতের ভার ॥ ২ ॥

মিছে ভ্রমে, ভ্রমকেন মন ॥ ধু ॥ নিতান্ত জানিহ ভ্রান্তি, তীর্থ পর্য্যটন ॥ * ॥ অন্তর তীর্থ করিয়ে, অন্তর তীর্থ ত্যজিয়ে, নিরন্তর চিন্ত শ্যামা, অচিন্ত চরণ ॥ ১ ॥ মুক্তিহেতু কাশীবাস, উনোচাসে দুনো আশ, অনর্থ ভূতের বোঝা, বহকিকারণ ॥ ২ ॥ তাইবলি চিন্তমারে, য়েকালে কালেসংহারে, তাপ পাপহরে হরে, অকাল মরণ ॥ ৩ ॥

খিমা তেতালা ॥ যেবুঝি রে প্রাণ রযনা ॥ ধ্রুং ॥ শযনে, স্বপনে রই, সেমুখ বই, মনেআর লযনা ॥ * ॥ যতযন্ত্রণা, ততলাঞ্ছনা; তারসহিত মোহিত রহিব বাসনা, করমে হযনা ॥ ১ ॥ বেজটি দে ইত্যাদি ॥

হরি পদে, মতি যেনরয ॥ ধ্রুং ॥ পরিণামতরি পরি হরি কালভয ॥ * ॥ কিকরে মন ধর্ম্মাধর্ম্মে, খিকধিক কর্ম্মাকর্ম্মে, মর্ম্মবুঝে জন্মশোধ, লযেছি আশ্রয ॥ ১॥ বৃথা তীথ পর্য্যটন, কেনকর অকারণ, শ্রান্তিমাত্র উপা র্জ্জন, জীবন সংশয ॥ ২ ॥ ব্রহ্মপদ প্রসূতাসি, যেগঙ্গা প্রভাবে কাশী, সেচরণ ধ্যান ধন্য, হযকি নাহয ॥ ৩ ॥

কালচোর, ঘরেতোর, ঘমাও নামন ॥ ধ্রং ॥ চকি- তে লইবে হরি, জীবন রতন ॥ * ॥ যেতব দেহ ভবন- নবদ্বার সর্ব্বক্ষণ, আছে বিনা আবরণে, ভরসা কেমন ॥১॥ কর্ম্মসূত্র বিধিমতে, জন্মনা সহজাযতে, অদ্য বাব্দ শতা- ন্তেবা, অবশ্য নিধন ॥ ২ ॥ প্রহরি রাখহ কালী, মুক্ত- কেশা মুণ্ডমালী, তবেকালে হবেসেই, কালের পতন ॥৩॥

কালীবলে, কালয়দিয়ায ॥ ধ্রুং ॥ কিকরে কাশিকা বাসে, কাশীমার পায ॥ * ॥ তীর্থপর্য্যটন ক্রিযে, ইযং গঙ্গাঅহং প্রিযে, কেবল মনের ভ্রান্তি, কিফল তাহায ॥ ১ ॥ তাঙ্কবলি ভ্রান্তমন, শান্তভাবে অনুক্ষণ, অচিন্ত্য

কারারে চিন্ত; নিতান্ত চিন্তায ॥ ২ ॥ জাননা মাযের মর্ম্ম, সম ধর্ম্মাধর্ম্ম কর্ম্ম, সর্ব্বনাশী সর্ব্বগ্রাশে, কালেধরে খায ॥ ৩ ॥

অস্তেয়েন, অ.স্তনাহিরও ॥ ধ্রুং ॥ পাষাণ নন্দিনী হযে, পাষাণ নাহও ॥ * ॥ নিযত য়ত ভূতাণি, গতকাল পুরিজানি, তবুমনে নাহিবলি, কালীনাম লও ॥ ১ ॥ ভরসা বুহ্মাণ্ডো দরী, অখিল বুহ্মাণ্ডেশ্বরী, পতিতে তারিতে ভযে, তনয নাকও ॥ ২ ॥ পতিত তারণ ভার, তারিণী বিনে কেআর, সহিবে কহিব কারে, ত্রাণভার সও ॥ ৩ ॥

আড়া ॥ অরেমূঢ আত্মাকেন, আত্মভাবে বিস্মরণ ॥ ধ্রুং ॥ য়েদেখ কহ্কস্বরূপ, জগত স্বরূপ দর্শন ॥ * ॥ আজন্ম সেসূত্র ধরে, পাঁচ্দিনে পাঁচটি করে, পাঁচেতে পঞ্চত্ব পরে, ছলে প্রকাশে তখন ॥ ১ ॥ আট্কড়াযে আট্ দিনেতে, আট্খানা হও আহ্লাদেতে, বুঝনায়ে ঐ আট্ কড়া, শেষের সঙ্গের ধন ॥ ২ ॥

হগ্ হগ্ হগ্ প্রাণের প্রাণ, সগ্ সগ্ সগ্ আমার প্রাণ ॥ ধ্রু ॥ য়ায্ য়ায্ য়ায্ এজীবন, নয্ নয্ নয্ তবু মান ॥ * ॥ কই কই কই তেমন মনঃ, কই কই কই সুকথন, রই রই রই সদাদুঃখে, সই সই সই অপমান ॥ ১ ॥

হায় হায় হায় একিভাব, কায কায কার্য্য ক্ষবভাব, তায় তায় তায় অনুভাব, ব্যয় বায় ব্যয় সুবিধান ॥ ২ ॥

সিন্ধু ভৈরবী ॥ ধিমা তেতালা ॥

এ, অন্তরে, নিযত রযে ॥ ধ্রুং ॥ মজালে আমারে সেজন, আপন হযে ॥ * ॥ য়ারে আঁখি না হি চায, অন্তর তাহারে চায, অন্তরে রাখিতে তায, ব্যাকুল দুকূল লযে ॥ ১ ॥ দেখ বিষম কারণ, নাহি হেরি য়েবদন, তবেকেন সেইজন, সদা উদয হৃদযে ॥ ২ ॥

কারেকর রে য়তন, কোথাধন, কোথাজন, ॥ ধ্রুং ॥ য়েদেখ কহক মময, বার্দ্ধক্য য়ৌবন ॥ * ॥ মানুষ্যে কদলি স্তম্ভে, বিলম্বে বা অবিলম্বে, ভরসা কি জলবিম্বে, নিশ্চিত পতন ॥ ১ ॥ য়েতব কার্য্য কারণ, তারেনাহ ভাবমন, অনিত্যে মোহিতে ভোলো, নিত্য নিরঞ্জন ॥ ২ ॥ মহা-মোহ নিদ্রাভরে, পঞ্চত্ব পাইলে পরে, কাকস্য পরিবেদনা, কেকরে তখন ॥ ৩ ॥ ভূতপঞ্চ ময দেহে, পালনা নাবিধ স্নেহে, নিদানে বিলয হেতু, শ্মশানে স্থাপন ॥ ৪ ॥

তাঁরেকর রে মনন, য়েহরে হরে সংহারে ॥ ধ্রুং ॥ মিছে গুণগানে ভোলো, কার্য্যের কারণ ॥ * ॥ মহামোহ মাযাবশে, মজিযে বিষয রসে, বিষপানে মজবিসে, একার কেমন ॥ ১ ॥ সেনাম ভজন মন, সুধাঅংশ

সনাতন, বিষদোষ নাশ হবে, ক্যরোনা হেলন ।। ২ ।। সদা চিন্তামণি চিন্তে, চিন্তিলেকি রবে চিন্তে, কাচিন্তে মরণে রণে, চিন্তায়ার ধন ।। ৩ ।।

কেন এত, আকুঞ্চন ।। ধু° ।। এসংসার, ভাবিসার, কোথা রবে ধনজন, জীবন য়েৌবন ।। * ।। বৈভব পর্য্যঙ্কোপরি, মায়ানারী সঙ্গকরি, সহচিন্তা সহচরী, সাধিছ শয়ন ।। ১ ।। কদাভ্রম নিদ্রাবশে, থাকহ সুখ অবশে, সদত বিষয় রসে, দেখিছ স্বপন ।। ২ ।। এত রে করিছ রঙ্গ, দারাসুত বন্ধুসঙ্গ, কে দিবে তাহাতে ভঙ্গ, ভুলিছ এখন ।। ৩ ।। শুন তার উপদেশ, ত্যজদম্ভ দ্বেষাদ্বেষ, ভাব সেই দিন শেষ, শ্মশানে স্থাপন ।। ৪ ।।

কেন ভ্রমে, ভ্রমমন ।। ধ্রু° ।। এসংসার, ভাবিসার, কলত্র সম্পদ য়ত, কেবল আপন ।।*।। য়াবৎজীবন রবে, তাবৎ আপন সবে, জীবন অভাবে তবে, শ্মশানেক্ষেপণ ।। ১ ।। দারাসুত বন্ধুজনে, পাল সুখে প্রতিক্ষণে, করি বহু আকুঞ্চনে, ধনউপার্জ্জন ।। ২ ।। কিন্তু বলি সবিশেষ, হইলে তোমার শেষ, বন্ধুগণে করিদ্বেষ, পলাবে তখন ।। ৩ ।। তুমি ভাব এআমার, অন্যথা কি আছে তার, কিন্তু সে নহে তোমার, দেখ নিদর্শন ।। ৪ ।। ঘুচিবে সন্দেহমাত্র, য়ে পুত্র সুস্নেহপাত্র, সেইসে দাহবে গাত্র, জালি হুতাশন ।। ৫ ।। হলে মহানিদ্রাগত, তুমিহবে স্পন্দহত,

কতজনে কবে কত, যেজ্ঞানে যেমন ॥ ৬ ॥ অতএব সদা শ্রয, কররে মনোনিশ্চয, শুভাশুভ কর্ম্মচয, ঘুষিবে ভুবন ॥ ৭ ॥ ভূতপঞ্চ ময়দেহ, রাখিতে নারিবা কেহ, গগণে গগণ লীন, পবনে পবন, ॥ ৮ ॥ তপনে তপন ক্ষয, জীবনে জীবন লয, ভুবনে ভুবনময, জীবনে জীবন ॥ ৯ ॥ তাই বলিরে তোমার, কুশলেতে যেআত্মার, করে আত্ম ব্যবহার, আত্মীয স্বজন ॥ ১০ ॥ সে আত্মার চিন্তাপ্রতি, নিতান্ত মজাও মতি, অতীন্দ্রিয বলয়ারে, নিত্য নিরঞ্জন ॥ ১১ ॥

তুমিকার কেতোমার, কারে বলরে আমার ॥ ধ্রু ॥ স্বপ্নলব্ধ রাজ্যপ্রায, মাযিকময সংসার ॥ * ॥ এয়েদেখ হস্তপদ, তব দৈহিক সম্পদ, সমযে নিস্পন্দ সব, হেলন করণ ভার ॥ ১ ॥ দারাসুত বন্ধুয়ত, ইন্দ্রজাল ক্রীড়ামত, ক্ষণেস্থিত ক্ষণেহত, গতাযাত মাত্রসার ॥২॥ প্রাণ প্রযাণ যখন, ঘটিবেরে মূঢ়মনঃ, কাকস্য পরিবেদন, কেকরে তখন আর ॥ ৩ ॥ ভস্মসাত হবেগাত্র, কথারবে এইমাত্র, অমুক সজ্জন পাত্র, অথবা দুর্জ্জনাচার ॥ ৪ ॥ ইহফল এজগতে, এতাবতা বিধিমতে, সমভাবে সর্ব্বভূতে, চিন্তনকর আত্মার ॥ ৫ ॥

বিরহি বধিতে পিক, শশি সমান গণন ॥ ধ্রু ॥ অথচ অভাব ভাবে, উভযে কালযাপন ॥ * ॥ পিকরূপ

তমোময়, শুধাংশু করয়ে ক্ষয়, কলানিধি অরিকুহু, পিককরে আবাহন ॥ ২ ॥

কেন ভ্রমেভ্রম মনঃ, মিছেসব এবৈভব ॥ ধ্রুং ॥ মহামায়া মোহবসে, হারালে চেতন ॥ * ॥ অনিত্যে নিশ্চিত জ্ঞান, নিশ্চিতে অনিত্য মান, চিন্তাসাধ্য কর-তারে, যে অচিন্ত ধন ॥ ১ ॥ একিবুঝিবারভুল, গুণাগুণ সমতুল, তাহারে সগুণ করা, এআর কেমন ॥ * ॥ নয়ন অতীত ধন, দেখিতে কর যতন, শ্রুতিহীনে স্তুতিবাদ, নাসায় ভোজন ॥ ২ ॥ নান্দিনিন্দা সময়ার, কিফল পূজায় তার, অনর্থ ভূতের ভার, বহ কিকারণ ॥ * ॥ অত এব অনুক্ষণ, চিন্ত নিত্য নিরঞ্জন, অচিন্তেকি প্রযোজন, বন্ধ্যার রমণ ॥ ৩ ॥

অন্তরে কেমনে ছিলে, অন্তর নিবাসি হয়ে ॥ ধ্রুং ॥ ইকি অনুচিত দহ, অন্তর অন্তরে রয়ে ॥ * ॥ অবাধে থাকি অন্তরে, জ্বলালে দুঃখে অন্তরে, সেয়াতনা নিরন্তর, কতবা ফুরাযকয়ে ॥ ১ ॥ ছিলমাত্র এবিধান, নহেকি বাঁচিত প্রাণ; মনাগুণ সমাধান, নয়ন সলিল বয়ে ॥ ২ ॥

সে দিনতো ভাবনা ॥ ধ্রুং ॥ শ্মশানে শয়ন হবে, তবে কি হবে বলনা ॥ * ॥ জীবন জীবন প্রায, বিম্বএ প্রপঞ্চ কায, নিমেষে মিশাযে যায, জেনেকি জাননা ॥ সতত

আপন কয্যা, মায়াপাশে বদ্ধ হয্যা ভ্রমচিন্তা নারিলয্যা, শেষের চিন্তাচিন্তনা ॥ ২ ॥ কস্য পিতা কস্যমাতা, কস্যসুত কস্যভ্রাতা, কায়প্রাণে ন সম্বন্ধ, কাকস্য পরিবেদনা ॥ ৩ ॥

দেখ সকলি অসার, কেবাকার কেতোমার ॥ ধ্রুং ॥ কিবুঝিলে অহংকার, করকার অহংকার ॥ * ॥ দারা সুত বন্ধুগণ, কেবল আপন জন, যথা নিশির স্বপন, তেমতি সংসার ॥ ১ ॥ কেবাতব সঙ্গে যাবে, কেবাতব মুখচাবে, লইবেয়ে যাহাপাবে, ত্বদীয সঞ্চার ॥ ২ ॥ তবাযু বিগত জানি, গত প্রাণ অনুমানি, করিলবে টানাটানি, শ্মশানে বিহার ॥ ৩ ॥

বিন্দুসম ভবসিন্ধু, তাবত তরিতে ভয ॥ ধ্রুং ॥ যাবত কুহক মাযা, নযনে ঘেরিয়ে রয ॥ * ॥ ঐন্দ্রজালিকে যেমন, মাযায ডাকেতপন, মাযার মাযা তেমন, বিন্দুসিন্ধু জ্ঞানহয ॥ ১ ॥ সেমাযা কাটিতে মনঃ, সদা হও সচেতন, সুখে করহ গ্রহণ, অঞ্জন বৈরাগ্য মষ ॥ ২ ॥ তবেহবে জ্ঞানোদয, ঘুচেযাবে মাযাময, রবেআর কারভয, করহ যদি প্রত্যয ॥ ৩ ॥

তোমার বিনোদ দেহে, উভয ভাববিধান ॥ ধ ॥ কেবল বধিতে পরে, কারেছ মন পাষাণ ॥ * ॥ কভুপীন

পয়োধর, কভুযুগ্ম ধরাধর, কভুবেণী ভুজঙ্গিনী, কভুমৃনাল সমান ॥ ১ ॥ কভুনেত্রে বিষময, কভুচক্ষে সুধাবয, কভুহাসে কভুভাসে, নাজানি কিবাসন্ধান ॥ ২ ॥ স্বভাবত চন্দ্রানন, মানে মলিন বদন, মিলনে কতনা সুখ, বিরহে বিদরে প্রাণ ॥ ৩ ॥

চিন্তাকর চিন্তাময়ী, চতুর্দ্দল মূলাধারে ॥ ধ্রুং ॥ প্রসুপ্ত উরগাকৃপে, সার্দ্ধত্রিবলয়া কারে ॥ * ॥ স্বয়ম্ভু লিঙ্গ বেষ্টিনী, শতার্দ্ধ বর্ণ ব্যাপিনী, প্রভাকোটি সৌদামিনী, কামানল শিখাধারে ॥ ১॥ মনুবহ্নি উদ্দীপন, কূর্চ্চয়োগে সংচেতন, প্রাণমন্ত্রে উত্থাপন, করপ্রতি কর্ণিকারে ॥ ২॥ ব্রহ্মবিষ্ণু রুদ্রগণ, পরমেশ পঞ্চানন, লহভেদ করি মনঃ, তরিবে সংসার ভারে ॥ ৩ ॥

কেন গঙ্গাতীরে যাব, কেনগঙ্গা তীরে যাব ॥ ধ্রুং ॥ আপন মায়ের কোলেথেকে, পরের মায়ের গুণকি গাব ॥ * ॥ সারদামার তনয় হয়ে, এমনি কি গিয়েছি বয়ে, যারেতারে মা মা কয়ে, গালখেয়ে কি কাল কাটাব ॥ ১ ॥ স্থির বুঝেছি এইটি হবে, কুপুত্র কুখ্যাতি রবে, এদিক ও দিক দুদিক যাবে, মাঝেথেকে সব হারাব ॥ ২ ॥ আপন মায়ের আদর যাবে, পরের মাকি এমুখ চাবে, কালকচক্রি চক্রেতবে, কোনকূলে গিয়ে দাঁড়াব, ॥ ৩ ॥

পিরিতি সুখের নিধি, সাধিলে নাহিক হয় ॥ ধ্রুং ॥ থাকিলেভদ্র ঘটেকোথা, সেকথা কৌতুকে কয় ॥ * ॥ তুমিয়ে বুঝেছ ভাল, সেইভাল আমার ভাল, ফলতঃ পরের মুখে, ঝাল্‌খেয়ে জ্বলান হয় ॥ ১ ॥

কোথাগেলে আমার প্রাণ, সুখনাশিয়ে ॥ ধ্রুং ॥ প্রেমপুর পথমাঝে, বিরহ বনে ফেলিয়ে ॥ * ॥ সেবনে কতনা দুঃখ, কহিতে অবাক মুখ, স্মরণে বিদরে বুক, পাষাণ ন্যায় বিদরিয়ে ॥ ১ ॥ গঞ্জনা বিটপ চয়, দঃখ কুশাঙ্কর ময়, লাঞ্ছনা লতায় বসি, শোক বিহঙ্গ ডাকিয়ে ॥ * ॥ প্রমাদ করিবে প্রাণ, কেকরে তখন ত্রাণ, অব্যা- হতি পিরিতেকি, অধীনী জনে বধিয়ে ॥ ২ ॥

কালীবলে কালকাট মনঃ, কালীবলে কালকাট মনঃ ॥ ধ্রুং ॥ তবে কালে কাটায়াবে, নিশাদ কালের বন্ধন ॥ * ॥ কালীজপে মনঃ কালীহলে কালোব্যলে কেউছোবেনা, কালাকালে কাল্‌ পলাইবে, যদিকালো হয়্‌ সেশমন ॥ ১ ॥ অন্যচিন্তা রাখিদূরে সদা চিন্ত, চিন্তামযী চরণ, নহেপুণ্য জন্য উপবাস, কোদালে চাস্‌ হয়্‌ কি কখন ॥ ২ ॥

মনের বাসনা যদি, হয়েমনে মিলাইল ॥ ধ্রুং ॥ তবে এজীবন বৃথা, আরবা কেন রহিল ॥ * ॥ এইকি

প্রেমের রীত, হলো অতি অনুচিত, তিল সুখ আলাপনে, চিরদুঃখ নাঘুচিল ।। ১ ।।

ভালবাসি ব্যলেকি প্রাণ, আসিতে ভালবাসনা ।। ধুং ।। কেমনি করম দোষ, নাহিপুরিল বাসনা ।। * ।। হেরেশশি মুখেহাসি, সুখের সাগরে ভাসি, তাইকি দাসীরে রাখ, ভাবিতে তব ভাবনা ।। ১ ।।

অরেমূঢ় মনঃকেন, এততব বিড়ম্বনা ।। ধুং ।। বুঝিবে বুঝিতে নার, সাধেতে বাদসাধনা ।। * ।। জন্মমাত্র পিণ্ডপরে, পাঁচটি আট্‌কড়াইকরে, ষষ্টীপূজা তদন্তরে, দক্ষিণা দান কল্পনা ।। ১ ।। সেসব লৌকিকাদর, অন্তে ভাব ভাবান্তর, ক্রমানুযে কিসুন্দর, দেখহ করিগণনা ।।১ ।। শ্মশান ভূমির পিণ্ডদান্‌, পাঁচ্‌গণ্ডার সেইশরাখান্‌, আট্‌কড়া সব সম্মান্‌, ভাবহ ভাবি ভাবনা ।। ২ ।। ষষ্টীতে জানিবা ছয়, ছয়পণের কাচাখান্ হয়, দক্ষিণা দক্ষিণা নয়, দক্ষিণে গত জাননা ।। ৩ ।।

শুন্‌গিরি নারদেরে, মেযেকি ব্যলেছে ।। ধুং ।। আনিতে উমারে হেথা, কিভার হয়েছে ।। * ।। দুইনয় পাঁচনয়, সবেমাত্র একটি হয়, লোকেশুনে কিনাকয়, মাবাপ ভুলেছে ।। ১ ।। শুনেছি লোকের মুখে, মা আমার মনের দুঃখে, পাষাণী জননী ব্যলে, কতনা কেঁদেছে ।।২।।

গৌরীমেজে দুখের্ ছেলে, খাওয়া ভুলে ঘুম্‌পেলে, কিজানি কিবুঝি মেয়ে, অভিমান্ করেছে ।। ৩ ।।

আমার পিরিতি গুণ, কহিতে দহে হৃদয় ।। ধ্রুং ।। কবেহয় কবেরয়, কবেনয় কেবাকয় ।। * ।। হয়েছে কিনা- হয়েছে, অগ্নিবিরহ ঘটেছে, য়েখানে বাঘের ভয়, সেই- খানেকি সন্ধ্যাহয় ।। ১ ।।

আমিতো দুঃখের দুঃখী, সুখেসুখী কেতোমার ।। ধ্রুং ।। শুনিতে বাসনা অতি, জুড়াও প্রাণ আমার ।। * ।। একোন বিধান প্রাণ, বুঝিতে নাপারি ধ্যান বুঝিলে কিহবে বল, উচিত নাহয় তার ।। ১ ।। একয়াত্রা ভিন্নফল, জলেআর্ জ্বলে অনল, তবসহ কেহসুখী, কেহ বহে দঃখভার ।। ২ ।।

মনের মানস য়দি, সফল নাহিক হয় ।। ধ্রুং ।। কিফলএপ্রাণে তবে, রয়কিম্বা নাহিরয় ।। * ।। য়তসাধ ছিলমনে, মনে রহিল গোপনে, গোপনে তাপ জীবনে, জীবনে শীতল নয় ।। ১ ।। বিষম য়দ্যাপি কষ্ট, কষ্টজলে স্নিগ্ধহই, হইদগ্ধ প্রাণাগুনে, আগুনে নীর শোষয় ।। ২ ।।

অন্তরে তোমারে এবে, রাখিতে ভয় ।। ধ্রুং ।। বিদীর্ণ হৃদয় মাঝে, কিজানি য়াতনা হয় ।। * ।। বিরহ

শাষক প্রাণ, হৃদয কুরে সন্ধান, নস্থান তিল ধারণ, শনিসে ছিদ্রময ।। ১ ।। যদ্যপি তাহাতেরবে, মনানলে দগ্ধহবে, অনল উত্তাপ করে, ছিদ্রে নিবারিত রয ।। ২ ।।

তাঁরে কররে স্মরণ, কেনভোলা ভূলমন ।। ধ্রুং ।। য়োগেন্দ্র মুনীন্দ্র মুগ্ধ, ধ্যানে য়েচরণ ।। * ।। নশ্বর বিশ্ব মণ্ডল, কুহক ময কেবল, বাজীযার বাজিমত, জাগ্রত স্বপন ।। ১ ।। সদা সাধহ বিশ্রাম, বারেক লহরে নাম, রোগি য়েন নিমথায, মুদিয়ে নয়ন ।। ২ ।। জ্ঞানত বা অজ্ঞানত, কালীনাম জিহ্বাগত, তরাবে অজ্ঞানে যথা, অনলে দাহন ।। ৩ ।।

নবেবলে তুমিনাকি, ভাল বেসেছরে প্রাণ ।। ধ্রুং ।। কিন্তুতব ভাবেতার, নাহেরি কোন বিধান ।। * ।। ভাবিলে তোমার ভাব, কতহয অনুভাব, ক্ষণেকে সরস ভাব, ক্ষণে বিরস বযান ।। ১ ।।

সুরট মল্লার ।। যত্ ।।

কেসমর, সাগরে নাচিছে ।। ধ্রুং ।। রুধির তরঙ্গে নীল, কমল ভাসিছে ।। * ।। সুললিত পদতল, জিনিরক্ত শতদল, ভ্রমর মধুর স্বর, নূপুরে বাজিছে ।। ১ ।। লোলজিহ্বা লক্ লক্, ভালেঅগ্নি ধক্ ধক্, কপাল ফলকে কিবা, শুধাংশু খেলিছে ।। * ।। রণ মগ্নানগ্না শ্যামা, করাল

বদনা বামা, অট্ট অট্ট অট্টহাসে, চপলা নাশিছে।। ২ ।। নর শির মুণ্ডমালে, কুহুময় কেশজালে, লজ্জারূপঃ হুহুঙ্কারে. দনুজ দলিছে ।। * ।। উরূগুরু মনোহর, করযুগ কার ঃর, নাগকুম্ভ পযোধর, হৃদযে সাজিছে ।। ৩ ।। শবাসনা সুদন্তুরা, শবশিশু কর্ণপুরা, কিঙ্কিনী কিকরশ্রেণী. করিতে শোভিছে ।। * ।। এইরূপে মহামাযা, দেহ শ্রীচরণ ছাযা, দাহও প্রসাদ হীন, প্রসাদে ভাসিছে ।। ৪ ।।

আড়ায় ঠেকা ।।

আসিতে বাসনা ভাল, ভালকেন এসোহবে।। অথবা, আসিতে যদি হে ভাল, বাসনা এলেনা কব ।। ধ্রু ।। আমার কপালে প্রাণ, যাহবা তাই হবে ।। * ।। আমিনারী কিনা নারি, নাম্যরে মারিতে পারি, পুরুষ কুশ তুমি, কবেকে অন্যথা কবে ।। ১ ।। আসিতে ক রব রণ, জান বারণ কারণ, যে যাহাতে রতকযে, তা রমত লে সবে।। * ।। তোমাতে অধীনা স্নেহ অনথা ন হত দেহ জীবনে কে দেখে তাহে, স্নেহকি নাহি সম্ভবে।। ২ ।।

কিমাধুরি হেরিহরি, বিমোহ বিপীন রাস। ধ্রু ।। শারদ পার্ব্বণ শশি, তমোনাশি সুপ্রকাশ ।। * ।। লতা লন নানাজাতি, উৎফুল্ল মল্লিকা জাতি, সহ অন্য প্রসুন ভাতি, একেআর পরিহাস ।। ১ ।। কপূর রজনী ঘটা, কৌমুদে কুঙ্কুম ছটা, কমঠাদি বৃক্ষকটা, বিপুল পুলকে বাস ।। * ।।

বামনেত্রাংশ গোপাংগনা, গণে মোহন কল্পনা, মুরলী কলং সংগীতে, কামমন্ত্র সুনির্জ্জাস ॥ ২ ॥

সোরটী রাগিণী ॥ ধিমাতেতালা ॥

শুনেছ সংসার বার্ত্তা, অরে মূঢ় আত্মা মম ॥ ধ্রুং ॥ সকলি অসার তত্ত্ব, সার মাত্র ব্যতিক্রম ॥ * ॥ তুমি কার কে তোমার, করকার অহংকার, তিরস্কার পুরস্কার, ফলেতে ভুলনে সম ॥ ১ ॥ মায়িক ব্রহ্মাণ্ডকটা, পঞ্চমাস দর্ব্বীঘটা, অরুণ অনল ছটা, অহরাহেন্ধনোপম ॥ * ॥ সে কটাহে ভূতগণ, ফেলিপাক আয়োজন, কাল পাচক গণন, ইহ কল্পনা চরম ॥ ২ ॥

সকলি তো, সুখহয়ে ছিল ॥ ধ্রুং ॥ কেমনি করম দোষ, মীনন নহিল ॥ * ॥ আলিঙ্গন আলাপন, সুয়তম সম্ভাষণ, মনে হলে দহে মনঃ, মনে তা রহিল ॥ ১ ॥

অন্তকালে, ওপদ তোমার ॥ ধ্রুং ॥ অন্তরে রেখোনা রেখো, অন্তরে আমার ॥ * ॥ অন্যথা আরাধ্য কই, মিছে আরাধিত হই, কোটালের দোহাই কেন, নিকটে রাজার ॥ ১ ॥

কেমনি কপাল, প্রেম, হয় হয় হয়না ॥ ধ্রুং ॥ মিছে নয় যদি হয়, রয় রয় রয়না ॥ * ॥ পিরীতে গঞ্জনা যত,

আমি সহি অবিরত, সেতাতে হয়ে বিরত, সয় সয় সয় না ॥ ১ ॥ বাসনা তাহারে লয়ে, যাই উদাসিনী হয়ে, কি ফল তাহারে কয়ে, অথবা ॥ সে ভেঙ্গে মনের কথা, কয় কয় কয় না ॥ ২ ॥

নলিনী মলিনী আজু, প্রভাকরের প্রভাতে ॥ ধ্রুং ॥ সরোজ বিরাজে জানি, যথা যামিনী প্রভাতে ॥ * ॥ প্রিয়ে তোমার নয়ন, মৃগমদয়ানযন, তরুণা রুণবরণ, প্রকাশিত এ সভাতে ॥ ১ ॥ কেননা হইবে বল, গগণ যাহার স্থল, সেজন গত ভূতল, হেরে হৃদয় কমল ॥ * ॥ মলিন বিরসা ভাসে, যন্ত্রণা সলিলে ভাসে, ফলেতে বুঝি আভাসে, জ্বলাবে দুঃখ আভাতে ॥ ২ ॥

সোহিনী রাগিণী ॥ জলদতেতালা ॥

রতন অধিক তোরে, যতন করিরে প্রাণ ॥ ধ্রুং ॥ তিলআধ না হেরিযে, বিরহে মরিরে প্রাণ ॥ * ॥ বিনে তব চন্দ্রানন, মনাগুণে দহে মনঃ, নাহি দেহ দরশন, কর চাতুরীরে প্রাণ ॥ ১ ॥ আমি ভালবাসি যাহা, তুমি তো না চাহ তাহা, শয়নে স্বপনে তোরে, অন্তরে হেরিরে প্রাণ ॥ ২ ॥

যেকথা অন্যথা নহে, কহিতে হয় বুঝিযে ॥ ধ্রুং ॥ নঃহকত কথাহয়, কিক্ষতি তাহা শুনিযে ॥ * ॥ তোমা-

র বিরহ কথা, আমার মর্ম্মে তথা, শ্রবণে নয়ন ভাসে, শোকসিন্ধু উথলিয়ে ॥ ১৫

কালরূপা, কেগো কালরূপা, এলোকেশী এলোরণে, সঙ্গে চতুরঙ্গে । ধ্রুং ॥ আসিছে যত সারথী, দনুজ মনুজ রথী, দ্বিরদ আর তুরঙ্গে ॥ ❋ ॥ অঙ্গমগ্না বিবসনা, ব্যালোল লোল রসনা, বিকট জট দশনা, কিবা অহং কুহরঙ্গে ॥ ১ ॥ খরশাণিতাসিকরে, জিনিয়ে অরুণ করে, ঘন হুহুঙ্কার করে, যোগিনী সঙ্গে সুরঙ্গে ॥ ❋ ॥ কিকরি কিকরি বল, বিকল সকল বল, বামা বামা দাবা নল, দহে দানব কুরঙ্গে ॥ ২ ॥

কেমনে কিবলে বল, এপ্রাণে রাখিরে প্রাণ ॥ ধ্রুং ॥ যারমানে অভিমান, সেকারল অপমান ॥ ❋ ॥ দেখহয় কিনাহয়, লেখেবয় কিনাকয়, প্রেমরয় কিনারয়, হেরিয়ে তব বিধান ॥ ১ ॥ সদাদহি কিনাদহি, তাপসহি কিনাসহি, তাইকহি কিনাকহি, হই এদুঃখেতে ত্রাণ ॥২॥

প্রেমআশে, দুকুল ভাসিল ॥ ধ্রুং ॥ আমার মনের সাধ, মনে মিলাইল ॥ ❋ ॥ আমিভাবি ওবয়ান, তুমিকাম ভাবপ্রাণ, ইতরে মীনন ভাবে, ফলেতা নহিল ॥ ১ ॥ মনেছিল যতআশা, ভাঙ্গিল সে আশাবাসা, জাভেতে জগত মধ্যে, কলঙ্ক ঘুষিল ॥ ২ ॥

হমিরকল্যান ॥ জলদতেতা ॥

বুঝাযে ব্যলোগো সখি, যদি হয় দরশন ॥ ধু ॥
কি দোষে হয়েছি দোষী, না জানি কোনকারণ ॥ * ॥
যদি কখন কখন, হেরে জুড়াত নযন, তাহে হলে কি এমন, কখন রহে জীবন ॥ ১ ॥

ক্যর রমণী রাকার মনি, কোকনদ কুসুম সংকাশ রুচিরে ॥ ধুং ॥ হতমগু হয করী, খণ্ডতুণ্ডা ভযংকরী, অপরূপ রূপধরি, নগ্ন বিমগ্না রুধিরে ॥ * ॥ বর্ণিবার শক্তিকার, পুণ্ডরীক কর্ণিকার, শিরশি ত্রিকোণাকার, যন্ত্র ত্রিগুণ শুচিরে ॥ ১ ॥ বিপরীত রতেরতি, নতকামো পরি রতি, তদুপরি কিমূরতি, বিবর্ণ বর্ণ উদিরে ॥ * ॥ কলানিধি ভালভাগে, অস্থিমুণ্ড কণ্ঠমালে, খণ্ডমুণ্ড করবামে করে ধারণে সুধীরে ॥ ৩ ॥ অশ্রুতস্র তিনধার নিজমুখে একতার, বর্ণিনী ডাকিনী আর, দ্বিধারা পাযী রুচিরে ॥ ৪ ॥

হিণ্ডোলরাগ ॥ জলদতেতালা ॥

কত সব অনুচিত, উচিত বিনে সহেনা ॥ ধুং ॥
আশাহীনে নিরাশাকি, জীবন সুখে দহেনা ॥ * ॥ বুঝ অথ চমৎকার, বিনা স্বার্থে কেবাকার, এই নিগূঢ়ার্থ আর, শুধু হাহু মুখে উঠেনা ॥ ১ ॥

উচিত তাহারে সই, করি অন্তরেরান্তর ॥ ধুং ॥

এবোধ মাইল্ স্নার, কে আপন কেবা পর ।। * ।। করিতে অতি য়তন, সঁপিলেম প্রাণ মন, তবু মাইল আপন, হয় বাকি ইহারি পর ।। ১ ।।

মিছে কাশীবাসী হব, মিছে কাশীবাসী হব ।। ধু° ।। গঙ্গামাকে মাব্যলে কি, মাযের ঋণে বদ্ধ রব ।। * ।। শ্যামামার তনয় আমি, শ্যামাবিনে নজানামি, মার কক্ষ শূন্য ক্যরে, বিমাতার কি স্মরণ লব ।। ১ ।। দেখহ বিমাতার কায়, পিতার জটায বিরাজ, সপত্নী সুতের কাজ, ইথে কি নহে সম্ভব ।। * ।। স্নার্ খাব তায্ ভূলে জাব, পরের্ গুণ্ পাঁচ্মুখে গাব, য়ার্ ধন তার্ ধন্ নয়, নেপামর্ য়ার্ দোহাই কব ।। ২ ।।

তবে শিবে, শিবের দোহাই ।। ধু° ।। তারিতে কাতরে য়দি, তবনে নাই ।। * ।। ভাবিনা ভাবিক তাশ, আমি দীন হীন দাস, রাখিতে একালিদাস, লঘুতা কেন সদাই ।। ১ ।।

বর্ণ ঋষি ঋতু রস সহিত মিলিত,
এই শকে ইহ গ্রন্থ সাঙ্গমুদ্রাঙ্কিত ।।

সমাপ্তোযং গ্রন্থঃ ।।